পরিবর্তিত পৃথিবী : সময়ের ভাবনা-১

আল্লাহর হাকিমিয়্যাত ও পাকিস্তান-সংবিধান

মাওলানা যুবায়ের হোসাইন

পরিবর্তিত পৃথিবী
সময়ের ভাবনা

আল্লাহর হাকিমিয়্যাত
ও
পাকিস্তান-সংবিধান

পরিবর্তিত পৃথিবী : সময়ের ভাবনা-১

আল্লাহর হাকিমিয়্যাত ও পাকিস্তান-সংবিধান

মাওলানা যুবায়ের হোসাইন

প্রকাশক
মাকতাবাতুস সিদ্দীক
পান্থনিবাস, সোনাইমুড়ি, নোয়াখালী

পরিবর্তিত পৃথিবী সময়ের ভাবনা-১

আল্লাহর হাকিমিয়্যাত ও পাকিস্তান-সংবিধান

লেখক
মাওলানা যুবায়ের হোসাইন

প্রথম প্রকাশ জিদক্বদ : ১৪৪০ হি. জুলাই: ২০১৯ খ্রি.

প্রকাশক
মাকতাবাতুস সিদ্দীক
প্যান্থনিবাস, সোনাইমুড়ি, নোয়াখালী

নির্ধারিত মূল্য
২৮০ (দুইশো আশি) টাকা

এ বইয়ে আমাদের সাধ্য মোতাবেক সর্বশেষ প্রাপ্ত তথ্য
অনুযায়ী আলোচনা পর্যালোচনা করা হয়েছে।

আমাদের দেয়া তথ্যের বিপরীতে আরো শক্তিশালী কোন
তথ্য যদি কারো কাছে থাকে তাহলে তা-ই অগ্রগণ্য হবে।
ইনশাআল্লাহ!

তুলনামূলক সঠিক ও শক্তিশালী তথ্যের সামনে আত্মসমর্পণ
করতে এ আঙ্গিনা সর্বদা উন্মুক্ত। আলহামদু-লিল্লাহ!

সহজ পথ ছেড়ে কঠিন পথ ধরার প্রতি আমাদের বিশেষ
কোন আগ্রহ নেই।

উম্মতের শুবুহাতের হল,
উম্মতের জিজ্ঞাসার জবাব,
উম্মতের সুনির্দিষ্ট করণীয়,
–জানতে চাওয়া উম্মতের অধিকার। উম্মতের দায়িত্ব।

দলিলনির্ভর সিদ্ধান্ত, দ্বীনী সমস্যার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে উম্মত বাধ্য।

অন্যায়-অপরাধের প্রতিরোধই মুখ্য, প্রতিরোধের পদ্ধতিগত ভুল মুখ্য নয়।

ভুল-শুদ্ধ নির্ণয়ের মাপকাঠি হলো কুরআন, হাদীস, ফিকহ ও সালাফের প্রথম কাতারগুলো তথা কুরূনে উলা। ব্যক্তিগত রুচি এবং সালাফের শেষ কাতারগুলো তথা কুরূনে মুতাআখখিরা নয়।

তথ্য-উপাত্তের জবাব তথ্য-উপাত্ত, গাল-মন্দের জবাব গাল-মন্দ, নিরবতার জবাব নিরবতা। এর অতিরিক্তটুকু অপচয়।

সূচি

মুখবন্ধ

জরুরী টীকা : ১

হাকিমিয়্যাত

الحاكمية عند خلفاء الأمة من سالف الزمن

খুলাফাউল মুসলিমীনের দৃষ্টিতে আল্লাহর হাকেমিয়্যাহ

পাকিস্তান-সংবিধান : মূলভিত্তি

পাকিস্তান-সংবিধান : কিছু মৌলিক ধারা উপধারা

জরুরী টীকা : ৩

জরুরী টীকা : ৪

জরুরী টীকা : ৫

জরুরী টীকা : ৬

জরুরী টীকা : ৭

জরুরী টীকা : ৮

জরুরী টীকা : ৯

জরুরী টীকা : ১০

জরুরী টীকা : ১১

জরুরী টীকা : ১২

জরুরী টীকা : ১৩

জরুরী টীকা : ১৪

জরুরী টীকা : ১৫

জরুরী টীকা : ১৬

জরুরী টীকা : ১৭

জরুরী টীকা : ১৮

জরুরী টীকা : ১৯

জরুরী টীকা : ২০

জরুরী টীকা : ২১

জরুরী টীকা : ২২

জরুরী টীকা : ২৩

জরুরী টীকা : ২৪

জরুরী টীকা : ২৫

জরুরী টীকা : ২৬

জরুরী টীকা : ২৭

জরুরী টীকা : ২৮

জরুরী টীকা : ২৯

জরুরী টীকা : ৩০

জরুরী টীকা : ৩১

মুখবন্ধ

بسم الله الرحمن الرحيم

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى، أما بعد؛

فأعوذ بالله من الشيطان الرجيم

﴿تِلْكَ أُمَّةٌ قَدْ خَلَتْ لَهَا مَا كَسَبَتْ وَلَكُمْ مَا كَسَبْتُمْ وَلَا تُسْأَلُونَ عَمَّا كَانُوا يَعْمَلُونَ﴾

﴿أُولَئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ فَبِهُدَاهُمُ اقْتَدِهْ﴾

القول في تأويل قوله: {أُولَئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ فَبِهُدَاهُمُ اقْتَدِهْ}

قال أبو جعفر الطبري: يقول تعالى ذكره:"أولئك"، هؤلاء القوم الذين وكلنا بآياتنا وليسوا بها بكافرين، هم الذين هداهم الله لدينه الحق، وحفظ ما وكلوا بحفظه من آيات كتابه، والقيام بحدوده، واتباع حلاله وحرامه، والعمل بما فيه من أمر الله، والانتهاء عما فيه من نهيه، فوفقهم جل ثناؤه لذلك "فبهداهم اقتده".

আরো একটি ধাপ

বর্তমানটা আমাদের কেমন চলছে তার যথাযথ ছবি দেখতে পাবে ভবিষ্যৎ ও পেছন ফিরে তাকিয়ে থাকা ভবিষ্যৎ প্রজন্ম। সে ভবিষ্যৎ ও সে প্রজন্ম আমাদেরকে কীভাবে দেখবে এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়; কারণ আমরা তাদের জন্য কোন সঠিক চিন্তাধারার প্রবর্তন করে গেলাম নাকি ভুল চিন্তাধারার প্রবর্তন করে গেলাম তার উপর নির্ভর করবে তাদের পথ চলার সিদ্ধান্ত গ্রহণ। এমনিভাবে আমরা তাদের পক্ষ থেকে লানত পাওয়ার সামান তৈরি করে গেলাম নাকি দোয়া ও জাযা পাওয়ার বন্দোবস্ত করে গেলাম সে বিচারের উপরও নির্ভর করছে আমাদের বর্তমান।

তবে যে বিষয়টি এর চাইতেও অনেক অনেক বেশি গুরুত্বপূর্ণ তা হচ্ছে, আমরা প্রত্যেকে নিজের আবেগ ও বিবেচনার আলোকে যা যা করে চলেছি; দ্বীন ও শরীয়তের উসূলের আলোকে আমরা তা সঠিক করলাম নাকি ভুল করলাম -তার বিচার। কারণ এর উপর নির্ভর করছে আমাদের আমলনামা ভারি হওয়া বা হালকা হওয়া। এর উপর নির্ভর করছে আমাদের সত্যের অগ্রপথিক হওয়া বা মিথ্যার অগ্রপথিক হওয়া। ন্যায় ও সত্যের নির্দেশক হওয়া বা অন্যায় ও অসত্যের নির্দেশক হওয়া।

এমন কি নিরবতাও

আমাদের নিরব থাকাও। আমাদের নিরবতারও বিচার হবে। সত্য ও অসত্যের দ্বন্দ্বের কোলাহলে, ন্যায় ও অন্যায়ের খোল্লমখোলা বাজারে, হক ও বাতিলের সিদ্ধান্তমূলক যুদ্ধক্ষেত্রে আমরা যারা দর্শক; তাদের কপালের ভাঁজের সংখ্যা, কান্নার সুর ও স্বর, হাসির মাত্রা, অশ্রুর বিন্দু ও কণা, কাঁটা দেয়া লোমের সংখ্যা, খাদ্য গ্রহণে রুচি-অরুচির মাত্রা, অশান্ত হৃদয়ে পায়চারির ঢং, আরাম কেদারায় হেলানো অশান্ত মাথার কাইফিয়াত -প্রতিটিকে থার্মোমিটার বা তার চাইতেও জটিল কোন মাপযন্ত্র দিয়ে মাপার মত প্রজন্ম সামনে আসবে। সে মাপে আমরা ধরা পড়েই যাব। এবং সেটাই হবে তাদের দলিল। হয়ত অনুসরণের দলিল, নয়ত ধিক্কারের দলিল।

প্রজন্মের কোন সদস্যই প্রয়োজন বোধ করবে না যে, মৃত লোকটিকে গিয়ে জিজ্ঞেস করে আসি, তাঁর সে নিরবতার সাবলিল তরজমা কী ছিল? তার ব্যাখ্যা কী ছিল? বা তার বাস্তব রূপ কী ছিল?

কারণ

আমরা আমাদের পূর্বসূরিদের কোন নিরবতাকেই অর্থহীন বলে ছেড়ে দেইনি। আমাদেরকেও ভবিষ্যৎ প্রজন্ম ছাড়বে না। আমরা আমাদের বড়দের প্রত্যেকটি কথা, কাজ ও মৌন সমর্থন বা শুধু মৌনতাকে নিজের মত করে বুঝে নিয়েছি। তার ব্যাখ্যা বুঝিয়ে দিতে হবে, বা বুঝে নিতে হবে এমন কোন প্রয়োজন আমাদের মনের বারান্দায়ও উঁকি মারেনি।

আমাদের পূর্বসূরি কোন বিষয়ে নিরব থেকে থাকলে কেন থেকেছেন তা বোঝার জন্য তাঁদের ষাট সত্তর বছরের কর্ম জীবনের প্রতিটি পৃষ্ঠা

উল্টানো ছাড়াই আমরা বুঝে নিতে সক্ষম হয়েছি যে তিনি কোন পরিস্থিতিতে কেন নিরব ছিলেন।

অতএব

আমাদের পরবর্তী প্রজন্মও খুব সহজে বুঝে ফেলবে, আমরা কোন কাজটি কেন করেছি, কোন কাজটি কেন করিনি এবং কোন কাজটি করেছি কি করিনি তা কাউকে বুঝতে দেইনি। প্রজন্ম আমার শত্রু হলেও বের করবে, মিত্র হলেও বের করবে। প্রজন্ম আমার ভক্ত মুরীদ হলেও বের করবে, আবার অবাধ্য গোঁয়ার হলেও বের করবে। বুদ্ধিমান চালাক হলেও বের করবে, আবার বোকা অপদার্থ হলেও বের করবে। শিক্ষিত সচেতন হলেও বের করবে, আবার অর্ধশিক্ষিত অচেতন হলেও বের করবে। কারণ; আমরা তা করছি, করে চলেছি।

ইতিদাল, ইনসাফ ইত্যাদি

শব্দগুলো খুব বেশি পরিমাণে ব্যবহৃত হচ্ছে। অতীতের যে কোন সময়ের চাইতে অনেক বেশি। কুরআনে কারীমে দুই ধরনের 'আদ্ল'র উল্লেখ এসেছে। একটির প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে, আর আরেকটির নিন্দা করা হয়েছে। মায়েদার 'আদ্ল' তো আমরা চাই, কিন্তু আনআমের 'আদ্ল' আমরা চাইতে পারি না। সেটাতো কাফেরদের কাজ। তাই আল্লাহ তার নিন্দা করেছেন।

মায়েদার 'আদল'র চিত্র তো এই-

﴿يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا كُونُوا قَوَّامِينَ لِلَّهِ شُهَدَاءَ بِالْقِسْطِ وَلَا يَجْرِمَنَّكُمْ شَنَآنُ قَوْمٍ عَلَى أَلَّا تَعْدِلُوا اعْدِلُوا هُوَ أَقْرَبُ لِلتَّقْوَى وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ﴾

{سورة المائدة : ٨}

হে মুমিনগণ, তোমরা আল্লাহর উদ্দেশ্য ন্যায়সাক্ষ্যদানের ব্যাপারে অবিচল থাকবে এবং কোন সম্প্রদায়ের শত্রুতার কারণে কখনও ন্যায়বিচার পরিত্যাগ করো না। সুবিচার কর এটাই খোদাভীতির অধিক নিকটবর্তী। আল্লাহকে ভয় কর। তোমরা যা কর, নিশ্চয় আল্লাহ সে বিষয়ে খুব জ্ঞাত। (সূরা মায়েদা : ৮)

কিন্তু এরই বিপরীতে আনআমের 'আদল'র চিত্র হচ্ছে এই-

﴿الْحَمْدُ لِلَّهِ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَجَعَلَ الظُّلُمَاتِ وَالنُّورَ ثُمَّ الَّذِينَ كَفَرُوا بِرَبِّهِمْ يَعْدِلُونَ﴾ {سورة الأنعام: ١}

সর্ববিধ প্রশংসা আল্লাহরই জন্য যিনি নভোমণ্ডল ও ভূমণ্ডল সৃষ্টি করেছেন এবং অন্ধকার ও আলোর উদ্ভব করেছেন। তথাপি কাফেররা স্বীয় পালনকর্তার সাথে অন্যান্যকে সমতুল্য স্থির করে। (সূরা আনআম : ১)

'আদল'র যে ব্যবহার কাফেররা করেছিল তাতে আল্লাহর মাখলূককে; বরং তারা নিজেদের হাতে বানানো জিনিসকে আল্লাহর সমমর্যাদা দান করেছিল। আজকের এই দিনে আমাদের 'আদল'-ইনসাফের প্রতীক একটি কাফেলা ঈমান-কুফরের সকল সীমারেখা মুছে দিয়ে সকল কাফেরকে, আল্লাহর সকল দুশমনকে, এমনকি ইমামু আইম্মাতিল কুফরকে মুসলমানের সমমর্যাদা দান করে 'আদ্‌ল'র রিহার্সাল করেই ক্ষান্ত হয়নি; বরং তিনশত আইন প্রণেতাকেও তারা আল্লাহর সমকক্ষ সাব্যস্ত করে ছেড়েছে।

আর আমরা যথাযথ মর্যাদার অধিকারীরা 'আদল'-ইনসাফ রক্ষা করার 'নিরব থাকা' পদ্ধতি ব্যবহার করে যথাযোগ্য মর্যাদা বহাল রেখে চলেছি। ক্রুসেডারদের প্রধান এবং রাহেবদের প্রধানের মাধ্যমে শান্তির বন্দোবস্ত চলছে, আল্লাহর দুশমনদের ইমামদের মাধ্যমে আল্লাহর দরবারে নিজেদের মনের আকুতিগুলো পৌঁছানোর সর্বাত্মক চেষ্টা চলছে, আল্লাহর দুশমনের হাতে হাত রেখে আল্লাহর দুশমনদের ইমামের মাধ্যমে প্রার্থনা করে আল্লাহকে সন্তুষ্ট করার প্রগতিশীল পদ্ধতির প্রবর্তন চলছে।

একই মজলিসে যিশু, শিব, গৌতম, গনেশ, দূর্গা, সরস্বতী নিজ নিজ উপাসকদেরকে নেয়ামত বণ্টন করে চলেছে, আর সে মোক্ষম (?) সময়ে আল্লাহর বান্দারা তাদের মাবূদ থেকে সর্বোচ্চ অংশটি আদায় করার চেষ্টা করে চলেছে। এ আকাশ এ যমীন না কখনো এ 'আদল' (?) দেখেছে, আর না কখনো এ 'ইনসাফ' (?) দেখেছে। আর না দেখেছে এসব কিছুর উপর এমন ধৈর্যের (?) পাহাড়।

করা যেতে পারে এমন আবহ তৈরি হয়েছে। যে দরবারে আল্লাহর দুশমনদের প্রধান 'মহামান্য', যে দরবারে ধর্ম নির্বিশেষে শান্তির আয়োজন চলছে, যে দরবারে কুরআন-হাদীসের সবক দিচ্ছেন বিশ্বের সেরা বাইবেল বিশারদ ও বাইবেলের অনুসারী -সে দরবারের তুলনা এ পৃথিবী না দেখেছে, আর না দেখবে।

কিন্তু মনে রাখতে হবে

ইতিদাল ও ইনসাফের প্রতি দাওয়াত এবং বেয়াদবি ও অবাধ্যতা থেকে বিরত থাকার আহবান আমরা ফেরাউন, কারূন, আবু জাহালের মুখেও শুনেছি। কাদিয়ানী, বাহায়ী, শিয়ার মুখেও শুনেছি। বেরেলভী, মওদূদী, গায়রে মুকাল্লিদের মুখেও শুনেছি। হিটলার, ওবামা, ট্রাম্পের মুখেও শুনেছি। দালাইলামা, কফি আনান, পোপের মুখেও শুনেছি। শ্রী কৃষ্ণ, গৌতম, মহাত্মা গান্ধীর মুখেও শুনেছি। ধর্মনিরপেক্ষতা, গণতন্ত্র, সমাজতন্ত্রের মুখেও শুনেছি। নাস্তিক, মুরতাদ, যিন্দিকদের মুখেও শুনেছি। শাহবাগ, শাপলা, শানে রেসালত থেকেও শুনেছি। পল্টন, খানকাহ, গবেষণাগার থেকেও শুনেছি।

ইতিদাল ও ইনসাফ নিয়ে তো কারো দ্বিমত নেই। ইতিদাল, ইনসাফ নিয়ে তো ইসলামের আগমন, কুরআনের অবতরণ, রাসূলের আগমন। এ নিয়ে তো দ্বিমতের কোন সুযোগ নেই। দ্বিমত দেখা দিয়েছে শব্দদু'টির সংজ্ঞা নিয়ে। বাস্তব রূপ নিয়ে। ইতিদালের সেকাল একাল মিলাতে গিয়ে। সালাফে খালাফে খাপ খাওয়াতে গিয়ে। প্রায়োগিক রূপ আমরা কারটা নেব, আর কারটা ছাড়ব? কোন শতাব্দীরটা নেব, আর কোন শতাব্দীরটা ছাড়ব? কোন দশকেরটা নেব, আর কোন দশকেরটা ছাড়ব?

এ এক মহাপরীক্ষা!!

মেরে দোস্তো!

আকীদা বিশ্বাসের এক ভয়ংকর জোয়ার চলছে। মুসলমানদের আকীদা-বিশ্বাসের আঙ্গিনায় একাধারে স্থান করে চলেছে; খোদার দাবিদার সবচাইতে শ্রেষ্ঠ মুয়াহহিদ বান্দা, ভেদ রহস্যের শ্রেষ্ঠ মহাপুরুষরা ফেরাউনকে নিষ্পাপ মুসলমান বলে বিশ্বাস করে, যিন্দীক হিসাবে

হত্যাদণ্ডে দণ্ডিত ব্যক্তি মৃত্যুর পর স্বাধীন ইচ্ছাশক্তি ব্যবহার করে মানুষদেরকে বাঁচাতেও পারে মারতেও পারে, আধ্যাত্মিক শক্তির অধিকারীরা আল্লাহর উপর নারাজ হয়ে 'আল্লাহর আন্দায নেই' বলে জোর খাটিয়ে তাঁর দরবার থেকে মৃত ব্যক্তির রূহকে কেড়ে নিয়ে আসতে পারে, পোপের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টির আশা আকাঙ্ক্ষা নিয়ে মোনাজাতের জোড়া হাত উত্তোলিত হয়ে চলেছে, সকল ধর্মের ধর্মানুরাগীদের সম্মিলনে আল্লাহর সন্তুষ্টি প্রাপ্তির নিশ্চয়তা বৃদ্ধি পাচ্ছে, অমুসলিমদেরকে কাফের বলা অন্যায়, ধর্মের শিরোনামে ধর্মে ধর্মে লড়াই করা অন্যায়, মুসলিম প্রধান ও কাফের প্রধানের সমন্বয়ে পৃথিবীব্যাপী শান্তির প্রচেষ্টা সফলতার দ্বারপ্রান্তে, মুসলিম প্রধান ও কাফের প্রধানের সমন্বয়ে পৃথিবীব্যাপী শান্তি প্রতিষ্ঠা করে আল্লাহর দরবারে উভয়ের জবাবদিহির বন্দোবস্ত প্রায় চূড়ান্ত।

অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক অঙ্গনে এগুলো এখন প্রতিদিনের সত্য। শিক্ষা ও অশিক্ষার অঙ্গনে প্রতিদিন চর্চিত বাস্তবতা।

মেরে দোস্তো--! আমি কি আসলে একটু বেশিই বলে ফেলছি? আমি কি একটু বেশি ভয় পেয়ে গেছি? এমন ভয়ংকর কিছুর মুখোমুখী হবো বলে তো কখনো সন্দেহও হয়নি। আপনারা কিছু একটা বলুন। আমি সত্যিই বলা বন্ধ করে দেব।

মঙ্গলকামীগণের আশঙ্কা

আমার মুহসিন ও মঙ্গলকামীগণের আশঙ্কা -যা মূলত আমার জন্য তাঁদের আন্তরিক দোয়া-, আমি কারো খপ্পরে পড়ে গেছি কি না? বা পড়ে যাই কি না?

কিন্তু এ বিষয়ে আমার নিবেদন হচ্ছে, কারো খপ্পরে পড়ার আগে কি এ বিষয়গুলো আমাদের দায়িত্বের আওতায় আসার কোন সুযোগ নেই? খপ্পরে পড়ার আশঙ্কা কি উপস্থাপিত তথ্যগুলোকে একেবারে নিষ্প্রাণ করে দেবে? তথ্যগুলোর কি নিজস্ব কোন ভাষা ও আবেদন নেই? যা একজন দায়িত্বশীলকে তার দায়িত্বের প্রতি ব্যতিব্যস্ত করে তুলতে পারে। সমস্যাগুলোর কি নিজস্ব কোন শক্তি নেই? যা একজন ওয়ারেসে নবীকে তার মীরাস রক্ষার প্রতি সতর্ক করে তুলতে পারে।

যাই হোক

আমার কথার কোন শুরু আর শেষ তালাশ করে পাঠক শুধু শুধুই পেরেশান হবেন। আমি আসলেই লেখা ও বলার খেই হারিয়ে ফেলেছি। না বলা বন্ধ করতে পারছি, আর না লেখার বিন্যস্ত কোন রূপ দিতে পারছি। কিন্তু বার বারই মনে হচ্ছে, যত ভুলই হোক কথা বলতেই হবে।

আমার পড়ার কালের কোন কোন বন্ধু তো বলেই ফেলেছেন, আমার লেখার প্রতি পৃষ্ঠায় পৃষ্ঠায় ভুল। এমন কি সে ভুল শুরু হয়েছে প্রচ্ছদ থেকে। এমন লেখার ভুল কত ধরা সম্ভব?! এ জন্য আর কোন ভুল ধরার পথে পা বাড়াননি। বাকি আমার মনে হয়, শুধু পৃষ্ঠায় পৃষ্ঠায় নয় প্রতি ছত্রে ছত্রেও যদি ভুল থাকে তবু তাতে অবাক হওয়ার মত কোন বিষয় নেই। আমার অবস্থা এখন এমনই।

কিন্তু মঙ্গলকামীদের মনে রাখতে হবে, কুফরের ভুল, জরুরিয়াতে দ্বীনের অস্বীকার ও অবহেলার ভুল, কবীরা গুনাহের ভুল, খেয়ানতের ভুল, ধোঁকা দেয়ার ভুল, তাহরীফ ও অপব্যাখ্যার ভুল, ঈমানকে কুফর বলার ভুল, কুফরকে ঈমান বলার ভুল, হারামকে ফরয বলার ভুল, ফরযকে হারাম বলার ভুল এবং ভুল ধরার পদ্ধতিগত ভুল, ভাষা ও বানান ভুল এক কথা নয়।

আমার বিশ্বাস

বড়দের কথা বুঝে বুঝে তার অনুসরণ করার মাঝে যে তৃপ্তি আছে না বুঝে করার মধ্যে সে তৃপ্তি নেই। বুঝে অনুসরণ করার মাঝে যে ভক্তি-শ্রদ্ধা নিহিত রয়েছে না বুঝে করার মধ্যে সে ভক্তি-শ্রদ্ধা নিহিত নেই। বুঝে অনুসরণ করার মাঝে বিশ্বাস ও আস্থার যে স্থায়িত্ব আছে না বুঝে করার মধ্যে সে স্থায়িত্ব নেই। বুঝে অনুসরণ করার মাঝে যে শক্তি ও রূহ আছে না বুঝে করার মাঝে সে শক্তি ও রূহ নেই।

এ বিষয়গুলোতে কারো দ্বিমত থাকার কথা নয়। কারণ, কোন একটি প্রজন্ম যদি তার অগ্রজ থেকে না বুঝে মীরাসে নববীকে গ্রহণ করে তাহলে সে প্রজন্ম তার পরবর্তী প্রজন্মের কাছে লা-জবাব হয়ে থাকতে হবে। আর এর ধারাবাহিকতা যত দীর্ঘ হবে ততই উম্মতের জন্য তা

খারাপ খবর হবে। কারণ, 'কাযালিকা ওয়াজাদনা' জবাবটি কতকাল চালানো যাবে? কত প্রজন্মকে এ জবাব দিয়ে বোঝানো যাবে? আর এর বৈধতাই বা কতটুকু?

তাই

বড়দের কিছু বক্তব্য, কিছু লেখা, কিছু মন্তব্য পর্যালোচনার জন্য আমাদের এবারের আয়োজন **'পরিবর্তিত পৃথিবীঃ সময়ের ভাবনা'**। এখানে বড়দের সে কথাগুলোই আমরা আলোচনায় আনতে চাচ্ছি যেগুলোর ব্যাপক প্রচার হয়েছে, চলমান পৃথিবীর সঙ্গে সেসব কথার সম্পর্ক রয়েছে, সেসব কথার উপর চলমান পৃথিবীর অসংখ্য মৌলিক মাসআলা নির্ভর করছে এবং সেসব কথার সঙ্গে বড়দের বড় ও বড়দের সমপর্যায়ের ওলামায়ে কেরামের দ্বিমত রয়েছে।

বড়দের কথাগুলো আমরা বড়দের হুবহু ভাষায় উল্লেখ করব, ইনশাআল্লাহ। অনুবাদের প্রয়োজন থাকলে অনুবাদ করে দেব। এরপর তাঁদের কথাগুলো আমরা দলিলের আলোকে বোঝার চেষ্টা করব। তাঁদের কথার যে অংশগুলো আমাদের বুঝে আসেনি সেগুলো উল্লেখ করব, এরপর তা কেন বুঝে আসেনি তাও আমরা বলার চেষ্টা করব, ইনশাআল্লাহ।

সচল অনুভূতি

আমি এখন যাদের এবারাত ও বক্তব্য নিয়ে আলোচনা পর্যালোচনা করব, তাঁরা হয়ত আমার সরাসরি উস্তায, নয়ত উস্তাযুল উস্তায, নয়ত উস্তাযের সমপর্যায়ের সম্মানিত কেউ। এবারের কথাগুলো আমি তাঁদের উল্লেখসহ করতে চাই। কোন রকম রাখঢাক করতে চাই না। কারণ ইলমী পর্যালোচনায় রাখঢাক বা ইঙ্গিত সঠিক বিষয় উপলব্ধি করার ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়ায়। তাই কোন প্রকার অস্পষ্টতার আশা করি প্রয়োজন হবে না।

আমার পাঠকবর্গ বিশ্বাস করুক আর নাই করুক; আলহামদু লিল্লাহ উস্তাযের স্নেহ, শাসন, দিকনির্দেশনা, ভুল শুধরে দেয়া, মেনে চলতে বাধ্য করা এসব আমার কাছে বরাবরের মত এখনো অমৃত, আমার ভরসা, আমার কাম্য ও কাঙ্ক্ষিত।

আমার উস্তায বা উস্তায পর্যায়ের ব্যক্তিবর্গের 'তুই' ও 'তুমি' সম্বোধন আমার জন্য যতটা আরামদায়ক 'আপনি' সম্বোধন ততটা আরামদায়ক নয়। তাঁদের চেয়ারের পাশে মেঝের উপর বসে কথা বলতে যতটা স্বস্তি বোধ করি সামনা সামনি বা আগে পিছে চেয়ারে বসে কথা বলতে সে স্বস্তি বোধ হয় না। অগ্রজদের কথা মেনে চলতে যতটা ভরসা পাই, নিজের কথা মত চলতে ততটা ভরসা পাই না। রাহবারের বাতলানো পথে চলতে যতটা নিশ্চয়তা বোধ করি নিজের মত করে পথ চলতে সে নিশ্চয়তা বোধ করি না।

কিন্তু এ বিষয়গুলোর কোনটিই এমন নয় যা আমাদেরকে আমাদের আলোচ্য বিষয়গুলো থেকে বিরত রাখার মত শক্তি রাখে। বিষয়গুলো দূর অতীত ও নিকট অতীত কোন অতীতেই খালাফকে তার দায়িত্ব থেকে বিরত রাখতে পারেনি এবং রাখেনি।

এখনো প্রায়ই মনে আশা জাগে, যদি বড়দের কেউ, উস্তাযগণের কেউ আমাকে ও আমাদেরকে কাছে ডেকে জিজ্ঞেস করতেন, বলতেন, তোমাদের সমস্যা কী বল! আমাদের সমস্যাগুলো শুনে যদি দলিলের আলোকে বিষয়গুলো আমাদেরকে বুঝিয়ে দিতেন, আমাদের সন্দেহের জায়গাগুলো, সংশয়ের জায়গাগুলোর সন্দেহ ও সংশয় দূর করে দিতেন! আমাদের ভুলগুলো আঙ্গুল দিয়ে দেখিয়ে দিয়ে দিয়ে আমাদেরকে সঠিক তথ্যগুলো সরবরাহ করতেন! আমাদের জন্য সেটাই ভালো হত। এগুলো অ্যামদের মনের কথা।

আমরা দরজায় দরজায় বহু করাঘাত করেছি। অনেককে অনেক বিরক্ত করেছি। অনেকের অনেক সময় নষ্ট করেছি। অনেকের গুরুত্বপূর্ণ কাজের ব্যাঘাত ঘটিয়েছি। নথিপত্র আমাদের কাছে আছে। প্রয়োজন হলে প্রজন্মকে আমরা সেগুলো দিয়ে যাব, ইনশাআল্লাহ। লিখিত কার্যক্রম এবং ব্যাপক পদ্ধতির প্রচার প্রসার যাকে বলা হচ্ছে -এটা আমাদের প্রথম পদক্ষেপ নয়। এর আগের পদক্ষেপগুলো সম্পর্কে যদি সবাই জানত তাহলে তো সেগুলোও ব্যাপক প্রচারিতই হত। তখন এখানকার আপত্তি সেখানে গিয়ে হাজির হত।

যাইহোক, যখন মনে হয়েছে নিজের দায়িত্ব আদায়ের জন্য এতটুকু (ব্যক্তিগত মতবিনিময়) যথেষ্ট নয় তখনই এ পথে (সীমিত পরিসরের

প্রকাশ্য পথে) পা বাড়িয়েছি। সালাফ ও খালাফের কাছ থেকে নমুনা গ্রহণ করে তার অনুসরণ করার চেষ্টা করেছি। এখনও এটাই মনে করি যে, সালাফ ও খালাফের পদ্ধতি এখনো উপেক্ষা করিনি। বাকি ভুল-ত্রুটি আল্লাহ ক্ষমা করে দিন।

আমাদের এ সিরিজের প্রথম বিষয়বস্তু হচ্ছে, শায়খে মুহতারাম মুফতী তকী ওসমানী -হাফিযাহুল্লাহ- এর একটি বক্তব্য।

-যুবায়ের

মুফতী তকী ওসমানী -হাফিযাহুল্লাহ- এর

মূল বয়ান

پاکستان سے باہر الحمد للہ اسلامی ممالک بہت ہیں، لیکن یہ اعزاز صرف اور صرف پاکستان کو حاصل ہے جو اس کی بنیاد میں اس کا جو بنیادی دستور ہے اس میں اللہ جل جلالہ کی حاکمیت کو اپنے دستور کا سب سے بنیادی پتھر قرار دیا، یہ بات آپ کو تمام مسلمان ممالک میں سے کسی ملک میں نہیں ملیگی، یہاں تک کہ سعودی عرب میں بھی چوں کہ وہ دستور نہیں ہے لہذا اس کی اندر بھی یہ اس تصریح کے ساتھ یہ بات موجود نہیں ہے، کہ حاکمیت اعلی اللہ تبارک و تعالی کو حاصل ہے اور اس ملک میں حکومت جو قائم ہو گی وہ اللہ تبارک و تعالی کی حاکمیت کے اقرار کے ماتحت ہے، اللہ تعالی کی حاکمیت کے اعتراف کے ماتحت ہے، اور اس کے اس کے احکام کے ماتحت قائم ہو گی، یہ اعزاز اور کسی ملک کو حاصل نہیں جتنا اللہ تبارک و تعالی نے اس ملک کو عطا فرمایا۔

یہ اعزاز کسی اور ملک کو حاصل نہیں ہے کہ جس میں یہ وضاحت کے ساتھ یہ بات طئی کی گئی ہو کہ پاکستان کے کوئی قانون قرآن و سنت کے خلاف نہیں بنایا جائیگا اور موجودہ قانون کو قرآن و سنت کے ڈھانچے میں تبدیل کیا جائیگا، اور اس صراحت کے ساتھ کوئی کسی ملک میں یہ دفعہ موجود نہیں ہے۔

اور صرف اتنا ہی نہیں، بلکہ اس دستور کے اندر اس بات کی صراحت موجود ہے، کہ ہر شہری کو یہ حق حاصل ہے کہ وہ اگر کسی قانون کو قرآن و سنت کے خلاف دیکھے تو عدالت کے ذریعہ اس کو ختم کرائے اور اس کی جگہ اسلامی قانون کو لانے کا دعوی کرے اور عدالت اگر

اس کے دعوی کو قبول کرے تو عدالت کو یہ اختیار حاصل ہے کہ وہ قانون کو فسخ کر دے اور منسوخ کر کے اس کی جگہ اسلامی قانون نافذ کرنے کا حکم جاری کرے۔

افسوس ہے کہ اس عظیم دفعہ کو جو پاکستان کے دستور میں موجود ہے حکومت، عوام اور میں کہونگا کہ افسوس ہے کہ دینی حلقوں کی بے حسی کی وجہ سے یہ دفعہ معطل پڑی ہوئی ہے، اور اس سے فائدہ نہیں اٹھارہے ہیں، لیکن الحمد للہ یہ موجود ہے، آج بھی اگر ہم اس بات کا تہیہ کرلے کہ اس دفعہ کو بر سر کار لائینگے تو الحمد للہ اس کا راستہ کھلا ہوا موجود ہے۔

لہذا جو لوگ یہ پروپاگنڈا کرتے ہیں کہ پاکستان میں اسلامی نظام کو لانے کے لئے ہتھیار اٹھائے بغیر کوئی اور چارہ نہیں ہے یہ پروپاگنڈا بالکل غلط ہے اور جھوٹا ہے، اور پر امن طریقے پر اسلام کے قوانین کو نافذ کرنے کا الحمد للہ راستہ موجود ہے، شرط یہ ہے کہ وہ اپنے بے حسی ختم کرے اور شعور پیدا کرے اور شعور پیدا کر کے اس دفعہ کو بروے کار لانے کا اہتمام کرے۔

میں سترہ سال اس وفاقی شرعی عدالت اور سپریم کورٹ کی شرعی ڈبلیمنٹ بینچ میں کام کرتا رہا، اور اس میں الحمد للہ ہم نے دو سو سے زیادہ قوانین عدالت کے ذریعے اسلامی سانچے میں ڈھالنے کا حقوق جاري کیا اور حقوق اور وہ قوانین بدلے گئے، لیکن افسوس ہے کہ ہمارے دینی حلقوں کی طرف سے اس دفعہ سے فائدہ اٹھانے کی کوئی درخواست دائر نہیں ہوئی۔

میں نے ہاتھ جوڑے میں نے منتیں کی کہ آپ خدا کے لئے اس دفعہ سے فائدہ اٹھانے کے لئے یہ درخواست دائر کرے، مگر افسوس ہے کہ کوئی درخواست دائر ہماری طرف سے نہیں ہوئی، بے دینوں کی طرف سے آئے ملحدین کی طرف سے آئے اور اس پر فیصلے دئے گئے، اور دو سو کے قریب قوانین اس زمانہ میں ہم نے بدلے۔

تو یہ بات صرف پاکستان کو پوري دنیا میں صرف پاکستان کو یہ اعزاز حاصل ہے کہ اس میں ہر شہری کو یہ حق دیا گیا ہے کہ وہ قرآن وسنت کی بنیاد پر کسی قانون کو چیلنج کر کے تبدیل کرا سکے۔

মুফতী তকী ওসমানী -হাফিযাহুল্লাহ- এর বয়ান

অনুবাদ

“আলহামদু লিল্লাহ পাকিস্তানের বাইরে বহু ইসলামী রাষ্ট্র আছে। কিন্তু এ মর্যাদা শুধুমাত্র পাকিস্তানই অর্জন করেছে যে, তার ভিত্তিমূলে তার মৌলিক যে সংবিধান রয়েছে তার মাঝে আল্লাহ জাল্লা জালালুহুর হাকিমিয়্যাতকে তার সংবিধানের সবচাইতে মূল ভিত্তিপ্রস্তর হিসাবে সাব্যস্ত করা হয়েছে।[১] এ বিষয়টি আপনি সকল ইসলামী রাষ্ট্রের কোন রাষ্ট্রেই পাবেন না। এমন কি সাউদী আরবেও নয়। কেননা সেখানে এমন সংবিধান নেই। যার দরুণ তার মাঝেও এমন স্পষ্টভাবে এ কথা নেই যে, হাকিমিয়্যাত আল্লাহ তাআলার জন্য।[২]

আর এ দেশে যে হুকুমত প্রতিষ্ঠিত হবে তা আল্লাহ তাআলার হাকিমিয়্যাতকে স্বীকার করার অধীনেই হবে।[৩] আল্লাহ তাআলার হাকিমিয়্যাত মেনে নেয়ার মাধ্যমে হবে এবং তাঁর বিধানের অধীনে হবে।[৪] এ মর্যাদা[৫] আর কোন দেশের অর্জিত নেই। যে মর্যাদা আল্লাহ তাবারাকা ওয়াতাআলা এ দেশকে দান করেছেন।

এই মর্যাদা আর কোন দেশের অর্জিত নেই যেখানে এত স্পষ্টভাবে এ কথার ফায়সালা করা হয়েছে যে, পাকিস্তানের কোন আইন কুরআন ও সুন্নাহের খেলাফ বানানো হবে না [৬] এবং বর্তমান কানূনকে কুরআন ও সুন্নাহর আলোকে পরিবর্তন করা হবে।[৭] আর এত স্পষ্টভাবে কোন দেশে এ ধারাটি নেই।[৮]

আর শুধু এতটুকুই নয়; বরং এ সংবিধানের মাঝে এ কথা স্পষ্টভাবে রয়েছে যে, প্রত্যেক নাগরিকের এ অধিকার আছে, যদি সে কোন কানূনকে কুরআন ও সুন্নাহের খেলাফ মনে করে তা হলে সে তা আদালতের মাধ্যমে বিলুপ্ত করাবে[৯] এবং তার পরিবর্তে ইসলামী আইন আনার দাবি উত্থাপন করবে।[১০] আদালত যদি তার দাবি গ্রহণ করে[১১]

তাহলে আদালতের এ অধিকার আছে যে, সে ঐ কানূন বিলুপ্ত করে তার পরিবর্তে ইসলামী কানূন বাস্তবায়ন করার হুকুম জারি করবে।[১২]

আফসোসের বিষয় হচ্ছে, এ গুরুত্বপূর্ণ ধারা যা পাকিস্তানের সংবিধানে রয়েছে হুকুমত[১৩] ও সাধারণ মানুষ; বরং আমি বলব, আফসোস হচ্ছে দ্বীনী মহলগুলোর বেখবরী[১৪] ও অনুভূতিহীনতার[১৫] উপর যে, তাদের এ অনুভূতিহীনতার কারণে এ ধারাটি অকার্যকর হয়ে আছে[১৬] এবং তারা একে কাজে লাগাচ্ছে না।[১৭] কিন্তু এ ধারা আলহামদু লিল্লাহ রয়েছে। আজও যদি আমরা এ সিদ্ধান্ত নিয়ে নেই যে, এ ধারাটিকে কাজে লাগাবো তাহলে এর জন্য আলহামদু লিল্লাহ রাস্তা খোলা রয়েছে।[১৮]

অতএব যেসব লোক এ প্রোপাগাণ্ডা[১৯] ছড়াচ্ছে যে, পাকিস্তানে ইসলামী আইন বাস্তবায়নের জন্য অস্ত্র হাতে নেয়া ছাড়া কোন উপায় নেই[২০] -এই প্রোপাগাণ্ডা একেবারেই ভুল[২১] এবং মিথ্যা।[২২] ইসলামী আইন বাস্তবায়নের জন্য আলহামদু লিল্লাহ প্রকাশ্য পথ ও পদ্ধতি রয়েছে।[২৩] শর্ত হচ্ছে আমরা আমাদের অনুভূতিহীনতা এবং বেখবরী অবস্থা থেকে উঠে আসতে হবে এবং এ ধারাটিকে বাস্তবায়নের প্রতি গুরুত্ব দিতে হবে।[২৪]

আমি সতের বছর শরয়ী আদালতের[২৫] যৌথ বেঞ্চ এবং সুপ্রিম কোর্টের শরয়ী ডেবলপমেন্ট বেঞ্চে[২৬] কাজ করেছি। এ সময়ের মধ্যে আলহামদু লিল্লাহ আদালতের মাধ্যমে দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকূক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।[২৭] কিন্তু আফসোসের বিষয় হচ্ছে, আমাদের দ্বীনী মহলগুলোর পক্ষ থেকে এ ধারাটিকে কাজে লাগানোর জন্য কোন আবেদন পেশ করা হয়নি।[২৮]

আমি হাত জোড় করে বলেছি, অনুরোধ করেছি যে, আপনারা আল্লাহর ওয়াস্তে এ ধারাটিকে কাজে লাগানোর জন্য আবেদন করুন।[২৯] কিন্তু আফসোস! আমাদের পক্ষ থেকে কোন আবেদন পেশ করা হয়নি। বেদ্বীনদের পক্ষ থেকে এসেছে, মুলহিদদের পক্ষ থেকে এসেছে এবং তার সে অনুযায়ী ফয়সালা করা হয়েছে[৩০] এবং প্রায় দুইশত কানূন আমরা তখন পরিবর্তন করেছি।

সুতরাং সারা পৃথিবীর মাঝে শুধু পাকিস্তানই এ মর্যাদা লাভ করেছে যে, প্রত্যেক নাগরিককে এ অধিকার দেয়া হয়েছে, সে কুরআন ও সুন্নাহের ভিত্তিতে কোন আইনকে চ্যালেঞ্জ করে তা পরিবর্তন করাতে পারবে।"(৩১)

-সূত্র: বক্তব্যের ভিডিও কপি আমাদের কাছে সংরক্ষিত আছে। মঞ্চ এবং শায়খে মুহতারাম যে ব্যাজ ধারণ করে বক্তব্য দিচ্ছিলেন তা থেকে অনুমান করা যায়, অনুষ্ঠানটি কোন জাতীয় দিবসে জাতীয় পর্যায়ের প্রোগ্রাম ছিল। স্থানটি দারুল উলূম কারাচীর আঙ্গিনা বলে মনে হয়েছে। মাদরাসা ভবনে جشن آزادی مبارک ہو খচিত প্লেকার্ড শোভা পাচ্ছে। শ্রোতাদের হাতে ও মাথায় স্বাধীনতা দিবসের ফিতা শোভা পাচ্ছে। শায়খে মুহতারামের পাশে প্রশাসনের পক্ষ থেকে প্রহরী নিয়োজিত আছে। শায়খে মুহতারাম বক্তৃতার শুরুতে বলছিলেন, আজ থেকে উনসত্তর (৬৯) বছর আগে আল্লাহ তাবারাক ওয়াতালা ..... এ দেশটি দান করেছেন। এ থেকে বোঝা যায়, অনুষ্ঠানটি ছিল ২০১৭ এর ১৪ আগস্ট। তবে এর সুনির্দিষ্ট স্থান ও তারিখ আমরা এখনো পাইনি।

শায়খে মুতহারামের এ বয়ানটিকে আরো স্পষ্ট করে দেয় এমন আরেকটি বয়ানও এ গ্রন্থের শেষে উদ্ধৃতিসহ উল্লেখ করে দেয়া হয়েছে। যাতে পাঠকদের জন্য বিষয়গুলো অনুধাবন করা আরো সহজ হয়ে যায়।

জরুরী টীকা : ১

“

আলহামদু লিল্লাহ পাকিস্তানের .... যে সংবিধান রয়েছে তার মাঝে আল্লাহ জাল্লা জালালুহুর হাকিমিয়্যাতকে তার সংবিধানের সবচাইতে মূল ভিত্তিপ্রস্তর হিসাবে সাব্যস্ত করা হয়েছে ......।

জরুরী টীকা-১

আলহামদু লিল্লাহ পাকিস্তানের .... যে সংবিধান রয়েছে তার মাঝে আল্লাহ জাল্লা জালালুহুর হাকিমিয়্যাতকে তার সংবিধানের সবচাইতে মূল ভিত্তিপ্রস্তর হিসাবে সাব্যস্ত করা হয়েছে ...... ।

***** শায়খে মুহতারাম কোন্ বিশেষ হালতের কথা এবং কোন্ বিশেষ সময়ের কথা এখানে তুলে ধরেছেন তা আমরা নিশ্চিত করে বলতে পারছি না। তবে পাকিস্তানের জন্ম থেকে আজ পর্যন্ত তার সংবিধান অধ্যয়ন করলে, পাকিস্তানের আইন ও বিচার ব্যবস্থার খবর নিয়ে পাকিস্তান প্রশাসনের বিস্তারিত প্রতিবেদন সামনে রাখলে শায়খে মুহতারামের এ দাবিটি মেনে নেয়া যায় না। মেনে নেয়ার কোন সুযোগ নেই। শায়খে মুহতারামের এ দাবি সঠিক নয়।*

কারণ

১.পাকিস্তান-সংবিধান ও আইনের মূল ভিত্তিপ্রস্তর হিসাবে আল্লাহর হাকিমিয়্যাতকে সাব্যস্ত করা হয়নি। সংবিধানের মূল ভিত্তিপ্রস্তর হিসাবে গণতন্ত্র**কে** সাব্যস্ত করা হয়েছে। ২. পাকিস্তানের প্রথম রাষ্ট্রপ্রধান একজন ইসমাঈলী শিয়াপন্থী, যে আহলে সুন্নাহ ওয়াল জামাআর দৃষ্টিতে কাফের শিয়া পন্থীদের একজন, আর গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ ধ্যান ধারণার কারণে একজন মুরতাদ ছিল। ৩. একটি দারুল হারব থেকে পাকিস্তান

দারুল ইসলামে রূপান্তরিত হওয়ার জন্য প্রথম শর্ত। ৪. 'পাকিস্তান প্রতিষ্ঠার বীরপুরুষ ওলামায়ে কেরামের আজীবন প্রচেষ্টার পরও দেশটিতে শরয়ী বিধান ও শরয়ী আদালত প্রতিষ্ঠা করা যায়নি। ৫. যে রাষ্ট্রপ্রধানের কাছে ইসলামী শাসন প্রতিষ্ঠার জন্য আবেদন করতে হয় সে রাষ্ট্রপ্রধান কখনো একটি দারুল ইসলামের রাষ্ট্রপ্রধান হতে পারে না। ৬. ইসলামী আইন প্রতিষ্ঠার আবেদন করার পর যে শাসক ইসলামী আইন প্রতিষ্ঠা না করে গণতান্ত্রিক আইন প্রতিষ্ঠা করে সে কখনো মুসলমান হতে পারে না।

মোটকথা একটি দেশের সংবিধান ও আইনের মূল ভিত্তিপ্রস্তর আল্লাহর হাকিমিয়্যাতের উপর না হওয়া প্রমাণিত হওয়ার জন্য যা যা দরকার তার সব কিছুই পাকিস্তানের কিসমতে ঘটেছে।

যথাক্রমে

আল্লাহর হাকিমিয়্যাতের সারমর্ম হচ্ছে, আল্লাহর বিধানকে জিজ্ঞেস করার আগে মুসলমানের ও মুসলিম দেশের কোন সিদ্ধান্ত গ্রহণ করা যাবে না। পক্ষান্তরে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার হাকিমিয়্যাতের সারমর্ম হচ্ছে, জনগণ ও দেশের সকল ধর্মের অনুসারীদেরকে জিজ্ঞেস না করে কোন সিদ্ধান্ত গ্রহণ করা যাবে না। এ দুয়ের সমন্বিত কোন রূপ নেই। যে রূপ রয়েছে তা আল্লাহর হাকিমিয়্যাতের নয়। এ রূপও গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতারই রূপ। পাকিস্তানে এ দ্বিতীয়টিই আছে।

একজন কাফের বা মুরতাদ রাষ্ট্রপ্রধানের মাধ্যমে একটি দারুল ইসলামের সূচনা হতে পারে না। আল্লাহর হাকিমিয়্যাত সে দেশের মূল ভিত্তি হতে পারে না।

একটি দেশ দারুল হারব থেকে বের হয়ে দারুল ইসলামে প্রবেশ না করলে তার ভিত্তিমূল আল্লাহর হাকিমিয়্যাতের উপর প্রতিষ্ঠিত হতে পারে না।

একটি দেশের সব চাইতে প্রভাবশালী ও দেশ প্রতিষ্ঠার মূল স্তম্ভ মনীষীদের সর্বচূড়ান্ত আবেদন নিবেদনের পরও যে দেশ শরয়ী আইন ও শরয়ী আদালত প্রতিষ্ঠা করতে সম্মত হয়নি, সে দেশের ভিত্তিমূল আল্লাহর হাকিমিয়্যাতের উপর প্রতিষ্ঠিত হতে পারে না।

যে দেশের মালিকপক্ষ শরয়ী বিধান ও শরয়ী আদালত প্রতিষ্ঠা করাকে নিজের ফরয দায়িত্ব মনে করে না, সে দেশের ভিত্তিমূল আল্লাহর হাকিমিয়্যাতের উপর প্রতিষ্ঠিত হতে পারে না।

ইসলামী আইন ও আদালত প্রতিষ্ঠার জন্য শতকরা ৯৫/৯৮ ভাগ মুসলমান জোর দাবি জানানোর পরও যে দেশের মালিকপক্ষ ইসলামী আইন ও আদালত প্রতিষ্ঠা না করে গণতান্ত্রিক আইন ও আদালত প্রতিষ্ঠা করেছে, সে দেশের ভিত্তিমূল আল্লাহর হাকিমিয়্যাতের উপর প্রতিষ্ঠিত হতে পারে না।

অতএব

শায়খে মুহতারামের এ দাবিটি সঠিক নয়।

এ সংক্ষিপ্ত সারমর্মের বিস্তারিত বিবরণ এই-

হাকিমিয়্যাত

হাকিমিয়্যাত কী?

আভিধানিকভাবে এর অর্থ আমরা জানতে পারি المغرب في ترتيب المعرب এর নিম্নোক্ত এবারত وحكّمه فوّض الحكْم إليه থেকে। যার হাতে ন্যস্ত করা হবে তিনি 'মুহাক্কাম' বা 'হাকেম'। তা হলে حاكمية হচ্ছে حاكم এর حكم এর প্রয়োগ। সুতরাং হাকেমের হাকিমিয়্যাতকে আইন ও বিধানের মূল ভিত্তি বানানোর অর্থ হচ্ছে, একমাত্র হাকেমের হুকুমকে প্রয়োগ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা।

আল্লাহর হাকিমিয়্যাত কী?

আর আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে বিধানের মূল ভিত্তি বানানোর অর্থ হচ্ছে, একমাত্র আল্লাহর হুকুমকে প্রয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করা। অর্থাৎ একমাত্র কুরআন সুন্নাহ তথা ইসলামী শরীয়াহ বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা।

কুরআন, হাদীস ও ফিকহ থেকে বিষয়টি দেখে নিলে এ বিষয়ে আমরা ইনশাআল্লাহ নিশ্চিত হতে পারব।

আয়াত ও তাফসীর

﴿فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا﴾ {سورة النساء: ٦٥}

"(হে নবী!) তোমার প্রতিপালকের শপথ! তারা ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারবে না, যতক্ষণ না নিজেদের পারস্পরিক ঝগড়া-বিবাদের ক্ষেত্রে তোমাকে বিচারক মানবে, তারপর তুমি যে রায় দাও, সে ব্যাপারে নিজেদের অন্তরে কোনরূপ কুণ্ঠাবোধ না করবে এবং অবনত মস্তকে তা গ্রহণ করে নেবে।" -সূরা নিসা: ৬৫

কুরআন সুন্নাহকে সিদ্ধান্তদাতা বানাতে হবে

আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে মেনে নেয়া মানে হচ্ছে, কুরআন সুন্নাহকে সিদ্ধান্তদাতা হিসাবে গ্রহণ করা। আর তা সে তারতীব ও বিন্যাস অনুযায়ী যে বিন্যাস মুয়ায ইবনে জাবাল রাযিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রশ্নের উত্তরে বলেছিলেন। ঐ বিন্যাসেই আসতে হবে যে বিন্যাসের উপর সকল আইম্মায়ে মুজতাহিদীন চলে গেছেন। অর্থাৎ, মুসলমানের ব্যক্তিক, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় যে কোন পর্যায়ের যে কোন মাসআলাই আসবে, তার জন্য মুসলমান প্রথম দৃষ্টি ফেলবে কুরআনে, এরপর সুন্নাহতে, এরপর ইজমায়ে সাহাবায়, এরপর সাহাবীর একক আমল, এরপর পূর্বোক্ত দলিলগুলোর মূলনীতির আলোকে ইজতিহাদ।

একজন মুসলমানের জন্য এর বিকল্প আর কোন পথ খোলা নেই, যদি সে মুসলমান হয়ে থাকে।

প্রথমে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের আলোকে ফায়সালা হবে, ইউরোপ-আমেরিকার নির্দেশিকা মেনে সিদ্ধান্ত গ্রহণ করা হবে, আল্লাহর দুশমন অমুসলিম কাফেরদের নীতি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা হবে, এরপর কুরআন সুন্নাহর আলোকে তার বিরুদ্ধে আপিল করে সত্তর বাহাত্তর বছর পর্যন্ত গণতন্ত্রের দ্বারে দ্বারে ঘুরতে থাকবে -কুরআন সুন্নাহ অনুসরণের এ পদ্ধতি কুরআন সুন্নাহতে দেয়া হয়নি। আল্লাহ জাল্লা শানুহুকে হাকেম বানানোর এ পদ্ধতি কুরআন সুন্নাহতে দেয়া হয়নি।

তাফসীরে আবুস সাউদ দেখুন

উপরোক্ত আয়াতের তাফসীর করতে গিয়ে আল্লামা আবুস সাউদ হানাফী রহ. তাফসীরে আবুস সাউদে এ কথাগুলোই বলেছেন। তিনি বলেন-

{فَلاَ وَرَبِّكَ} أي فوربِّك ولا مزيدةٌ لتأكيد معنى القَسَمِ لا لتأكيد النفي في جوابه أعني قولَه {لاَ يُؤْمِنُونَ} لأنها تزادُ في الإثبات أيضاً كما في قولِه تَعَالَى {فَلاَ أُقْسِمُ بِمواقعِ النجوم} ونظائرِه

{حتى يُحَكّمُوكَ} أي يتحاكموا إليك ويترافعوا إليك وإنما جئ بصيغة التحكيمِ مع أنه صلى الله عليه وسلم حاكمٌ بأمر الله سبحانه إيذاناً بأن حقَّهم أن يجعلوه حَكَماً فيما بينهم ويرْضَوا بحكمه وإن قُطع النظرُ عن كونه حاكماً على الإطلاق {فِيمَا شَجَرَ بَيْنَهُمْ} أي فيما اختَلف بينهم من الأمور واختَلط ومنه الشجرُ لتداخُل أغصانه {ثُمَّ لاَ يَجِدُواْ} عطفٌ على مقدَّر ينساقُ إليهِ الكلامُ أي فتقضي بينهم ثم لا يجدوا

{فِى أَنفُسِهِمْ حَرَجاً} ضِيقاً {مّمَّا قَضَيْتَ} أي مما قضيت به أو من قضائك وقيل شكاً من أجله إذا الشاكُّ في ضيق من أمره {وَيُسَلّمُواْ} أي ينقادوا لأمرك ويُذعِنوا له {تَسْلِيماً} تأكيدٌ للفعل بمنزلة تكريرِه أي تسليماً تاماً بظاهرهم وباطِنِهم يقال سَلَّم لأمرِ الله وأسلم له بمعنىً وحقيقتُه سلّم نفسَه له إذا جعلها سالمةً له خالصةً أي ينقادوا لحكمك انقياداً لا شُبهةَ فيه بظاهرهم وباطنهم﴾ {تفسير أبي السعود : ٢/١٩٧}

“فَلاَ وَرَبِّكَ” অর্থাৎ তোমার রবের কসম, لا অতিরিক্ত, কসমের অর্থকে শক্তিশালী করার জন্য, কসমের জবাব আল্লাহর বাণী لاَ يُؤْمِنُونَ কে বাতিল করার জন্য নয়; কেননা তা সাব্যস্ত করার ক্ষেত্রেও বৃদ্ধি করা

হয়। যেমন আল্লাহ তাআলার বাণী فَلَاۤ أُقۡسِمُ بِمَوَاقِعِ النُّجُوم ইত্যাদির মাঝে হয়ে থাকে।

حَتَّىٰ يُحَكِّمُوكَ অর্থাৎ তারা তোমার কাছে ফয়সালার জন্য আসে এবং তোমার কাছে মামলা দায়ের করে। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ সুবহানাহুর আদেশে বিচারক হলেও এখানে التحكيم সীগা ব্যবহার করা হয়েছে এ কথা বোঝানোর জন্য যে, তাদের পরস্পরের বিষয়াদিতে তাদের দায়িত্ব হচ্ছে তারা যেন তাঁকে বিচারক মানে এবং তাঁর সিদ্ধান্তের উপর সন্তুষ্ট থাকে, যদিও তিনি মুতলাকভাবে হাকেম নন।

فِيمَا شَجَرَ بَيۡنَهُمۡ অর্থাৎ যেসব বিষয়ে তাদের পরস্পরে দ্বন্দ্ব হয়। এ থেকেই الشجرُ শব্দটি নির্গত; তার ডালগুলো একে অপরের মাঝে ঢুকে পড়ার কারণে।

ثُمَّ لَا يَجِدُوا একটি উহ্য শব্দের উপর এটি আতফ হয়েছে যার দিকে বাক্যটি মানসূব হয়েছে, অর্থাৎ অতঃপর তুমি তাদের মাঝে ফয়সালা করলে তারা অনুভব করে না।

فِىٓ أَنفُسِهِمۡ حَرَجًا সংকীর্ণতা।

مِّمَّا قَضَيۡتَ অর্থাৎ তুমি যে সিদ্ধান্ত দিয়েছ, অথবা তোমার সিদ্ধান্তের কারণে। কেউ বলেছেন, সে বিষয়ে সন্দেহের কারণে। কেননা সন্দেহকারী তাঁর ফয়সালার বিষয়ে সংকীর্ণতায় ভোগে।

وَيُسَلِّمُوا অর্থাৎ তোমার ফয়সালার প্রতি অনুগত হয় এবং তার প্রতি বিশ্বাসী হয়।

تَسۡلِيمًا ক্রিয়াপদের তাকীদের জন্য, বার বার উল্লেখ করার পর্যায়ে। অর্থাৎ তাদের যাহের ও বাতেন দিয়ে পরিপূর্ণ গ্রহণ। বলা হয়, سَلَّم لأمرِ

الله ও أسلم له একই অর্থে। এর হাকীকত হচ্ছে, নিজেকে সে তাঁর কাছে অর্পণ করে দিয়েছে, যখন তাঁর জন্য নিরঙ্কুশ ও খালেসভাবে ন্যস্ত করবে। অর্থাৎ তারা তোমার ফয়সালার প্রতি এমনভাবে অনুগত হয় যে, তার মাঝে কোন সন্দেহ থাকে না, বাহ্যিকভাবেও নয় এবং অভ্যন্তরীণভাবেও নয়।" (ইরশাদুল আকলিস সালীম ইলা মাযায়াল কুরআনিল কারীম, আবুস সাঊদ আলহানাফী)

তাফসীরের أي يتحاكموا إليك ويترافعوا إليك,أن يجعلوه حَكَماً فيما بينهم এবং أي ينقادوا لأمرك ويُذعِنوا له ইত্যাদি শব্দাবলী এ দিকে খুব স্পষ্টভাবে নির্দেশ করছে।

তাফসীরে ইবনে কাসীর দেখুন

আল্লামা ইবনে কাসীর রহ. একই কথা বলেছেন-

وَقَوْلُهُ: {فَلا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ} يُقْسِمُ تَعَالَى بِنَفْسِهِ الْكَرِيمَةِ الْمُقَدَّسَةِ: **أَنَّهُ لَا يُؤْمِنُ أَحَدٌ حَتَّى يُحَكِّم الرَّسُولَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي جَمِيعِ الْأُمُورِ**، فَمَا حَكَمَ بِهِ فَهُوَ الْحَقُّ الَّذِي يَجِبُ الِانْقِيَادُ لَهُ بَاطِنًا وَظَاهِرًا؛ وَلِهَذَا قَالَ: {ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا} أَيْ: إِذَا حَكَّمُوكَ يُطِيعُونَكَ فِي بَوَاطِنِهِمْ فَلَا يَجِدُونَ فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا حَكَمْتَ بِهِ، وَيَنْقَادُونَ لَهُ فِي الظَّاهِرِ وَالْبَاطِنِ **فَيُسَلِّمُونَ لِذَلِكَ تَسْلِيمًا كُلِّيًّا مِنْ غَيْرِ مُمَانِعَةٍ وَلَا مُدَافِعَةٍ وَلَا مُنَازِعَةٍ**، كَمَا وَرَدَ فِي الْحَدِيثِ: "وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّى يَكُونَ هَوَاهُ تَبَعًا لِمَا جِئْتُ بِهِ". {تفسير ابن كثير: ٣٤٩/٢}

"আল্লাহর বাণী **فَلا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُم**" আল্লাহ তাআলা নিজ সম্মানিত পবিত্র নামের কসম করে বলছেন, কোন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সকল বিষয়ে বিচারক

মানার আগ পর্যন্ত মুমিন হবে না। অতএব তিনি যে ফয়সালা দেবেন সে ফয়সালাই হক-সত্য, যার আনুগত্য করা ওয়াজিব। বহ্যিকভাবেও আন্তরিকভাবেও। আর এ জন্যই তিনি বলেছেন ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا অর্থাৎ তারা যখন তোমাকে বিচারক বানায় তখন তারা আন্তরিকভাবে তোমার আনুগত্য করে এবং তারা তাদের মনে তোমার ফয়সালার বিষয়ে কোন প্রকার সংকীর্ণতা অনুভব করে না এবং তারা বাহ্যিকভাবে ও আন্তরিকভাবে সে ফয়সালা মেনে নেয়। ফলে তারা সে ফয়সালাকে পরিপূর্ণভাবে গ্রহণ করে নেয়, কোন প্রকারে বাধা দেয়া, প্রতিবন্ধকতা সৃষ্টি করা ও কোন প্রকার বিতর্ক করা ছাড়া। যেমন হাদীসে এসেছে, 'ঐ সত্তার কসম যাঁর হাতে আমার প্রাণ, আমি যে বিধান নিয়ে এসেছি তার আনুগত্য করার আগ পর্যন্ত তোমাদের কেউ ঈমানদার হতে পারবে না।" -তাফসীরে ইবনে কাসীর

তাফসীরের أَنَّهُ لَا يُؤْمِنُ أَحَدٌ حَتَّى يُحَكِّم الرَّسُولَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي جَمِيعِ الْأُمُورِ ও فَيُسَلِّمُونَ لِذَلِكَ تَسْلِيمًا كُلِّيًّا مِنْ غَيْرِ مُمَانِعَةٍ وَلَا مُدَافِعَةٍ وَلَا مُنَازِعَةٍ শব্দাবলী এ কথাই সুস্পষ্ট করে বলে চলেছে।

আয়াত ও তাফসীর

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ فَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا﴾ {سورة النساء: ٥٩}

"হে মুমিনগণ, তোমরা আনুগত্য কর আল্লাহর ও আনুগত্য কর রাসূলের এবং তোমাদের মধ্য থেকে কর্তৃত্বের অধিকারীদের। অতঃপর কোন বিষয়ে যদি তোমরা মতবিরোধ কর তাহলে তা আল্লাহ ও রাসূলের দিকে প্রত্যার্পণ করাও- যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রাখ। এটি উত্তম এবং বিরোধপূর্ণ বিষয়সমূহের ব্যাখ্যার দিক থেকে উৎকৃষ্টতর।" -সূরা নিসা ৫৯

আল্লাহর হাকিমিয়্যাতকে অস্বীকার করল। এ প্রত্যাখ্যান সন্দেহের কারণে হোক বা গ্রহণ না করে হোক। এ প্রত্যাখ্যানের জন্য আমলী প্রত্যাখ্যানই যথেষ্ট। অর্থাৎ গ্রহণ না করাটাই প্রত্যাখ্যান হিসাবে বিবেচিত হবে। এর জন্য আলাদা করে অস্বীকারের ঘোষণা পাওয়া যাওয়ার প্রয়োজন নেই।

এ ক্ষেত্রে মনে রাখতে হবে গ্রহণ করে কখনো কখনো আমল না করা এবং গ্রহণ না করা দু'টির মাঝে বিস্তর ব্যবধান রয়েছে। গ্রহণ না করা হচ্ছে কুফর, আর গ্রহণ করে কখনো কখনো আমল না করা হচ্ছে গুনাহ।

তাফসীরে জাস্সাস দেখুন

জাস্সাস রহ. এর বিস্তারিত বিবরণ এই-

باب طَاعَةِ الرَّسُولِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

قَالَ اللَّهُ تعالى: "أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ".

وَقَالَ تَعَالَى: "وَما أَرْسَلْنا مِنْ رَسُولٍ إِلَّا لِيُطاعَ بِإِذْنِ اللَّهِ". وَقَالَ تَعَالَى: "مَنْ يُطِعِ الرَّسُولَ فَقَدْ أَطاعَ اللَّهَ".

وَقَالَ تَعَالَى: "فَلا وَرَبِّكَ لا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيما شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجاً مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيماً". فَأَكَّدَ جَلَّ وَعَلَا بِهَذِهِ الْآيَاتِ وُجُوبَ طَاعَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَأَبَانَ أن طاعته إطاعة اللَّهِ وَأَفَادَ بِذَلِكَ أَنَّ مَعْصِيَتَهُ مَعْصِيَةُ اللَّهِ

وَقَالَ اللَّهُ تَعَالَى: "فَلْيَحْذَرِ الَّذِينَ يُخالِفُونَ عَنْ أَمْرِهِ أَنْ تُصِيبَهُمْ فِتْنَةٌ أَوْ يُصِيبَهُمْ عَذابٌ أَلِيمٌ".

فَأَوْعَدَ عَلَى مُخَالَفَةِ أَمْرِ الرَّسُولِ وَجَعَلَ مُخَالِفَ أَمْرِ الرَّسُولِ وَالْمُمْتَنِعَ مِنْ تَسْلِيمِ مَا جَاءَ بِهِ وَالشَّاكَّ فِيهِ خَارِجًا مِنْ الْإِيمَانِ، بِقَوْلِهِ تَعَالَى: "فَلا

وَرَبِّكَ لا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيما شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجاً مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيماً". قيل في الحرج هاهنا: إِنَّهُ الشَّكُّ. رُوِيَ ذَلِكَ عَنْ مُجَاهِدٍ. وَأَصْلُ الْحَرَجِ الضِّيقُ، وَجَائِزٌ أَنْ يَكُونَ الْمُرَادُ التَّسْلِيمَ مِنْ غَيْرِ شَكٍّ فِي وُجُوبِ تَسْلِيمِهِ وَلَا ضِيقِ صَدْرٍ بِهِ بَلْ بِانْشِرَاحِ صَدْرٍ وَبَصِيرَةٍ وَيَقِينٍ.

وَفِي هَذِهِ الْآيَةِ دَلَالَةٌ عَلَى أَنَّ مَنْ رَدَّ شَيْئًا مِنْ أَوَامِرِ اللَّهِ تَعَالَى أَوْ أَوَامِرِ رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَهُوَ خَارِجٌ مِنْ الْإِسْلَامِ، سَوَاءٌ رَدَّهُ مِنْ جِهَةِ الشَّكِّ فِيهِ أَوْ مِنْ جِهَةِ تَرْكِ الْقَبُولِ وَالِامْتِنَاعِ مِنْ التَّسْلِيمِ.

وَذَلِكَ يُوجِبُ صِحَّةَ مَا ذَهَبَ إِلَيْهِ الصَّحَابَةُ **فِي حُكْمِهِمْ بِارْتِدَادِ مَنْ امْتَنَعَ مِنْ أَدَاءِ الزَّكَاةِ وَقَتْلِهِمْ وَسَبْيِ ذَرَارِيِّهِمْ**، لِأَنَّ اللَّهَ تَعَالَى حَكَمَ بِأَنَّ مَنْ لَمْ يُسَلِّمْ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَضَاءَهُ وَحُكْمَهُ فَلَيْسَ مِنْ أَهْلِ الْإِيمَانِ. {أحكام القرآن للجصاص ٣/١٨٠}

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণ অধ্যায়

আল্লাহ তাআলা বলেছেন, তোমরা আল্লাহর অনুসরণ কর এবং রাসূলের অনুসরণ কর।

আল্লাহ তাআলা আরো বলেন, আমি প্রত্যেক নবীকেই পাঠিয়েছি আল্লাহর আদেশে তার অনুসরণ করার জন্য। আল্লাহ তাআলা আরো বলেন, যে রাসূলের অনুগত্য করল সে আল্লাহরই আনুগত্য করল।

আল্লাহ তাআলা আরো বলেন, '(হে নবী!) তোমার প্রতিপালকের শপথ! তারা ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারবে না, যতক্ষণ না নিজেদের পারস্পরিক ঝগড়া-বিবাদের ক্ষেত্রে তোমাকে বিচারক মানবে, তারপর তুমি যে রায় দাও, সে ব্যাপারে নিজেদের অন্তরে কোনরূপ কুণ্ঠাবোধ না করবে এবং অবনত মস্তকে তা গ্রহণ করে নেবে'।

আল্লাহ তাআলা এ আয়াতগুলো দ্বারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণ ওয়াজিব হওয়ার বিষয়টিকে জোরদার করেছেন এবং এ কথা স্পষ্ট করে দিয়েছেন যে, তাঁর অনুসরণই আল্লাহর অনুসরণ। আর এর দ্বারা এ কথাও বুঝিয়ে দিয়েছেন যে, তাঁর অবাধ্যতাও আল্লাহর অবাধ্যতা।

আল্লাহ তাআলা বলেছেন, 'যারা তাঁর (রাসূলের) আদেশের অবাধ্যতা করে তারা যেন তাদের উপর কোন মুসিবতে আক্রান্ত হওয়া বা যন্ত্রণাদায়ক শাস্তিতে পতিত হওয়ার বিষয়ে সতর্ক থাকে'।

এ আয়াতে আল্লাহ তাআলা রাসূলের আদেশের বিরুদ্ধাচরণ করার উপর ধমকি দিয়েছেন। আর রাসূলের আদেশের বিরুদ্ধাচরণকারীকে এবং রাসূল যা নিয়ে এসেছেন তা যে গ্রহণ করেনি এবং যে সে বিষয়ে সন্দেহ পোষণ করে তাদেরকে ঈমানের গণ্ডি থেকে বাইরে গণনা করছেন এ আয়াত দ্বারা-

﴿فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا﴾ {سورة النساء: ٦٥}

কেউ বলেছেন এখানে الحرج দ্বারা উদ্দেশ্য হচ্ছে 'সন্দেহ'। এ ব্যাখ্যা মুজাহিদ থেকে বর্ণিত আছে। আর الْحَرَجُ এর আসল অর্থ হচ্ছে, অপ্রসন্ন। এবং এর উদ্দেশ্য হতে পারে, তা গ্রহণ করা ওয়াজিব হওয়ার ক্ষেত্রে কোন প্রকার সন্দেহ ও সে বিষয়ে আন্তরিক অপ্রসন্নতা ছাড়া গ্রহণ করা; বরং প্রসন্নচিত্তে, বুঝেশুনে, বিশ্বাসের সাথে গ্রহণ করা।

এ আয়াতে এ কথার প্রমাণ রয়েছে, যে ব্যক্তি আল্লাহর আদেশসমূহের মধ্য থেকে কোন একটি আদেশ, অথবা তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদেশসমূহের কোন একটি আদেশকে প্রত্যাখ্যান করবে সে ইসলামের গণ্ডি থেকে বের হয়ে যাবে। চাই সে এ প্রত্যাখ্যান ঐ বিধানের প্রতি সন্দেহের কারণে করুক, অথবা গ্রহণ না করে ও গ্রহণ করা থেকে বিরত থাকার মাধ্যমে করুক।

আর সাহাবায়ে কেরাম যে যাকাত আদায়ে অস্বীকারকারীদেরকে মুরতাদ বলে ফয়সালা দিয়েছেন, তাদেরকে হত্যা করেছেন এবং তাদের

সন্তানদের বন্দি করেছেন -এ বিষয়টি সাহাবায়ে কেরামের এ সিদ্ধান্তকে সহীহ হিসাবে প্রমাণ করে। কেননা যারা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সিদ্ধান্ত ও বিধানকে গ্রহণ করেনি তারা ঈমানদারদের দলভুক্ত নয় বলে আল্লাহ তাআলা ফায়সালা দিয়েছেন।" -আহকামুল কুরআন, ইমাম জাসসাস রহ. ৩/১৮০

জাস্‌সাস রহ. এর নিম্নোক্ত শব্দাবলী লক্ষ করুন- سَوَاءٌ رَدَّهُ مِنْ جِهَةِ الشَّكِّ فِيهِ أَوْ مِنْ جِهَةِ تَرْكِ الْقَبُولِ وَالِامْتِنَاعِ مِنَ التَّسْلِيمِ (চাই সে তা সন্দেহবশত প্রত্যাখ্যান করুক বা কবুল করেনি বা মেনে নিতে বিরত থেকেছে) ও فِي حُكْمِهِمْ بِارْتِدَادِ مَنْ امْتَنَعَ مِنْ أَدَاءِ الزَّكَاةِ وَقَتْلِهِمْ وَسَبْيِ ذَرَارِيِّهِمْ (সাহাবায়ে কেরাম যে সেসব লোকদেরকে মুরতাদ বলেছেন, তাদেরকে হত্যা করেছেন, তাদের সন্তানদের বন্দি করেছেন যারা যাকাত আদায় করতে বিরত থেকেছে, তা সঠিক ছিল) বাক্যগুলো এ বিষয়টিকে খুব স্পষ্ট করে প্রমাণ করে। হাকিমিয়্যাত আল্লাহর হওয়ার অর্থই হচ্ছে, সকল মামলা আল্লাহর দরবারে দায়ের হবে। সকল বিচারিক সিদ্ধান্ত কুরআন সুন্নাহ থেকে নিতে হবে।

ইমাম জাস্‌সাস রহ. উদাহরণের মাধ্যমে এ কথাও স্পষ্ট করে দিয়েছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অবর্তমানে সুন্নাহের ফয়সালাকে যারা আমলীভাবে প্রত্যাখ্যান করেছে সাহাবায়ে কেরাম তাদের বিরুদ্ধে জিহাদ করেছেন। এ প্রত্যাখ্যান হচ্ছে, গ্রহণ না করা। আর সে কারণেই তাদের সঙ্গে সে আচরণই করেছেন যে আচরণ অমুসলিমদের বিরুদ্ধে জিহাদ করার ক্ষেত্রে করা হয়। তাদেরকে মুরতাদ হিসাবে হত্যা করেছেন। তাদের সন্তানদেরকে বন্দি করেছেন। জাস্‌সাস রহ. সাহাবায়ে কেরামের এ আচরণের ব্যাখ্যাও স্পষ্ট করে তুলে ধরেছেন।

আয়াত ও তাফসীর

﴿وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَةً قَالُوا أَتَجْعَلُ فِيهَا مَنْ يُفْسِدُ فِيهَا وَيَسْفِكُ الدِّمَاءَ وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ قَالَ إِنِّي أَعْلَمُ مَا لَا تَعْلَمُونَ﴾ {سورة البقرة: ٣٠}

"আর স্মরণ কর, যখন তোমার রব ফেরেশতাদেরকে বললেন, নিশ্চয় আমি যমীনে একজন খলীফা সৃষ্টি করছি। তারা বলল, আপনি কি সেখানে এমন কাউকে সৃষ্টি করবেন, যে তাতে ফাসাদ করবে এবং রক্ত প্রবাহিত করবে? আর আমরা তো আপনার প্রশংসায় তাসবীহ পাঠ করছি এবং আপনার পবিত্রতা ঘোষণা করছি। তিনি বললেন, নিশ্চয় আমি জানি যা তোমরা জান না।" -সূরা বাকারা ৩০

তাফসীরে জালালাইন দেখুন

এ আয়াতের আলোকে তাফসীরে জালালাইনের বক্তব্য হচ্ছে, আদম সন্তান পৃথিবীতে আল্লাহর প্রতিনিধি হয়েছে পৃথিবীতে আল্লাহর বিধান বাস্তবায়ন করার সুবাদে। অতএব আদম সন্তান যখন একমাত্র আল্লাহর বিধানকেই বাস্তবায়ন করবে তখনই বলা যাবে সে আল্লাহর প্রতিনিধিত্বকে মেনে নিয়েছে। কুরআন সুন্নাহর হাকিমিয়্যাতকে সে গ্রহণ করেছে। আল্লাহর যমিনে আল্লাহর বিধান বাস্তবায়ন না করে তাঁর প্রতিনিধিত্বের দাবি করা এবং তাঁর হাকিমিয়্যাতকে গ্রহণ করার দাবি করা সম্ভব নয়। আল্লামা সুয়ূতী রহ. বলেন-

{و} اذكر يا مُحَمَّد {إِذْ قَالَ رَبّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي جَاعِل فِي الْأَرْض خَلِيفَة} يَخْلُفنِي فِي تَنْفِيذ أَحْكَامِي فِيهَا وَهُوَ آدَم. { تفسير الجلالين : ١/٧ }

" {و}স্মরণ কর হে মুহাম্মদ {إِذْ قَالَ رَبّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي جَاعِل فِي الْأَرْض خَلِيفَة} যে পৃথিবীতে আমার বিধিবিধান বাস্তবায়ন করার ক্ষেত্রে আমার প্রতিনিধিত্ব করবে, আর সে হচ্ছে আদম।" -তাফসীরুল জালালাইন, ১/৮

আয়াত ও তাফসীর

﴿إِنَّا أَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ لِتَحْكُمَ بَيْنَ النَّاسِ بِمَا أَرَاكَ اللَّهُ وَلَا تَكُنْ لِلْخَائِنِينَ خَصِيمًا﴾ {سورة النساء: ١٠٥}

"নিশ্চয় আমি তোমার প্রতি যথাযথভাবে কিতাব নাযিল করেছি, যাতে তুমি মানুষের মাঝে ফায়সালা কর সে অনুযায়ী যা আল্লাহ তোমাকে দেখিয়েছেন। আর তুমি খেয়ানতকারীদের পক্ষে বিতর্ককারী হয়ো না।" -সূরা নিসা: ১০৫

তাফসীরে তাবারী দেখুন

ইবনে জারীর তাবারী রহ. উপরোক্ত আয়াতের আলোকে আল্লাহর হাকিমিয়্যাতের স্বরূপ তুলে ধরেছেন। আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের যে পদ্ধতি আল্লাহ তাআলা তাঁর রাসূলকে শিখিয়েছেন, মুফাসসির রহ. তা খুলে খুলে বলেছেন। রায় দিতে হবে কুরআনের সিদ্ধান্ত অনুযায়ী। সিদ্ধান্ত দিতে হবে, আল্লাহর সিদ্ধান্ত অনুযায়ী। এর নাম হচ্ছে আল্লাহর হাকিমিয়্যাত।

قال أبو جعفر: يعني جل ثناؤه بقوله: "إنا أنزلنا إليك الكتاب بالحق لتحكم بين الناس بما أراك الله"، "إنا أنزلنا إليك" يا محمد! "الكتاب"، يعني: القرآن، "لتحكم بين الناس"، **لتقضي بين الناس فتفصل بينهم،** "**بما أراك الله**"، يعني: **بما أنزل الله إليك من كتابه،** "ولا تكن للخائنين خصيمًا"، يقول: ولا تكن لمن خان مسلمًا أو معاهدًا في نفسه أو ماله، "خصيما" تخاصم عنه، وتدفع عنه من طالبه بحقِّه الذي خانه فيه. {**تفسير الطبري : ٩/١٧٥**}

"আবু জাফর বলেন, মহাপ্রশংসিত আল্লাহর এ বাণী إنا أنزلنا إليك الكتاب بالحق لتحكم بين الناس بما أراك الله দ্বারা তাঁর উদ্দেশ্য হচ্ছে إنا أنزلنا إليك হে মুহাম্মদ! الكتاب অর্থাৎ কুরআন لتحكم بين الناس তুমি মানুষের মাঝে বিচার করার জন্য, অতঃপর তুমি তাদের মাঝে ফায়সালা করবে। بما أراك الله অর্থাৎ তাঁর কিতাব থেকে তিনি তোমার কাছে যা নাযিল করেছেন। ولا تكن للخائنين خصيمًا তিনি বলছেন, যে ব্যক্তি কোন মুসলমানের সঙ্গে বা কোন চুক্তিবদ্ধ ব্যক্তির সঙ্গে তার জান-মালের বিষয়ে খেয়ানত করে তুমি তার خصيما হয়ো না যে, তুমি তার পক্ষ থেকে বিতর্ক করবে এবং যার সঙ্গে সে খেয়ানত করেছে সে তার হক দাবি করলে তুমি খেয়ানতকারীর পক্ষকে সমর্থন করবে। তুমি এমন করো না।।" তাফসীরে ইবনে জারীর তাবারী, ৯/১৭৫

আয়াত ও তাফসীরের এই শব্দাবলী "لتقضي بين الناس فتفصل بينهم، بما أراك الله" বিশেষভাবে লক্ষণীয়। ফয়সালা দানকারী, রায় প্রদানকারী, সিদ্ধান্ত দানকারী রায় ও সিদ্ধান্ত দেয়ার আগেই আল্লাহর নির্দেশিত রায় ও সিদ্ধান্তের প্রতি দৃষ্টি দিতে হবে। এর আগে কোন বিষয়ে কোন প্রকার ফয়সালা বা রায় দেয়ার কোন অধিকার নেই।

যে বিচারপতি তা করবে না এবং রায় ও সিদ্ধান্ত দেয়ার আগে বৃটিশ আইন, গণতান্ত্রিক আইনের কিতাবের পাতা উল্টাবে, সে আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে মেনে নেয়নি। যে আইন প্রণেতা তা করবে না এবং রায় ও সিদ্ধান্ত দেয়ার আগে বৃটিশ আইন, গণতান্ত্রিক আইনের কিতাবের পাতা উল্টাবে, সে আল্লাহর হাকিমিয়্যাতকে মেনে নেয়নি। যে সংবিধান বৃটিশ আইনের আলোকে তৈরি হয়েছে সে সংবিধান আল্লাহর হাকিমিয়্যাতকে মেনে নেয়নি।

আয়াত ও তাফসীর

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَوْفُوا بِالْعُقُودِ أُحِلَّتْ لَكُمْ بَهِيمَةُ الْأَنْعَامِ إِلَّا مَا يُتْلَى عَلَيْكُمْ غَيْرَ مُحِلِّي الصَّيْدِ وَأَنْتُمْ حُرُمٌ إِنَّ اللَّهَ يَحْكُمُ مَا يُرِيدُ﴾ {سورة المائدة: ١}

"হে মুমিনগণ, তোমরা অঙ্গীকারসমূহ পূর্ণ কর। তোমাদের জন্য গৃহপালিত চতুষ্পদ জন্তু হালাল করা হয়েছে, তোমাদের নিকট যা বর্ণনা করা হচ্ছে তা ছাড়া। তবে ইহরাম অবস্থায় শিকার হালাল করবে না। নিশ্চয় আল্লাহ যা ইচ্ছা বিধান করেন।" -সূরা মায়েদাহ ১

তাফসীরে তাবারী দেখুন

ইবনে জারীর তাবারী রহ. يَحْكُمُ مَا يُرِيدُ অংশটির ব্যাখ্যা করতে গিয়ে আল্লাহর হাকিমিয়্যাতকে ব্যাপক থেকে ব্যাপকতর করে উপস্থাপন করেছেন। যার মাঝে আল্লাহ ব্যতীত আর কারো কোন অংশীদারির সুযোগ নেই। কুরআন সুন্নাহকে জিজ্ঞেস করার আগে কোন বিষয়ে কোন হুকুম জারি করা যাবে না।

القول في تأويل قوله: {إِنَّ اللَّهَ يَحْكُمُ مَا يُرِيدُ}

قال أبو جعفر: يعني بذلك جل ثناؤه: **إن الله يقضي في خلقه ما يشاء من تحليل ما أراد تحليله، وتحريم ما أراد تحريمه، وإيجاب ما شاء إيجابه عليهم، وغير ذلك من أحكامه وقضاياه،** "فأوفوا" أيها المؤمنون! له بما عقدَ عليكم من تحليل ما أحل لكم وتحريم ما حرّم عليكم، وغير ذلك من عقوده، فلا تنكثوها ولا تنقضوها. كما:-

حدثنا بشر قال، حدثنا يزيد قال، حدثنا سعيد، عن قتادة قوله:"إن الله يحكم ما يريد"، **إن الله يحكم ما أراد في خلقه، وبيّن لعباده وفرض فرائضه، وحدَّ حدوده، وأمر بطاعته، ونهى عن معصيته.** {تفسير الطبري: ٩/٤٦٢}

"আল্লাহ তাআলার বাণী **إِنَّ اللَّهَ يَحْكُمُ مَا يُرِيدُ** এর ব্যাখ্যা–

আবু জাফর বলেন, এর দ্বারা মহাপ্রশংসিত আল্লাহর উদ্দেশ্য হচ্ছে, আল্লাহ তাঁর সৃষ্টির মাঝে যা চান তাই ফয়সালা করেন। যা হালাল করতে চান তা হালাল করেন, যা হারাম করতে চান তা হারাম করেন, সৃষ্টির উপর যা ওয়াজিব করতে চান তা ওয়াজিব করেন। এভাবে আরো অন্যান্য বিধান ও ফয়সালাসমূহ। অতএব আল্লাহ তোমাদের জন্য যা হালাল করেছেন তোমরা তা হালাল হিসাবে গ্রহণ করার বিষয়ে, আল্লাহ যা তোমাদের উপর হারাম করেছেন তা তোমরা হারাম হিসাবে গ্রহণ করার বিষয়ে এবং আরো অন্যান্য যেসব বিষয়ে আল্লাহ তোমাদের অঙ্গীকার নিয়েছেন হে মুমিনরা! তোমরা সে অঙ্গীকার পূর্ণ কর এবং তা ভঙ্গ করো না।

যেমন আমাদেরকে বর্ণনা করেছে .... কাতাদা, আল্লাহর বাণী **إن الله يحكم ما يريد** এর ব্যাখ্যায় বলেছেন, আল্লাহ তাঁর সৃষ্টির বিষয়ে যা চান তাই হুকুম করেন। তিনি তাঁর বান্দাদের জন্য সব বর্ণনা করে দিয়েছেন, তাঁর ফরযগুলোকে ফরয করে দিয়েছেন, তাঁর নির্ধারিত সীমারেখাগুলো

চিহ্নিত করে দিয়েছেন, তাঁর অনুগত্যের আদেশ দিয়েছেন এবং তাঁর অবাধ্যতা করতে নিষেধ করে দিয়েছেন।" তাফসীরে তাবারী, ৯/৩৬২

আয়াত ও তাফসীরের এই শব্দাবলী বিশেষভাবে লক্ষণীয়:

﴿مَا يُرِيدُ، ما يشاء من تحليل ما أراد تحليله، وتحريم ما أراد تحريمه، وإيجاب ما شاء إيجابه عليهم، وفرض فرائضه، وحدَّ حدوده﴾

এর নাম হচ্ছে আল্লাহর হাকিমিয়্যাত। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার লেজুড়বৃত্তির কোন সুযোগ নেই। বৈধ ও অবৈধের সিদ্ধান্ত গণতান্ত্রিক পদ্ধতিতে হওয়ার কোন সুযোগ নেই। সংখ্যাগরিষ্ঠ বৈধ বললে বৈধ হবে, আর অবৈধ বললে অবৈধ হবে মুসলমানদের জন্য এ সুযোগ রাখা হয়নি। এর নাম আল্লাহর হাকিমিয়্যাত নয়।

আয়াত ও তাফসীর

﴿يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُحِلُّوا شَعَائِرَ اللَّهِ وَلَا الشَّهْرَ الْحَرَامَ وَلَا الْهَدْيَ وَلَا الْقَلَائِدَ وَلَا آمِّينَ الْبَيْتَ الْحَرَامَ يَبْتَغُونَ فَضْلًا مِنْ رَبِّهِمْ وَرِضْوَانًا وَإِذَا حَلَلْتُمْ فَاصْطَادُوا وَلَا يَجْرِمَنَّكُمْ شَنَآنُ قَوْمٍ أَنْ صَدُّوكُمْ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ أَنْ تَعْتَدُوا وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقْوَى وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ﴾ {سورة المائدة: ٢}

"হে মুমিনগণ, তোমরা অসম্মান করো না আল্লাহর নিদর্শনসমূহের, হারাম মাসের, হারামে প্রেরিত কুরবানীর পশুর, গলায় চিহ্ন দেয়া পশুর এবং আপন রবের অনুগ্রহ ও সন্তুষ্টির অনুসন্ধানে পবিত্র গৃহের অভিমুখীদের। যখন তোমরা হালাল হও, তখন শিকার কর। কোন কওমের শত্রুতা যে, তারা তোমাদেরকে মসজিদে হারাম থেকে বাধা প্রদান করেছে, তোমাদেরকে যেন কখনো প্ররোচিত না করে যে, তোমরা সীমলাঙ্ঘন করবে। সৎকর্ম ও তাকওয়ায় তোমরা পরস্পরে সহযোগিতা কর। মন্দকর্ম ও সীমালঙ্ঘনে পরস্পরের সহযোগিতা করো না। আর আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ আযাব প্রদানে কঠোর।" -সূরা মায়েদা : ২

তাফসীরে তাবারী দেখুন

ইবনে জারীর রহ. شَعَائِرَ اللّٰهِ এর অনেকগুলো তাফসীর উল্লেখ করেছেন। উল্লেখ করার পর তিনি আতা ইবনে আবী রাবাহ রহ. এর তাফসীরটিকে সর্বাধিক গ্রহণযোগ্য বলে চিহ্নিত করেছেন। তার পক্ষে যুক্তি উপস্থাপন করেছেন। তাবারী রহ. এর বিস্তারিত আলোচনাটি নিম্নরূপ-

القول في تأويل قوله: {يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لا تُحِلُّوا شَعَائِرَ اللَّهِ}

﴿قال أبو جعفر: اختلف أهل التأويل في معنى قول الله: "لا تحلوا شعائر الله". فقال بعضهم معناه: لا تحلوا حُرُمات الله، ولا تتعدَّوا حدوده، كأنهم وجهوا "الشعائر" إلى المعالم، وتأولوا "لا تحلوا شعائر الله"، معالم حدود الله، وأمرَه ونهيَه وفرائضَه.

قال أبو جعفر: وأولى التأويلات بقوله: "لا تحلوا شعائر الله"، قول عطاء الذي ذكرناه من توجيهه معنى ذلك إلى: **لا تحلوا حرمات الله ولا تضيعوا فرائضه.** لأن "الشعائر" جمع "شعيرة"، "والشعيرة" "فعيلة" من قول القائل: "قد شعر فلان بهذا الأمر"، إذا علم به. فـ"الشعائر"، المعالم من ذلك.

وإذا كان ذلك كذلك، كان معنى الكلام: لا تستحلوا أيها الذين آمنوا! معالم الله، فيدخل في ذلك معالم الله كلها في مناسك الحج: من تحريم ما حرَّم الله إصابته فيها على المحرم، وتضييع ما نهى عن تضييعه فيها، وفيما حرَّم من استحلال حُرمات حَرَمه، وغير ذلك من حدوده وفرائضه، وحلاله وحرامه، لأن كل ذلك من معالمه وشعائره التي جعلها أماراتٍ بين الحق والباطل، يُعْلَم بها حلالُه وحرامه، وأمره ونهيه. وإنما

قلنا ذلك القول أولى بتأويل قوله تعالى: "لا تحلوا شعائر الله"، **لأن الله نهى عن استحلال شعائره ومعالم حدوده وإحلالها نهيًا عامًّا، من غير اختصاص شيء من ذلك دون شيء**، فلم يَجُز لأحد أن يوجِّه معنى ذلك إلى الخصوص إلاَّ بحجة يجب التسليم لها، ولا حجة بذلك كذلك﴾
{تفسير الطبري : ٩/٤٦٤}

"আল্লাহর বাণী يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُحِلُّوا شَعَائِرَ اللَّهِ এর ব্যাখ্যা:

বাড়তি বরাদ্দ থাকবে। খ্রিস্টান সংখ্যাগরিষ্ঠ দেশে রাজত্ব করলে খ্রিস্টানদের জন্য কিছু বাড়তি বরাদ্দ থাকবে। বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ দেশে রাজত্ব করলে বৌদ্ধদের জন্য কিছু বাড়তি বরাদ্দ থাকবে। জেলে চাষাদের দেশে রাজত্ব করলে জেলে চাষাদের জন্য বাড়তি বরাদ্দ থাকবে। গণতন্ত্র ধর্ম ও ধর্মনিরপেক্ষ ধর্মের নিয়ম অনেকটা এরকমই। সংখ্যাগরিষ্ঠের জন্য একটু বাড়তি বরাদ্দ না রাখলে সংখ্যাগরিষ্ঠের উপর নিজের শাসনের নীতি চালিয়ে দেয়া যায় না।

ছাড় নেই

কিন্তু ধর্মের কিতাব দিয়ে দেশ চলবে না। দেশ চলবে গণতন্ত্রের কিতাব দিয়ে, ধর্মনিরপেক্ষতার কিতাব দিয়ে। এ বিষয়ে এ ধর্মের লোকদের কোন অসতর্কতা নেই। কোন ছাড় নেই।

যে দেশে শাপলা ফুলের ঘ্রাণ বেশি সেখানে শাপলা ফুল জাতীয় ফুল। যেখানে ড্রাগনের গোশতে বেশি পুষ্টি সেখানে ড্রাগন জাতীয় জানোয়ার। যে দেশে শূকর বেশি সম্মানিত সেখানে শূকর জাতীয় পদক চিহ্ন। এ জাতীয় স্বীকৃতিতে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার কোন কৃপণতা নেই।

শাপলা জাতীয় ফুল হওয়ার কারণে সর্বোচ্চ কোলাহলপূর্ণ এলাকায় স্থান পেয়ে হাজার হাজার টাকা ব্যয়ে প্রতিদিন ঝর্ণার পানিতে গোসল করার সুযোগ পাচ্ছে। এর চাইতে বড় কোন চাওয়া পাওয়া শাপলার থাকতে পারে না। আসলে এতে শাপলা মনে কষ্ট নেয়ারও কিছু নেই, খুশি হওয়ারও কিছু নেই।

পাকিস্তানে এতগুলো ধর্মের অবাধ বিচরণের সুযোগ থাকা সত্ত্বেও একমাত্র ইসলামকে জাতীয় ধর্মের মান দেয়া হয়েছে -ইসলামের প্রতি এর চাইতে বড় করুণা আর হতে পারে না। একটি গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশ পৃথিবীতে চলমান হাজারো ধর্মের মধ্যে একটি ধর্মের জন্য এর চাইতে আর বেশি কিছু করতে পারে না।

এসবই সত্য। শতবার সত্য।

কিন্তু এ সত্যের আরেকটি অনিবার্য সত্য হচ্ছে, এমন একটি দেশ ইসলামের হয় না। তাই পাকিস্তান ইসলামের নয়। কুরআনের নয়, হাদীসের নয়। এ দেশের হাকিমিয়্যাত আল্লাহ জাল্লা শানুহুর নয়।

পাকিস্তান-সংবিধান : কিছু মৌলিক ধারা উপধারা

পাকিস্তান-সংবিধান : কাফের ও মহিলার মজলিসে শূরা

اسلامی جمہوریت پاکستان کی دستور

قومی اسمبلی میں خواتین اور غیر مسلموں کے لئے مخصوص نشستوں کے بشمول ارکان کی تین سو بیالس نشستیں ہو گی۔ مجلس شوری ۱/۲۶

شق (۳) میں محول نشستوں کی تعداد کے علاوہ قومی اسمبلی میں غیر مسلموں کے لئے دس نشستیں مختص کی جائیں گی۔ مجلس شوری ۱/۲۷

غیر مسلموں کے لئے مخصوص تمام نشستوں کے لئے حلقو انتخاب پورا ملک ہو گا۔ مجلس شوری ۱/۲۸

"জাতীয় সংসদে মহিলা ও অমুসলিমদের জন্য সংরক্ষিত আসনসহ মোট তিন শত বেয়াল্লিশ আসন হবে।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, মজলিসে শূরা পৃ: ১/২৬

"অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত আসন ছাড়াও জাতীয় সংসদে অমুসলিমদের জন্য দশটি আসন সংরক্ষিত রাখা হবে।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, মজলিসে শূরা পৃ: ১/২৭

"অমুসলিমদের জন্য তাদের সকল আসন নির্বাচনের ক্ষেত্র হবে সারা দেশ।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, মজলিসে শূরা পৃ: ১/২৮

দৃষ্টিপাত

সংবিধানের এ অংশের বিচার্য কয়েকটি বিষয় নিম্নরূপ:

এক. জাতীয় পরিষদে জনপ্রতিনিধি হিসাবে ও আইন পরিষদের সদস্য হিসাবে মহিলা থাকবে।

দুই. জাতীয় পরিষদে জনপ্রতিনিধি ও আইন পরিষদের সদস্য হিসাবে অমুসলিম থাকবে।

তিন. কোন অমুসলিম স্বাভাবিক পদ্ধতিতে আইন পরিষদের সদস্য হতে পারার পাশাপাশি আলাদা করে দশটি আসনও তাদের জন্য সংরক্ষিত থাকবে। শুধু অমুসলিম হওয়ার কারণেই তারা এ সদস্যপদগুলোর অধিকারী হবে।

এ দফাগুলোর অনিবার্য ফলাফল হচ্ছে-

ক) মহিলা নেতৃত্বের পথ সুগম হবে যা হাদীসে রাসূলের প্রতি অবজ্ঞা প্রকাশ।

খ) নেতৃত্বের ক্ষেত্রে মুসলিম-অমুসলিমের ব্যবধান মুছে ফেলা। যে ব্যবধানের জন্য আল্লাহ তাআলার ওহির ধারা চালু ছিল। যে ব্যবধানের জন্য সকল নবীর সকল দাওয়াতের আয়োজন। যে ব্যবধানের জন্য ইসলামী খেলাফত প্রতিষ্ঠার ফরয বিধান। যে ব্যবধানের জন্য জিহাদ, জিযয়া, গোলামীসহ সকল বিধানের আয়োজন।

গ) রাষ্ট্র পরিচালনায় মুসলিম-অমুসলিম ভাগাভাগি থেকে মুক্তি পাওয়ার জন্য যে পাকিস্তানের জন্ম সে পাকিস্তানে অমুসলিমকে ভাগ দেয়া হল শতকরা হারে অনেক বেশি। তাহলে মাদানী রহ. সহ ওলামায়ে কেরামের একাংশের সঙ্গে দ্বিমত করে খণ্ড ভারত কেন?

বলাবাহুল্য, মহিলার ক্ষমতায়ন, অমুসলিমদেরকে রাষ্ট্র পরিচালনায় অংশিদার করা, ধর্মে ধর্মে ব্যবধান মুছে সকল ধর্ম মিলে একসাথ হয়ে খেলাফত প্রতিষ্ঠা করা ও পরিচালনা করা এসবই আব্রাহাম লিংকন ও রুশো, ভোল্টায়ারের থিওরী। কুরআন, সুন্নাহ তথা শরীয়ার থিওরী এটা নয়।

অথচ শরীয়ত বলছে

শরীয়ার থিওরী হচ্ছে, আল্লাহর যমিনে আল্লাহর দুশমন অমুসলিমদের তিন অবস্থা। তরবারীর নিচে (সাময়িক যুদ্ধবিরতির সময় ব্যতীত), গোলামীর জিঞ্জিরে, জিযয়ার কাঠগড়ায়। এ ছাড়া চতুর্থ অবস্থা থেকে যত অবস্থা রয়েছে তার সবই আমাদের দুর্বলতা, অবহেলা ও শরীয়ার প্রতি অবজ্ঞার বহিঃপ্রকাশ। যেগুলোকে আমরা আমাদের ফযীলত ও গুণ হিসাবে তুলে ধরতে পছন্দ করে থাকি। কুরআনের বার বার পঠিত এ আয়াতটি আবারো দেখুন-

﴿قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ﴾ {سورة التوبة: ٢٩}

"তোমরা লড়াই কর আহলে কিতাবের সেসব লোকদের সঙ্গে যারা আল্লাহ ও শেষ দিবসে ঈমান রাখে না এবং আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করেছেন তা হারাম মনে করে না, আর সত্য দ্বীন গ্রহণ করে না, তারা স্বহস্তে নত হয়ে জিযয়া দেয়া পর্যন্ত।" -সূরা তাওবা ২৯

আরো দেখুন

সন্দেহ না কাটলে আয়াতের তাফসীর দেখুন, হাদীস দেখুন, ওমর ইবনুল খাত্তাব রাযিয়াল্লাহু আনহুর জীবনে অমুসলিমদের সঙ্গে শান্তিচুক্তির নমুনা দেখুন-

﴿وَقَوْلُهُ: {حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ} أَيْ: إِنْ لَمْ يُسْلِمُوا، {عَنْ يَدٍ} أَيْ: عَنْ قَهْرٍ لَهُمْ وَغَلَبَةٍ، {وَهُمْ صَاغِرُونَ} أَيْ: ذَلِيلُونَ حَقِيرُونَ مُهَانُونَ. فَلِهَذَا لَا يَجُوزُ إِعْزَازُ أَهْلِ الذِّمَّةِ وَلَا رَفْعُهُمْ عَلَى الْمُسْلِمِينَ، بَلْ هُمْ أَذِلَّاءُ صَغَرة أَشْقِيَاءُ﴾ {تفسير ابن كثير: ١٣٣/٤}

"আল্লাহর বাণী حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ অর্থাৎ, যদি তারা ইসলাম গ্রহণ না করে, عَنْ يَدٍ অর্থাৎ, তাদের প্রতি কঠোরতা ও বিজয়ের মাধ্যমে, وَهُمْ صَاغِرُونَ অর্থাৎ, অপদস্ত, নিকৃষ্ট ও হীন। এ কারণেই যিম্মীদেরকে সম্মান করা জায়েয নেই এবং তাদেরকে মুসলমানদের উপরে মান দেয়া জায়েয নেই। তারা বরং হীন, নিকৃষ্ট ও হতভাগা।" – ইবনে কাসীর : ৪/১৩৩

﴿كَمَا جَاءَ فِي صَحِيحِ مُسْلِمٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "لَا تَبْدَءُوا الْيَهُودَ وَالنَّصَارَى بِالسَّلَامِ، وَإِذَا لَقِيتُمْ أَحَدَهُمْ فِي طَرِيقٍ فَاضْطَرُّوهُ إِلَى أَضْيَقِهِ﴾ {مسلم: رقم الحديث ٢١٦٧- ١٧٠٧/٤}

"যেমন সহীহ মুসলিমের হাদীসে এসেছে-

আবু হোরায়রা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা ইহুদী ও খ্রিস্টানদেরকে আগে সালাম দিও না, আর যখন তাদের কারো সঙ্গে রাস্তায় তোমাদের সাক্ষাৎ হয় তখন তাদেরকে সংকীর্ণ পথে যেতে বাধ্য কর।" মুসলিম : ৪/১৭০৭

﴿وَلِهَذَا اشْتَرَطَ عَلَيْهِمْ أَمِيرُ الْمُؤْمِنِينَ عُمَرُ بْنُ الْخَطَّابِ، رَضِيَ اللَّهُ عَنْهُ، تِلْكَ الشُّرُوطَ الْمَعْرُوفَةَ فِي إِذْلَالِهِمْ وَتَصْغِيرِهِمْ وَتَحْقِيرِهِمْ، وَذَلِكَ مِمَّا رَوَاهُ الْأَئِمَّةُ الْحُفَّاظُ، مِنْ رِوَايَةِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَنْمٍ الْأَشْعَرِيِّ قَالَ: كَتَبْتُ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ، رَضِيَ اللَّهُ عَنْهُ، حِينَ صَالَحَ نَصَارَى مِنْ أَهْلِ الشَّامِ:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ، هَذَا كِتَابٌ لِعَبْدِ اللَّهِ عُمَرَ أَمِيرِ الْمُؤْمِنِينَ مِنْ نَصَارَى مَدِينَةِ كَذَا وَكَذَا، إِنَّكُمْ لَمَّا قَدِمْتُمْ عَلَيْنَا سَأَلْنَاكُمُ الْأَمَانَ لِأَنْفُسِنَا وَذَرَارِينَا وَأَمْوَالِنَا وَأَهْلِ مِلَّتِنَا وَشَرَطْنَا لَكُمْ عَلَى أَنْفُسِنَا أَلَّا نُحْدِثَ فِي مَدِينَتِنَا وَلَا فِيمَا حَوْلَهَا دَيْرًا وَلَا كَنِيسَةً، وَلَا قِلَايَةً وَلَا صَوْمَعَةَ رَاهِبٍ، وَلَا نُجَدِّدَ مَا خَرِبَ مِنْهَا، وَلَا نُحْيِيَ مِنْهَا مَا كَانَ خُطَطَ الْمُسْلِمِينَ، وَأَلَّا نَمْنَعَ كَنَائِسَنَا أَنْ يَنْزِلَهَا أَحَدٌ مِنَ الْمُسْلِمِينَ فِي لَيْلٍ وَلَا نَهَارٍ، وَأَنْ نُوَسِّعَ أَبْوَابَهَا لِلْمَارَّةِ وَابْنِ السَّبِيلِ، وَأَنْ يَنْزِلَ مَنْ مَرَّ بِنَا مِنَ الْمُسْلِمِينَ ثَلَاثَةَ أَيَّامٍ نُطْعِمُهُمْ، وَلَا نأوي فِي كَنَائِسِنَا وَلَا مَنَازِلِنَا جَاسُوسًا، وَلَا نَكْتُمَ غِشًّا لِلْمُسْلِمِينَ، وَلَا نُعَلِّمَ أَوْلَادَنَا الْقُرْآنَ، وَلَا نُظْهِرَ شِرْكًا، وَلَا نَدْعُوَ إِلَيْهِ أَحَدًا؛ وَلَا نَمْنَعَ أَحَدًا مِنْ ذَوِي قَرَابَتِنَا الدُّخُولَ فِي الْإِسْلَامِ إِنْ أَرَادُوهُ، وَأَنْ نُوَقِّرَ الْمُسْلِمِينَ، وَأَنْ نَقُومَ لَهُمْ مِنْ مَجَالِسِنَا إِنْ أَرَادُوا الْجُلُوسَ.

وَلَا نَتَشَبَّهَ بِهِمْ فِي شَيْءٍ مِنْ مَلَابِسِهِمْ، فِي قَلَنْسُوَةٍ، وَلَا عِمَامَةٍ، وَلَا نَعْلَيْنِ، وَلَا فَرْقِ شَعْرٍ، وَلَا نَتَكَلَّمَ بِكَلَامِهِمْ، وَلَا نَكْتَنِيَ بِكُنَاهم، وَلَا نَرْكَبَ السُّرُوجَ، وَلَا نَتَقَلَّدَ السُّيُوفَ، وَلَا نَتَّخِذَ شَيْئًا مِنَ السِّلَاحِ، وَلَا نَحْمِلَهُ مَعَنَا، وَلَا نَنْقُشَ خَوَاتِيمَنَا بِالْعَرَبِيَّةِ، وَلَا نَبِيعَ الْخُمُورَ، وَأَنْ نَجُزَّ مَقَادِيمَ رُءُوسِنَا، وَأَنْ نَلْزَمَ زِينا حَيْثُمَا كُنَّا، وَأَنْ نَشُدَّ الزَّنَانِيرَ عَلَى أَوْسَاطِنَا، وَأَلَّا نُظْهِرَ الصَّلِيبَ عَلَى كَنَائِسِنَا، وَأَلَّا نُظْهِرَ صُلُبَنَا وَلَا كُتُبَنَا فِي شَيْءٍ مِنْ طُرُقِ الْمُسْلِمِينَ وَلَا أَسْوَاقِهِمْ، وَلَا نَضْرِبَ نَوَاقِيسَنَا فِي كَنَائِسِنَا إِلَّا ضَرْبًا خَفِيًّا، وَأَلَّا نَرْفَعَ أَصْوَاتَنَا بِالْقِرَاءَةِ فِي كَنَائِسِنَا فِي شَيْءٍ مِنْ حَضْرَةِ الْمُسْلِمِينَ، وَلَا نُخْرِجَ شَعَانِينَ وَلَا بَاعُوثًا، وَلَا نَرْفَعَ أَصْوَاتَنَا مَعَ مَوْتَانَا، وَلَا نُظْهِرَ النِّيرَانَ مَعَهُمْ فِي شَيْءٍ مِنْ طُرُقِ الْمُسْلِمِينَ وَلَا أَسْوَاقِهِمْ، وَلَا نُجَاوِرَهُمْ بِمَوْتَانَا، وَلَا نَتَّخِذَ مِنَ الرَّقِيقِ مَا جَرَى عَلَيْهِ سِهَامُ الْمُسْلِمِينَ، وَأَنْ نُرْشِدَ الْمُسْلِمِينَ، وَلَا نَطَّلِعَ عَلَيْهِمْ فِي منازلهم.

قَالَ: فَلَمَّا أَتَيْتُ عُمَرَ بِالْكِتَابِ، زَادَ فِيهِ: وَلَا نَضْرِبُ أَحَدًا مِنَ الْمُسْلِمِينَ، شَرَطْنَا لَكُمْ ذَلِكَ عَلَى أَنْفُسِنَا وَأَهْلِ مِلَّتِنَا، وَقَبِلْنَا عَلَيْهِ الْأَمَانَ، فَإِنْ نَحْنُ خَالَفْنَا فِي شَيْءٍ مِمَّا شَرَطْنَاهُ لَكُمْ وَوَظَفْنا عَلَى أَنْفُسِنَا، فَلَا ذِمَّةَ لَنَا، وَقَدْ حَلَّ لَكُمْ مِنَّا مَا يَحِلُّ مِنْ أَهْلِ الْمُعَانَدَةِ وَالشِّقَاقِ﴾ {تفسير ابن كثير : ١٣٣/٤}

মুসলিম দেশে অমুসলিম কেমন থাকবে

"এ কারণেই আমীরুল মুমিনীন ওমর ইবনুল খাত্তাব রাযিয়াল্লাহু আনহু তাদের হীনতা ও নিকৃষ্টতার প্রকাশের জন্য সে প্রসিদ্ধ শর্তগুলো আরোপ করেছিলেন। সেসব শর্ত যা হাফেয ইমাম মুহাদ্দিসগণ বর্ণনা করেছেন-

আব্দুর রহমান ইবনে গান্‌ম আশআরী থেকে বর্ণিত তিনি বলেন, আমি ওমর ইবনুল খাত্তাব রাযিয়াল্লাহ আনহুর জন্য লিখেছি যখন তিনি সিরিয়ার খ্রিস্টানদের সঙ্গে সন্ধি করেছিলেন-

বিসমিল্লাহির রাহমানির রাহীম। এটি আল্লাহর বান্দা ওমর আমীরুল মুমিনীনের প্রতি অমুক অমুক শহরের খ্রিস্টানদের চিঠি। আপনি যখন আমাদের এখানে এসেছেন তখন আমরা আপনার কাছে আমাদের জন্য, আমাদের বাচ্চাদের জন্য, আমাদের সম্পদের জন্য এবং আমাদের ধর্মাবলম্বীদের জন্য আপনার কাছে নিরাপত্তা চেয়েছিলাম। তখন আপনার পক্ষ থেকে আমরা আমাদের উপর অত্যাবশ্যকীয় করে নিয়েছিলাম যে,

আমরা আমাদের শহরে এবং তার আশপাশে কোন মঠ, গির্জা, সন্যাসী আশ্রম বা বিশপের বাসস্থান নতুন করে তৈরি করব না। এমনিভাবে এসবের যা ধ্বংস হয়ে গেছে সেগুলোকেও নতুন করে সংস্কার করব না। সেগুলোর মধ্যে যেগুলো মুসলমানদের প্রকল্পভুক্ত সেগুলোকে পুনরুজ্জীবিত করব না।

কোন মুসলমানকে আমরা আমাদের গির্জাগুলোতে রাতে দিনে কখনো অবস্থান করতে বাধা দেব না। পথিক ও আগন্তুকদের জন্য সেগুলোর দরজা প্রশস্ত রাখব।

মুসলিম কোন মুসাফির আমাদের এখানে অবস্থান করলে আমরা তাদেরকে তিন দিন পর্যন্ত খাদ্য সরবরাহ করব।

আমরা আমাদের গির্জাগুলোতে এবং আমাদের বাড়িঘরে কোন গুপ্তচরকে আশ্রয় দেব না।

মুসলমানদের বিষয়ে আমরা আমাদের মনে কোন প্রকার প্রতারণার মনোভাব পোষণ করব না।

আমরা আমাদের সন্তানদেরকে কুরআন শেখাব না।

আমরা প্রকাশ্যে কোন শিরক করব না এবং সে দিকে কাউকে আহ্বান করব না।

আমাদের নিকটাত্মীয়দের কেউ ইসলাম গ্রহণ করতে চাইলে আমরা তাকে ইসলাম গ্রহণ করতে বাধা দেব না।

আমরা মুসলমানদেরকে সম্মান করব এবং আমরা তাদের সম্মানে আমাদের আসন থেকে উঠে দাঁড়িয়ে যাব যদি তারা বসতে চায়।

আমরা মুসলমানদের পোষাক, টুপি, পাগড়ি, পাদুকা, মাথার সিঁথি কোন ক্ষেত্রেই তাদের সুরত ধরব না।

আমরা তাদের ভাষায় কথা বলব না। তাদের উপনামে উপনাম রাখব না।

আমরা জিনপোষের উপর আরোহন করব না। তরবারী ঝুলিয়ে রাখব না। কোন প্রকার অস্ত্র গ্রহণ করব না এবং আমাদের সঙ্গে বহন করব না।

আমরা আমাদের আংটিগুলোর মধ্যে আরবীতে নকশা করব না।

আমরা মদ বিক্রয় করব না।

আমরা আমাদের মাথার অগ্রভাগ ছেটে রাখব।

আমরা যেখানেই থাকব আমাদের বেশ-ভূষা অবশ্যই গ্রহণ করব।

আমরা পৈতা বাঁধব মাঝ বরাবর।

আমরা আমাদের গির্জাগুলোর উপরে ক্রুশ উত্তোলন করব না। এমনিভাবে আমাদের ক্রুশ, আমাদের কোন কিতাব মুসলমানদের কোন রাস্তায় বা তাদের বাজারে প্রদর্শন করব না।

আমরা আমাদের গির্জাগুলোতে ঘণ্টা বাজাব না। বাজালেও একেবারে ক্ষীণ আওয়াজে বাজাব।

আমরা আমাদের গির্জাগুলোতে কোন মুসলমানের উপস্থিতিতে পড়ার শব্দ উঁচু করব না

আমরা পাম সানডে ও স্টার উৎসব করব না।

আমরা আমাদের মৃতদেরকে নিয়ে আওয়াজ উঁচু করব না এবং মুসলমানদের কোন পথে বা বাজারে তাদের সঙ্গে আগুন প্রদর্শন করব না এবং মুসলমানদের পাশ দিয়ে আমাদের মৃতদেরকে নিয়ে যাব না।

আমরা সেসব গোলাম গ্রহণ করব না যার উপর মুসলমানদের অংশ আছে।

আমরা মুসলমানদেরকে পথ দেখিয়ে দেব এবং তাদের ঘরে উঁকি ঝুঁকি দেব না।

তিনি বলেন, এরপর আমি যখন লেখাটি নিয়ে ওমরের কাছে আসলাম তখন তিনি নিম্নোক্ত কথাগুলো অতিরিক্ত সংযোজন করেছেন-

আমরা কোন মুসলমানকে মারধর করব না।

আমরা আপনাদের পক্ষ থেকে এ শর্ত গ্রহণ করেছি আমাদের উপর, আমাদের ধর্মাবলম্বীদের উপর এবং এর উপর আমরা নিরাপত্তা গ্রহণ করেছি। অতএব আমরা যদি এসকল শর্তের কোনটির বরখেলাফ করি যা আপনাদের সঙ্গে ওয়াদাবদ্ধ হয়েছি এবং নিজেদের উপর জরুরী করে নিয়েছি তাহলে আমাদের উপর আপনার যিম্মাদারী নেই। আমাদের ক্ষেত্রে সেসবই করা বৈধ হবে যা অবাধ্য হারবীদের ক্ষেত্রে বৈধ।" -তাফসীরে ইবনে কাসীর : ৪/১৩৩

পাকিস্তান-সংবিধান : স্পিকার মুসলমান হওয়া জরুরী নয়

بطور اسپیکر یاڈپٹی اسپیکر منتخب شدہ رکن اپنا عہدہ سنبھالنے سے قبل قومی اسمبلی کے سامنے جدول سوم میں مندرج عبارت میں حلف اٹھائے گا۔ مجلس شوری ۱/۲۹

قومی اسمبلی کا اسپیکر یا

یا سینٹ کا چیر مین

(آرٹیکل ۵۳ (۲) اور ۶۱)

بسم اللہ الرحمن الرحیم

(شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے)

میں .... صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں خلوص نیت سے پاکستان کا حامی و وفادار ہونگا:

کہ، پاکستان کی قومی اسمبلی کے اسپیکر (یا سینٹ کے چیر مین) کی حیثیت سے اور جب کبھی مجھے بحیثیت صدر پاکستان کام کرنے کے لئے کہا جائے گا، میں اپنے فرائض وکارہائے منصبی،

ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ اسلامی جمہوریت پاکستان کے دستور اور قانون کے مطابق، اور قومی اسمبلی کے اسپیکر کی حیثیت سے اسمبلی کے قواعد کے مطابق (یا سینٹ کے چیر مین کی حیثیت سے سینٹ کے قواعد کے مطابق) اور ہمیشہ پاکستان کی خود مختاری، سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا۔

کہ میں اسلامی نظریہ کو بر قرار رکھنے کے لئے کوشاں رہوں گا جو قیام پاکستان کی بنیاد ہے:

کہ میں اپنی ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کو بر قرار رکھوں گا اور اس کا تحفظ اور وفاداری کرونگا:

اور یہ کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ بلاخوف ورعایت اور بلا رغبت وعناد قانون کے مطابق انصاف کرونگا۔

اللہ تعالی میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۱۰)

অনুবাদ

"জাতীয় সংসদের স্পিকার অথবা

সিনেটের চেয়ারম্যান

[অনুচ্ছেদ ৫৩ (২), (৬১)]

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

আমি জাতীয় সংসদের স্পিকার (অথবা সিনেটের চেয়ারম্যান) হিসাবে এবং কখনো যদি আমাকে পাকিস্তানের প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব পালন করার জন্য বলা হয় তখন, আমি আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন মোতাবেক এবং জাতীয় সংসদের স্পিকার হিসাবে সংসদের নিয়মানুযায়ী (অথবা সিনেটের চেয়ারম্যন হিসাবে সিনেটের নিয়মানুযায়ী) এবং সর্বদা পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যনধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি আমার ব্যক্তি স্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আল্লাহ তাআলা আমাকে সাহয্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২১০

গুরুত্বপূর্ণ হলফনামাসমূহ

পাকিস্তানের মালিক পক্ষের গুরুত্বপূর্ণ পদগুলোতে অধিষ্ঠিত ব্যক্তিবর্গের হলফনামাগুলোর কিছু হুবহু শব্দে এখানে তুলে ধরা হচ্ছে।

প্রেসিডেন্টের হলফনামা

جدول سوم

عہدوں کے حلف

[آرٹیکل ۴۲]

صدر

بسم اللہ الرحمن الرحیم

﴿شروع کرتاہوں اللہ کے نام سے جو بڑامہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں،......................، صدق دل سے حلف اٹھاتاہوں کہ میں مسلمان ہوں اور وحدت وتوحید قادر مطلق اللہ تبارک وتعالیٰ، کتب الٰہیہ، جن میں قرآن پاک خاتم الکتب ہے، نبوت حضرت محمد رسول اللہ صلی اللہ علیہ وسلم بحیثیت خاتم النّبیین جن کے بعد کوئی نبی نہیں آسکتا، روز قیامت اور قرآن پاک وسنت کی جملہ مقتضیات وتعلیمات پر ایمان رکھتاہوں:

کہ میں خلوص نیت سے پاکستان کا حامی اور وفادار رہونگا:

کہ، بحیثیت صدر پاکستان، میں اپنے فرائض وکار ہائے منصبی ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور اور قانون کے مطابق اور ہمیشہ پاکستان کی خودمختاری، سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کوبر قرارر کھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے:

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کوبر قرارر کھونگا اور اس کا تحفظ اور دفاع کرونگا:

کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ، بلاخوف ورعایت اور بلا رغبت وعناد، قانون کے مطابق انصاف کرونگا:

اور یہ کہ میں کسی شخص کو بلاواسطہ یا بالواسطہ کسی ایسے معاملے کی نہ اطلاع دونگا اور نہ اسے ظاہر کرونگا جو بحیثیت صدر پاکستان میرے سامنے غور کے لئے پیش کیا جائے گا یا میرے علم میں آئے گا بجز جب کہ بحیثیت صدر اپنے فرائض کی کماحقہ انجام دہی کے لئے ایسا کرنا ضروری ہو۔

[اللہ تعالٰی میری مدد اور رہنمائی فرمائے ﴿آمین﴾۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۱۳)

জাদওয়ালে সুয়াম

অনুচ্ছেদ- ৪২

প্রেসিডেন্ট

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি মুসলমান, কাদেরে মুতলাক আল্লাহ তাবারাকা ওয়া তাআলার একক সত্তার স্বীকৃতি ও তাওহীদের বিশ্বাস, আল্লাহর কিতাবসমূহ যার মধ্যে সর্বশেষ কিতাব কুরআন পাক, হযরত মুহাম্মদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বশেষ নবী হিসাবে যাঁর পর আর কোন নবী আসতে পারেন না, কেয়ামতের দিন, কুরআন ও সুন্নাহের সকল দাবি ও সকল শিক্ষার উপর ঈমান রাখি।

আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

আমি পাকিস্তানের প্রেসিডেন্ট হিসাবে, আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন মোতাবেক এবং সর্বদা পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যনধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি আমার ব্যক্তি স্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আর আমি কোন ব্যক্তিকে সরাসরি বা কোন মাধ্যমে এমন কোন বিষয়ে অবগত করব না এবং তা প্রকাশ করব না যা পাকিস্তানের প্রেসিডেন্ট হিসাবে আমার সামনে বিবেচনার জন্য দেয়া হবে, অথবা আমার অবগতিতে থাকবে। তবে প্রেসিডেন্ট হিসাবে নিজের দায়িত্ব যথাযথভাবে সম্পাদন করার জন্য তা করা জরুরী হলে করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২১৩

প্রধানমন্ত্রীর হলফনামা

۲

وزیر اعظم

[آرٹیکل ۹۱] ﴿۵﴾ [[

بِسۡمِ اللہ الرَّحمٰنِ الرَّحِیم

﴿شروع کرتاہوں اللہ کے نام سے جو بڑامہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں، ....، صدق دل سے حلف اٹھاتاہوں کہ میں مسلمان ہوں اور وحدت وتوحید قادر مطلق اللہ تبارک وتعالی، کتب الٰہیہ، جن میں قرآن پاک خاتم الکتب ہے، نبوت حضرت محمد رسول اللہ صلی اللہ علیہ وسلم بحیثیت خاتم النبّیین جن کے بعد کوئی نبی نہیں آسکتا، روز قیامت اور قرآن پاک وسنت کی جملہ مقتضیات وتعلیمات پر ایمان رکھتاہوں:

کہ میں خلوص نیت سے پاکستان کا حامی اور وفادار رہونگا:

کہ، بحیثیت وزیر اعظم پاکستان، میں اپنے فرائض وکار ہائے منصبی ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور اور قانون کے مطابق اور ہمیشہ پاکستان کی خود مختاری، سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کوبر قرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے:

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کوبر قرار رکھونگا اور اس کا تحفظ اور دفاع کرونگا:

کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ، بلاخوف ورعایت اور بلارغبت وعناد، قانون کے مطابق انصاف کرونگا:

اور یہ کہ میں کسی شخص کو بلا واسطہ یا بالواسطہ کسی ایسے معاملے کی نہ اطلاع دونگا اور نہ اسے ظاہر کرونگا جو بحیثیت وزیر اعظم پاکستان میرے سامنے غور کے لئے پیش کیا جائے گا یا میرے علم میں آئے گا بجز جب کہ بحیثیت وزیر اعظم اپنے فرائض کی کماحقہ انجام دہی کے لئے ایسا کرنا ضروری ہو۔

[اللہ تعالٰی میری مدد اور رہنمائی فرمائے ﴿آمین﴾۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۱۴)

প্রধানমন্ত্রী

অনুচ্ছেদ ৯১ (৫)

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি মুসলমান, কাদেরে মুতলাক আল্লাহ তাবারাকা ওয়া তাআলার একক সত্তার স্বীকৃতি ও তাওহীদের বিশ্বাস, আল্লাহর কিতাবসমূহ যার মধ্যে সর্বশেষ কিতাব কুরআন পাক, হযরত মুহাম্মদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বশেষ নবী হিসাবে যাঁর পর আর কোন নবী আসতে পারেন না, কেয়ামতের দিন, কুরআন ও সুন্নাহের সকল দাবি ও সকল শিক্ষার উপর ঈমান রাখি।

আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

আমি পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসাবে, আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন মোতাবেক এবং সর্বদা পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও সচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি আমার ব্যক্তি স্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আর আমি কোন ব্যক্তিকে সরাসরি বা কোন মাধ্যমে এমন কোন বিষয়ে অবগত করব না এবং তা প্রকাশ করব না যা পাকিস্তানের প্রধানমন্ত্রী

হিসাবে আমার সামনে বিবেচনার জন্য দেয়া হবে, অথবা আমার অবগতিতে থাকবে। তবে প্রধানমন্ত্রী হিসাবে নিজের দায়িত্ব যথাযথভাবে সম্পাদন করার জন্য তা করা জরুরী হলে করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২১৪

বেফাকী ওযীর বা ওযীরে মামলাকাতের (ফেডারেল মন্ত্রী) হলফনামা

۳

وفاقی وزیر یاوزیر مملکت

[آرٹیکل ۹۲﴿۲﴾]

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

﴿شروع کرتاہوں اللہ کے نام سے جو بڑامہربان نہایت رحم کرنے والاہے۔﴾

میں، ....، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں

خلوص نیت سے پاکستان کاحامی ووفادار رہونگا:

کہ، بحیثیت وفاقی وزیر﴿یاوزیر مملکت﴾، میں اپنے فرائض وکار ہائے منصبی

ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان

کے دستور اور قانون کے مطابق اور ہمیشہ پاکستان کی خودمختاری، سالمیت، استحکام،

یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کو بر قرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے:

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کو بر قرار رکھونگا اور اس کا تحفظ اور دفاع کرونگا:

کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ، بلاخوف ورعایت اور بلارغبت وعناد، قانون کے مطابق انصاف کرونگا:

اور یہ کہ میں کسی شخص کو بلاواسطہ یا بالواسطہ کسی ایسے معاملے کی نہ اطلاع دونگا اور نہ اسے ظاہر کرونگا جو بحیثیت وفاقی وزیر ﴿یاوزیر مملکت﴾ پاکستان میرے سامنے غور کے لئے پیش کیا جائے گا یا میرے علم میں آئے گا بجز جب کہ بحیثیت وفاقی وزیر ﴿یاوزیر مملکت﴾ اپنے فرائض کی کما حقہ انجام دہی کے لئے ایسا کرنا ضروری ہو یا جس کی وزیر اعظم نے خاص طور پر اجازت دی ہو۔

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے ﴿آمین﴾۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۱۶)

বেফাকী ওযীর বা ওযীরে মামলাকাত

অনুচ্ছেদ ৯২(২)

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

আমি পাকিস্তানের বেফাকী ওযীর (বা ওযীরে মামলাকাত) হিসাবে, আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন মোতাবেক এবং সর্বদা পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি আমার ব্যক্তিস্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আর আমি কোন ব্যক্তিকে সরাসরি বা কোন মাধ্যমে এমন কোন বিষয়ে অবগত করব না এবং তা প্রকাশ করব না যা পাকিস্তানের বেফাকী ওযীর (বা ওযীরে মামলাকাত) হিসাবে আমার সামনে বিবেচনার জন্য দেয়া হবে, অথবা আমার অবগতিতে থাকবে, তবে বেফাকী ওযীর (বা ওযীরে মামলাকাত) হিসাবে নিজের দায়িত্ব যথাযথভাবে সম্পাদন করার জন্য তা করা জরুরী হলে, অথবা প্রধানমন্ত্রী বিশেষভাবে অনুমতি দিলে তা করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)”

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২১৬

সংসদের ডেপুটি স্পিকারের হলফনামা

۴

قومی اسمبلی کاڈپٹی اسپیکر یا

سینٹ کاڈپٹی چیئرمین

[آرٹیکل ۵۳﴿۲﴾اور ۲۱]

بسم اللہ الرحمن الرحیم

﴿شروع کرتاہوں اللہ کے نام سے جو بڑامہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں،.............................، صدق دل سے حلف اٹھاتاہوں کہ میں خلوص نیت سے پاکستان کا حامی ووفادار رہونگا:

کہ، جب کبھی مجھے بحیثیت اسپیکر قومی اسمبلی﴿یا چیئرمین سینٹ﴾ کام کرنے کو کہاجائے گا، میں اپنے فرائض وکارہائے منصبی ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور اور قانون کے مطابق اور ہمیشہ پاکستان کی خودمختاری،سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کوبرقرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے:

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کو برقرار رکھونگا اور اس کا تحفظ اور دفاع کرونگا:

کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ، بلا خوف و رعایت اور بلا رغبت وعناد، قانون کے مطابق انصاف کرونگا:

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے ﴿آمین﴾ ۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۱۷)

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার অথবা সিনেটের ডেপুটি চেয়ারম্যান

অনুচ্ছেদ ৫৩(২) ও ৩১

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

আমাকে যখনই জাতীয় সংসদের স্পিকার (অথবা সিনেটের চেয়ারম্যান) হিসাবে দায়িত্ব পালন করতে বলা হবে, আমি আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি আমার ব্যক্তিস্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)”

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২১৭

সংসদ সদস্যের হলফনামা

۵

قومی اسمبلی کارُکن، یا

سینٹ کارُکن

[آرٹیکل ٦۵]

بِسۡمِ اللهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں، ....، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں

خلوص نیت سے پاکستان کا حامی و وفادار رہونگا:

کہ، بحیثیت رکن قومی اسمبلی (یا سینٹ)، میں اپنے فرائض وکار ہائے منصبی ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور، قانون اور اسمبلی (یا سینٹ) کے قواعد کے مطابق اور ہمیشہ پاکستان کی خود مختاری، سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کو برقرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے:

اور یہ کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کو برقرار رکھونگا اور اس کا تحفظ اور دفاع کرونگا۔

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے (آمین)]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۱۸)

জাতীয় সংসদের সদস্য অথবা

সিনেট সদস্য

অনুচ্ছেদ ৬৫

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

জাতীয় সংসদের সদস্য (অথবা সিনেটের সদস্য) হিসাবে আমি আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার

সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, কানূন ও সংসদের (অথবা সিনেটের) নিয়ম কানূন অনুযায়ী সব সময় পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২১৮

প্রাদেশিক গভর্নরের হলফনামা

٦

صوبے کا گورنر

[آرٹیکل ۱۰۲]

بِسۡمِ اللّٰہ الرَّحمٰنِ الرَّحِیۡم

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں، ....، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں

خلوص نیت سے پاکستان کا حامی و وفادار رہو نگا:

کہ، بحیثیت گورنر صوبہ...................... میں اپنے فرائض وکار ہائے

منصبی ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت

پاکستان کے دستور اور قانون کے مطابق اور ہمیشہ پاکستان کی خود مختاری، سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کو برقرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے:

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کو برقرار رکھونگا اور اس کا تحفظ اور دفاع کرونگا:

کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ، بلاخوف ورعایت اور بلا رغبت وعناد، قانون کے مطابق انصاف کرونگا:

اور یہ کہ کسی شخص کو بلاواسطہ یا بالواسطہ کسی ایسے معاملے کی اطلاع نہ دونگا اور نہ اس پر ظاہر کرونگا جو بحیثیت گورنر صوبہ............ میرے سامنے غور کے لئے پیش کیا جایگا یا میرے علم میں آیگا بجز جب کہ بحیثیت گورنر اپنے فرائض کی کماحقہ، انجام دہی کے لئے ایسا کرنا ضروری ہو۔

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۱۹)

প্রাদেশিক গভর্নর

অনুচ্ছেদ ১০২

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

প্রাদেশিক গভর্নর হিসাবে আমি আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন অনুযায়ী পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি আমার ব্যক্তিস্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আর আমি কোন ব্যক্তিকে সরাসরি বা কোন মাধ্যমে এমন কোন বিষয়ে অবগত করব না এবং তা প্রকাশ করব না যা পাকিস্তানের প্রাদেশিক গভর্নর হিসাবে আমার সামনে বিবেচনার জন্য দেয়া হবে, অথবা আমার অবগতিতে থাকবে, তবে গভর্নর হিসাবে নিজের দায়িত্ব যথাযথভাবে সম্পাদন করার জন্য তা করা জরুরী হলে করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃঃ ২১৯

মুখ্যমন্ত্রীর হলফনামা

ے

وزیر اعلیٰ یا صوبائی وزیر

[آرٹیکل [۱۳۰(۵)] اور ۱۳۲(۲)]

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں، ....، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں

خلوص نیت سے پاکستان کا حامی و وفادار رہونگا:

کہ، بحیثیت وزیر اعلیٰ (یا وزیر) حکومت صوبہ.................... میں اپنے

فرائض و کارہائے منصبی ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ،

اسلامی جمہوریت پاکستان کے دستور اور قانون کے مطابق اور ہمیشہ پاکستان کی

خودمختاری، سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کو برقرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی

بنیاد ہے:

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں

ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کو برقرار رکھونگا اور اس کا

تحفظ اور دفاع کرونگا:

کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ، بلاخوف ورعایت اور بلا رغبت وعناد، قانون کے مطابق انصاف کرونگا:

اور یہ کہ، میں کسی شخص کو بلاواسطہ یابالواسطہ کسی ایسے معاملے کی اطلاع نہ دونگا نہ اس پر ظاہر کرونگا جو وزیر اعلیٰ (یاوزیر) کی حیثیت سے میرے سامنے غور کے لئے پیش کیا جائیگا یا میرے علم میں آئیگا بجز جب کہ وزیر اعلیٰ (یاوزیر) کی حیثیت سے اپنے فرائض کی کماحقہ، انجام دہی کے لئے ایسا کرنا ضروری (یا جس کی وزیر اعلیٰ نے خاص طور پر اجازت دی ہو)۔

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۲۰)

মুখ্যমন্ত্রী বা প্রাদেশিক মন্ত্রী

অনুচ্ছেদ ১৩০ (৫) এবং ১৩২ (২)

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

আমি মুখ্যমন্ত্রী (অথবা প্রাদেশিক মন্ত্রী) হিসাবে আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন অনুযায়ী পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি আমার ব্যক্তিস্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শক্রতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আর আমি কোন ব্যক্তিকে সরাসরি বা কোন মাধ্যমে এমন কোন বিষয়ে অবগত করব না এবং তা প্রকাশ করব না যা মূখ্যমন্ত্রী (অথবা প্রাদেশিক মন্ত্রী) হিসাবে আমার সামনে বিবেচনার জন্য দেয়া হবে, অথবা আমার অবগতিতে থাকবে, তবে মূখ্যমন্ত্রী (অথবা মন্ত্রী) হিসাবে নিজের দায়িত্ব যথাযথভাবে সম্পাদন করার জন্য তা করা জরুরী হলে (অথবা ওযীরে আলা বিশেষভাবে অনুমতি দিলে) করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২২০

প্রাদেশিক সংসদের স্পিকারের হলফনামা

۸

کسی صوبائی اسمبلی کا اسپیکر

[آرٹیکل ۵۳(۲) اور ۱۲۷]

بِسْمِ اللّٰہِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں،.........................، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں

خلوص نیت سے پاکستان کا حامی و وفادار رہو نگا:

کہ، بحیثیت اسپیکر صوبائی اسمبلی صوبہ......................[اور جب کبھی
بھی مجھے بحیثیت گورنر کام کرنے کے لیے کہا جائے گا تو] ....
میں اپنے فرائض وکارہائے منصبی ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری
کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور، قانون اور اسمبلی کے قواعد
مطابق اور ہمیشہ پاکستان کی خودمختاری، سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی
خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کو برقرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی
بنیاد ہے:

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں
ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کو برقرار رکھونگا اور اس کا
تحفظ اور دفاع کرونگا:

کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ، بلاخوف ورعایت اور بلارغبت
وعناد، قانون کے مطابق انصاف کرونگا:

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۲۱)

প্রাদেশিক সংসদের স্পিকার

অনুচ্ছেদ ৫৩ (২) এবং ১২৭

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

প্রাদেশিক সংসদের স্পিকার হিসাবে এবং যখনই আমাকে গভর্নর হিসাবে দায়িত্ব পালন করতে বলা হবে, আমি আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন অনুযায়ী পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি আমার ব্যক্তিস্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২২১

প্রাদেশিক সংসদের ডেপুটি স্পিকারের হলফনামা

৭

کسی صوبائی اسمبلی کا ڈپٹی اسپیکر

[آرٹیکل ۵۳(۲) اور ۱۲۷]

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں،..............................، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں خلوص نیت سے پاکستان کا حامی و وفادار رہونگا:

کہ، جب کبھی مجھے بحیثیت اسپیکر صوبائی اسمبلی صوبہ .... کام کرنے کے لئے کہا جائے گا میں اپنے فرائض و کار ہائے منصبی ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور، قانون اور اسمبلی کے قواعد مطابق اور ہمیشہ پاکستان کی خود مختاری، سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کو برقرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے:

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کو بر قرار رکھونگا اور اس کا
تحفظ اور دفاع کرونگا:

کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ، بلاخوف ورعایت اور بلارغبت
وعناد، قانون کے مطابق انصاف کرونگا:

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۲۲)

প্রাদেশিক সংসদের ডেপুটি স্পিকার

অনুচ্ছেদ ৫৩ (২) ১২৭

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

প্রাদেশিক সংসদের স্পিকার হিসাবে যখনই আমাকে দায়িত্ব দেয়া হবে আমি আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন অনুযায়ী পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি আমার ব্যক্তি স্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২২২

প্রাদেশিক সংসদ সদস্যের হলফনামা

১০

کسی صوبائی اسمبلی کا رکن

[آرٹیکل ۱۶۵ اور ۱۲۷]

بسم اللہ الرحمن الرحیم

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں،..............................، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں

خلوص نیت سے پاکستان کا حامی و وفادار رہونگا:

کہ، بحیثیت رکن صوبائی اسمبلی میں اپنے فرائض و کار ہائے منصبی ایمانداری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور، قانون اور اسمبلی کے قواعد مطابق اور ہمیشہ پاکستان کی خودمختاری، سالمیت، استحکام، یکجہتی اور خوشحالی کی خاطر انجام دونگا:

کہ میں اسلامی نظریہ کوبر قرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے:

اور یہ کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کوبر قرار رکھونگا اور اس کا تحفظ اور دفاع کرونگا۔

[اللہ تعالٰی میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۲۳)

প্রাদেশিক সংসদের সদস্য

অনুচ্ছেদ ১৬৫ এবং ১২৭

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

প্রাদেশিক সংসদ সদস্য হিসাবে আমি আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন অনুযায়ী পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২২৩

প্রধান হিসাব রক্ষকের হলফনামা

১১

محاسبِ اعلیٰ پاکستان

[آرٹیکل۱۲۸(۲)]

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں،..............................، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں خلوص نیت سے پاکستان کا حامی ووفادار رہونگا:

کہ، بحیثیت محاسبِ اعلیٰ پاکستان میں اپنے فرائض وکارہائے منصبی، ایمان داری، اپنی انتہائی صلاحیت اور دفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور اور قانون کے مطابق اور اپنے بہترین علم وواقفیت، صلاحیت اور قوتِ فیصلہ کے ساتھ، بلاخوف ورعایت اور بلارغبت وعناد انجام دونگا، اور یہ کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا۔

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۲۴)

প্রধান হিসাব রক্ষক পাকিস্তান

অনুচ্ছেদ ১২৮ (২)

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

পাকিস্তানের প্রধান হিসাব রক্ষক হিসাবে আমি আমার দায়িত্ব ও দায়িত্বভিত্তিক কাজসমূহ ঈমানদারী এবং নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন অনুযায়ী নিজের জ্ঞান ও অভিজ্ঞতার, যোগ্যতা ও সিদ্ধান্তের পাওয়ারের সাথে, কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে সম্পাদন করব। আমি আমার ব্যক্তিস্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২২৭

প্রধান বিচারপতির হলফনামা

۱۲

چیف جسٹس پاکستان یا کسی عدالت عالیہ کا چیف جسٹس

یا عدالت عظمٰی یا کسی عدالت عالیہ کا جج

[آرٹیکل ۱۷۸ اور ۱۹۴]

بسم اللہ الرّحمن الرّحیم

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں، ....، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں
خلوص نیت سے پاکستان کا حامی ووفادار رہونگا:

کہ، بحیثیت چیف جسٹس پاکستان (یا جج عدالت عظمیٰ پاکستان، یا چیف جسٹس یا جج عدالتِ عالیہ صوبہ یا صوبہ جات ....) میں اپنے فرائض وکارہائے منصبی ایمان داری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور اور قانون کے مطابق انجام دونگا:

کہ میں اعلیٰ عدالتی کونسل کے جاری کردہ ضابطہ اخلاق کی پابندی کرونگا:

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا:

کہ میں اسلامی جمہوریت پاکستان کے دستور کو بر قرار رکھونگا اور اس کا تحفظ اور دفاع کرونگا:

کہ میں ہر حالت میں ہر قسم کے لوگوں کے ساتھ، بلاخوف ورعایت اور بلا رغبت وعناد، قانون کے مطابق انصاف کرونگا:

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۲۵)

পাকিস্তানের প্রধান বিচারপতি অথবা

কোন উচ্চ আদালতের প্রধান বিচারপতি অথবা

সুপ্রিমকোর্ট অথবা কোন উচ্চ আদালতের জজ

অনুচ্ছেদ ১৭৮ এবং ১৯৪

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

পাকিস্তানের প্রধান বিচারপতি (অথবা সুপ্রিমকোর্ট পাকিস্তানের জজ, অথবা প্রাদেশিক উচ্চ আদালতের প্রধান বিচারপতি) হিসাবে নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন অনুযায়ী পাকিস্তানের স্বাধিকার, নিরাপত্তা, মজবুতি, ঐক্য ও স্বচ্ছলতার জন্য সম্পাদন করব।

আমি উচ্চতর আদালতি কাউন্সিলের জারি করা নিয়ম-নীতিমালার পাবন্দী করব।

আমি আমার ব্যক্তিস্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আমি ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব এবং তার সংরক্ষণ ও ওফাদারী করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী ইনসাফ করব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)”

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২২৫

প্রধান নির্বাচন কমিশনের হলফনামা

۱۳

چیف الیکشن کمشنر [یا الیکشن کمیشن پاکستان کا کوئی رکن]

[آرٹیکل ۲۱۴]

بِسمِ اللہ الرَّحمنِ الرَّحیم

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں ....، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ بحیثیت

چیف الیکشن کمشنر [یا جیسی بھی صورت ہو، الیکشن کمیشن پاکستان کا کوئی رکن] میں اپنے فرائض وکارہائے منصبی، ایمان داری، اپنی انتہائی صلاحیت اور وفاداری کے ساتھ، اسلامی جمہوریت پاکستان کے دستور اور قانون کے مطابق اور بلا خوف ورعایت اور بلا رغبت وعناد انجام دونگا، اور یہ کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا اپنے سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا۔

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۲۶)

প্রধান নির্বাচন কমিশন (অথবা পাকিস্তান নির্বাচন কমিশনের কোন সদস্য)

অনুচ্ছেদ ২১৪

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব।

প্রধান নির্বাচন কমিশন (অথবা পাকিস্তান নির্বাচন কমিশনের কোন সদস্য) হিসাবে নিজের যোগ্যতার সবটুকু দিয়ে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও কানূন অনুযায়ী, আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন প্রকার ভয়ভীতি ছাড়া ও কোন প্রকার ছাড় না দিয়ে এবং যে কোন প্রকার স্বজনপ্রীতি ও শত্রুতা থেকে মুক্ত হয়ে কানূন অনুযায়ী করব এবং আমি আমার ব্যক্তিস্বার্থ দ্বারা সরকারী কাজ বা আমার সরকারী কোন ফয়সালাকে প্রভাবিত হতে দেব না।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২২৬

সেনাবাহিনীর হলফনামা

۱۴

مسلح افواج کے ارکان

[آرٹیکل ۲۴۴]

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

﴿شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔﴾

میں ....، صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں

خلوص نیت سے پاکستان کا حامی اور وفادار رہونگا اور اسلامی جمہوریت پاکستان کے

دستور کی حمایت کروںگا جو عوام کی خواہشات کا مظہر ہے، اور یہ کہ میں اپنے آپ کو کسی بھی قسم کی سیاسی سرگرمیوں میں مشغول نہیں کروںگا اور یہ کہ میں مقتضیات قانون کے مطابق اور اس کے تحت پاکستان کی بری فوج (یا بحری یا فضائی فوج) میں پاکستان کی خدمت ایمان داری اور وفاداری کے ساتھ انجام دونگا۔

[اللہ تعالیٰ میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔]

(اسلامی جمہوریت پاکستان کی دستور، جدول سوم ص: ۲۲۷)

সশস্ত্র বাহিনীর সদস্য

অনুচ্ছেদ ১৪৪

বিসমিল্লাহির রাহমানির রাহীম

(শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান ও অনেক দয়াবান)

আমি .... আন্তরিকভাবে হলফ করছি যে, আমি নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার থাকব এবং ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধানকে রক্ষা করব যা জনসাধারণের আশা আকাঙ্ক্ষার বহিঃপ্রকাশ। আমি আমাকে কোন প্রকার রাজনৈতিক তৎপরতায় জড়িত করব না। আর আমি কানূন অনুযায়ী এবং তার অধীনে পাকিস্তানের স্থলবাহিনী (অথবা নৌবাহিনী, অথবা বিমান বাহিনী) ঈমানদারী ও ওফাদারীর সাথে পাকিস্তানের সেবা করে যাব।

আল্লাহ তাআলা আমাকে সাহায্য করুন এবং পথ প্রদর্শন করুন। (আমীন)"

-ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, জাদওয়ালে সুয়াম পৃ: ২২৭

এভাবেই পাকিস্তান সংবিধানে হলফনামাগুলোর উল্লেখ এসেছে। হলফনামাগুলো উল্লেখ করে আমরা দেখানোর চেষ্টা করেছি যে, প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর হলফনামা ব্যতীত আর কারো

হলফনামাতেই হলফকারীরা নিজেদেরকে মুসলমান হিসাবে দাবি করার কোন সূত্র রাখা হয়নি।

প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীসহ কারো কোন হলফনামাতেই ইসলামী আইন বাস্তবায়ন বিষয়ক কোন অঙ্গীকারের কোন উল্লেখ নেই। পক্ষান্তরে গণতান্ত্রিক মানব রচিত আইন রক্ষা করার বিষয়ে সবার হলফনামাতেই উল্লেখ রয়েছে।

যার অনিবার্য ফলাফল হচ্ছে, পাকিস্তানের মুসলমানদের জন্য যারা আইন প্রণয়ন করবে তারা মুসলমান হওয়া জরুরী নয়। এমনিভাবে পাকিস্তানে ইসলামী আইন বাস্তবায়নের কোন ফরয দায়িত্বও তাদের উপর নেই। তাদের দৃষ্টিতে ইসলামী আইন বাস্তবায়ন হচ্ছে একটি ঐচ্ছিক ও পার্শ্ব বিষয়। আর কোন মুসলমান মুরতাদ হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে ইসলামী আইন বাস্তবায়ন করাকে ঐচ্ছিক বিষয় মনে করবে।

পাকিস্তান-সংবিধানঃ প্রধান বিচারপতি ও বিচারপতিরা মুসলমান হওয়া জরুরী নয়

দৃষ্টিপাত

সংবিধানের এ অংশের বিচার্য কয়েকটি বিষয় নিম্নরূপ–

এক. প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর হলফনামার শুরুতে উল্লিখিত এ অংশটি **'আমি মুসলমান এবং কাদেরে মুতলাক আল্লাহ তাবারাকা ওয়া তাআলার তাওহীদ, আল্লাহর কিতাবসমূহ যার মধ্যে কুরআন পাক সর্ব শেষ কিতাব, খাতামুন নাবিয়্যীন হিসাবে হযরত মুহাম্মাদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাঁর পর কোন নবী আসতে পারে না, কেয়ামত দিবস, কুরআন পাক ও সুন্নাহের সকল দাবি ও শিক্ষার উপর ঈমান রাখি.......'** খুবই গুরুত্বপূর্ণ।

কারণ, প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী ব্যতীত আর কারো হলফনামায় শপথকারী মুসলমান হওয়া বিষয়ে স্বীকৃতিমূলক এ কথাটি নেই। প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর শপথনামায় কথাটির স্পষ্ট উল্লেখ থাকার কারণে কথাটির দু'টি অর্থ হতে পারে। **এক.** নিজে মুসলমান হওয়ার স্বীকৃতিমূলক বক্তব্যটি অর্থবহ। প্রেসিডন্ট ও প্রধানমন্ত্রী হওয়ার জন্য মুসলমান হওয়া জরুরী। **দুই.** এটি অর্থবহ কোন কথা নয়। এমনি একটি

কথার কথা। মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী মুসলমান হবে এটাই স্বাভাবিক। সে হিসাবে এর উল্লেখ এসেছে। এটি কোন শর্ত হিসাবে শপথবাক্যে আসেনি।

যদি কথাটি শর্ত হিসাবে হয় তাহলে প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর ক্ষেত্রে সে হুকুম ও কথাগুলো কোন কোন ক্ষেত্রে প্রযোজ্য হবে না যে হুকুম ও কথাগুলো অন্যান্য সকল শপথকারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। আর যদি কথাটি শর্ত হিসাবে না হয় তাহলে শপথকারী সকলের ক্ষেত্রে একই হুকুম ও কথা প্রযোজ্য হবে। যে হুকুম ও কথা এখন ইনশাআল্লাহ ব্যাখ্যা করা হবে।

সংবিধানের অপরাপর বক্তব্য অনুযায়ী এ কথাই বোঝা যায় যে, পাকিস্তানের প্রেসিডেন্ট বা প্রধানমন্ত্রী হওয়ার জন্য মুসলমান হওয়া শর্ত। সুতরাং শপথবাক্যের এ অংশটি কাকতালীয় কোন বিষয় নয়; বরং একটি উদ্দেশ্যমূলক বিষয় এবং এটি একটি শর্ত।

অতএব যাদের শপথবাক্যে নিজে মুসলমান হওয়া বিষয়ে স্বীকৃতিমূলক এ বক্তব্যটি নেই সেখানে তা না থাকাটাও কাকতালীয়ভাবে নয়; বরং উদ্দেশ্যমূলক। অর্থাৎ এ দু'টি পদ ব্যতীত আর কোন পদের অধিকারী মুসলমান হওয়া শর্ত নয়।

দুই. আইন প্রণয়ন পরিষদের প্রধান ব্যক্তি স্পিকার বা সিনেট চেয়ারম্যান আইন প্রণয়নের ক্ষেত্রে কুরআন সুন্নাহ তথা শরয়ী বিধানের কাছে দায়বদ্ধ -এমন কোন কথা তার অঙ্গীকারনামায় নেই। এরই বিপরীত তার দায়বদ্ধতা আছে সংবিধান, পাকিস্তানের আইন ও সংসদের নিয়ম কানূনের কাছে, যা গণতান্ত্রিক পদ্ধতিতে সংখ্যাগরিষ্ঠ ভোটে পাস হয়েছে। যে ভোটাররা মুসলমান হওয়া জরুরী নয়। যে আইন প্রণেতারা মুসলমান হতে হবে এমন কোন শর্ত পাকিস্তান সংবিধানে দেয়া হয়নি।

যার অনিবার্য ফলাফল হচ্ছে, এ সংবিধানের বক্তব্য অনুযায়ী

ক) যে আইন প্রণয়ন পরিষদের সদস্য অমুসলিম হতে কোন বাধা নেই, সে আইন পরিষদের নামই হচ্ছে 'মজলিসে শূরা'। আর সে আইনকেই মুসলমানরা শ্রদ্ধা করে মেনে চলতে হবে।

খ) প্রধান বিচারপতি-কাযিউল কুযাত থেকে শুরু করে কোন বিচারপতিই মুসলমান হওয়া জরুরী নয়। অমুসলিম বিচারপতি মুসলমানদের বিচারপতি হতে কোন বাধা নেই।

গ) প্রাদেশিক গভর্নর, সেনাপ্রধান-আমীরুল মুজাহিদীন, মন্ত্রীপরিষদ থেকে শুরু করে সেনা সদস্য-মুজাহিদ, কর কর্মকর্তা-মুসাদ্দিক পর্যন্ত কেউ তাদের দায়িত্ব পালনের জন্য মুসলমান হওয়া শর্ত নয়।

ঘ) অমুসলিম বিচারপতি, সেনাপ্রধান, প্রাদেশিক গভর্নর, আইন প্রণয়ন পরিষদের সদস্য, মন্ত্রীপরিষদের সদস্য ও সেনাসদস্যরা অমুসলিম হয়েও আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে স্বীকার করে এবং তার হাকিমিয়্যাতকে মূল ভিত্তি মেনে তাদের নিজ নিজ দায়িত্ব পালন করবে। যেমন আমরা অনুসন্ধানী প্রতিবেদনে দেখতে পাব যে, পাকিস্তানের প্রথম আইনমন্ত্রী ছিল একজন হিন্দু, যার নাম যোগেন্দ্রনাথ মন্ডল। এরই ধারাবাহিকতায় সম্প্রতিকালে একজন হিন্দু নারীও বিচারপতি হিসাবে নিয়োগ পেয়েছে। এর আগে হিন্দু বিচারপতি পাকিস্তানের প্রধান বিচারপতির দায়িত্বও পালন করেছে।

বলাবাহুল্য, এটি কোন দারুল ইসলামের চিত্র নয়। এটি একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের চিত্র। এটি আব্রাহাম লিংকনের স্বপ্নের বাস্তবায়ন। এটা হচ্ছে গণতন্ত্র। অথবা বলা যেতে পারে এটা একটা তামাশা, মুসলমানদেরকে নিয়ে ঠাট্টা করার সহজ ব্যবস্থা।

পাকিস্তান-সংবিধানঃ প্রধান বিচারপতি ও বিচারপতিরা ইসলাম বহাল রাখতে বাধ্য নয়

তিন. হলফনামার মাঝামাঝিতে আরেকটি অতি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে **'আমি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকব যা পাকিস্তান প্রতিষ্ঠার মূল ভিত্তি'**। এ অংশটিও অনেক গুরুত্বপূর্ণ।

কারণ, প্রধান বিচারপতিসহ সকল বিচারপতি ও আরো অসংখ্য দায়িত্বশীলদের হলফনামায় এ বাক্যাংশটি নেই। এখন কথা হচ্ছে, শপথনামার এ অংশটি কাকতালীয় অর্থহীন কথা? না কি এটি গুরুত্ব বহন করে এমন অর্থবহ কোন কথা?

যদি এটি গুরুত্বহীন কোন কথা হয়ে থাকে তাহলে এ বাক্যাংশ বা এ ধরনের বাক্য দিয়ে অন্য কোথাও দলিল দেয়া যাবে না। যেমন, পাকিস্তান একটি দারুল ইসলাম এবং পাকিস্তানের শাসন ইসলামী শাসন বা পাকিস্তানের সংবিধানের মূল ভিত্তি আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের উপর -এমন দাবি এ বাক্য বা এ ধরনের বাক্য দিয়ে করা যাবে না।

আর যদি এ বাক্যটি অর্থবহ বাক্য হয়ে থাকে এবং এর একটি গুরুত্ব স্বীকৃত হয়ে থাকে তাহলে যাদের শপথবাক্যে ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকার বিষয়ে স্বীকৃতিমূলক এ বক্তব্যটি নেই সেখানে তা না থাকাটাও কাকতালীয়ভাবে নয়; বরং উদ্দেশ্যমূলক। অর্থাৎ যাদের শপথ বাক্যে এ বাক্যটি নেই তারা ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকতে বাধ্য থাকবেন না। বিশেষত ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকার প্রায়োগিক ক্ষমতা যাদের হাতে তাদের শপথনামায় যখন কথাটি অনুপস্থিত তখন বিষয়টিকে কোনভাবেই এড়িয়ে যাওয়া যায় না।

যার অনিবার্য ফলাফল হচ্ছে, এ সংবিধানের বক্তব্য অনুযায়ী

ক) পাকিস্তানের আইন প্রয়োগ বিভাগের প্রধান ব্যক্তি প্রধান বিচারপতি ইসলামী ধ্যানধারণাকে বহাল রাখার জন্য সচেষ্ট থাকতে বাধ্য নয়। ইতিপূর্বে আমরা আরেক হলফনামায় দেখে এসেছি, প্রধান বিচারপতি মুসলমান হওয়া শর্ত নয়।

অর্থাৎ একটি দারুল ইসলামের কাযিউল কুযাত মুসলামান হওয়াও জরুরী নয় এবং ইসলামী ধ্যানধারণা বহাল রাখার জন্য চেষ্টা করতেও বাধ্য নয়।

খ) পাকিস্তানের প্রধান হিসাব রক্ষক মুসলমান হওয়াও জরুরী নয় এবং ইসলামী ধ্যানধারণা বহাল রাখার জন্য সচেষ্ট থাকাও জরুরী নয়। অর্থাৎ দারুল ইসলামের বাইতুল মালের প্রধান হিসাব রক্ষক অমুসলিম হতে পারবে এবং তিনি তার দায়িত্ব পালনের ক্ষেত্রে ইসলামের বিধিবিধানকে রক্ষা করে চলতে বাধ্য নন।

গ) শরীয়া বেঞ্চের প্রধান বিচারপতির শপথনামায় বাক্যটি নেই। যার অর্থ হচ্ছে, ইসলামী ধ্যানধারণা বহাল রাখার জন্য চেষ্টা করতে শরীয়া বেঞ্চের প্রধান বিচারপতি বাধ্য নন।

ঘ) প্রধান নির্বাচন কমিশনের শপথনামায়ও বাক্যটি নেই। যারা অর্থ হচ্ছে, যার তত্ত্বাবধানে একটি ইসলামী দেশের পরিচালক নির্বাচিত হবে তার জন্য এটা জরুরী নয় যে, তিনি ইসলামী ধ্যানধারণা বহাল রাখার জন্য সচেষ্ট থাকবেন। ইতিপূর্বে আমরা দেখে এসেছি, তিনি মুসলমান হওয়াও শর্ত নয়।

৬) সেনাবাহিনী প্রধানসহ সকল দায়িত্বশীলদের শপথবাক্যেও এ কথাটি নেই। যারা অর্থ হচ্ছে, যারা ইসলামী ধ্যানধারণার প্রহরী তারা ইসলামী ধ্যানধারণা বহাল রাখার জন্য সচেষ্ট থাকতে বাধ্য নয়। ইতিপূর্বে আমরা দেখে এসেছি, তারা মুসলমান হওয়াও শর্ত নয়।

বলাবাহুল্য, এটি কোন দারুল ইসলামের চিত্র নয়। এটি কুরআন হাদীসের নির্দেশনায় পরিচালিত কোন দেশের চিত্র নয়। এটি আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের কোন দৃশ্য নয়। এগুলোর সবই বৃটিশ ভারতের দৃশ্য। জাতিসংঘ কল্পিত ও পরিচালিত বিশ্বের চিত্র, যে বিশ্বে ধর্মে ধর্মে কোন ভেদাভেদ থাকবে না।

পাকিস্তান-সংবিধান : আমেরিকা রাশিয়ার ফটোকপি

পাকিস্তান-সংবিধান : বিধানদাতা অমুসলিম

دستور کے تابع قومی اسمبلی کے تمام فیصلے حاضر اور ووٹ دینے والے ارکان کی اکثریت سے کئے جائیں گے، لیکن صدارت کرنے والا شخص ووٹ نہیں دیے گا سوائے اس صورت کے کہ ووٹ مساوی ہوں۔ مجلس شوری ۱/۳۱

کوئی شخص مجلس شوری (پارلیمنٹ) کا رکن منتخب ہونے یا چنے جانے کا اہل نہیں ہو گا اگر۔۔۔

....

....

(د) وہ اچھے کردار کا حامل نہ ہو اور عام طور پر احکام اسلام سے انحراف میں مشہور ہو۔

(ہ) وہ اسلامی تعلیمات کا خاطر خواہ علم نہ رکھتا ہو اور اسلام کے مقرر کردہ فرائض کا پابند نیز کبیرہ گناہوں سے مجتنب نہ ہو۔۔۔

....

....

پیراجات(د) اور(ہ) میں صراحت کردہ نا اہلیوں کا کسی ایسے شخص پر اطلاق نہیں ہو گا جو غیر مسلم ہو، لیکن ایسا شخص اچھی شہرت کا حامل ہو گا۔ مجلس شوری ۱/۳۵ و۳۶

অনুবাদঃ

"সংবিধানের অধীনে জাতীয় সংসদের সকল সিদ্ধান্ত উপস্থিত ভোটারদের অধিকাংশের সম্মতিতে গ্রহণ করা হবে। তবে সভাপতি ভোট দেবে না। হ্যাঁ! ভোটদাতারা যদি উভয় পক্ষে সমান সমান হয় তাহলে। -মজলিসে শূরা ১/৩১

কোন ব্যক্তি মজলিসে শূরার (পার্লামেন্ট) সদস্য হিসাবে নির্বাচিত হওয়ার যোগ্য হবে না যদি-

....

....

(د) সে ভালো অবদান না রেখে থাকে এবং সাধারণভাবে ইসলামী বিধিবিধান থেকে বিমুখ হিসাবে প্রসিদ্ধ হয়।

(ہ) সে ইসলামের শিক্ষা দীক্ষায় যথাযথ ইলমের অধিকারী নয় এবং ইসলামের নির্ধারিত ফরযসমূহের পাবন্দ নয় এবং কবীরা গুনাহসমূহ থেকে বিরত থাকে না।

....

....

পেরাগ্রাফ (د) ও (ہ) এর মাঝে উল্লেখিত অযোগ্যতাগুলো এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না যারা অমুসলিম হবে। তবে এমন ব্যক্তিরা যেন ভালো খ্যাতির অধিকারী হয়।" -মজলিসে শুরা ১/৩৫-৩৬

দৃষ্টিপাত

সংবিধানের এ অংশের বিচার্য কয়েকটি বিষয় নিম্নরূপ-

সংবিধানের এ অংশের প্রত্যেকটি দফাকে অন্য দফার সঙ্গে একই সূত্রে গেঁথে দেয়া হয়েছে। যার কোন একটি দফাকে উপেক্ষা করে অপর দফা প্রয়োগ করা যাবে না। সুতরাং মুখরোচক দফাগুলো দিয়ে সাধারণ মুসলমানদেরকে ধোঁকাও দেয়া যাবে না।

সংবিধানের এ অংশের গাঁথুনি দেয়া হয়েছে যথাক্রমে এভাবে-

যে কোন সিদ্ধান্ত গৃহীত হবে সংসদ সদস্যদের অধিকাংশের ভোটে, সংসদ সদস্যরা মুসলমান হওয়া শর্ত নয়, সংসদ প্রধান স্পিকার মুসলমান হওয়া শর্ত নয়।

খুব ভারি করে বলা হয়েছে দু'টি কথা।

এক. সংসদ সদস্য ইসলামের বিধিবিধান থেকে বিমুখ না হতে হবে।

দুই. সংসদ সদস্যের ইসলামী শিক্ষাদীক্ষা যথাযথ থাকতে হবে এবং কবিরা গুনাহ থেকে বেঁচে থাকতে হব।

অর্থাৎ পাকিস্তান জাতীয় সংসদের সদস্য হওয়ার জন্য সদস্যরা আল্লামা ও পরহেযগার হতে হবে।

কিন্তু এ বজ্র আঁটির গেরো যে পরবর্তী দফা দিয়ে ফসকা করে দেয়া হয়েছে তা বোঝার মত যোগ্যতা সব মুসলমানদের না থাকলেও সন্দেহ করার মত যোগ্যতা তো সবারই থাকার কথা। পরবর্তী দফায় সুস্পষ্ট ও সুন্দর করে বলে দেয়া হয়েছে যে,

'পেরাগ্রাফ (১) ও (৮) এর মাঝে উল্লিখিত অযোগ্যতাগুলো এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না যারা অমুসলিম হবে। তবে এমন ব্যক্তিরা যেন ভালো খ্যাতির অধিকারী হয়।'

অর্থাৎ, একজন মুসলিম তার ইলম ও তাকওয়ার অভাবে পাকিস্তানের জাতীয় সংসদের সদস্য হওয়ার অযোগ্য হয়ে যাবে। তবে এ ইলম ও তাকওয়ার অভাব হতে হতে যখন এ পর্যায়ে পৌঁছে যাবে যে, তাকে আর মুসলমান বলা যায় না অথবা সে নিজেই নিজেকে অমুসলিম বলে

ঘোষণা দেয় তাহলে সে পাকিস্তানের জাতীয় সংসদের সদস্য হওয়ার যোগ্য হয়ে যাবে।

এ দফাগুলো এবং এর সম্পূরক দফাগুলোর অনিবার্য ফলাফল হচ্ছে-

ক) দারুল ইসলামের আইন প্রণেতারা অমুসলিম হতে কোন সমস্যা নেই।

খ) দারুল ইসলামের আইন প্রণয়ন পরিষদের প্রধান অমুসলিম হতে কোন সমস্যা নেই।

গ) দারুল ইসলামের আইন প্রণয়ন বিভাগের অমুসলিম সদস্যদের ভোটের মাধ্যমে যে সংখ্যাগরিষ্ঠতা সৃষ্টি হবে সে সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে দারুল ইসলামের যে কোন আইন তৈরি হবে, সে আইন মুসলমানরা মেনে চলতে হবে।

ঘ) একজন অমুসলিম ভালো খ্যাতি অর্জন করতে পারলে সে মুসলমানদের আইন প্রণেতা হতে পারবে।

ঙ) কোন অমুসলিম দারুল ইসলামের মজলিসে শূরার সদস্য হতে কোন সমস্যা নেই।

চ) মুসলমান ও দারুল ইসলামের মজলিসে শূরার আমিরে ফয়সাল অমুসলিম হতে কোন সমস্যা নেই।

ছ) অমুসলিমের ভোটে মজলিসে শূরার সংখ্যাগরিষ্ঠতা প্রমাণিত হয়ে মুসলমানদের বিষয়াদির সিদ্ধান্ত নিতে কোন সমস্যা নেই।

বালাবহুল্য, এটি একটি ধর্মনিরপেক্ষ ও গণতান্ত্রিক দেশের ছবি। এটি এমন কোন দেশের ছবি নয় যার মূল ভিত্তি আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের স্বীকৃতির উপর। কোন অমুসলিমকে একটি দেশের আইন প্রণয়নের অধিকার দেয়া হবে, দেশে কোন আইন চলবে আর কোন আইন চলবে না সে বিষয়ে তার মতামত গ্রহণ করা হবে, এরপর সে দেশ দারুল ইসলাম হবে -এমন কথা ইসলাম ধর্মের কিতাবগুলোতে নেই। ধর্মনিরপেক্ষ ধর্ম ও গণতান্ত্রিক ধর্মের কিতাবাদিতে এমন কথা আছে।

পাকিস্তান-সংবিধান : শরয়ী আদালত: সংখ্যালঘুর সংখ্যালঘু বিচারক

باب ۳-الف-وفاقی شرعی عدالت

دستور میں شامل کسی امر کے باوجود اس باب کے احکام مؤثر ہوں گے۔

....

....

اس باب کی اغراض کے لئے ایک عدالت کی تشکیل کی جائے گی جو وفاقی شرعی عدالت کے نام سے موسوم ہوگی۔

عدالت چیف جسٹس سمیت زیادہ سے زیادہ آٹھ **مسلم ججوں** پر مشتمل ہوگی، جن کا تقرر صدر آرٹیکل ۱۷۵-الف کی مطابقت میں کرے گا۔

چیف جسٹس ایسا شخص ہوگا جو عدالت عظمی کا جج ہو، یا رہ چکا ہو، یا بننے کا اہل ہو یا جو کسی عدالت عالیہ کا مستقل جج رہ چکا ہو۔

ججوں میں زیادہ سے زیادہ چار ایسے اشخاص ھوں گے جن میں سے ہر ایک کسی عدالت عالیہ کا جج ہو یا رہ چکا ہو، یا بننے کا اہل ہو اور زیادہ سے زیادہ تین علماء ہوں گے جو اسلامی قانون، تحقیق یا تعلیم میں کم از کم پندرہ سالوں کا تجربہ رکھتے ہوں۔

وفاقی شرعی عدالت ۱۲۰-۱۱۸/۱

অনুবাদ:

"অধ্যায় ৩ -আলিফ- বেফাকী (ফেডারেল) শরয়ী আদালত

সংবিধানে সন্নিবেশিত কোন বিষয় থাকা সত্ত্বেও এ অধ্যায়ের বিধানাবলী প্রভাব বিস্তার করবে।

....

....

এ অধ্যায়ের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য একটি আদালত তৈরি করতে হবে যা বেফাকী (ফেডারেল) শরয়ী আদালত নামে পরিচিত হবে।

আদালতটি প্রধান বিচারপতিসহ সর্বোচ্চ আট জন মুসলিম জজ দ্বারা তৈরি হবে। প্রেসিডেন্ট ১৭৫ আলিফ অনুচ্ছেদের আলোকে তাদেরকে নিয়োগ দেবেন।

প্রধান বিচারপতি এমন ব্যক্তি হবেন যিনি সুপ্রিম কোর্টের জজ হবেন, অথবা আগে ছিলেন এমন হবেন, অথবা হওয়ার যোগ্য হবেন, অথবা উচ্চ আদালতের পূর্ণাঙ্গ জজ হিসাবে ছিলেন এমন হবেন।

জজদের মধ্যে সর্বোচ্চ চার জন এমন ব্যক্তি হবেন যাদের প্রত্যেকে কোন উচ্চ আদালতের জজ হবেন, বা জজ ছিলেন এমন হবেন, অথবা হওয়ার যোগ্য হবেন। সর্বোচ্চ তিন জন আলেম হবেন যারা ইসলামী আইন, গবেষণা ও শিক্ষায় কমপক্ষে পনের বছরের অভিজ্ঞ হবেন।" -বেফাকী শরয়ী আদালত পৃ: ১১৮-১২০

দৃষ্টিপাত

সংবিধানের এ অংশের বিচার্য কয়েকটি বিষয় নিম্নরূপ:

একটি দারুল ইসলামে ক্ষুদ্রাকৃতির শরয়ী আদালত নামে আলাদা বেঞ্চ প্রশ্নবিদ্ধ একটি বিষয়।

একটি দারুল ইসলামের বিচার বিভাগের বিশেষ একটি বেঞ্চের সদস্যরা মুসলিম হতে হবে, -এমন কথা একটি দারুল ইসলামের বেলায় গ্রহণ করার মত উপাদান ইসলাম ধর্মের কিতাবগুলোতে পাওয়া মুশকিল। তাই বিষয়টি নিয়ে ভাবার অনেক কিছু রয়েছে।

প্রধান বিচারপতি গায়রে শরয়ী আদালতের সুপ্রিম কোর্টের চলমান জজ বা সাবেক জজ বা জজ হওয়ার যোগ্য হতে হবে।

আট জনের চার জনই হতে হবে গায়রে শরয়ী আদালতের উচ্চ আদালতের চলমান জজ বা সাবেক জজ বা জজ হওয়ার যোগ্য।

শরীয়া আদালতের মোট আট জনের সর্বোচ্চ তিন জন শরীয়া বিশেষজ্ঞ হতে পারবে।

এ দফাগুলোর অনিবার্য ফলাফল হচ্ছে-

ক) দারুল ইসলামের অতি ক্ষুদ্রাকৃতির একটি আদালত বেঞ্চ ব্যতীত দেশের ছোট বড়, উঁচু নিচু সকল আদালত বেঞ্চ গায়রে শরয়ী, অনৈসলামিক, আলহুকমু বিগাইরি মা আনযালাল্লাহ তথা গায়রুল্লাহর আইন দ্বারা পরিচালিত।

খ) একটি দারুল ইসলামের মূল আদালত ও মূল আইনী ব্যবস্থা গায়রে শরয়ী, আলহুকমু বিগাইরি মা আনযালাল্লাহ তথা গায়রুল্লাহর আইনের উপর প্রতিষ্ঠিত।

গ) একটি দারুল ইসলামের অতি ক্ষুদ্রাকৃতির একটি আদালত বেঞ্চের বিচারপতিরা মুসলিম হবে। এছাড়া কোন পর্যায়ের কোন বেঞ্চের কোন বিচারপতি মুসলিম হওয়া জরুরী নয়।

ঘ) আলহুকমু বিগাইরি মা আনযালাল্লাহ তথা গায়রে শরয়ী আদালতে শরীয়তবিরোধী রায় দেয়ার বিষয়ে যার দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে এমন একজন বিচারপতির অধীনেই শরয়ী আদালত পরিচালিত হবে।

ঙ) শরীয়াহ বেঞ্চের মোট আট সদস্যের চার জনই এমন হবেন গায়রে শরয়ী আদালতে শরীয়ত বিরোধী রায় দেয়ার বিষয়ে এবং আলহুকমু বিগাইরি মা আনযালাল্লাহ'র ক্ষেত্রে যাদের দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে।

চ) শরয়ী বেঞ্চে সর্বোচ্চ তিন জন সদস্য হবেন শরীয়াহ বিশেষজ্ঞ। যাতে শরীয়াহ বেঞ্চেও বিভক্ত রায়ের ক্ষেত্রে গায়রে শরয়ী বিচারকদের তথা আলহুকমু বিগাইরি মা আনযালাল্লাহ'র সিদ্ধান্ত চূড়ান্ত বলে গৃহীত হওয়ার সুযোগ থাকে।

ছ) সুতরাং, শরয়ী আদালতের প্রথম দফায় অস্পষ্ট করে যে বলা হয়েছে, 'সংবিধানে সন্নিবেশিত কোন বিষয় থাকা সত্ত্বেও এ অধ্যায়ের বিধানাবলী প্রভাব বিস্তার করবে।' এটি একটি কাগজের ফুল। যা বাস্তবের মুখ দেখার জন্য সংবিধানে কোন ব্যবস্থা রাখা হয়নি। যারফলে সত্তর/বাহাত্তর বছর পর্যন্ত এ অস্পষ্ট কথাটির কোন বাস্তবতা কেউ কখনো দেখেনি। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ইনশাআল্লাহ পরে আসবে।

বালাবহুল্য, এটি একটি ধর্মনিরপেক্ষ ও গণতান্ত্রিক দেশের ছবি। বৃটিশ ভারতের ছবি। মানব রচিত তাগূতী আইন প্রয়োগে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি শরীয়াহ বেঞ্চের প্রধান বিচারপতি। শুধু তাই নয়; বরং মানব রচিত তাগূতী আইন প্রয়োগের দীর্ঘ অভিজ্ঞতার কারণেই শরীয়াহ বেঞ্চের প্রধান বিচারপতি হওয়ার যোগ্য হতে পেরেছে। এমনিভাবে শরীয়া বেঞ্চের সংখ্যাগরিষ্ঠ বিচারপতি শরীয়াহ বেঞ্চের বিচারপতি হতে পেরেছে, কারণ তারা দীর্ঘ জীবন গায়রে শরয়ী, মানব রচিত তাগূতী আইনের সফল বাস্তবায়নে অভিজ্ঞ।

সুতরাং এ আদালত বেঞ্চের নাম শরীয়া বেঞ্চ হলেও শরীয়তের কিতাবাদিতে এর কোন অস্তিত্ব খুঁজে পাওয়ার কোন সুযোগ নেই। এর অস্তিত্ব রয়েছে বৃটিশ ভারতের বৃটিশ আইনে। ধর্মনিরপেক্ষ ধর্মের আইনে। গণতান্ত্রিক আইনে। আইম্মাতুল কুফর নিয়ন্ত্রিত জাতিসংঘের আইনে। সকল ধর্মের প্রতি শ্রদ্ধাশীল ধর্মের কিতাবে। সকল ধর্মের প্রতি সম্মানপ্রদর্শনকারী ধর্মের কিতাবে এবং সকল ধর্মের প্রতি সম্মান ও শ্রদ্ধা প্রদর্শনকারী প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টদের কিতাবে।

পাকিস্তান-সংবিধান: শরীয়াহ চূড়ান্ত হবে গায়রে শরয়ী আদালতে

عدالت یا تو خود اپنی تحریک پر یا پاکستان کے کسی شہری یا وفاقی حکومت یا کسی صوبائی حکومت کی درخواست پر اس سوال کا جائزہ لے سکے گی اور فیصلہ کر سکے گی کہ آیا کوئی قانون یا قانون کا کوئی حکم ان اسلامی احکام کے منافی ہے یا نہیں جس طرح کہ قرآن پاک اور رسول اللہ صلی اللہ علیہ وسلم کی سنت میں ان کا تعین کیا گیا ہے جن کا حوالہ بعد ازیں اسلامی احکام کے طور پر دیا گیا ہے۔

جبکہ عدالت شق (ا) کے ماتحت کسی قانون یا قانون کے کسی حکم کا جائزہ لینا شروع کرے اور اسے ایسا قانون یا قانون کا حکم اسلامی احکام کے منافی معلوم ہو، تو عدالت ایسے قانون کی صورت میں جو وفاقی فہرست قانون سازی .... میں

شامل معاملہ سے متعلق ہو وفاقی حکومت کو یا کسی ایسے معاملے سے متعلق جو وفاقی قانون سازی کی فہرست میں شامل نہ ہو، صوبائی حکومت کو ایک نوٹس دینے کا حکم دے گی جس میں ان خاص احکام کی صراحت کی جائے گی جو اسے بایں طور منافی معلوم ہوں اور مذکورہ حکومت کو اپنا نقطہ نظر عدالت کے سامنے پیش کرنے کے لئے مناسب موقع دے گی۔

اگر عدالت فیصلہ کرے کہ کوئی قانون یا قانون کا کوئی حکم اسلامی احکام کے منافی ہے تو وہ اپنے فیصلہ میں بحسب ذیل بیان کرے گی:

اس کے مذکورہ رائے قائم کرنیکی وجوہ: اور

وہ حد جس تک وہ قانون یا حکم بایں طور منافی ہے: اور اس تاریخ کی صراحت کریگی جس پر وہ فیصلہ مؤثر ہو گا۔

مگر شرط یہ ہے کہ ایسا کوئی فیصلہ، اس میعاد کے گذرنے سے پہلے جس کے اندر عدالت عظمی میں اس کیخلاف اپیل داخل ہو سکتی ہو یا، جبکہ اپیل بایں طور پر داخل کر دی گئی ہو تو اس اپیل کے فیصلہ سے پہلے مؤثر نہیں ہو گا۔

....

....

.... ص:۱۲۳-۱۲۱

অনুবাদঃ

"আদালত হয়তো নিজেই উদ্যোগী হয়ে অথবা পাকিস্তানের কোন নাগরিক, বা কেন্দ্রীয় হুকুমত, বা প্রাদেশিক হুকুমতের আবেদনের প্রেক্ষিতে এ প্রশ্নের যাচাই করতে পারবে এবং সিদ্ধান্ত দিতে পারবে যে, কোন কানূন বা কানূনের কোন হুকুম সেসব ইসলামী বিধিবিধানের সঙ্গে সাংঘর্ষিক কি না যেভাবে কুরআন পাক ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাতে নির্ধারণ করা হয়েছে যার উদ্ধৃতি ইসলামী বিধান হিসাবে দেয়া হয়েছে।

আদালত যখন অনুচ্ছেদ (১) এর অধীনে কোন কানূন বা কানূনের কোন হুকুমের যাচাই বাছাই শুরু করবে এবং তার কাছে এমন কানূন বা কানূনের হুকুমকে ইসলামী বিধানের বিপরীত মনে হবে তখন আদালত এমন কানূনের ক্ষেত্রে যা বেফাকী (ফেডারেল) আইনের তালিকাভুক্ত বিষয়গুলোর সংশ্লিষ্ট হবে তা কেন্দ্রীয় হুকুমতকে, আর যা এমন বিষয়ের সাথে সংশ্লিষ্ট যে বিষয়গুলো বেফাকী (ফেডারেল) আইনের তালিকাভুক্ত নয় তা প্রাদেশিক হুকুমতকে একটি নোটিশ দেয়ার আদেশ প্রদান করবে, যার মাঝে সেসব বিশেষ বিধানের সুস্পষ্ট উল্লেখ থাকবে যা তার কাছে এ হিসাবে বিপরীত মনে হবে এবং হুকুমত যেন আদালতের সামনে তার দৃষ্টিভঙ্গি তুলে ধরতে পারে সে জন্য উপযুক্ত পরিমাণ সুযোগ দেবে।

যদি আদালত এ ফয়সালা করে যে, কোন কানূন বা কানূনের কোন হুকুম ইসলামী বিধানের বিপরীত তা হলে সে তার সিদ্ধান্তে নিম্নোক্ত পদ্ধতিতে বয়ান দেবেঃ

তার উল্লিখিত সিদ্ধান্ত দেয়ার কারণসমূহঃ এবং

ঐ সীমা যা পর্যন্ত ঐ কানূন অথবা হুকুম এ হিসাবে বিপরীত হয়ঃ এবং ঐ তারিখ স্পষ্ট উল্লেখ করবে যে তারিখে ঐ ফয়সালা কার্যকর হবে।

তবে শর্ত হচ্ছে, এমন কোন ফয়সালা ঐ সময় অতিক্রম করার আগে কার্যকর হবে না যে সময়ের মাঝে সুপ্রিম কোর্টে তার বিরুদ্ধে আপিল হতে পারে, অথবা যখন এ হিসাবে আপিল করা হয়ে গেছে তা হলে ঐ আপিলের রায়ের আগে তা কার্যকর হবে না।" বেফাকী (ফেডারেল) শরয়ী আদালত পৃঃ ১২১-১২৩

দৃষ্টিপাত

সংবিধানের এ অংশের বিচার্য কয়েকটি বিষয় নিম্নরূপ–

এক. শরীয়াহ কর্তৃক ফায়সালা হওয়ার পরও শরয়ী তরিকার পদ্ধতির উপর আমল করা যাবে না। বরং যত দিন পর্যন্ত আপিল করার মত সময় হাতে থাকবে তত দিন শরয়ী বিধান অকার্যকর থাকবে, আপিল করুক বা না করুক।

দুই. 'আদালতে উযমা' পাকিস্তানের সর্বোচ্চ আদালত। যে আদালতে শরীয়াহ বেঞ্চের রায়ের বিরুদ্ধে আপিল করার ব্যবস্থা রাখা হয়েছে। সে আদালতে আপিল করার মেয়াদ বাকি থাকা পর্যন্ত, আপিল করার পর রায় হওয়া পর্যন্ত এবং আপিল বিভাগ শরীয়াহ বেঞ্চের বিপরীত রায় দিলে শরীয়াহ বেঞ্চের রায় অকার্যকর থাকবে।

উল্লেখ্য, এ আদালতের প্রধান বিচারপতিসহ কোন বিচারপতিই মুসলমান হওয়া শর্ত নয় এবং এ আদালতের নাম শরয়ী আদালত নয়।

এ দফাগুলোর অনিবার্য ফলাফল হচ্ছে-

ক) শরীয়তের সিদ্ধান্ত অকার্যকর বলে বিবেচিত হবে শরয়ী সিদ্ধান্তের বিপরীতে অবস্থানকারী আপিল করতে পারে এ সম্ভাবনার কারণে।

খ) শরয়ী সিদ্ধান্ত অকার্যকর বলে বিবেচিত হবে গায়রে শরয়ী আদালতে শরয়ী সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার কারণে।

গ) গায়রে শরয়ী আদালত চূড়ান্ত সিদ্ধান্ত দেবে যে, শরীয়তের সিদ্ধান্ত বহাল থাকবে না কি থাকবে না।

ঘ) মানব রচিত আইনের বিশেষজ্ঞ, প্রয়োগকারীরা যাচাই করে দেখবে, শরয়ী বিশেষজ্ঞদের শরয়ী সিদ্ধান্ত সঠিক না কি বেঠিক। এবং তাদের যাচাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

বলাবাহুল্য, এটি কোন দারুল ইসলামের চিত্র নয়। এটি একটি গণতান্ত্রিক ধর্ম নিয়ন্ত্রিত ধর্মনিরপেক্ষ পদ্ধতিতে পরিচালিত একটি দেশের চিত্র। যে দেশটি তার গণতান্ত্রিক উদারতার কারণে ধর্মের পক্ষের লোকদেরকে কথা বলার সুযোগ দেয়। ধর্মের নিবদেনগুলো পেশ করার মত সুযোগ রাখে। এরপর গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার গায়ে আঁচড় না লাগে মত

যতটুকু আবদার রক্ষা করা যায় ততটুকু গ্রহণ করে। যতটুকু গ্রহণ করা যায় না ততটুকু গ্রহণ না করে পিঠে হাত বুলিয়ে দেয়। এতে শান্ত না হলে গালে চড় বসিয়ে দেয়।

পাকিস্তান-সংবিধান: শরীয়ার তদারকী গায়রে শরীয়ার হাতে

عدالت حدود کے نفاذ سے متعلق کسی قانون کے تحت کسی فوج داری عدالت کی طرف سے فیصلہ شدہ کسی مقدمے کا رکارڈ اس غرض سے طلب کر سکے گی اور اس کا جائزہ لے سکے گی کہ مذکورہ عدالت کے قلمبند کردہ یا صادر کردہ کسی نتیجہ تفتیش، حکم، سزا یا حکم کی صحت قانونی جواز یا معقولیت کے بارے میں، اور اس کی کسی قانونی کارروائی کی باضابطگی کے بارے میں اپنا اطمینان کر سکے اور مذکورہ ریکارڈ طلب کرتے وقت ہی ہدایت دے سکے گی کہ جب تک اس ریکارڈ کا جائزہ نہ لے لیا جائے، کسی حکم سزا کی تعمیل روک دی جائے اور اگر ملزم زیر حراست ہو تو، اس کو ضمانت پر یا اس کے اپنے مچلکہ پر رہا کر دیا جائے۔

کسی ایسے مقدمے میں جس کا ریکارڈ عدالت نے طلب کیا ہو، عدالت ایسا حکم صادر کر سکے گی جو مناسب خیال کرے اور سزا میں اضافہ کر سکے گی۔ ص: ۱۲۳

অনুবাদ

"দণ্ড প্রয়োগ বিষয়ক কোন আইনের অধীনে কোন ফৌজদারি আদালতের পক্ষ থেকে রায় প্রদানকৃত কোন মুকাদ্দামার রেকর্ড এ উদ্দেশ্যে আদালত তলব করতে পারবে এবং তার যাচাই করতে পারবে যে, উল্লিখিত আদালতের লিখিত বা প্রদানকৃত কোন তদন্তের ফলাফল, বিধান, শাস্তি বা হুকুমের বিশুদ্ধতা আইনী বৈধতা অথবা যৌক্তিকতার বিষয়ে এবং তার কোন আইনগত ব্যবস্থা নেয়ার যথার্থতার বিষয়ে নিজের নিশ্চয়তা অর্জন করতে পারে। আর উল্লিখিত রেকর্ড তলব করার সময়েই নির্দেশনা দিতে পারবে যে, যতক্ষণ পর্যন্ত এ রেকর্ডের যাচাই না

করা হবে ততক্ষণ পর্যন্ত কোন শাস্তির হুকুম যেন মুলতবি করে দেয়া হয়, আর অপরাধী যদি বন্দি থাকে তা হলে তাকে যেন যামানতের উপর, অথবা নিজস্ব মুচলেকার উপর মুক্ত করে দেয়া হয়।

এমন কোন মুকাদ্দামা যার রেকর্ড আদালত তলব করেছে আদালত এমন হুকুম জারি করতে পারবে যা আদালত উপযুক্ত মনে করবে এবং সাজা বাড়িয়ে দিতে পারবে।" -বেফাকী (ফেডারেল) শরয়ী আদালত পৃ: ১২৩

দৃষ্টিপাত

সংবিধানের এ অংশের বিচার্য কয়েকটি বিষয় নিম্নরূপ–

এক. শরয়ী সিদ্ধান্ত কোন ভিত্তিতে দেয়া হয়েছে তার বিস্তারিত রেকর্ড গায়রে শরয়ী আদালত দেখার অধিকার রাখবে।

দুই. শরয়ী সিদ্ধান্ত গায়রে শরয়ী আইনে বৈধতা পায় কি না তা দেখার জন্য গায়রে শরয়ী আদালত শরয়ী সিদ্ধান্তের বিস্তারিত রেকর্ড তলব করবে।

তিন. গায়রে শরয়ী আদালত শরয়ী সিদ্ধান্তের রেকর্ড যাচাই করার আগেই শরয়ী সিদ্ধান্ত মুলতবির আদেশ দিতে পারবে।

চার. শরয়ী সিদ্ধান্তকে উপেক্ষা করে গায়রে শরয়ী আদালত আসামীকে মুক্তি দেয়ার আদেশ জারি করতে পারবে।

পাঁচ. শরয়ী সিদ্ধান্তকে উপেক্ষা করে গায়রে শরয়ী আদালত আসামীর জন্য নির্ধারিত শাস্তির মধ্যে কম-বেশ করতে পারবে।

এ দফাগুলোর অনিবার্য ফলাফল হচ্ছে-

ক) শরীয়াহ বেঞ্চের সকল নিয়ন্ত্রণ গায়রে শরয়ী বেঞ্চের হাতে থাকবে।

খ) শরীয়াহ বেঞ্চের মাধ্যমে কিছু লোকের প্রথম শ্রেণীর চাকুরীর ব্যবস্থা হবে। এছাড়া আর কোন কিছু হওয়ার কোন সম্ভাবনা নেই।

গ) শরীয়াহ বেঞ্চের মহাজ্ঞানীগণ শরীয়াহ মন্থন করে যা পাবেন তার সব কিছু গায়রী শরয়ী আদালতের দরবারে পেশ করে আসামীর কাঠগড়ায় দাঁড়িয়ে দাঁড়িয়ে শরীয়াহ বেঞ্চের করুণ পরিণতি দেখার অপেক্ষায় থাকবেন। নিজেদের কৃত সিদ্ধান্ত থেকে তাওবা করার প্রস্তুতি নিতে থাকবেন।

ঘ) শরীয়াহ বেঞ্চের সিদ্ধান্তের বিপরীতে গায়রে শরয়ী আদালত কোন আদেশ জারি করার ক্ষেত্রে শরয়ী দৃষ্টিকোণ ব্যবহার করতে বাধ্য থাকবেন না; বরং কোন বিবেচনা ছাড়াই নগদ মুলতবির আদেশ জারি করতে পারবেন, আসামীর মুক্তির আদেশ জারি করতে পারবেন।

বলাবাহুল্য, এ শরীয়াহ বেঞ্চ আসলে শরীয়ার নয়। এটাও গণতান্ত্রিক ধর্ম ও ধর্মনিরপেক্ষ ধর্মের উদারতার বেঞ্চ। কারণ, এ উদারতার সুবাদেই মুসলমানের রাহবাররা বিচারপতি হওয়ার সুযোগ পাচ্ছেন। দেশের এক নম্বর নাগরিকের কাতারে শামিল হচ্ছেন অসংখ্য দ্বীনদার শ্রেণী হিসাবে পরিচিতজনরা।

এমন কোন ফাঁকফোকর বের করার সুযোগ নেই যে, গায়রে শরয়ী আদালত যা কিছু করবে তা শরীয়ার আলোকেই করবে। কারণ এ ফাঁক গোড়ায় বন্ধ করা আছে। যে সিদ্ধান্তই শরীয়ার আলোকে হবে তাকেই নিয়ন্ত্রণ করার জন্য পেছনে পেছনে গায়রে শরয়ী আদালত রয়েছে। কারণ শরয়ী সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার দরজা বন্ধ করার কোন ব্যবস্থা সংবিধানে রাখা হয়নি। আপিল করার সকল ব্যবস্থার সুবন্দোবস্ত করা হয়েছে।

পাকিস্তান-সংবিধান: গণতন্ত্রই রব্বে আলা (?)

دستور کی ترمیم

اس حصے کے تابع، اس دستور میں مجلس شوری (پارلیمنٹ) کے ایکٹ کے ذریعے ترمیم کی جاسکے گی۔

دستور میں ترمیم کرنے کے بل کی ابتداء کسی بھی ایوان میں کی جاسکے گی اور جبکہ اس بل کو ایوان کی کل رکنیت کے کم از کم دو تہائی ووٹوں سے منظور کر لیا جائے تو اسے دوسرے ایوان میں بھیج دیا جائے گا۔

اگر بل کو اس ایوان کی کل رکنت کے کم از کم دو تہائی ووٹوں سے بلاترمیم منظور کر لیا جائے جسے شق (۱) کے تحت اسے بھیجا گیا تھا، تو اسے شق (۴) کے احکام کے تابع، صدر کی منظوری کے لئے پیش کیا جائے گا۔

اگر بل کو اس ایوان کی کل رکنیت کے کم از کم دو تہائی ووٹوں سے ترمیم کے ساتھ منظور کیا جائے جسے شق (۱) کے تحت اسے بھیجا گیا تھا تو اس پر وہ ایوان دوبارہ غور کرے گا جس میں اس کی ابتداء ہوئی تھی، اور اگر بل کو جس طرح کے اول الذکر ایوان میں اس میں ترمیم کی گئی تھی آخر الذکر ایوان کی طرف سے اس کی کل رکنیت کے کم از کم دو تہائی ووٹوں سے منظور کر لیا جائے تو اسے شق (۴) کے احکام کے تابع صدر کی منظوری کے لئے پیش کیا جائے گا۔

دستور میں ترمیم کے کسی بل کو جو کسی صوبے کی حدود میں ردوبدل کا اثر رکھتا ہو صدر کی منظوری کے لئے پیش نہیں کیا جائے گا تا وقتیکہ اسے اس صوبے کی صوبائی اسمبلی نے اپنی کل رکنیت کے کم از کم دو تہائی ووٹوں سے منظور نہ کر لیا ہو۔

دستور میں کسی ترمیم پر کسی عدالت میں کسی بناء پر چاہے جو کچھ ہو کوئی اعتراض نہیں کیا جائے گا۔

ازالہ شک کے لئے بذریعہ ہذا اقرار دیا جاتا ہے کہ دستور کے احکام میں سے کسی میں ترمیم کرنے کے مجلس شوری (پارلیمنٹ) کے اختیار پر کسی بھی قسم کی کوئی پابندی نہیں ہے۔ ص: ۱۵۸-۱۵۷

অনুবাদ

সংবিধান সংশোধনী

এ অনুচ্ছেদ অনুযায়ী এ সংবিধানের মাঝে মজলিসে শূরা (পার্লামেন্ট) এক্টের মাধ্যমে সংশোধন করা যাবে।

সংবিধানে সংশোধনীর বিলের সূচনা যে কোন (ایوان) বৈঠকে করা যাবে। এ বিলকে এক (ایوان) বৈঠকের মোট সদস্যের কমপক্ষে দুই তৃতীয়াংশ ভোটের মাধ্যমে পাস করিয়ে নেয়া হলে তাকে দ্বিতীয় (ایوان) বৈঠকে পাঠিয়ে দেয়া হবে।

যদি বিলটিকে ঐ (ایوان) বৈঠকের মোট সদস্যের কমপক্ষে দুই তৃতীয়াংশ ভোটের মাধ্যমে কোন প্রকার সংশোধনী ব্যতীত পাস করে নেয়া হয় যাকে অনুচ্ছেদ (১) এর অধীনে পাঠানো হয়েছিল তাহলে তাকে অনুচ্ছেদ (৪) এর বিধির অধীনে প্রেসিডেন্টের মঞ্জুরীর জন্য পেশ করা হবে।

যদি বিলটিকে ঐ (ایوان) বৈঠকের মোট সদস্যের কমপক্ষে দুই তৃতীয়াংশ ভোটের মাধ্যমে কোন প্রকার সংশোধনীসহ পাস করে নেয়া হয় যাকে অনুচ্ছেদ (১) এর অধীনে পাঠানো হয়েছিল তা হলে তার উপর ঐ (ایوان) বৈঠক আবার চিন্তা গবেষণা করবে যে (ایوان) বৈঠকে এর সূচনা হয়েছিল। আর যদি বিলকে যেমনিভাবে প্রথমোক্ত (ایوان) বৈঠকে তার মাঝে সংশোধন করা হয়েছিল দ্বিতীয়োক্ত (ایوان) বৈঠকের পক্ষ থেকে তার মোট সদস্যের কমপক্ষে দুই তৃতীয়াংশ ভোটের মাধ্যমে পাস করে নেয়া হয় তা হলে তা অনুচ্ছেদ (৪) এর বিধির অধীনে প্রেসিডেন্টের মনজুরীর জন্য পেশ করা হবে।

সংবিধানে সংশোধনীর কোন বিলকে যা কোন প্রদেশের সীমানা পরিবর্তনে প্রভাব ফেলতে পারে তা প্রেসিডেন্টের মঞ্জুরীর জন্য পেশ করা হবে না যতক্ষণ না তাকে ঐ প্রদেশের প্রাদেশিক এসেম্বেলী তার সকল সদস্যের কমপক্ষে দুই তৃতীয়াংশ ভোটের মাধ্যমে মঞ্জুর করে নেবে।

সংবিধানের কোন প্রকার সংশোধনীর উপর কোন আদালতে কোন ভিত্তিতে কোন বিষয়ে কোন আপত্তি করা যাবে না।

সন্দেহ দূর করার জন্য এর দ্বারা সিদ্ধান্ত দেয়া হচ্ছে যে, সংবিধানের বিধানাবলীর মধ্য থেকে কোনটির মধ্যে রদবদল করার ক্ষেত্রে মজলিসে শূরা (পার্লামেন্ট) এর এখতিয়ারের উপর কোন প্রকারের কোন পাবন্দি নেই।" -সংবিধান সংশোধনী পৃ: ১৫৭-১৫৮

দৃষ্টিপাত

সংবিধানের এ অংশের বিচার্য কয়েকটি বিষয় নিম্নরূপঃ

এক. সংবিধান সংশোধনীর সর্বশেষ কথা হচ্ছে, 'সংবিধানের বিধানাবলীর মধ্য থেকে কোনটির মধ্যে রদবদল করার ক্ষেত্রে মজলিসে শূরা (পার্লামেন্ট) এর এখতিয়ারের উপর কোন প্রকারের কোন পাবন্দি নেই।'

দুই. যেসব বৈঠক বা (ایوان) এ সংবিধান সংশোধন বিলের সূচনা ও পাস করার কথা বলা হয়েছে সেসকল বৈঠকের কোন সদস্য মুসলমান হওয়া সাংবিধানিকভাবে শর্ত নয়।

তিন. যে কোন ধারা পরিবর্তন ও বহাল রাখা না রাখার মূল মাপকাঠি হচ্ছে, দুই তৃতীয়াংশের ভোট। আর সর্বশেষ মনজুরী হচ্ছে প্রেসিডেন্টের ইচ্ছার উপর নির্ভরশীল।

উল্লেখ্য, প্রেসিডেন্টের এখতিয়ারের মধ্যে হুদূদ-কিসাসসহ যেকোন বিধানের বিপরীত হুকুম দেয়ার অধিকার রয়েছে। নিহত ব্যক্তির অভিভাবকের সম্মতির বিপরীতে এবং কুরআন হাদীসের হুকুমের বিপরীতে প্রেসিডেন্ট খুনের আসামীকে ক্ষমা করে দিতে পারেন। এক্ষেত্রে তার জবাবদিহিও করতে হয় না। আর সংবিধানের ভাষা হচ্ছে, **'রদবদল করার ক্ষেত্রে মজলিসে শূরা (পার্লামেন্ট) এর এখতিয়ারের উপর কোন প্রকারের কোন পাবন্দি নেই'** যা একটু আগে উল্লেখ করা হয়েছে।

এ দফাগুলোর অনিবার্য ফলাফল হচ্ছে-

ক) শরীয়াহ বেঞ্চের অস্তিত্ব বিলুপ্তিসহ যে কোন সিদ্ধান্তই মজলিসে শূরা (পার্লামেন্ট) নিতে পারবে।

খ) শরীয়াহ নির্ভর যে কোন সিদ্ধান্তের বিপরীত সিদ্ধান্ত দেয়ার জন্য দুই তৃতীয়াংশের ভোট ছাড়া আর কোন কিছুর কোন প্রয়োজন নেই।

গ) যে মজলিসের উপর কোন প্রকার কোন পাবন্দি নেই সে মজলিসের উপর শরীয়ারও কোন পাবন্দি নেই।

ঘ) সব ধরনের পাবন্দি থেকে মুক্ত মজলিসের উপর শরীয়ার কোন পাবন্দি আছে -এমন কোন কথা সংবিধানের কোন অনুচ্ছেদে নেই।

ঙ) শরয়ী আদালত দেশের পুরো আইন বিভাগকে নিয়ন্ত্রণ করবে -এমন কোন কথাও সংবিধানে নেই; বরং গায়রে শরয়ী আদালত শরয়ী আদালতসহ সকল স্তরকে নিয়ন্ত্রণ করবে -এমন কথা সংবিধানে আছে।

সংবিধানের ভূমিকা ও ধারা

উল্লেখ্য, সংবিধানের ভূমিকায় উল্লেখিত 'পাওয়ারলেস' অস্পষ্ট কথাগুলো দিয়ে সংবিধানের মূল পাঠের স্পষ্ট ও শক্তিশালী ধারাগুলোকে চ্যালেঞ্জ করার মত কোন ব্যবস্থা সংবিধানে রাখা হয়নি। ভূমিকার মুখরোচক ও দৃষ্টিনন্দক অস্পষ্ট কথাগুলো দিয়ে মুসলমানদেরকে সান্ত্বনা দেয়া যাবে, তাদের ভোট আদায় করা যাবে এবং অযাচিত উৎপাত থেকে বিরত রাখা যাবে। এ কথাগুলোর সাংবিধানিক কোন শক্তি নেই। আর শক্তি যে নেই তাই বাস্তবায়িত হয়েছে বিগত সত্তর/বাহাত্তর বছর ধরে। শক্তি আছে এমন কোন প্রমাণ সত্তর/বাহাত্তর বছরে কখনো দেখা যায়নি।

এ কথাগুলো সবার আগে দ্বীনের রাহবার ওলামায়ে কেরামই বুঝতে হবে। বুঝেও না বোঝার ভান করা যাবে না এবং না বুঝেও বোঝার অহংকার করা যাবে না।

পাকিস্তান-সংবিধানঃ শরীয়ার বাস্তবায়ক শরীয়ার কাছে দায়বদ্ধ নয়

وفاقی شرعی عدالت کا چیف جسٹس یا جج

....

بسم اللہ الرحمن الرحیم

میں...................... صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں خلوص نیت

سے پاکستان کا حامی اور وفادار رہونگا:

کہ بحیثیت وفاقی شرعی عدالت کے چیف جسٹس (یا وفاقی شرعی عدالت کے جج)، اپنے فرائض وکارہائے منصبی، ایمانداری، بہترین صلاحیت اور وفاداری کے ساتھ، دستور اسلامی جمہوریت پاکستان اور قانون کے مطابق ادا کرونگا اور انجام دونگا۔

کہ میں اپنے ذاتی مفاد کو اپنے سرکاری کام یا سرکاری فیصلوں پر اثر انداز نہیں ہونے دونگا:

کہ میں اعلی عدالتی کونسل کے جاری کردہ ضابطہ اخلاق کی پابندی کرونگا۔

کہ میں دستور پاکستان کو برقرار رکھونگا، اس کا تحفظ اور دفاع کرونگا۔

اور یہ کہ ہر حالت میں، ہر قسم کے لوگوں کے ساتھ بلا خوف ورعایت اور بلا رغبت وعناد انصاف کرونگا۔

اللہ تعالی میری مدد اور رہنمائی فرمائے (آمین)۔ عہدوں کے حلف: ص: ۲۲۰

অনুবাদ

বেফাকী (ফেডারেল) শরয়ী আদালতের চীফ জাস্টিস অথবা জজ

....

বিসমিল্লাহির রাহমানির রাহীম

আমি .... সত্য দিলে হলফ করছি যে, নিষ্ঠার সাথে পাকিস্তানের সহযোগী ও ওফাদার হব:

যে, বেফাকী (ফেডারেল) শরয়ী আদালতের চীফ জাস্টিস হিসাবে (অথবা বেফাকী (ফেডারেল) শরয়ী আদালতের জজ) নিজের দায়িত্বসমূহ ঈমানদারী ও সর্বোচ্চ যোগ্যতা ব্যব্যহার করে ওফাদারীর সাথে ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও আইন মোতাবেক আদায় করব, সম্পাদন করব।

যে, আমি আমার ব্যক্তি স্বার্থকে সরকারী কাজ অথবা সরকারী সিদ্ধান্তগুলোর উপর প্রভাব বিস্তার করতে দেব না:

যে, আমি উচ্চ আদালত কাউন্সিলের জারিকৃত নীতিধারার পাবন্দি করব।

যে, আমি পাকিস্তানের সংবিধানকে বহাল রাখব, তার সংরক্ষণ ও তার পক্ষে অবস্থান গ্রহণ করব।

আর আমি সর্বাবস্থায় সব ধরনের লোকদের সঙ্গে কোন রকম ভয়ভীতি না করে কোন প্রকার ছাড় না দিয়ে, কোন প্রকার প্রীতি বা বৈরিতা মুক্ত হয়ে ইনসাফ করব।

আল্লাহ তাআলা আমার সাহায্য ও পথ প্রদর্শন করুন। (আমীন)।" - পদসমূহের হলফ পৃ: ২২০

দৃষ্টিপাত

সংবিধানের এ অংশের বিচার্য কয়েকটি বিষয় নিম্নরূপ:

এক. শরয়ী আদালতের চীফ জাস্টিসের প্রধান দায়িত্ব হচ্ছে, পাকিস্তানের সহযোগী ও ওফাদার হওয়া।

দুই. শরয়ী আদালতের চীফ জাস্টিসের দ্বিতীয় প্রধান দায়িত্ব হচ্ছে, ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান ও আইন মোতাবেক দায়িত্বসমূহ আদায় করা।

তিন. শরয়ী আদালতের চীফ জাস্টিসের তৃতীয় প্রধান দায়িত্ব হচ্ছে, উচ্চ আদালত কাউন্সিলের জারিকৃত নীতিধারার পাবন্দি করা।

চার. শরয়ী আদালতের চীফ জাস্টিসের চতুর্থ প্রধান দায়িত্ব হচ্ছে, পাকিস্তানের সংবিধানকে বহাল রাখা, সংরক্ষণ করা এবং সর্বাবস্থায় তার পক্ষে অবস্থান গ্রহণ করা।

পাঁচ. শরীয়া বাস্তবায়নের প্রধান ব্যক্তির হলফনামার কোন নম্বরেই এ কথা স্থান পায়নি যে, 'সর্বাবস্থায় কুরআন সুন্নাহকে শতভাগ বাস্তবায়ন করব'।

উল্লেখ্য, শরীয়াহ বাস্তবায়নের প্রধান ব্যক্তি যত বিভাগের ও যত দরবারের আনুগত্য স্বীকার করে, মুচলেকা দিয়ে শরীয়া বাস্তবায়নের যিম্মাদারী গ্রহণ করেছেন তার কোনটিই শরীয়াহ কর্তৃক নিয়ন্ত্রিত নয়। শরীয়াহ নিয়ন্ত্রিত কোন কিছুর কাছে তিনি বাধ্য -এমন কোন কথা তাঁর হলফনামায় নেই।

এ দফাগুলোর অনিবার্য ফলাফল হচ্ছে-

ক) সরকারী সিদ্ধান্ত, উচ্চ আদালত, সংবিধান এসবকটির শতভাগ সংরক্ষণ করে তিনি শরীয়াহ বাস্তবায়ন করবেন।

খ) শরীয়াহ'র কাছে কোন প্রকার দায়বদ্ধতা ছাড়াই তিনি শরীয়াহ বাস্তবায়ন করবেন।

গ) সরকারী সিদ্ধান্ত, উচ্চ আদালতের নীতি, সংবিধান এসবের উপর শরীয়াহকে প্রাধান্য না দিয়েই তিনি শরীয়াহ বাস্তবায়ন করবেন।

ঘ) মূলত শরীয়াহ বাস্তবায়ন করবেন -এমন কোন কথাই তাঁর হলফনামায় নেই। অর্থাৎ শরীয়াহ বাস্তবায়নের প্রতিজ্ঞা যার নেই তিনিই শরীয়াহ বাস্তবায়নের প্রধান ব্যক্তি।

বলাবাহুল্য, এ হচ্ছে শরীয়াহ ও শরীয়ার অনুসারীদের সঙ্গে ঠাট্টা। শরীয়াহ বাস্তবায়ন সম্পর্কে যত উদ্ধৃতি সবই হচ্ছে ভূমিকার সেই 'পাওয়ারলেস' অস্পষ্ট কিছু কথা যা গণতন্ত্র ধর্মের অনুসারী ধর্মনিরপেক্ষ ধর্মের লোকেরা তাদের বিশেষ প্রয়োজনে সন্নিবেশিত করেছে। তার যথাযথ লভ্যাংশও তারা বিগত সত্তর/বাহাত্তর বছর যাবৎ ভোগ করে আসছে।

একটি সারসংক্ষেপ

পাকিস্তানের সংবিধান যার ব্যাপারে শায়খে মুহতারামের দাবি হচ্ছে, এর মূল স্তম্ভ রাখা হয়েছে আল্লাহর হাকিমিয়্যাতের স্বীকৃতির উপর সে সংবিধানকে সামনে রেখে আমরা দু'টি দিক আলোচনা করেছি। একটি দিক হচ্ছে, কুরআন, হাদীস, তাফসীর, ইসলামের ইতিহাস, ফিকহ ও ফাতাওয়া থেকে আল্লাহর হাকিমিয়্যাতের প্রকৃত রূপ ও চিত্র। অপর দিক হচ্ছে, পাকিস্তান সংবিধানের গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার চিত্র।

গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার যে চিত্র আমরা পাকিস্তান সংবিধানে পেয়েছি তা প্রকৃত পক্ষেই গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। শায়খে মুহতারাম দামাত বারাকাতুহুম তাঁর 'সিয়াসী নাযরিয়াত' কিতাবে আব্রাহাম লিংকন, রুশো, ভোল্টায়ারের আবিষ্কৃত গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার যে পরিচয় তুলে ধরেছেন তা হুবহু চিত্রিত হয়েছে পাকিস্তানের সংবিধানে। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার যে হাকীকত ও রূপ পুরো বিশ্বব্যাপী সমাদৃত তার কোনটি থেকেই পাকিস্তান পিছিয়ে নেই।

ব্যবধান যতটুকু তা আমরা কোন এক প্রসঙ্গে এর আগে উল্লেখ করে এসেছি। আর তা হচ্ছে, পাকিস্তান সংবিধানের ভূমিকায় বার বার ইসলামের নাম ও কুরআন সুন্নাহর নাম নেয়া হয়েছে। ইসলামকে জাতীয় ধর্ম বলা হয়েছে। এর বাইরে সংবিধানের মৌলিক ধারা উপধারার মধ্যে ইসলামকে ও কুরআন সুন্নাহকে স্থান দেয়া হয়নি। কুরআন সুন্নাহর আলোকে চ্যালেঞ্জ করে চূড়ান্ত ফলাফলে পৌঁছার মত কোন ধারাও সংবিধানে রাখা হয়নি। যার বাস্তব চিত্র ইনশাআল্লাহ অন্য কোন টীকার অধীনে আসবে।

এ সম্পর্কে এ কথাও বলা হয়েছে যে, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদের একটি উদারতা এটাও যে, যে দেশে যে ধর্মের অনুসারী বেশি সে দেশের সংখ্যাগরিষ্ঠ জনগণের মন রক্ষার জন্য তারা ধর্মীয় কিছু গদ ব্যবহার করে থাকে। যার সঙ্গে প্রায়োগিক কোন সম্পর্ক থাকে না। এটা হচ্ছে অনেকটা বাংলাদেশের জাতীয় ফুল শাপলা ফুলের মত। যেমনিভাবে হাজারো ফুলের মধ্য থেকে শাপলাকে এনে মতিঝিলের মত গুরুত্বপূর্ণ জায়গায় স্থান দেয়া হয়েছে। তেমনিভাবে পাকিস্তানে অন্যান্য ধর্মের সঙ্গে সাম্য বজায়ে রেখে ইসলামকে জাতীয় ধর্মের মান দিয়ে সংখ্যাগরিষ্ঠ জনগণের মন রক্ষার চেষ্টা করা হয়েছে।

সংবিধান থেকে যে উদ্ধৃতিগুলো দেখানো হয়েছে এগুলোর দু'টি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য রয়েছে। এক. এগুলো শাখাগত কোন বিষয় নয়, ঘটনাচক্রে ঘটে যাওয়া কোন বিষয় নয় এবং সাময়িক কোন বিষয় নয়; বরং যুগের পর যুগ এ বিধানগুলো এভাবেই চলে আসছে। দুই. সংবিধানের এ বিষয়গুলোর বিরুদ্ধে কোন প্রকার মামলা ও আপিল করার কোন সুযোগ নেই। শায়খে মুহতারামও আশা করি এ কথা মনে করেন না যে, সংবিধানের এ বিষয়গুলোর বিরুদ্ধে তাঁর বা তাঁর মত লক্ষ ওলামায়ে কেরামের কিছু করার আছে। যার দরুন শায়খে মুহতারাম যে দাবি করেছেন, তিনি বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করার সময় শরীয়ত বিরোধী দুই শত মাসআলার বিষয়ে সুপারিশ জারি করেছিলেন, তাঁর সে দুই শত মাসআলার তালিকায় সংবিধানের এ বিষয়গুলো স্থান পায়নি।

দু'টি হাকিমিয়্যাতের সমন্বয় অসম্ভব!

বলাবাহুল্য, যে সংবিধানের হাকিমিয়্যাত সংখ্যাগরিষ্ঠ মানুষের হাতে সে সংবিধানের হাকিমিয়্যাত আল্লাহর হতে পারে না। যে সংবিধানের বিধান

দাতা তিনশত বিধানদাতা সে সংবিধানের বিধানদাতা আল্লাহ জাল্লা শানুহু হতে পারেন না। যে সংবিধানের বিধানদাতা মুসলিম অমুসলিম সবাই হতে পারে সে সংবিধানে আল্লাহর হাকিমিয়্যাত মেনে নেয়া হয়েছে এ অবাস্তব বিশ্বাস আমরা করতে পারি না। যে সংবিধানে প্রধান বিচারপতিসহ সকল বিচারপতি অমুসলিম হতে কোন সমস্যা নেই সে সংবিধান আল্লাহর হাকিমিয়্যাতের উপর নির্ভরশীল এ অবাস্তব কথাটি বিশ্বাস করা অন্যায়।

যে সংবিধানে অমুসলিমের জন্য রাজনৈতিক সাম্য ঘোষিত সে সংবিধানে হাকিমিয়্যাত আল্লাহর হতে পারে না। যে সংবিধানে বান্দা বান্দার গুনাহ মাফ করে দিতে পারে সে সংবিধানে হাকিমিয়্যাত আল্লাহর হতে পারে না।

এমন দু'টি হাকিয়্যািতের সমন্বয় সম্ভব নয় যা সম্পূর্ণ বিপরীতমুখী। এটা আল্লাহর উপর ইফতিরা-অপবাদ। আল্লাহর হাকিমিয়্যাতের তাহরীফ-অপব্যাখ্যা। ক্ষমতালোভী ক্ষমতাসীন গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশের মালিকপক্ষ এমন দাবি করতে পারে, কিন্তু মুসলমান ও তাদের কর্ণধারগণ এমন দাবির ধোঁকায় পড়তে পারেন না।

যেমনিভাবে সম্ভব নয় আহলে কিতাবের এ প্রস্তাব গ্রহণ করা-

﴿وَقَالَتْ طَائِفَةٌ مِنْ أَهْلِ الْكِتَابِ آمِنُوا بِالَّذِي أُنْزِلَ عَلَى الَّذِينَ آمَنُوا وَجْهَ النَّهَارِ وَاكْفُرُوا آخِرَهُ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ۞ وَلَا تُؤْمِنُوا إِلَّا لِمَنْ تَبِعَ دِينَكُمْ﴾

"আহলে কিতাবের এক দল তাদের লোকদেরকে বলে মুসলমানদের উপর যা কিছু নাযিল হয়েছে তোমরা সকাল বেলা তার উপর ঈমান আন এবং বিকাল বেলায় তা অস্বীকার কর, তারা হয়ত ফিরে আসবে। আর যারা তোমাদের ধর্মের অনুসরণ করে তাদের কথা ছাড়া তোমরা কারো কোন কথাই মেনে নিও না।" -সূরা আল ইমরান ৭২-৭৩

জরুরী টীকা : ২

“

এ বিষয়টি আপনি সকল ইসলামী রাষ্ট্রের কোন রাষ্ট্রেই পাবেন না। এমন কি সাউদী আরবেও নয় .... যে, হাকিমিয়্যাত আল্লাহ তাআলার জন্য।

জরুরী টীকা-২

এ বিষয়টি আপনি সকল ইসলামী রাষ্ট্রের কোন রাষ্ট্রেই পাবেন না। এমন কি সাউদী আরবেও নয় .... যে, হাকিমিয়্যাত আল্লাহ তাআলার জন্য।

** শায়খে মুহতারামের এ দাবিটি অনেক বেশি বাস্তববিবর্জিত হয়ে গেছে। তাঁর এ বক্তব্য যে সময়ের সে সময়ে পৃথিবীর মুসলিম অধ্যুষিত দেশগুলোর যথাযথ প্রতিবেদন সামনে আসলেই এ বিষয়ে সঠিক কিছু বলা সম্ভব। শুধু ধারণা, আবেগ ও ভূখণ্ডভিত্তিক সাম্প্রদায়িক মানসিকতা দিয়ে সিদ্ধান্ত দিতে গেলে এর সঠিক ফলাফলে পৌঁছা যাবে না। তালেবান শাসন, তানযীম শাসন ইত্যাদিকে উপেক্ষা করে এমন সিদ্ধান্ত দিতে গেলে সিদ্ধান্তে ভুল হবে এটাই স্বাভাবিক। প্রতারণামূলক লিখিত সংবিধান ও বাস্তবায়নমুখী বাস্তব সংবিধানের ব্যবধান স্পষ্ট না থাকলেও সিদ্ধান্তে ভুল হবে। আর সাউদী আরবের লিখিত সংবিধানে নেই -এর অর্থ কি? সাউদী আরব তো একটি নীতিমালার উপরই চলে এবং সে নীতিমালার লিখিত রূপও আছে।*

যাইহোক, এ ক্ষেত্রে তিনটি বিষয়ের বিস্তারিত প্রতিচ্ছবি আমাদের সামনে থাকা জরুরী: ১. মুসলিম সংখ্যাগরিষ্ঠ ভূখণ্ডগুলোর হালাত। ২. সংবিধানের লিখিত রূপ ও বাস্তব রূপ। ৩. এমন দেশের পরিচয় ও মাপকাঠি।

{এক}

মুসলিম সংখ্যাগরিষ্ঠ ভূখণ্ডগুলোর হালাত

শায়খে মুহতারাম যখন এ বক্তব্য দিচ্ছেন তখন পৃথিবীর বুকে এমন ভূখণ্ডের অস্তিত্ব বর্তমান আছে যেখানে মিনহাজুন নুবুয়্যাহ'র আদলে ইসলামী শাসন চলছে। যে ভূখণ্ডগুলোতে বিচারকার্য পরিচালনার ক্ষেত্রে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার কোন আধিপত্য নেই, কোন প্রভাব নেই। দারুল ইসলামে কোন মাসআলার বিষয়ে সিদ্ধান্ত নিতে হলে সংখ্যাগরিষ্ঠের মত গ্রহণ করার প্রয়োজন হয় না। কুরআন হাদীসের আলোকে প্রমাণিত হওয়াই যথেষ্ট। শরীয়ত বিশেষজ্ঞ মুফতীর ফাতওয়াই যথেষ্ট।

শায়খে মুহতারাম সাউদী আরবের উদাহরণ টেনে আনায় পাঠকের বিষয়টি বুঝতে সহজ হবে বলে আশা করছি। এ উদাহরণের আলোকে পাকিস্তানের অবস্থান এবং বিশ্বের অপরাপর মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশগুলোর অবস্থান আশা করি পরিষ্কার হয়ে যাবে।

সাউদী আরব

সাউদী আরবের রাষ্ট্রীয় কাঠামোর কয়েকটি ধাপ:

এক. তাওহীদের বিশ্বাস

সাউদী আরব মুতাসাল্লিব তাওহীদের বিশ্বাসের উপর প্রতিষ্ঠিত একটি দেশ। তাওহীদের বিষয়ে কট্টর মনোভাব প্রকাশ করতে তারা পছন্দ করে। এটি সাউদী আরবের ঘোষিত রাষ্ট্রীয় নীতি।

তথ্য

﴿ليس في أعلام دول العالم كله من يحمل الشهادتين (لا إله إلا الله محمد رسول الله) إلا علم المملكة الذي يرتفع فوق إداراتها ووزاراتها وسفاراتها، وقنصلياتها المختلفة في أرجاء الدنيا. وهي الدولة التي تمنع أن ينكس علمها حين تنكس أعلام الدول، ديناً وتكريما لكلمة التوحيد واعتزازاً بما تحمله هذه الراية من مضامين﴾ {اتخاذ القرآن

الكريم أساساً لشؤون الحياة والحكم في المملكة العربية السعودية، د. صالح بن عبد الله بن حميد}

"সারা বিশ্বের কোন দেশের জাতীয় পতাকায় শাহাদাতাইন এর উল্লেখ নেই। শুধুমাত্র মামলাকার (সাউদী আরব) পতাকায় তা রয়েছে যা তার অফিস আদালতগুলো, মন্ত্রণালয়, দূতাবাস এবং বিশ্বের বিভিন্ন হাইকমিশনারদের অফিসে উড্ডীন হয়।" -সাউদী আরবের জীবন বিধানের ভিত্তি কুরআন, ড. সালেহ বিন আব্দুল্লাহ বিন হুমাইদ

দুই. তাওহীদের প্রয়োগ

সাউদী আরবের তাসাল্লুব আলাত তাওহীদ তথা তাওহীদের বিষয়ে কট্টর মনোভাব প্রকাশ করা একটি প্রায়োগিক বাস্তবতা, যার সাক্ষী সারা বিশ্ব।

তথ্য:

﴿يقول الملك عبد العزيز رحمه الله (هذه عقيدة شيخ الإسلام محمد بن عبد الوهاب رحمه الله الذي أظهر الله به الدين بعدما وهنت أركانه بين العالمين، في مراسلاته، ومناصحاته ودعوته الخلق إلى دين الله ورسوله). ويقول موضحاً شيئاً من مضمون هذا المنهج أمام الحجاج عام ١٣٦٣: أما العبادة فلا تصرف إلا لله وحده لا لملك مقرب ولا لنبي مرسل، ولا تخفى عليكم الآية الكريمة : {**وما خلقت الجن والإنس إلا ليعبدون**} (الذاريات: ٥٦).

ومعنى يعبدون يوحِّدون ، فالتوحيد خاص بالله تعالى، والعبادة لا تصرف إلا لله، والرجاء والخوف والأمل كله بالله، ولله، وما بعث محمد ولا أرسل الرسل، ولا جاهد المجاهدون إلا لتوحيد الله تعالى). ويقول أيضاً: "يسموننا بالوهابيين ويسمون مذهبنا الوهابي باعتبار أنه مذهب

خاص. وهذا خطأ فاحش، نشأ عن الدعايات الكاذبة التي كان يبثها أهل الأغراض.

نحن لسنا أصحاب مذهب جديد أو عقيدة جديدة. ولم يأت محمد بن عبد الوهاب بالجديد. فعقيدتنا هي عقيدة السلف الصالح التي جاءت في كتاب الله وسنة رسوله، وما كان عليه السلف الصالح.

هي عقيدة مبنية على توحيد الله عز وجل خالصة من كل شائبة منزهة من كل بدعة فعقيدة التوحيد هي التي ندعو إليها، وهي التي تنجينا مما نحن فيه من محن وأوصاب. إننا لا نبتغي التجديد الذي يفقدنا ديننا وعقيدتنا، إننا نبغي مرضاة الله عز وجل. ومن عمل ابتغاء مرضاة الله فهو حسبه وهو ناصره. فالمسلمون لا يعوزهم التجديد، وإنما يعوزهم العودة إلى ما كان عليه السلف الصالح، ولقد ابتعدوا عن العمل بما جاء في كتاب الله وسنة رسوله، فانغمسوا في حمأة الشرور والآثام فخذلهم الله جل شأنه ووصلوا إلى ما هم عليه من ذل وهوان، ولو كانوا متمسكين بكتاب الله وسنة رسوله. لما أصابهم ما أصابهم من محن وآثام ولما أضاعوا عزهم وفخارهم» **{اتخاذ القرآن الكريم أساساً لشؤون الحياة والحكم في المملكة العربية السعودية، د. صالح بن عبد الله بن حميد}**

"বাদশাহ আব্দুল আযীয রাহিমাহুল্লাহ বলেন, এ হচ্ছে শায়খুল ইসলাম মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহহাব রাহিমাহুল্লাহর আকীদা যার মাধ্যমে আল্লাহ তাআলা দ্বীনকে জগতের বুকে প্রকাশ করেছেন, যে দ্বীনের রুকনগুলো দুর্বল হয়ে পড়েছিল। তিনি তাঁর চিঠিপত্র, ওয়ায নসীহত ও মানুষদেরকে আল্লাহ ও তাঁর রাসূলের দ্বীনের দিকে দাওয়াত দেয়ার মাধ্যমে করেছেন।

১৩৬৩ হিজরীতে তিনি হাজীদের সামনে এ বিষয়টিকে এভাবে স্পষ্ট করে তুলে ধরেছিলেন-

ইবাদত শুধু আল্লাহর জন্যই করা হবে। কোন বড় ফেরেশতার জন্য নয়, কোন প্রেরিত রাসূলের জন্য নয়। আপনাদের সামনে এ পবিত্র আয়াতটি গোপন নয় যে আয়াতে বলা হয়েছে 'আমি জিন ও ইনসানকে সৃষ্টি করেছি একমাত্র আমার ইবাদতের জন্য' (সূরা যারিয়াত ৫৬)।

আর এখানে يعبدون অর্থ হচ্ছে يوحّدون। অতএব তাওহীদ একমাত্র আল্লাহর জন্যই নির্দিষ্ট। ইবাদত শুধু আল্লাহকে উদ্দেশ্য করেই করা হবে। কামনা, ভয়, আশা সব কিছু আল্লাহর কাছেই করা হবে এবং আল্লার জন্যই করা হবে। মুহাম্মদকে পাঠানো হয়েছে, সকল রাসূলকে পাঠানো হয়েছে এবং সকল মুজাহিদ জিহাদ করেছেন একমাত্র আল্লাহর তাওহীদকে প্রতিষ্ঠা করার জন্য।

তিনি আরো বলেন-

তারা আমাদেরকে ওহাবী নামে ডাকে এবং আমাদের মাযহাবের নাম দেয় ওহাবী মাযহাব, যেন এটি একটি বিশেষ মাযহাব। অথচ এটা স্পষ্ট ভুল। এগুলো কিছু মিথ্যা দাবির উপর ভিত্তি করেই সৃষ্টি হয়েছে যা মতলববাজরা প্রচার করত।

আমরা নতুন কোন মাযহাবের অনুসারী নই, বা নতুন কোন বিশ্বাসেরও অনুসারী নই। মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহ্হাব নতুন কিছু নিয়ে আসেননি। আমাদের আকীদা সালাফে সালেহীনের আকীদাই যা আল্লাহর কিতাব ও তাঁর রাসূলের হাদীসে এসেছে এবং যে আকীদার উপর সালাফে সালেহীন ছিলেন।

আর সে আকীদা হচ্ছে যা সকল প্রকার সন্দেহ মুক্ত খালেস আল্লাহর তাওহীদের উপর ভিত্তিবহুল আকীদা এবং যা সকল প্রকার বিদআত থেকে পবিত্র। তাই আমরা তাওহীদের আকীদার দিকে দাওয়াত দেই। আর আকীদাই আমাদেরকে আমাদের সেসব পরীক্ষা ও বালা মুসিবত থেকে মুক্তি দেবে যেসবের মধ্যে আমরা পড়ে আছি।

আমরা এমন সংস্কার চাই না যা আমাদেরকে আমাদের দ্বীন ও বিশ্বাস থেকে দূরে সরিয়ে দেবে। আমরা আল্লাহ তাআলার সন্তুষ্টি চাই। আর যে

আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে আমল করবে তার জন্য তিনিই যথেষ্ট এবং তিনি তাঁর সাহায্যকারী। সংস্কার মুসলমানদের চাহিদা পূরণ করবে না, তাদের চাহিদা পূরণ করবে সালাফে সালেহীন যে পথে ছিলেন সে পথে ফিরে যাওয়া। আল্লাহর কিতাব ও তাঁর রাসূলের হাদীসে যা এসেছে তার উপর মানুষ আমল ছেড়ে দিয়েছে। যারফলে তারা অন্যায় ও গুনাহের কাদায় আটকে গেছে এবং আল্লাহ জাল্লা শানুহু তাদেরকে অপদস্থ করেছেন, আর তারা অপদস্থতা ও হীনতার যে আবস্থায় রয়েছে সেখানে পৌঁছে গেছে। যদি তারা আল্লাহর কিতাব ও তাঁর রাসূলের সুন্নতকে আঁকড়ে ধরে রাখত তাহলে তারা যে অপদস্থতা বিপর্যস্ত গুনাহের অবস্থায় পড়ে আছে তাতে তারা পতিত হত না এবং তারা তাদের ইজ্জত ও গৌরব হারাত না।" -সাউদী আরবের জীবন বিধানের ভিত্তি কুরআন, ড. সালেহ বিন আব্দুল্লাহ বিন হুমাইদ

তিন. পূর্ণাঙ্গ শরয়ী আদালতের ঘোষণা

সাউদী আরবের সর্বোচ্চ আদালত থেকে শুরু করে সর্বনিম্ন আদালত পর্যন্ত প্রত্যেকটি আদালত শরীয়াহ কর্তৃক নিয়ন্ত্রিত। এটাই সাউদী আরবের ঘোষণা।

তথ্য

القضاء:

﴿ترعى الدولة الإسلامية إقامة الدين وسياسة الدنيا، ويعد القضاء من أهم المعالم البارزة للدولة إن لم يكن أهمها. والمملكة وفقها الله بالتزامها بالإسلام ديناً وبالقرآن دستوراً وبالشريعة تنظيماً وتشريعاً، اتجهت إلى تنظيم القضاء. بمنهاج الشرع بوصفه من أجلى صور تطبيق الإسلام والالتزام به.

أما الحكم فهو للشرع المطهر وليس هناك إلزام بمذهب معين من المذاهب الفقهية.

ولقد قال الملك عبد العزيز رحمه الله: "وأما المذهب الذي تقضي به المحكمة الشرعية فليس مقيداً بمذهب مخصوص بل تقضي حسبما تظهر لها من المذاهب فإنه لا فرق بين مذهب وآخر"

وقال أيضاً: "لا نتقيد بمذهب من المذاهب الأربعة دون آخر ومتى وجدنا الدليل في أي مذهب من المذاهب الأربعة رجعنا إليه وتمسكنا به، وأما إذا لم نجد دليلاً قوياً أخذنا بقول الإمام أحمد.

وفي المادة (٤٦) من النظام الأساسي للحكم: "القضاء سلطة مستقلة، ولا سلطان على القضاة في قضائهم لغير سلطان الشريعة الإسلامية".

وفي المادة الأولى من نظام القضاء: "القضاة مستقلون لا سلطان عليهم في قضائهم لغير أحكام الشريعة الإسلامية والأنظمة المرعية. وليس لأحد التدخل في القضاء"﴾ {اتخاذ القرآن الكريم أساساً لشؤون الحياة والحكم في المملكة العربية السعودية، د. صالح بن عبد الله بن حميد}

"বিচার বিভাগ

ইসলামী দেশটি দ্বীন প্রতিষ্ঠা ও দুনিয়া পরিচালনার প্রতি মনোযোগ দেয়। আর বিচার বিভাগকে দেশের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ বিভাগ মনে না করলেও গুরুত্বপূর্ণ বিভাগগুলোর একটি মনে করে।

মামলাকা আল্লাহর তাওফীকে ইসলামকে ধর্ম হিসাবে, কুরআনকে সংবিধান হিসাবে এবং শরীয়তকে আইন ও কানূন হিসাবে অত্যাবশ্যকীয়ভাবে গ্রহণ করে শরীয়তের নির্দেশনা অনুযায়ী ইসলামকে বাস্তবায়ন এবং তা অত্যাবশ্যকীয়ভাবে আঁকড়ে ধরার সর্বোচ্চ সুন্দর পদ্ধতি গ্রহণের দ্বারা বিচার বিভাগকে তৈরি করার প্রতি মনোযোগ দিয়েছে।

আর বিধান হবে পবিত্র ধর্মের আলোকে। এখানে ফিকহী মাযহাবগুলোর মধ্য থেকে নির্দিষ্ট কোন একটি মাযহাবের ব্যাপারে কোন বাধ্যবাধকতা নেই।

বাদশাহ আব্দুল আযীয রাহিমাহুল্লাহ বলেছেন, শরয়ী আদালত যে মাযহাবের আলোকে ফয়সালা করবে তা নির্দিষ্ট কোন মাযহাব নয়। বরং সকল মাযহাবের আলোকে যে সিদ্ধান্ত স্পষ্ট হয় সে আলোকে ফয়সালা করবে। কেননা মাযহাবে মাযহাবে কোন ব্যবধান নেই।

তিনি আরো বলেছেন-

আমরা চার মাযহাবের একটিকে বাদ দিয়ে খাসভাবে একটি গ্রহণ করি না। চার মাযহাবের যে কোন মাযহাবে যখন আমরা দলিল পেয়ে যাব তখন আমরা সে দিকেই যাব এবং সেটিকে গ্রহণ করব। আর যখন আমরা শক্তিশালী কোন দলিল পাব না তখন আমরা ইমাম আহমদের মাযহাবকে গ্রহণ করব।

বিধানের মৌলিক নিয়মের অনুচ্ছেদ (৪৬) এর মধ্যে রয়েছে-

বিচার বিভাগ একটি স্বাধীন বিভাগ। ইসলামী শরীয়তের আধিপত্য ব্যতীত বিচারপতিদের বিচারের ক্ষেত্রে আর কোন শক্তি প্রভাব বিস্তার করবে না।

বিচার বিভাগীয় নিয়মের প্রথম অনুচ্ছেদে রয়েছে-

বিচারপতিরা স্বাধীন। বিচারের ক্ষেত্রে ইসলামী শরীয়তের বিধিবিধান ব্যতীত এবং অনুসৃত নিয়মাবলী ব্যতীত তাদের উপর আর কোন কিছুর কোন প্রভাব বিস্তার নেই এবং বিচার বিভাগে কারো দখল দেয়ার অধিকার নেই।" -সাউদী আরবের জীবন বিধানের ভিত্তি কুরআন, ড. সালেহ বিন আব্দুল্লাহ বিন হুমাইদ

চার. হুদূদ কিসাসের প্রয়োগ

সাউদী আরবে শরয়ী দণ্ডবিধি প্রয়োগ, হুদূদ ও কিসাসের বাস্তবায়ন একটি চাক্ষুষ বিষয়।

তথ্য

﴿ليس في العالم بلد يقيم الحدود ويعلن عن تنفيذها في نشراته الإخبارية الرسمية أمام العالم كله إلا البلاد السعودية، ومن ثم فليس غريباً ولا عجيباً -ولله الحمد والمنة- أن تكون السعودية أقل دول العالم نسبة في انتشار الجرائم، وأكثرها أمناً واستقراراً﴾

{اتخاذ القرآن الكريم أساساً لشؤون الحياة والحكم في المملكة العربية السعودية، د. صالح بن عبد الله بن حميد}

"সাউদী আরব ব্যতীত পুরা পৃথিবীতে এমন কোন দেশ নেই যেখানে দণ্ডবিধি বাস্তবায়ন করা হয় এবং তা বাস্তবায়নের বিষয়টিকে সরকারী সংবাদ পত্রের মাধ্যমে সারা পৃথিবীর সামনে প্রচার করা হয়। আর তাই আলহামদু লিল্লাহ এ বিষয়টি খুব অস্বাভাবিক ও অবাক হওয়ার মত বিষয় নয় যে, সারা বিশ্বের মাঝে সাউদী আরব এমন একটি দেশ যেখানে অপরাধের বিস্তৃতি তুলনামূলকভাবে কম এবং নিরাপত্তা ও স্থিতিশীলতা বেশি।" -সাউদী আরবের জীবন বিধানের ভিত্তি কুরআন, ড. সালেহ বিন আব্দুল্লাহ বিন হুমাইদ

পাঁচ. প্রধান মুফতী প্রধান বিচারপতি

সাউদী আরবের প্রধান মুফতী প্রধান বিচারপতি। শরীয়ার সবচাইতে বড় বিশেষজ্ঞ আইনের সর্বোচ্চ ব্যক্তি। শরীয়াহ বিশেষজ্ঞরা সকল আদালতের বিচারপতি।

তথ্য

সরকারী গ্র্যান্ড মুফতী হাইআতু কিবারিল উলামার প্রধান এবং মৌলিক সকল সিদ্ধান্ত তার স্বাক্ষরে অনুমোদিত হয়।

'হাইআতু কিবারিল উলামা'র সংক্ষিপ্ত পরিচয় হচ্ছে,

﴿**هيئة كبار العلماء السعودية** هي هيئة دينية إسلامية حكومية في المملكة العربية السعودية تأسست عام ١٩٧١ وتضم لجنة محدودة من الشخصيات الدينية في البلاد جميعهم فقهاء مجتهدون من مدارس فقهية متعددة، ورئيسها هو مفتي الديار السعودية، وهي مخولة باصدار الفتاوى وابداء آرائها في عدة أمور. يرأسها حاليا الشيخ عبد العزيز بن عبد الله آل الشيخ. ويتفرع عن الهيئة لجنة دائمة متفرغة، اختير أعضاؤها من بين أعضاء الهيئة بأمر ملكي، وتكون مهمتها إعداد

البحوث وتهيئتها للمناقشة من قبل الهيئة، وإصدار الفتاوى في الشؤون الفردية، وذلك بالإجابة عن أسئلة المستفتين في شؤون العقائد والعبادات والمعاملات الشخصية، وتسمى (اللجنة الدائمة للبحوث والفتوى)، ويلحق بها عدد من البحوث﴾ {ويكيبيديا}

ছয়. রাষ্ট্রপ্রধানের ইসলামিক পরিচয়

সাউদী আরবের রাষ্ট্রপ্রধানের পরিচয় হচ্ছে, খাদিমুল হারামাইনিশ শারীফাইন।

তথ্য

এ পরিচয় সরাসরি উপাধী হিসাবে বাদশাহ ফাহাদ বিন আব্দুল আযীয শুরু করলেও সাউদী আরবের বাদশাহরা সব সময় নিজেদেরকে হারামাইনের খাদেম হিসাবে পরিচয় দিয়েছেন। রাষ্ট্রীয় দায়িত্বগুলোর মৌলিক একটি দায়িত্ব হচ্ছে হারামাইনের যাবতীয় খেদমত আঞ্জাম দেয়া। ড. সালেহ বিন আব্দুল্লাহ বিন হুমাইদ তার 'সাউদী আরবের জীবন বিধানের ভিত্তি কুরআন' বইয়ে মামলাকা আরাবিয়া সাউদিয়ার রাষ্ট্রীয় মৌলিক দায়িত্বগুলোর তালিকায় লিখেছেন-

﴿تاسعاً: خدمة الحرمين الشريفين ليظلا طاهرين مطهرين للطائفين والعاكفين والقائمين والركع السجود، بعيدين عن كل ما يحول دون أداء الحج والعمرة والزيارة والتعبد فيهما على الوجه الصحيح الآمن﴾

"নবম. হারামাইন শরীফাইনের সেবা। যাতে এ দু'টি সর্বদা তাওয়াফকারী, ইতেকাফকারী ও নামায আদায়কারীদের জন্য পবিত্র অবস্থায় থাকে। এমনিভাবে হজ্জ, ওমরা, যিয়ারত ও সব ধরনের ইবাদত সহীহভাবে আদায় করার ক্ষেত্রে যত ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি হতে পারে সেসব কিছু থেকে হারামাইন মুক্ত থাকে সে চেষ্টায় রত থাকা।"

সাত. আইম্মাতুল কুফরের সঙ্গে বন্ধুত্ব

সাউদী আরব বিশ্বের আইম্মাতুল কুফরের বন্ধু।

তথ্য

সাউদী আরব বিশ্ব কুফরী সংঘের গুরুত্বপূর্ণ সদস্য। একাধিক কুফরী সংঘের সক্রিয় সদস্য। সাউদী আরব বিশ্ব কুফরী সংঘগুলোর সবচাইতে বড় আর্থিক যোগানদাতা। ইমামু আইম্মাতিল কুফর সাউদী আরবের বাদশাহর সবচাইতে কাছের বন্ধু। যুগ যুগ থেকে এ বন্ধুত্ব চলে আসছে। সর্বশেষ বিশ্বের কাফের প্রধানদের প্রধান ট্রাম্পকে স্মরণকালের সর্ববৃহৎ সম্মাননা প্রদর্শন করে, প্রকাশ্য ঘোষণা দিয়ে, গলায় সম্মাননা পদক ঝুলিয়ে দিয়ে, নথিপত্রে স্বাক্ষর করে এ বন্ধুত্বকে স্থায়ী ও টেকসই করা হয়েছে।

আল্লাহ তাআলার এ বাণীর বিরুদ্ধাচরণের সর্বোচ্চ উদাহরণ হওয়ার সকল যোগ্যতা অর্জন করেছে এবং উদাহরণ না হওয়ার জন্য কোন ফাঁক রাখা হয়নি-

﴿لَا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ يُوَادُّونَ مَنْ حَادَّ اللَّهَ وَرَسُولَهُ وَلَوْ كَانُوا آبَاءَهُمْ أَوْ أَبْنَاءَهُمْ أَوْ إِخْوَانَهُمْ أَوْ عَشِيرَتَهُمْ أُولَئِكَ كَتَبَ فِي قُلُوبِهِمُ الْإِيمَانَ وَأَيَّدَهُمْ بِرُوحٍ مِنْهُ وَيُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ أُولَئِكَ حِزْبُ اللَّهِ أَلَا إِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْمُفْلِحُونَ﴾ {سورة المجادلة: ٢٢}

"যারা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে, তাদেরকে আপনি আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচরণকারীদের সাথে বন্ধুত্ব করতে দেখবেন না, যদিও তারা তাদের পিতা, পুত্র, ভ্রাতা অথবা জ্ঞাতি-গোষ্ঠী হয়। তাদের অন্তরে আল্লাহ ঈমান লিখে দিয়েছেন এবং তাদেরকে শক্তিশালী করেছেন তাঁর অদৃশ্য শক্তি দ্বারা। তিনি তাদেরকে জান্নাতে দাখিল করবেন, যার তলদেশে নদী প্রবাহিত। তারা তথায় চিরকাল থাকবে। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারা আল্লাহর প্রতি সন্তুষ্ট। তারাই আল্লাহর দল। জেনে রাখ, আল্লাহর দলই সফলকাম হবে।" -সূরা মুজাদালাহ ২২

বিশ্বের কাফের প্রধানের সঙ্গে প্রীতি মুলাকাত, প্রীতি অনুষ্ঠান ও প্রীতি ভোজের ফাঁকে ফাঁকে কুরআনে কারীমে বর্ণিত يُوَادُّونَ শব্দ থেকে বার

বার الود (ভালোবাসা) শব্দ ব্যবহার করে করে هذا لقاء الود والإخاء (এটি ভালোবাসা ও ভ্রাতৃত্বের মিলন) বলে বলে কুফরী শক্তির প্রধানের সঙ্গে ভালোবাসার ঘোষণা দেয়া হয়েছে।

আট. শরয়ী জিহাদের বিরুদ্ধে অবস্থান

সাউদী আরব কুফরের পক্ষ নিয়ে কুফরের কাতারে দাঁড়িয়ে দ্বীন প্রতিষ্ঠার সশস্ত্র জিহাদের বিরুদ্ধে প্রকাশ্যে অবস্থান গ্রহণ করেছে।

তথ্য

ব্যাংকসুদ একটি অনৈসলামিক বিষয় যা বৈধ নয়। শায়খে মুহতারাম দা. বা. পাকিস্তান শরীয়া বেঞ্চের জজ থাকা অবস্থায় দীর্ঘ তাহকীকের পর এ রায় দিয়েছিলেন। যে রায় সারা দেশের সুদি ব্যবস্থার বিরুদ্ধে ছিল একটি খড়্গের আঘাতের মত। সে কারণে রায়টি ছিল ঐতিহাসিক। এ বিষয়ক বইটি পড়ে সে ঐতিহাসিক রায় সম্পর্কে বিস্তারিত জেনে নেবেন। আপনার কাছে রায়টিকে ঐতিহাসিক মনে হবে।

রায়টি ঐতিহাসিক হওয়ার বিষয়ে কারো কোন দ্বিমত থাকার সুযোগ নেই। বইটির ভূমিকায় শায়খ রফী ওসমানী দামাত বারাকাতুহুম পাকিস্তানের সংবিধানের কিছু ভালো কথা তুলে ধরেছেন। রায়টি যে

ঐতিহাসিক তাও বলেছেন এবং এরপর এ কথা স্বীকার করেছেন যে, ঐতিহাসিক রায়টি প্রয়োগ করা সম্ভব হয়নি। পাঠক প্রথমে শায়খ রফী ওসমানী দামাত বারাকাতুহুমের ভূমিকাটি মনোযোগ দিয়ে পড়ুন। এরপর তা কেন হয়নি সে কথাটি আমাদের কাছ থেকে শুনে নেবেন।

সবার আগে শায়খের ভূমিকা-

پیش لفظ

بسم اللہ الرحمن الرحیم

الحمد للہ رب العالمین، والصلوۃ والسلام علی رسولہ الکریم،

وعلی آلہ وصحبہ أجمعین، أما بعد

اسلامی جمہوریت پاکستان کے آئینی ڈھانچے کی خصوصیت میں ایک یہ ہے کہ ہر پاکستانی کو یہ ائینی حق حاصل ہے کہ وہ موجودہ کسی قانون کو وفاقی شرعی عدالت میں اس وجہ سے چیلنج کر سکتا ہے کہ یہ قانون قرآن وسنت پر مبنی اسلامی احکامات کے خلاف ہے۔ اس قسم کے درخواست وصول کرنے کے بعد وفاقی شرعی عدالت، حکومت پاکستان کو ایک نوٹس جاری کرتی ہے کہ وہ اس بارے میں اپنا نقطۂ نظر بیان کرے، اگر متعلقہ فریقین کی سماعت کے بعد عدالت اس نتیجے پر پھنچے کہ زیر دعوی قانون واقعتا اسلام کے خلاف ہے تو وہ ایک فیصلہ صادر کرتی ہے کہ ایک متعین مدت تک حکومت ایسا قانون لے کر آئے گی جو کہ اسلامی احکامات کے مطابق ہو گا، اور وہ قانون جسے اسلامی احکام کے منافی قرار دیا گیا تھا اس مدت کے بعد غیر مؤثر ہو جائے گا۔

وفاقی شرعی عدالت کا فیصلہ سپریم کورٹ آف پاکستان کی شریعت اپیلٹ بنچ میں چیلنج کیا جاسکتا ہے جس میں اس فیصلے سے متأثر کوئی بھی شخص یا فریق اپیل دائر کر سکتا ہے، اور پھر سپریم کورٹ کی اس بنچ کا فیصلہ حتمی تصوّر ہوتا ہے۔

وفاقی شرعی عدالت اور سپریم کورٹ آف پاکستان کی شریعت اپیلٹ بنچ سنہ ۱۹۷۹ء کے آئین پاکستان کے چیپڑ a-3 کے تحت وجود میں آئی تھیں، لیکن ابتداء میں کچھ قوانین کو ان کی جانچ پڑتال سے مستثنی قرار دیا گیا تھا، جس کے نتیجے میں ان پر غور وخوض ان عدالتوں کے دائرۂ اختیار سے باہر تھا۔

چنانچہ مالیاتی قوانین بھی دس سال تک کے لئے ان عدالتوں میں سماعت سے محفوظ تھے، اس مدّت کے ختم ہونے کے بعد بہت سی درخواستیں وفاقی شرعی عدالت میں دائر کی گئیں تاکہ ان قوانین کو چیلنج کیا جاسکے جو سود کو جائز قرار دیتے ہیں۔ وفاقی عدالت نے ان درخواستوں کی سماعت کے بعد سنہ ۱۹۹۱ء میں یہ فیصلہ صادر کیا کہ ایسے قوانین، اسلامی احکامات کے خلاف ہیں۔ وفاقی حکومت پاکستان اور ملک کے مختلف بینک اور تمویلی اداروں نے وفاقی شرعی عدالت کے اس فیصلے کے خلاف سپریم کورٹ کی شریعت اپیلٹ بنچ میں دعویٰ دائر کر دیا، سپریم کورٹ کی شریعت اپیلٹ بنچ میں محترم جسٹس خلیل الرحمٰن خان صاحب، محترم جسٹس منیر اے شیخ صاحب، محترم جسٹس وجیہ الدین احمد صاحب اور جسٹس مولانا محمد تقی عثمانی صاحب شامل تھے۔ اس بنچ نے ان اپیلوں کی سماعت مارچ ۱۹۹۹ء میں شروع کی، اس بنچ نے بیس علمائے کرام اور ملکی وغیر ملکی محققین کو دعوت دی، کہ وہ اس اہم مسئلے پر عدالت کی معاونت کریں۔ یہ ماہرین جنہوں نے آکر عدالت سے خطاب کیا، ان مین علمائے کرام، بینکار، قانون دان، معیشت دان، تاجر حضرات اور چارٹرڈ اکاؤنٹینٹ وغیرہ بھی شامل تھے۔ اس

مقدمے کی سماعت جولائی سنہ ۱۹۹۹ء کے آخر تک جاری رہی، جس کے بعد فیصلہ محفوظ کر لیا گیا۔

۲۳ دسمبر سنہ ۱۹۹۹ء کو اس نئی صدی سے صرف آٹھ دن پہلے سپریم کورٹ آف پاکستان کی شریعت اپیلٹ بنچ نے اپنا یہ تاریخ ساز عظیم فیصلہ سنایا جس میں سود کو غیر قانونی اور اسلامی احکامات کے منافی قراردیا اور اس کے تحت ۳۱ مارچ سنہ ۲۰۰۰ء، اور کچھ قوانین کو ۳۱ جولائی ۲۰۰۰ء، اور باقی دوسرے قوانین کو ۳۰ جون ۲۰۰۱ء سے منسوخ اور غیر مؤثر قرار دے دیا گیا، اس بنچ نے وفاقی حکومت کو یہ بھی ہدایت کی کہ اسٹیٹ بینک آف پاکستان میں ایک اعلیٰ اختیاراتی کمیشن قائم کیا جائے جو موجودہ سود پر مبنی مالیاتی نظام کو اسلامی نظام پر منتقلی کی نگرانی اور کنٹرول کرنے اور مکمل طور پر اپنے اختیارات سے متعلقہ اُمور سرانجام دینے کی صلاحیت رکھتا ہو، اس فیصلے نے کافی جامع ہدایات جاری کیں تا کہ اس متعین ٹائم فریم میں یہ عملِ انتقال مکمل ہو سکے۔

سپریم کورٹ کا مکمل فیصلہ تقریباً ۱۱۰۰ صفحات پر محیط ہے، اور یہ بات ایک حقیقتِ مُسلَّمہ ہے کہ یہ سپریم کورٹ کا اس ملک کی تاریخ میں ضخیم ترین فیصلہ ہے، یہ مرکزی فیصلے محترم جسٹس خلیل الرحمن خان صاحب (تقریبا ۵۰۰ صفحات) اور جسٹس مولانا محمد تقی عثمانی صاحب کے (تقریباً ۲۵۰ صفحات) ہیں، جبکہ محترم جسٹس وجیہ الدین احمد صاجب نے ۹۸ صفحات پر مشتمل ایک تائیدی نوٹ کے ساتھ لکھا ہے۔

سپریم کورٹ کے اس فیصلے کو میڈیا(media) نے ایک تاریخ ساز فیصلہ قرار دیا اور اسے پورے ملک اور مسلم دُنیانے خوش آمدید کہا، مگر بعد میں ایک بینک کی درخواست پر سپریم کورٹ کی شریعت بنچ میں (جو جسٹس منیر احمد شیخ صاحب کے سوا باقی تمام نئے ججوں پر مشتمل تھی) فیصلے پر نظر ثانی کرتے ہوئے کیس دوبارہ فیڈرل شریعت کورٹ کے پاس بھیج دیا، تاہم اس فیصلے میں جو علمی بحث ہے اس کی اہمیت اس واقعے سے کم نہیں ہوتی۔

ہمیں یہ اعزاز ہے کہ ہم محترم جسٹس مولانا محمد تقی عثمانی صاحب کا یہ فیصلہ طبع کررہے ہیں، کیونکہ اس نے ان تمام اُمور کو جو مقدمے کی سماعت کے دوران اُٹھائے گئے تھے، بہترین طریقے سے مختصر کرکے بیان کردیا ہے۔ ہم نے قارئین کے استفادہ کے لئے اس فیصلے کے بعد کورٹ آرڈر کو بھی شامل کردیا ہے۔

یہ اگرچہ مکمل فیصلے کا ایک حصہ ہے، لیکن اُمید ہے کہ یہ قارئین کے لئے ان بنیادی عوامل اور وجوہات کو سمجھنے میں معاون ہوگا جو اس بنچ کے لئے اس تاریخ ساز فیصلے کا سبب بنیں۔

(مفتی) محمد رفیع عثمانی

جامعہ دارالعلوم کراچی

سود پر تاریخی فیصلہ، مولانا مفتی محمد تقی عثمانی، سابق جج شریعت اپیلٹ بنچ سپریم کورٹ آف پاکستان

ترجمہ:ڈاکٹر مولانا محمد عمران اشرف عثمانی (پی ایچ ڈی)

طبع جدید: ربیع الثانی ۱۴۲۹ھ-اپریل ۲۰۰۸ء، مکتبۂ معارف القرآن کراچی

پیش لفظ: از مولانا مفتی محمد رفیع عثمانی

অনুবাদ

ভূমিকা

بسم الله الرحمن الرحيم

الحمد لله رب العالمين، والصلوة والسلام على رسوله الكريم،

وعلى آله وصحبه أجمعين، أما بعد

ইসলামী জুমহুরিয়া পাকিস্তানের আইনগত অবকাঠামোর একটি বৈশিষ্ট্য হচ্ছে, পাকিস্তানের প্রত্যেক নাগরিকের আইনগত এ অধিকার আছে যে, সে বর্তমান আইনের বিরুদ্ধে বেফাকী (ফেডারেল) আদালত এ জন্য চ্যালেঞ্জ করতে পারবে যে, আইনটি কুরআন সুন্নাহ ভিত্তিক বিধানের বিপরীত। এ ধরনের আবেদন পাওয়ার পর শরয়ী আদালত পাকিস্তান সরকারের বরাবরে এ মর্মে একটি নোটিশ জারি করে যে, সরকার যেন এ বিষয়ে তার দৃষ্টিভঙ্গির ব্যাখ্যা করে। সংশ্লিষ্ট দুই পক্ষের শুনানির পর আদালত যদি এ ফলাফলে পৌঁছে যে, দাবিকৃত আইনটি বাস্তবেই ইসলামের বিপরীত তাহলে আদালত এ মর্মে একটি সিদ্ধান্ত দেয় যে, একটি নির্দিষ্ট মেয়াদের মধ্যে হুকুমত এমন আইন নিয়ে আসবে যা ইসলামী বিধান অনুযায়ী হবে। আর ঐ আইন যাকে ইসলামের বিপরীত আইন হিসাবে সাব্যস্ত করা হয়েছে সে নির্দিষ্ট মেয়াদের পর তা অকার্যকর হয়ে যাবে।

বেফাকী (ফেডারেল) আদালতের সিদ্ধান্ত সুপ্রীমকোর্ট অফ পাকিস্তানের শরীয়া এপিলেট বেঞ্চে চ্যালেঞ্জ করা যায় যেখানে এ রায়ের সঙ্গে সংশ্লিষ্ট

যে কোন ব্যক্তি অথবা দল আপিল করতে পারবে। এরপর সুপ্রিম কোর্টের এ বেঞ্চের সিদ্ধান্তকে চূড়ান্ত সিদ্ধান্ত হিসাবে ধরা হবে।

বেফাকী (ফেডারেল) আদালত এবং সুপ্রীম কোর্ট অফ পাকিস্তানের শরীয়া এপিলেট বেঞ্চ ১৯৭৯ খ্রিস্টাব্দের পাকিস্তান আইনের ৩-এ অনুচ্ছেদের অধীনে অস্তিত্ব লাভ করেছিল[ক]। কিন্তু শুরুতে কিছু কানূনকে তাদের যাচাই বাছাইয়ের আওতা থেকে বাদ রাখা হয়েছিল। যারফলে সেসব বিষয়ে যাচাই বাছাই করার বিষয়টি এসব আদালতের এখতিয়ারের বাইরে ছিল[খ]।

সে কারণে অর্থ বিষয়ক আইন কানূনগুলো দশ বছরের জন্য এসব আদালতে শুনানি থেকে বেঁচে ছিল[গ]। এ মেয়াদ শেষ হওয়ার পর (বেফাকী) শরয়ী আদালতে এ মর্মে অসংখ্য পরিমাণ আবেদন পেশ করা হয়েছে যে, সেসব বেফাকী (ফেডারেল) আদালতে আইনকে চ্যালেঞ্জ করা হোক যে আইন সুদকে বৈধতা দেয়[ঘ]। বেফাকী (ফেডারেল) আদালত এ আবেদনগুলোর শুনানি শেষ করে ১৯৯১ খ্রিস্টাব্দে এ রায় দিয়েছে যে, এমন সব আইন ইসলামের বিধানের খেলাফ। পাকিস্তান সরকার এবং দেশের বিভিন্ন ব্যাংক বিনিয়োগ প্রতিষ্ঠানগুলো বেফাকী (ফেডারেল) আদালতের এ রায়ের বিরুদ্ধে সুপ্রীম কোর্টের শরীয়াহ এপিলেট বেঞ্চে আপিল করে দিয়েছে। সুপ্রীম কোর্টের শরীয়াহ এপিলেট বেঞ্চে মুহতারাম জাস্টিস খলীলুর রহমান খান সাহেব, মুহতারাম জাস্টিস মুনীর এ শায়খ সাহেব, মুহতারাম জাস্টিস ওজীহুদদ্বীন আহমদ সাহেব ও জাস্টিস মাওলানা মুহাম্মদ তাকী ওসমানী সাহেব ছিলেন। এ বেঞ্চ ১৯৯৯ খ্রিস্টাব্দে এ আপীলগুলো শুনানি শুরু করেছেন[ঙ]। এ বেঞ্চ বিশজন ওলামায়ে কেরাম এবং দেশী বিদেশী বিশ্লেষকগণকে দাওয়াত করেছেন, যেন তাঁরা এ গুরুত্বপূর্ণ বিষয়টিতে আদালতকে সহযোগিতা করেন। এ বিজ্ঞজন যাঁরা এসে আদালতের সঙ্গে মতবিনিময় করেছেন তাঁদের মধ্যে ওলামায়ে কেরাম, ব্যাংকার[চ], আইনজীবী[ছ], অর্থনীতিবিদ, ব্যবসায়ীবৃন্দ এবং চার্টার্ড একাউনটেন্ট প্রমুখও ছিলেন। এ মামলার শুনানি ১৯৯৯ খ্রিস্টাব্দের জুলাই মাসের শেষ পর্যন্ত জারি ছিল, যারপরে সিদ্ধান্ত গৃহীত হয়।

২৩ ডিসেম্বর ১৯৯৯ খ্রিস্টাব্দে এ নতুন শতাব্দীর মাত্র আট দিন আগে সুপ্রীম কোর্ট অফ পাকিস্তানের শরীয়াহ এপিলেট বেঞ্চ তাদের এ ইতিহাস

বিনির্মাণকারী মহান রায় শুনিয়েছে। যে রায়ের মধ্যে সুদকে বেআইনী এবং ইসলামী বিধানের বিপরীত বলে সাব্যস্ত করা হয়েছে[জ]। আর এ রায়ের আলোকে ৩১ মার্চ ২০০০ খ্রি., কিছু কানুন ৩১ জুলাই ২০০০ খ্রি., আর অবশিষ্ট আইনগুলোকে ৩০ জুন ২০০১ খ্রিস্টাব্দে রহিত এবং অকার্যকর সাব্যস্ত করে দেয়া হয়েছে। এ বেঞ্চ সরকারকে এ দিক নির্দেশনাও দিয়েছে যে, স্টেট ব্যাংক অফ পাকিস্তানে যেন একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিশন তৈরি করা হয়, যে কমিশন বর্তমানে প্রচলিত সুদনির্ভর ব্যবস্থাপনাকে ইসলামী ব্যবস্থাপনায় রূপান্তরের ক্ষেত্রে তত্ত্বাবধায়ন, নিয়ন্ত্রণ এবং পরিপূর্ণভাবে নিজেদের এখতিয়ারভুক্ত বিষয়গুলোকে সম্পাদন করার যোগ্যতা রাখে। এ রায় খুবই স্বয়ংসম্পূর্ণ দিক নির্দেশনা জারি করেছে, যেন নির্দিষ্ট সময় সীমার মধ্যে ব্যবস্থাপনা রূপান্তরের এ কাজ সম্পন্ন হয়ে যায়।

সুপ্রীম কোর্টের পূর্ণাঙ্গ রায় প্রায় ১১০০ পৃষ্ঠা সম্বলিত। আর এ কথা একটি স্বীকৃত বাস্তব যে, এ দেশে সুপ্রীম কোর্টের ইতিহাসে এটি ছিল সবচাইতে বড় রায়। এ কেন্দ্রীয় রায় মুহতারাম জাস্টিস খলীলুর রহমান খান সাহেবের (প্রায় ৫০০ পৃষ্ঠা) এবং জাস্টিস মাওলানা মুহাম্মদ তাকী ওসমানী সাহেবের (প্রায় ২৫০ পৃষ্ঠা) সম্বলিত। সঙ্গে মুহতারাম জাস্টিস ওজীহুদদ্বীন আহমদ সাহেব ৯৮ পৃষ্ঠার একটি সমর্থনমূলক নোট লিখেছেন[ঝ]।

সুপ্রীম কোর্টের এ রায়কে গণমাধ্যম একটি ইতিহাস বিনির্মাণকারী রায় হিসাবে সাব্যস্ত করেছে। সারা দেশ এবং মুসলিম বিশ্ব একে খোশআমদেদ জানিয়েছে[ঞ]। **কিন্তু পরবর্তীতে একটি ব্যাংকের আবেদনের প্রেক্ষিতে সুপ্রীম কোর্টের শরীয়াহ বেঞ্চে (যা জাস্টিস মনীর আহমদ শায়খ সাহেব ব্যতীত অন্য তিনজন নতুন জজ দ্বারা গঠিত ছিল) রায়ের উপর দ্বিতীয় বার বিবেচনা করার জন্য মামলাটিকে দ্বিতীয়বার ফেডারেল শরীয়াহ কোর্টের কাছে পাঠিয়ে দিয়েছে**[ট]। এরপরও এ রায়ের মাঝে যে ইলমী আলোচনা রয়েছে এ আলোচনার কারণে তার গুরুত্ব কমে না।

আমরা এ সম্মান অর্জন করেছি যে, আমরা মুহতারাম জাস্টিস মাওলানা মুহাম্মদ তাকী ওসমানী সাহেবের এ রায়টি মুদ্রণ করছি। কেননা মামলা শুনানির সময় যতগুলো বিষয়কে উত্থাপন করা হয়েছে সেসব কিছুকে

তিনি সুন্দর করে সংক্ষেপে বর্ণনা করে দিয়েছেন। আমরা পাঠকদের উপকারার্থে এ রায়ের পর কোর্ট ওয়ার্ডারটিও সংযুক্ত করে দিয়েছি।

এটি যদিও পূর্ণাঙ্গ রায়ের একটি অংশ, এরপরও আশা করি পাঠকদের জন্য এটি সেসব মৌলিক সূত্রগুলো ও কারণগুলো বুঝতে সহাযোগিতা করবে যা এ বেঞ্চের জন্য এ ইতিহাস বিনির্মাণকারী রায় দেয়ার কারণ হিসাবে কাজ করেছে।

(মুফতী) মুহাম্মদ রফী ওসমানী

জামেয়া দারুল উলূম করাচী

প্রয়োগ হয়নি; কারণ

কারণ দেশটি শতভাগ গণতান্ত্রিক দেশ। দেশটি ধর্মনিরপেক্ষ দেশ। দেশটি মানবরচিত আইনে পরিচালিত দেশ। দেশটি বৃটিশ আইনে পরিচালিত দেশ। দেশটি কুফরী আইনে পরিচালিত দেশ। এখানে শরীয়তের সর্বোচ্চ অভিনয় হতে পারে। মুলা প্রদর্শন করা যেতে পারে। ধোঁকা দেয়ার সব আয়োজন করা যেতে পারে। সংখ্যাগরিষ্ঠের নাম মুসলমান হওয়ার কারণে কখনো কখনো গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদের গায়ে আঁচড় না লাগে মত তাদের দু'য়েকটি আবদারও রক্ষা করা যেতে পারে।

সে কারণেই একটি শরয়ী আইনের জন্য হাজার হাজার আবেদন পত্র জমা হবে। বছরের পর বছর তার পেছনে মেহনত হবে। হাজার পৃষ্ঠার রায় রচনা হবে। রায়ের নাম ঐতিহাসিক রায় হবে। রায়টি ইতিহাস বিনির্মানকারী রায় হবে। সে রায় নিয়ে আমাদের গর্ব হবে। দেশ বিদেশ থেকে বাহবা পাওয়া যাবে। মিডিয়ায় তোলপাড় হয়ে যাবে। মোটকথা সব কিছু হবে। শুধু যা হবে না তা হচ্ছে, এসবের কোন বাস্তবায়ন হবে না, কোন প্রয়োগ হবে না।

প্রয়োগ না হওয়ার বিষয়টিকে শায়খ দামাত বারাকাতুহুম খুব সংক্ষেপে বলে ফেলেছেন। যার ফলে আমি ও আমার মত পাঠকরা বুঝে উঠতে পারেনি। বিষয়টি আরেকটু খুলে বললে সাধারণ পাঠকদের জন্য বুঝতে সহজ হত। যাইহোক, ঐতিহাসিক রায় বাস্তবায়নের মুখ না দেখার বিষয়টি আমরা শায়খের লেখা থেকেই জানতে পারলাম। এর সঙ্গে

আরো জরুরী কিছু তথ্য আমরা জানতে পেরেছি। তথ্যগুলো নিয়ে আমার পাঠকের সঙ্গে আমি আরো কিছু সময় কাটাতে চাই। সে তথ্যগুলো হচ্ছে এই-

ক. যে দেশটি শুধু ইসলামের জন্য ১৯৪৭ খ্রিস্টাব্দে তৈরি হয়েছে সে দেশে কুরআন হাদীস তথা শরীয়তের আলোকে একটি মাসআলার বিষয়ে কথা বলার টেবিল অস্তিত্ব লাভ করেছে ১৯৭৯ খ্রিস্টাব্দে। অর্থাৎ বত্রিশ বছর পর। এর আগ পর্যন্ত একটি দারুল ইসলামে (?) আল্লাহর বিধানগুলোর কী হাশর হয়েছিল? একটি দারুল ইসলামের প্রতিষ্ঠাতা ও কর্ণধারগণ সে সময়গুলো কোন অজুহাতে কাটিয়েছিলেন? শরীয়তের কোন সিদ্ধান্তের আলোকে তা মেনে নিয়েছিলেন? এর মাঝে গর্বের কী কী সূত্র লুকায়িত ছিল? এ বিষয়গুলো খতিয়ে দেখা দরকার ছিল। এতে চিন্তাভাবনাগুলো সঠিক পথ খুঁজে পেত।

খ. একটি দারুল ইসলাম (?) প্রতিষ্ঠার বত্রিশ বছর পর শরীয়তের আলোচনার যে টেবিল অস্তিত্ব লাভ করেছে সে টেবিলে শরীয়তের সব মাসআলা ওঠার সুযোগ পায়নি। সে মাসআলাগুলোর তালিকাও আসেনি। অর্থাৎ বত্রিশ বছরে দারুল ইসলাম উন্নতি করে أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ পর্যন্ত পৌঁছার যোগ্যতা অর্জন করেছে। যার অনিবার্য ফলাফল হচ্ছে فَمَا جَزَاءُ مَنْ يَفْعَلُ ذَلِكَ مِنْكُمْ إِلَّا خِزْيٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَى أَشَدِّ الْعَذَابِ। আর বিষয়গুলো শরীয়া আদালতের এখতিয়ারের বাইরে থাকার অর্থ হচ্ছে, শরীয়তের এখতিয়ারের বাইরে ছিল। আল্লাহর বিধানের এখতিয়ারের বাইরে ছিল। বিষয়গুলো অনেক ভয়ংকর। বলতে বলতে দেখতে দেখতে আমাদের জন্য সহজ হয়ে গেছে।

গ. শরীয়তের আওতামুক্ত বিষয়গুলোর ছোট্ট একটি উদাহরণ এসেছে, আর তা হচ্ছে অর্থ বিষয়ক মাসআলা-মাসায়েল। অর্থাৎ এমন একটি মাসআলা তখনো শরীয়তের টেবিলে ওঠার সুযোগ পায়নি যে মাসআলার সঙ্গে দেশের শত ভাগ মুসলমান জড়িত। যে মাসআলার সঙ্গে প্রতিদিনের, সকাল সন্ধ্যার হালাল হারাম জড়িত। যে মাসআলার

সঙ্গে প্রতিটি লোকমা, প্রতিটি সূতা ও প্রতিটি ইঞ্চির হালাল হারাম জড়িত। আর এ হচ্ছে একটি দারুল ইসলামে (?) বত্রিশ বছর পরে জন্ম নেয়া শরীয়তের টেবিল।

ঘ. একটি দারুল ইসলামে (?) সুদ বৈধতা পেয়েছে আইনের মাধ্যমে। কোন প্রকার দ্বিধা ও আপত্তি ছাড়া তার বৈধতা বহাল ছিল বত্রিশ বছরের বেশি। বত্রিশ বছর পরে সে বিষয়ে কথা বলার সুযোগ বের হয়েছে। দেখা যাক সামনে কী হয়।

ঙ. আরো বার বছর পর অর্থাৎ একটি দারুল ইসলাম (?) প্রতিষ্ঠার চুয়াল্লিশ বছর পর আদালতের একটি বেঞ্চ থেকে রায় এসেছে সুদ হারাম। চুয়াল্লিশ বছর যাবত একটি দারুল ইসলামের আদালত জানত না যে, সুদ হারাম। আর যদি বলা হয়, আদালত তা জানত, তাহলে বলতে হবে, দেশটির পরিবেশ এমন যেখানে শরীয়ত অনুযায়ী রায় দেয়া যায় না। দারুল ইসলামের সরকার কর্তৃক অনুমোদিত বড় বড় প্রতিষ্ঠানগুলো এবং দারুল ইসলামের মুসলমানরা সুদকে হারাম বলে ফাতওয়া দেয়ার বিরুদ্ধে আপিল করেছে। সে আপিলের শুনানি শুরু হয় আরো আট বছর পরে। ইতিমধ্যে একটি দারুল ইসলামের পঞ্চাশ/বায়ান্ন বছর বয়স হয়ে গেছে।

চ. মনে রাখতে হবে, এ গন্যমান্য ব্যাংকাররা হচ্ছে সেসব ব্যক্তি যারা যুগের পর যুগ সুদের মহাজনি করেছে। সুদের ফাউন্ডেশন তৈরি করেছে এবং তা লালন করার ক্ষেত্রে বড় বড় অবদান রেখেছে। তারা শরীয়া আদালতের আমন্ত্রিত গন্যমান্য ব্যক্তিবর্গ।

ছ. এ আইনজীবী মানে হচ্ছে, যারা সারা জীবন কুফরী আইনের অনুশীলন করে পৃথিবীর বুকে কুফরী আইন প্রতিষ্ঠার জন্য আজীবন লড়ে চলেছে। যারা আইনের পেশা নিয়ে প্রতিদিন আল্লাহর বিধানের বিরুদ্ধে কথা বলতে গিয়ে কখনো বুক কাঁপেনি এবং আল্লাহর বিধানের জন্য কখনো মন কাঁদেনি। পাঠক কথাগুলো একটু মনে রাখলেই হবে। এখানে কিছু করতে হবে না। এ কথাগুলো নিয়ে ভাবার অভ্যাসটা যদি আবার ফিরে আসত তাহলে হয়ত আমরা বদলে যেতাম। অনেক বদলে যেতাম।

জ. অবশেষে ১৯৯৯ এর শেষ মাথায় গিয়ে অর্থাৎ তেপ্পান্ন বছর পরে গিয়ে প্রমাণিত হয়েছে, সুদ একটি শরীয়ত বিরোধী বিষয় (!) এর পর কী হয়েছে? দেখা যাক।

ঝ. একটি দারুল ইসলাম (?) প্রতিষ্ঠার তেপ্পান্ন বছরের মাথায় হাজার হাজার পৃষ্ঠা খরচ করে প্রমাণ করতে হয়েছে সুদ হারাম। এটা সত্যি ইতিহাস রচনার মত বিষয় (!) আমরা যখন সীরাত ও খেলাফতের ইতিহাস ভুলে গেছি তখন এভাবেই আমাদের ইতিহাস তৈরি করতে হচ্ছে। যাই হোক, এর পর কী হয়েছে। ইতিহাসের কী ইতিহাস তৈরি হয়েছে?

ঞ. তেপ্পান্ন বছরের ব্যর্থতার কথা কারো মাথায় আসেনি। কারণ সামনেও অবস্থা আপন অবস্থায়ই থাকবে। মাঝে যে কিছুক্ষণ মাতামাতি হল এটাই হচ্ছে শুভেচ্ছা ও আশীর্বাদের বিষয়। এটাই হচ্ছে ইতিহাস ও ইতিহাসের নির্মাণ। আর তাই .....

ট. সকল ইতিহাস, সকল আয়োজন, সকল সমারোহ আবার জমা হয়েছে হিমাগারে। যে পরিমাণ গরম হয়েছে সে পরিমাণ ঠাণ্ডা করার ব্যবস্থা করা হয়েছে। মাঝে সংবিধানের সে অনুচ্ছেদটি আবার আলোচনার বিষয়বস্তু হওয়ার সুযোগ পেল। অবস্থা আবার সেখানে এসে থেমেছে যেখানে সে আগেই ছিল।

সর্বশেষ অবস্থা

সারা দেশে সুদের কারবার সেভাবেই চলছে যেভাবে ছিল। বৃটিশ ভারতে যেভাবে ছিল সেভাবেই আছে। বর্তমান ভারতে যেভাবে আছে সেভাবে আছে। আমেরিকা লন্ডনে যেভাবে আছে সেভাবেই আছে। বিশ্বের প্রতিটি গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশে যেভাবে আছে সেভাবেই আছে। সারা বিশ্বে তাগুতের আইনে অর্থনীতি যেভাবে চলছে সেভাবেই পাকিস্তানে চলছে। ব্যবধান হচ্ছে, সারা বিশ্বের মুসলমানরা যে পরিমাণ ধোঁকা খেয়ে চলেছে সে তুলনায় পাকিস্তানের মুসলমানরা একটু বেশি খেয়ে চলেছে। অবশ্য যারা খাচ্ছে তাদের ব্যাপারে বলা হচ্ছে। আল্লাহর এমন বহু বান্দাও আছে যারা এসব ধোঁকা থেকে নিজেকে বাঁচিয়ে রেখে চলছে।

আল্লাহ আমার উপস্থাপনের ভুলগুলো ক্ষমা করে দিন। আমি আমাকে নিয়ন্ত্রণ করে রাখতে চেষ্টা করার পরও যে বেয়াদবিগুলো হয়ে গেছে সেগুলো ক্ষমা করে দিন।

জরুরী টীকা : ৫

এ মর্যাদা...

জরুরী টীকা-৫

এ মর্যাদা...

** ঈমান ও ফরয-ওয়াজিব বিষয়গুলো যখন শুধু মর্যাদা ও ফযীলতের গণ্ডিতে আবদ্ধ হয়ে গেছে তখন থেকে আমরা ঈমান ও ফরয-ওয়াজিব দায়িত্বের কথা ভুলে গিয়ে মর্যাদার তালাশ করে ফিরছি এবং তা তালাশ করছি এমন পথে যেখানে আমাদের জন্য মর্যাদা রাখা হয়নি।*

একটি বিশেষ ভূখণ্ডের মর্যাদা, একটি বিশেষ সম্প্রদায়ের মর্যাদা, একটি বিশেষ ভাষার মর্যাদা খুঁজে বের করছি আর নিজেরা কৃত্রিম মর্যাদায় মর্যাদাবান হয়ে চলেছি। মুসলমানের একজন কর্ণধার এ কথার উপর খুব খুশি যে, পুরো বিশ্ব থেকে আল্লাহর হাকিমিয়্যাত বিলুপ্ত হয়ে গেছে এবং তা তাঁর ভূখণ্ডে এখনো আছে। ভূখণ্ডের ভালোবাসায় তালাশ করার প্রয়োজন হয়নি যে, আসলে আমরা যার জন্য খুশি তার কোন অস্তিত্ব আছে কি না? المسلمون كرجل واحد إن اشتكى عينه اشتكى كله وإن اشتكى رأسه اشتكى كله এর ধারণা ভুলে যাওয়ার উপর আফসোস করার মত কোন পথও আমাদের সামনে খোলা নেই। আমরা খোলা রাখিনি।

এ মর্যাদা কেন?

শায়খে মুহতারামই এ বিষয়টি সবচাইতে ভালো করে জানেন যে, পাকিস্তানের আইন ও সংবিধান আল্লাহর বিধানের অধীনে তৈরি হয়নি।

বিষয়টি শায়খে মুহতারাম যে পরিমাণ জানেন তা অন্য কেউ জানার কথা নয়। শায়খে মুহতারাম বিশ্বের বহু ইসলামী রাষ্ট্র দেখেছেন। সেখানে তিনি দেখেছেন, হুবহু এ কথা আরো বহু মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের সংবিধানে রয়েছে। কিন্তু বাস্তবায়ন ও প্রয়োগের সঙ্গে তার কোন সম্পর্ক নেই। পাকিস্তানের অবস্থা ও সেসব দেশের অবস্থা এ ক্ষেত্রে অভিন্ন। তিনি এমন বহু দেশ দেখেছেন যেখানে এ ধরনের কথা লেখা না থাকলেও পাকিস্তানের তুলনায় অনেক বেশি পরিমাণে আল্লাহর বিধানের অনুসরণ করা হয়। রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে কুরআন ও সুন্নাহকে জিজ্ঞেস করা হয়।

তবে সবচাইতে বড় প্রশ্ন হচ্ছে, সংবিধানের একটি অকার্যকর অনুচ্ছেদ যার প্রায়োগিক কোন রূপ নেই তা নিয়ে মর্যাদা বোধ করা এবং গর্ব বোধ করাটা কেমন? অথবা যা সংবিধানের কোন ধারা উপধারা ভিত্তিক অনুচ্ছেদ নয়, এমন একটি বিষয় নিয়ে এভাবে মর্যাদা বোধ করার কী অর্থ হতে পারে? বিষয়টা অনেকটা কাগজের ফুলের ঘ্রাণে মোহিত হয়ে যাওয়ার অবস্থা নয়? এভাবে কাল্পনিক মর্যাদা অনুভব করে এবং প্রচার করে কতকাল চলা যাবে? এবং কতকাল চালানো যাবে?

এ মর্যাদা কখন থেকে?

আমরা পাকিস্তানের ইতিহাস অল্প সামান্য যা দেখেছি এবং শায়খ রফী ওসমানী দা. বা. এর লেখা থেকে এবং শাব্বীর আহমদ ওসমানী রহ. এর জীবনী থেকে যতটুকু উল্লেখ করেছি তা থেকে এ কথা স্পষ্ট হয়ে গেছে যে, পাকিস্তানের প্রতিষ্ঠাতা আল্লাহর বিধানের অধীনে দেশ পরিচালান করেনি। পাকিস্তান শিরোনামে একটি দারুল ইসলামের স্বপ্নদ্রষ্টা আকাবিরে ওলামায়ে কেরামের জীবদ্দশায় পাকিস্তান আল্লাহর বিধানের অধীনে পরিচালিত হয়নি। পরবর্তী প্রজন্ম আল্লাহর পক্ষ থেকে মুকাল্লাফ বা দায়িত্ব প্রাপ্ত হওয়ার পঁচিশ/ত্রিশ বছর মেয়াদের মধ্যেও পাকিস্তান আল্লাহর বিধানের অধীনে পরিচালিত হয়নি। প্রজন্মের পড়ন্ত বিকেলে সূর্যের উপর থেকে মেঘখণ্ডটি কেটে যাচ্ছে যাচ্ছে করতেই সূর্যটি অস্তমিত হয়ে গেছে। কাল্পনিক গর্বের মাহেন্দ্রক্ষণটি আর খুঁজে পাওয়া যায়নি।

এ মর্যাদা কেন মর্যাদা?

এ প্রশ্নটি চারটি কারণে সৃষ্টি হয়েছে। **এক.** একটি অঙ্গ অসুস্থ ও দুর্বল হলে সে কারণে আরেকটি অঙ্গ সুস্থতার কারণে গর্ব ও সুখ বোধ করার কোন

বৈধতা নেই। বিশেষত যখন অপর অঙ্গগুলোকে সুস্থ করার ফরয দায়িত্ব সুস্থ অঙ্গের উপরই এসে যায়। আর তাই একটি অঙ্গ অসুস্থ হলে অন্য অঙ্গগুলো ব্যথা অনুভব করার কথা হাদীসে এসেছে। **দুই.** মর্যাদার কারণটি এখনো প্রয়োগ হয়নি। প্রয়োগ হওয়ার আগ পর্যন্ত মর্যাদার আশায় খুশি থাকা যেতে পারে, মর্যাদা অর্জনের তৃপ্তি আসতে পারে না। **তিন.** একটি কাগজের ফুলের ঘ্রাণে কোন অবুঝ শিশু মোহিত হতে পারে এবং মুহূর্তের জন্য হতে পারে। প্রাপ্ত বয়স্ক মানুষ যুগের পর যুগ কাগজের ফুল দিয়ে মোহিত হয়ে থাকার কোন বৈধতা নেই। **চার.** পাকিস্তানের যে অবস্থার উপর পাকিস্তানের আকাবির ওলামায়ে কেরাম কেঁদে কেঁদে আফসোস করতে করতে দুনিয়া থেকে বিদায় নিয়ে গেছেন, সে একই অবস্থার উপর প্রজন্মের কোন আফসোস ও দুঃখ তো নেই-ই, উপরন্তু আগের অপরিবর্তিত অবস্থার উপর গর্ব ও মর্যাদার প্রাসাদ তৈরি হচ্ছে।

বিষয়গুলো অনেকটাই সাম্প্রদায়িক তথা জাতীয়তাবাদ মানসিকতা থেকে সৃষ্টি হয়। যেমন বাংলাদেশের মানুষ জানে, তারা পৃথিবীর সেরা দুর্নীতিবাজ হিসাবে বার বারই প্রথম পুরষ্কার পেয়েছে। হুজুগে বাঙ্গালী হিসাবে তাদের পরিচিতি নিজেরাই স্বীকার করে। দুনিয়ার বিচারে বিশ্বের অনুন্নত দেশগুলোর অন্যতম একটি দেশ হচ্ছে বাংলাদেশ। এ দেশের মানুষ একটি সুঁই ও ব্লেড বিদেশ থেকে আমদানী করে ব্যবহার করে থাকে। হাসের ডিম আর কলা পেপে ছাড়া এ দেশে প্রত্যেকটি জিনিসই কিনতে গেলে মানুষ জিজ্ঞেস করে থাকে, এটা দেশী না কি বিদেশী? দেশী হলে যা দাম বিদেশী হলে তার তিন গুন, চার গুন ও অনেক গুনে আমরা তা কিনে থাকি।

এতসব বিষয় আমাদের জানা থাকা সত্ত্বেও আমাদের দাবি, আমরা পৃথিবীর সেরা জাতি। জাতি হিসাবে আমাদের কোন তুলনা নেই। একই দাবি পাকিস্তানীদের, একই দাবি ভারতীয়দের, একই দাবি আরবের, একই দাবি শ্বেতাঙ্গের, একই দাবি কৃষ্ণাঙ্গের। পূর্বের দাবি, তোমাদেরকে আলো দেয়ার জন্য আমরা সূর্যকে তোমাদের কাছে পাঠাই। পশ্চিমের দাবি, সূর্যকে আমরা আমাদের কাছে আশ্রয় দেই।

আসলে এসবই হচ্ছে সাম্প্রদায়িক তথা জাতীয়তাবাদের প্রভাব। ধীরে ধীরে ইসলামের অনুসারীগণও এসব ফালতু বিষয়ে জড়িয়ে পড়ছে। যিম্মাদারদের জন্য এটা উচিত নয়। বিশেষ ভূখণ্ড ও জাতি নিয়ে বড়াই

করলে তো কুতুবে বাঙ্গাল (?) আর কুতুবে আলমের (?) মতই হয়ে গেল। যারা নিজেদের ভূখণ্ডের নাস্তিক মুরতাদ এবং নিজেদের ভূখণ্ডের হিন্দু ও হিন্দুদের মূর্তি নিয়েও গর্ব করে, মর্যাদা বোধ করে।

কুতুবে আলম (?) মাহমূদ মাদানীর গর্বভরা দাবি: "পৃথিবীর বুকে ভারতই একমাত্র দেশ যেখানে সকল ধর্মের মানুষ মিলে মিশে একটি সুন্দর ফুলের কানন তৈরি করেছে। কারণ বাগানে যখন সব ধরণের ফুল থাকে তখন বাগান সুন্দর হয়। পক্ষান্তরে বাগান যদি গোলাপ ফুলে ভর্তি থাকে তখন তা সুন্দর হয় না।"

কুতুবে বাঙ্গাল (?) ফরীদ উদ্দীন মাসউদের গর্বভরা দাবি: "আমাদের এ বাংলাদেশে মসজিদে মন্দিরে গির্জায় পাশাপাশি এবাদত হয়। মুসলমানরা হিন্দুদের পূজামণ্ডপ পাহারা দেয়, আর হিন্দুরা মুসলমানদের ঈদ উদযাপনে শরিক হয়। কত সুন্দর অসাম্প্রদায়িক পরিবেশ!"

কিন্তু এসব শোভা ও গর্বের বিষয় তো কুতুবে আলম (?) ও কুতুবে বাঙ্গালদেরকে (?) মানায়। ভূখণ্ডভিত্তিক এসব গর্ব আমাদের মাশায়েখ ও কর্ণধারগণের জন্য একেবারেই মানায় না।

এ প্রশংসায় আসলে কারা উপকৃত হয়?

এটি একটি জটিল প্রশ্ন। পাকিস্তানের সংবিধানে এমন ভালো ভালো বিষয় আছে যা পৃথিবীর আর কোন মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের সংবিধানে নেই। এ কথা গণমাধ্যমে ও জনসমাবেশে কেন বলা হয়? জনগণকে তাদের দায়িত্বে সচেতন করার জন্য? না কি পাকিস্তান রাষ্ট্রপক্ষের ধর্মের প্রতি অনুরাগ প্রকাশ করার জন্য। শায়খে মুহতারাম তাঁর এক বক্তব্যে পাকিস্তানের নেক আমলগুলোর উদাহরণ দিয়ে বলেন, এ নেক আমলগুলোর শুকরিয়া আদায় করা দরকার। তাহলে আল্লাহ আমাদের নেয়ামত আরো বাড়িয়ে দেবেন।

শায়খে মুহতারামের এ জাতীয় কথা থেকে আমাদের প্রশ্নটি জেগেছে যে, এ কথাগুলো আসলে কাদের বেশি উপকারে আসে এবং কাদের বেশি কাজে লাগে। শায়খে মুহতারাম যে মজলিসে পাকিস্তানের নেক আমলগুলোর শুকরিয়া আদায় করার দাওয়াত দিয়েছেন সে মজলিসটি ছিল, পাকিস্তান যে শরীয়ত বিরোধী কার্যক্রম চালিয়ে যাচ্ছে তার

প্রতিকারের জন্য কি করা যায় তা নিয়ে। সে প্রসঙ্গে কথা বলতে গিয়ে তিনি শরীয়ত বিরোধী কার্যক্রমের প্রতিকার বিষয়ে আলোচনার দিকে না গিয়ে তাদের কৃত নেক আমলগুলোর শুকরিয়া আদায় করার দাওয়াত দিয়েছেন।

শ্রোতাদের মনে খুব স্বাভাবিকভাবেই প্রশ্ন জেগেছে যে, যে দেশের সর্বোচ্চ থেকে সর্বনিম্ন পর্যন্ত সকল আদালত তাগুতের আইন তথা গায়রুল্লাহর আইনে চলে এবং যে দেশের কর্তৃপক্ষ গায়রুল্লাহর সে আইনের প্রণয়নকারী, প্রয়োগকারী ও রক্ষাকারী, যারা শত ভাগ মুসলমানের সিদ্ধান্ত ও কুরবানী উপেক্ষা করে ইসলামের বাস্তবায়নের জন্য গঠিত একটি দেশে এক মুহূর্তের জন্যও আল্লাহর বিধান বাস্তবায়ন হতে দেয়নি তাদের নেক আমলগুলোর ধরন কী হবে এবং তার কেমন শুকরিয়া আদায় করা উচিত? এ বাস্তবতাগুলো খোলামেলা আলোচনা হওয়া উচিত।

এ মর্যাদা থাকা না থাকার ফলাফল: বক্তার দৃষ্টিকোণ

শায়খে মুহতারাম যে মর্যাদার দাবি করেছেন এ মর্যাদার কারণে পাকিস্তানের মুসলমানরা অতিরিক্ত এমন কী কী সুবিধা পেয়েছে যা বিশ্বের অন্যান্য মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের মুসলমানরা পায়নি। শায়খে মুহতারাম সাউদী আরবের উদাহরণ এনেছেন। তাই শুধু সাউদী আরবকে তুলনা করে প্রশ্ন রাখা যায় যে, আল্লাহর বিধান বাস্তবায়নের ক্ষেত্রে পাকিস্তান কোন কোন বিভাগে সাউদী আরবের চাইতে বেশি নম্বর পেয়েছে?

হুদূদ, কিসাস, আমর বিল মারুফ ও নাহি আনিল মুনকার, সুদ, ঘুষ, পর্দা, মদ, জুয়া, ইলমের চর্চা, আইন-আদালত, মিথ্যা, দুর্নীতি, পতিতা ব্যবসা, ঈমান, আমল, কুফর-শিরক-বিদআত, হারাম খেলা, সিনেমা, ইত্যাদি ক্ষেত্রে শরীয়তের বিধান বাস্তবায়নে সাউদী আরবের প্রাপ্ত ফলাফল কী? এবং পাকিস্তানের প্রাপ্ত ফলাফল কী? আমি যদি বলি এ ক্ষেত্রে শরীয়তকে মাপকাঠি বানিয়ে পাকিস্তানে এর প্রাপ্তির মোট হার হচ্ছে শতকরা ০০.০১%, আর সাউদী আরবে প্রদর্শনী ও হাকীকতসহ এর হার হচ্ছে শতকরা ২৫% থেকে ৩০% -তাহলে আমার হিসাব হয়ত অনেকেই মানতে চাইবেন না। তাই সবচাইতে ভালো হবে শায়খে মুহাতারামের

কাছ থেকে সরাসরি অথবা তাঁর আস্থাভাজন কারো কাছ থেকে এর একটা জরিপ সংগ্রহ করা। এ ক্ষেত্রে তাঁদের দেয়া বিস্তারিত জরিপ সামনে আসলে বিষয়গুলো বোঝা আমাদের জন্য সহজ হয়ে যাবে।

সংবিধানের যে বাণী কখনো আলোর মুখ দেখেনি এবং দেখবে না সে বাণী শুধু আওড়ানোর কোন ফযীলত আমাদের জানা নেই। তাই সংবিধানে এমন কোন ধারা উপধারা থেকে থাকলে প্রায়োগিক ক্ষেত্রের বিচারেই তার মূল্যায়ন ও অবমূল্যায়ন হবে। প্রয়োগের হার হিসাবে মর্যাদার পরিমাপ হবে। আসলে আমাদের কোন মর্যাদা অর্জিত হয়েছে কি না তাও আমাদের সামনে স্পষ্ট হয়ে যাবে।

জরুরী টীকা : ৬

এই মর্যাদা আর কোন দেশের অর্জিত নেই .... পাকিস্তানের কোন আইন কুরআন ও সুন্নাহের খেলাফ বানানো হবে না ....

জরুরী টীকা-৬

এই মর্যাদা আর কোন দেশের অর্জিত নেই .... পাকিস্তানের কোন আইন কুরআন ও সুন্নাহের খেলাফ বানানো হবে না ....

** এটা কোন দারুল ইসলামের আইন বিষয়ক সিদ্ধান্তের ভাষা হতে পারে না। এটা হচ্ছে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ নীতির পক্ষ থেকে ইসলামের প্রতি করুণার ভাষা। শয়তানী আইনের পক্ষ থেকে কুরআন সুন্নাহর প্রতি করুণার ভাষা। একটি দারুল ইসলামের আইন বিষয়ক সিদ্ধান্তের ভাষা হবে 'দারুল ইসলামের প্রতিটি বিষয়ে সিদ্ধান্ত দেবে কুরআন ও সুন্নাহ। কুরআন ও সুন্নাহ সমর্থন করে না এমন প্রতিটি সিদ্ধান্তই প্রত্যাখ্যাত। যেসব বিষয়ে কুরআন সুন্নাহে সিদ্ধান্ত দেয়া আছে সেসব বিষয়ে নতুন সিদ্ধান্তের জন্য পরামর্শ করারও কোন বৈধতা নেই'। কুরআন সুন্নাহের পর্যাপ্ত জ্ঞান রাখে না এমন কেউ একটি দারুল ইসলামের আইন প্রণয়ন পরিষদের সদস্য হওয়া ও বিচারপতি হওয়ার কোন বৈধতা নেই।*

এটি পাকিস্তানের কোন বৈশিষ্ট্য নয়

বিশ্বের মুসলিম সংখ্যাগরিষ্ঠ যেসব দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে সেসব দেশের প্রায় দেশের সংবিধানেই এ ধারাটি দেখতে পাওয়া যায়। কিন্তু ইদানিং দেখা যায়, যে বিষয়টি সর্বত্র পাওয়া যায় তাকেই যে কোন একটির বৈশিষ্ট্য বলে প্রচার করা হয়ে থাকে। যেমন সবুজ পাতার গাছ

পৃথিবীর সর্বত্র পাওয়া যায়, এরপরও এটা না কি আমাদের দেশের বৈশিষ্ট্য। নদী পৃথিবীর বহু দেশে পাওয়া যায়, এরপরও আমাদের দেশের নাম নদীমাতৃক দেশ। চুরি ডাকাতি পৃথিবীর সব এলাকার মানুষই করে, এরপরও মানুষ শুধু আমাদেরকেই চোর ডাকাত বলে বিভিন্ন দেশ থেকে তাড়িয়ে দেয়।

'কুরআন সুন্নাহ বিরোধী আইন করা হবে না' এ জাতীয় কথাগুলো মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের সংবিধানে সাধারণত থাকে। তবে সবচাইতে বেশি থাকে নির্বাচনের আগে নির্বাচনী প্রচারণার ইশতেহারে। নির্বাচনের ইশতেহারে বিষয়টি স্থান পাওয়ার পর এসব বিষয়ে আমাদের কোন সন্দেহ থাকা উচিত হয়নি যে, এর সঙ্গে বাস্তবতার কোন সম্পর্ক নেই। একটি দেশে যে জাতির সংখ্যা বেশি হবে সে দেশে ক্ষমতার রাজনীতিতে তাদেরকে এতটুকু মূল্যায়ন দিতেই হয় যতটুকুতে নির্বাচনের স্বার্থ উদ্ধার করা যায়। আর নির্বাচনের ইশতেহার যখন অনেক বেশি প্রচার করা হয়ে যায় তখন নির্বাচনের পর সংবিধানের ক্ষেত্রেও তাকে এড়িয়ে যাওয়া যায় না।

গণতান্ত্রিক দেশে কোন ধর্মের বিপরীতই কোন কানুন তৈরি করা হয় না। এরকম করার কোন নিয়ম নেই। কিন্তু ধর্মের কিতাব দেখলে দেখা যায় দেশের প্রতিটি কানুনই ধর্মের বিপরীত। আমরা যতটুকু দেখেছি এ বিষয়ে পৃথিবীর অন্যান্য মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের অবস্থার সঙ্গে পাকিস্তানের অবস্থার কোন ব্যবধান নেই। বরং অন্যান্য দেশে ধর্মবান্ধব আরো সুন্দর সুন্দর কথাও দেশের মালিক পক্ষের ঘোষণার মাঝে রয়েছে।

অন্য দেশের বাড়তি বৈশিষ্ট্য

পাকিস্তানের বৈশিষ্ট্য হিসাবে যে বিষয়টিকে শায়খে মুহতারাম এখানে উল্লেখ করেছেন সে বৈশিষ্ট্য পৃথিবীর প্রায় সকল মুসলিম সংখ্যাগরিষ্ঠ গণতান্ত্রিক দেশেরই আছে। সেসব বৈশিষ্ট্যের সাথে সাথে মদীনা সনদ অনুযায়ী রাষ্ট্র পরিচালনা করার মত ঘোষণাও বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানের পক্ষ থেকে দেয়া আছে। যা পাকিস্তানের এ ঘোষণার চাইতে অনেক বেশি শক্তিশালী। কোন কোন রাষ্ট্রপ্রধান এ ঘোষণাও দিয়েছেন যে, বিদায় হজ্জের ভাষণের নির্দেশনা অনুযায়ী দেশ পারিচালিত হবে। কোন কোন মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের প্রধানের পক্ষ থেকে ইলমে ওহির

সঠিক চর্চার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়ে গেছে। কুরআন হাদীসের ভুল ব্যাখ্যা করে তা থেকে ভুল মাসআলা উদ্ভাবনের রাস্তা বন্ধ করার জন্য আয়োজন করা হয়ে গেছে।

পাকিস্তান সরকারের পক্ষ থেকে এ ব্যবস্থা এখনো করা হয়েছে কি না আমরা জানি না।

ইসলামের শত্রুরা মুসলমানদেরকে বিচ্যুত করতে পারে এমন আশঙ্কার কারণে গণতান্ত্রিক সরকার জুমার খতিবদেরকে খুতবা ও ওয়াযের বিষয়বস্তু পর্যন্ত শিখিয়ে দিচ্ছে। পাশাপাশি দলীয় মাস্তানদেরকে জুমার নামাযে উপস্থিত হওয়ার জন্য জোর তাগিদ দিয়ে যাচ্ছে। যেন কোন খতিব কুরআনের অপব্যাখ্যা দিতে না পারে, কুরআনকে বিকৃত করতে না পারে। ধর্মনিরপেক্ষ ধর্মের প্রহরী, অনুসারী ও ক্যাডাররা মসজিদে মসজিদে, ওয়াজ মাহফিলে, দাওয়াতের মারকাযে এবং এসলাহের খানকায় রীতিমত মহড়া দিয়ে চলেছে, যেন এসব ধর্মীয় অঙ্গনে কেউ দুনিয়াবি কথা বলতে না পারে। সুদ, ধর্মনিরপেক্ষতা, বাল্যবিবাহ আইন, পহেলা বৈশাখ, দূর্গা উৎসব ইত্যাদি দুনিয়াবি বিষয়ে কেউ মসজিদের মাইকে কথা বলে কি না সে দিকে নজর রাখার জন্য স্থানীয় প্রশাসনকে রীতিমত তাগিদ দেয়া হচ্ছে।

পাকিস্তানে এখনো এসব ব্যবস্থা করা হয়নি। এ বিষয়ক কোন আয়োজন করা হয়নি।

সব ধরনের প্রভাবমুক্ত খাঁটি ইলমে ওহি শেখানোর জন্য দারুল আরকাম শিরোনামে দেশব্যাপী মাদরাসা প্রতিষ্ঠা করে চলেছে। ওলামায়ে কেরাম তাদের দরসগাহগুলোতে কুরআন হাদীসের ব্যাখ্যা করতে গিয়ে কী কী ভুল করছে, ভুল ব্যাখ্যা করছে ও অপব্যাখ্যা দিচ্ছে তার উপর নযরদারির জন্য স্থানীয় কর্মকর্তা ও কর্মীবাহিনীকে দায়িত্ব দেয়া হয়েছে। দারুল আরকামে খাঁটি ইলমে ওহি শিক্ষাদানের প্রতি আগ্রহী করার জন্য বেতন বাড়িয়ে দেয়া হয়েছে। শিক্ষাগত যোগ্যতার শর্তকে সহজ করে দেয়া হয়েছে এবং আরো বিভিন্নভাবে উদ্বুদ্ধ করার ব্যবস্থা করা হয়েছে। তাবশীরে কাজ না হলে ইনযারের ব্যবস্থাসহ রাখা আছে। তাহরীযে কাজ না হলে ইজবারের ব্যবস্থাসহ রাখা আছে; কারণ নাদান উম্মতকে ঘাড় ধরে দ্বীনের সঠিক পথে না আনলে তাদের ইহকাল পরকাল সব বরবাদ হয়ে যাবে।

পাকিস্তানে এমন কোন ব্যবস্থা হয়েছে বলে আমাদের কাছে কোন খবর আসেনি।

এ কথা বলার সুযোগ নেই যে, যেসব দেশে এসব ভালো ভালো ঘোষণা এসেছে এগুলোর উদ্দেশ্য ভালো নয়। এগুলোর সবই হচ্ছে 'কথা সত্য মতলব খারাপ' বিভাগের কথা। এ কথা বলা যাবে না; কারণ মতলব কারোই ভালো নয়। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের অনুসারী হয়ে কেউ ভালো মতলবে ইসলামের পক্ষের কথাগুলো বলবে এমন আশা করার মত বোকামী আর হতে পারে না। পাকিস্তানও মতলবের জন্যই সে কথাটি বলেছে এবং সংবিধানে স্থান দিয়েছে। তাদের মতলব আদায়ও হয়েছে। সত্তর/বাহাত্তর বছর যাবত মুসলমানদেরকে এ মুলা দেখিয়ে দৌড়ের উপর রাখা গেছে।

গণতান্ত্রিক সব দেশের এসব কথা ধোঁকা দেয়ার জন্যই। আমলের সাথে এগুলোর কোন সম্পর্ক নেই। অতএব কোন দেশকে অপর দেশের উপর প্রাধান্য দিতে হলে শুধু কথাগুলোকে মেপেই দিতে হবে। আর কথা মাপতে গেলে আমাদের দেশের কাছেই পাকিস্তান হেরে যাবে নিশ্চিত।

গণতান্ত্রিক ধোঁকার সফল একটি ফাঁদ

এ বিষয়টি গণতন্ত্রের মূল পরিকল্পনার একটি অংশ। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম কারো গলায় ছুরি চালায় না। শুধুমাত্র টার্গেট করা লোকটিকে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির ক্যাম্পে নিয়ে যায়। শরীরের গুরুত্বপূর্ণ রগের মধ্যে স্যালাইনের মাথার সুঁই লাগিয়ে বিপরীত দিকে একটি ব্লাডব্যাগ কাঁথার নীচে রেখে দেয়। রক্তদাতা সাহেব বুঝে উঠতে পারেন না ব্লাডব্যাগটি কত মণ রক্ত ধারণ করার ক্ষমতা রাখে। গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ সাহেব রক্ত চলাচলের সুঁইটি চালু করে দিয়ে তা বন্ধ করতে ভুলে যান। যখন ফিরে আসেন তখন দাতা সাহেবের শরীরের শেষ বিন্দু রক্তও ব্লাডব্যাগে গিয়ে অবস্থান করে ফেলে। দাতা সাহেব বুঝেও উঠতে পারেন না যে, তিনি কখন মারা গেছেন। তিনি মনে করতে থাকেন, এক বিন্দু রক্ত ছাড়াও মানুষের অস্তিত্ব থাকতে পারে, যেমন আমি আছি। সে আর জীবন মরণের ব্যবধান বুঝতে পারে না। কেউ যদি তাকে বুঝিয়ে দিতে চায় যে, তুমি মারা গিয়েছ তখন সে তা বিশ্বাস করতে চায় না।

ইতিহাসের খুব সহজ পাঠ থেকেই জানা যায়, পৃথিবীটা আদি ও অনন্তকাল থেকে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদের কোলে লালিত হয়নি। পৃথিবী তার জন্ম থেকে ধর্মের কোলে লালিত হয়েছে। ধর্মকে বিকৃত করে যে অযাচিত উপসর্গগুলো তৈরি হয়েছে সেগুলো হচ্ছে কুফর ও শিরক। আর এ কুফর শিরকের সর্বশেষ এবং বর্তমান কাল পর্যন্ত সর্বচূড়ান্ত ও সফল সংস্করণ হচ্ছে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদ। এ দু'টি ধারা যখন তাদের যাত্রা শুরু করেছে তখন পৃথিবীর ইসলামী ভূখণ্ডগুলো ধর্মীয় অনুশাসনের একেবারে দুর্বল পর্বগুলো অতিক্রম করছে। যখন ধর্মের অনুসারীরা ধর্মের অনুশাসন মেনে চলার আগ্রহ হারিয়ে ফেলেছে, কিন্তু ধর্মের বিরুদ্ধে বিদ্রোহ করার মত মনের পরিস্থিতি সৃষ্টি হয়নি। এরকমভাবে ধর্মের অনুসারীদের কাছে ধর্মের বিপরীত চলা যতটা সহনীয় ছিল, বিষয়টি মানুষ জেনে ফেলা ততটা সহনীয় ছিল না।

এসব পরিস্থিতি সামনে রেখে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদ তার নীতি ধারার গদগুলো এমনভাবে তৈরি করেছে যেখানে ধর্ম আটকা পড়ে যাবে, কিন্তু ধর্মের অনুসারী বড় ধরনের কিছু অনুভব করবে না। ধর্মীয় অনুশাসন মেনে চলার ক্ষেত্রে শিথিলতার সুযোগ পেয়ে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতাকে আগ্রহের সঙ্গে গ্রহণ করবে। আবার এ ফাঁদে যে ধর্ম পুরোপুরি আটকে গেছে তা বুঝতে না পেরে এর বিরোধিতা করার মত কোন প্রয়োজন অনুভব করবে না।

ঠিক এ নীতি ধারাকে সামনে রেখে পরস্পর সহযোগী দু'টি মতবাদ বিভিন্ন দেশে প্রবেশ করেছে। অন্যান্য দেশের তুলনায় মুসলিম সংখ্যাগরিষ্ঠ ভূখণ্ডগুলো ছিল প্রধান লক্ষবস্তু। কারণ দু'টি মতবাদের জন্য ইসলাম যতটা ঝুঁকি সৃষ্টি করে, অন্য কোন ধর্ম সে রকম ঝুঁকি সৃষ্টি করে না এবং করার কথাও নয়। মতবাদদু'টি প্রবেশ করতে গিয়ে প্রত্যেক দেশের ধর্মের সংখ্যাগরিষ্ঠ অনুসারীর সংখ্যাগরিষ্ঠ পরিমাণকে হাতের মুঠোয় রাখার জন্য এ গদটি প্রয়োগ করে থাকে যে গদটি শায়খে মুহতারাম পাকিস্তানের ব্যাপারে উল্লেখ করেছেন। সে সফল ঐতিহাসিক গদ হচ্ছে, 'পাকিস্তানের কোন আইন কুরআন ও সুন্নাহের খেলাফ বানানো হবে না'। এখানে শুধু শুরুতে দেশের নামটি বদলাতে থাকে।

এ কালের মুসলমানও বড় আজব যোগ্যতার অধিকারী। যে সংবিধানের একটি ধারাও কুরআন সুন্নাহকে জিজ্ঞেস করে করা হয় না সে সংবিধানের বিষয়ে বলা হয়, কুরআন সুন্নাহ বিরোধী কোন আইন তৈরি করা হবে না। মুসলমান তার আজব যোগ্যতার বলে এ কথাগুলো বিশ্বাস করতে পারে। যে সংবিধানের প্রণেতারা ও প্রণেতাদের প্রধান মুসলমান হওয়া জরুরী নয়, তারা হিন্দু, খ্রিস্টান, নাস্তিক, মুরতাদও হতে পারে তারা কুরআন সুন্নাহ বিরোধী কোন আইন তৈরি করবে না -এ কথা বিশ্বাস করার মত আজব যোগ্যতাও বর্তমান মুসলমানদের আছে।

এ মিথ্যার উদাহরণ পুরো আইন ব্যবস্থা

পাকিস্তান সংবিধানের এ অনুচ্ছেদটি মিথ্যা হওয়ার পক্ষে প্রমাণ হচ্ছে সে দেশের পুরো আইন ব্যবস্থা। আইন বিভাগটির আগাগোড়া পুরোটাই কুরআন সুন্নাহ বিরোধী। পাকিস্তান আইন বিভাগের আইন, আইনের প্রয়োগ এবং শরয়ী আইনের বিলুপ্তি প্রতিদিন হাজার বার ঘোষণা করে চলেছে যে, পাকিস্তান দেশটি কুরআন বিরোধী আইনে চলে। শরীয়তের আইনে চলে না। এটা হচ্ছে প্রতিদিনের দেখা ও শোনা। কিন্তু বিশ্বাসে বসে আছে সে গদ ও মন্ত্র যার বাস্তব চেহারা কেউ কখনো দেখেনি। দেখার কোন রাস্তাও খোলা রাখা হয়নি।

বিভিন্ন প্রসঙ্গে বিভিন্ন উদাহরণ এ বইয়ে আসবে, ইনশা-আল্লাহ। আপাতত শরীয়ত বিরোধী কয়েকটি আইন এখানে তুলে ধরছি। আর সঙ্গে প্রশ্ন রেখে যাচ্ছি, পাকিস্তানে শরীয়ত বিরোধী এ আইনগুলোর বয়স কত?

১. রাষ্ট্রপ্রধান নারী হওয়া: পাকিস্তানের আইনে রাষ্ট্রপ্রধান নারী হতে কোন সমস্যা নেই। এ আইনের প্রয়োগ হয়েছে। বার বার হয়েছে। অত্যন্ত গ্রহণযোগ্যতার সঙ্গে হয়েছে।

২. বিচারপতি অমুসলিম হওয়া: পাকিস্তানের আইনে প্রধান বিচারপতি থেকে শুরু করে যে কোন পর্যায়ের বিচারপতি হওয়ার জন্য মুসলমান হওয়া জরুরী নয়। বিচারপতি অমুসলিম হয়েও মুসলমানদের বিচার করতে পারবে। একজন অমুসলিম বিচারপতির কাছে একজন মুসলমান তার জীবনের শরয়ী মাসআলাগুলোর জন্য কীভাবে হাজির হবে মুসলমানও তা ভেবে দেখেনি, মুসলমানদের কর্ণধারও ভেবে দেখেনি।

৩. আইন প্রণেতা অমুসলিম হওয়া: পাকিস্তান আইনে অমুসলিমরা মুসলমানদের জন্য আইন প্রণয়ন করতে পারবে। তারা আইন প্রণয়ন পরিষদের সদস্যও হতে পারবে, সভাপতিও হতে পারবে।

পাকিস্তান রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দায়িত্বগুলো কোন ধরনের দায়িত্বশীলরা পালন করেছে তা 'পাকিস্তানের মালিক পক্ষের প্রথম সারি' শিরোনামে ... পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে। সেখানে দেখে নেয়া যেতে পারে।

৪. পাকিস্তান আইনে প্রেসিডেন্ট যে কোন অপরাধীর গুনাহ ক্ষমা করে দিতে পারে। সংবিধানের ৪৫নং ধারায় বলা হয়েছে-

۴۵- صدر کو کسی عدالت، ٹریبونل یا دیگر ہیئت مجاز کی دی ہوئی سزا کو معاف کرنے، ملتوی کرنے اور کچھ عرصے کے لئے روکنے، اور اس میں تخفیف کرنے، اسے معطل یا تبدیل کرنے کا اختیار ہو گا۔

"ধারা-৪৫: প্রেসিডেন্ট কোন আদালত, ট্রাইবুনাল, অথবা অন্য কোন অনুমোদিত সংস্থা কর্তৃক প্রদত্ত শাস্তি ক্ষমা করে দেয়ার, মুলতবি করে দেয়ার এবং একটি মেয়াদ পর্যন্ত আটকে রাখার, শাস্তি কমিয়ে দেয়ার, শাস্তি সম্পূর্ণ বাতিল করে দেয়া অথবা পরিবর্তন করার এখতিয়ার রাখেন।" -ইসলামী জুমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ধারা ৪৫

৫. পাকিস্তানের বিধানদাতারা কোন অপরাধের বিধান দেয়ার আগ পর্যন্ত সে অপরাধের কোন শাস্তি দেয়া বৈধ নয়। আইন করার আগ পর্যন্ত যারা অপরাধ করেছে তারা কেউ শাস্তির আইনের আওতায় আসবে না। এমনিভাবে পাকিস্তান আইনের বিপরীত অন্য কোন কানূনের আলোকে যদি অপরাধীর ভিন্ন কোন শাস্তি থাকে বা পাকিস্তান আইনের শাস্তির চাইতে কঠিন কোন শাস্তি থাকে তাহলে সে শাস্তি দেয়ার কোন অনুমতি নেই। সংবিধানের নিম্নোক্ত আনুচ্ছেদটি একটু গভীরভাবে দেখুন-

۱۲-۱(الف) کوئی قانون کسی شخص کو کسی ایسے فعل یا ترک فعل کے لئے جو اس فعل کے سرزد ہونے کے وقت کسی قانون کے تحت قابل سزا نہ تھا سزا دینے کی اجازت نہیں دے گا: یا

(ب) کسی جرم کے لئے ایسی سزا دینے کی جو اس جرم کے ارتکاب کے وقت کسی قانون کی رو سے اس کے لئے مقررہ سزا سے زیادہ سخت یا اس سے مختلف ہو، اجازت نہیں دے گا۔

"১২-১(আলিফ) কোন আইন কোন ব্যক্তিকে এমন কোন অপরাধ করার কারণে বা এমন কোন কাজ না করার কারণে শাস্তি দেয়ার অনুমতি দেবে না যে কাজ সংঘটিত হওয়ার সময় কোন আইনের অধীনে তা শাস্তিযোগ্য অপরাধ ছিল না।" অথবা

(বা) কোন অপরাধের জন্য এমন শাস্তি দেয়ার অনুমতি দিবে না যা এ অপরাধ করার সময় কোন আইনের আলোকে এর জন্য নির্ধারিত শাস্তির চাইতে কাঠিন শাস্তি অথবা ভিন্ন শাস্তি হবে।" -ইসলামী জুমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ধারা ১২-১ (আলিফ)

৬. পাকিস্তান সংবিধানে সংসদ সদস্যদের সিদ্ধান্তের মান হচ্ছে لَا يُسْأَلُ عَمَّا يَفْعَلُ وَهُمْ يُسْأَلُونَ যাদের উপর কোন প্রশ্ন চলতে পারে না। কারোই না। এমন কি শরীয়তের পক্ষ থেকেও নয়।

۶۹- (۱) مجلس شوری (پارلیمنٹ) میں کسی بھی کارروائی کے جواز پر ضابطہ کار کی کسی بے قاعدگی کی بناء پر اعتراض نہیں کیا جائے گا۔

"৬৯-(১) মজলিসে শূরায় (পার্লামেন্টে) যে কোন কার্যক্রমের বৈধতার উপর কর্মপদ্ধতির কোন নীতিহীনতার ভিত্তিতে কোন আপত্তি করা যাবে না।" -ইসলামী জুমহুরিয়া পাকিস্তানের সংবিধান

এত কিছুর পরও আমাদেরকে এ ঐতিহাসিক গদটি মুখস্থ করতে হবে যে, 'পাকিস্তানের কোন আইন কুরআন ও সুন্নাহের খেলাফ বানানো হবে না'। এ কথা বিশ্বাস করার অর্থই কী? উল্লিখিত এ আইনগুলো এবং এর মত আরো শত হাজার আইন সবই কুরআন সুন্নাহ কর্তৃক সমর্থিত আইন? অর্থাৎ আরেকটি কুফরের শিকার হওয়ার রাস্তা উন্মুক্ত করা।

মোটকথা, সব কথার গোড়ায় রয়েছে, সকল আইন তৈরি হবে সংসদ সদস্যদের অধিকাংশের ভোটে, ভোটদাতারা অমুসলিমও হতে পারে, সংসদের প্রধান ব্যক্তিও অমুসলিম হতে পারে, শরীয়তের আলোকে ভোট দেয়ার বা সিদ্ধান্ত দেয়ার কোন বাধ্যবাধকতা সংবিধানে নেই। কিন্তু এরপরও বলতে হবে এবং বিশ্বাস করতে হবে,'পাকিস্তানের কোন আইন কুরআন ও সুন্নাহের খেলাফ বানানো হবে না'। এটাই পাকিস্তানের মুসলমানদের কিসমত এবং এটাই গণতান্ত্রিক প্রতিটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের মুসলমানদের কিসমত।

জরুরী টীকা : ৭

এবং বর্তমান কানূনকে কুরআন ও সুন্নাহর
আলোকে পরিবর্তন করা হবে।

জরুরী টীকা-৭

এবং বর্তমান কানূনকে কুরআন ও সুন্নাহর
আলোকে পরিবর্তন করা হবে।

** হবে না। কারণ, হচ্ছে না এবং হয়নি। যে দেশের অধিবাসীরা তাদের দেশকে দারুল ইসলাম ভাবতে পছন্দ করে সে দেশের বর্তমান কানূন কুরআন সুন্নাহর বিপরীত কেন? যে দেশটি তার জন্মের দিন থেকেই দারুল ইসলাম সে দেশের বর্তমান আইন কুরআন সুন্নাহ বিরোধী কেন যাকে পরিবর্তন করতে হবে। এ বর্তমানটা কাদের হাতে হয়েছে? এবং পরিবর্তনটা কাদের হাতে হবে? ভবিষ্যতে যা হবে তা অতীতে কেন হয়নি? অতীতে যা হয়নি তা ভবিষ্যতে কেন হবে? অতীতের দুর্বলতাগুলো কী? এবং ভবিষ্যতের সুবিধাগুলো কী? যে দেশে কুরআন সুন্নাহ বিরোধী আইন তৈরি হবে না বলে সংবিধানে মূলনীতি রয়েছে সে সংবিধানের বর্তমান আইনকে পরিবর্তন করে কুরআন সুন্নাহ মোতাবেক বানানোর পরিস্থিতি সৃষ্টি হবে কীভাবে?*

এসব কথার আগের কথা হচ্ছে, এ বর্তমানের মেয়াদ অনেক অনেক দীর্ঘ। অন্য প্রসঙ্গে এর আগে বলা হয়েছে যে, 'বর্তমান কানূনকে কুরআন ও সুন্নাহর আলোকে পরিবর্তন করা হবে' এ বক্তব্যটি ১৯৪৭ খ্রিস্টাব্দের সংবিধান থেকে শুরু করে ২০১৫ খ্রিস্টাব্দের সংবিধান পর্যন্ত সংবিধানের প্রতিটি সংস্করণে হুবহু রয়েছে। অর্থাৎ সত্তর/বাহাত্তর বছরে গায়রে শরয়ী আইনের বর্তমানও শেষ হয়নি এবং শরয়ী আইনের ভবিষ্যতের সঙ্গেও দেখা হয়নি।

কুফরী আইন হয়েছে কীভাবে?

বর্তমান কানূন যাকে বলা হচ্ছে তা হচ্ছে মূলত বৃটিশ আইন। কুফরী আইন। গণতান্ত্রিক প্রক্রিয়ায় তৈরিকৃত মানবরচিত আইন। কুরআন সুন্নাহর আলোকে রচিত শরয়ী আইন নয়। প্রশ্ন হচ্ছে, মুসলিম অমুসলিম এ দু'টি জাতির বিভক্তির ভিত্তিতেই পাকিস্তানের স্বপ্ন। ইসলাম প্রতিষ্ঠার জন্য পাকিস্তানের অস্তিত্ব। সমকালের সেরা ইলমী ব্যক্তিদের তত্ত্বাবধানে দেশটির জন্ম হয়েছে। একটি দারুল ইসলাম শরয়ী আইন অনুযায়ী চলার জন্য যা দরকার তার সবই ইসলামের জন্য যুগ যুগ থেকে রচিত গ্রন্থাবলীতে বিস্তারিত ব্যাখ্যাসহ রয়েছে। হাতে গোনা কিছু নতুন বিষয়ের জন্য ওলামায়ে কেরামের নির্বাচিত বিশাল একটি কাফেলা সর্বদা প্রস্তুত ছিলেন।

এত কিছুতে ঘেরা প্রাচীরের ফাঁক গলিয়ে কুফরী আইনটাই কীভাবে সিংহাসনে গিয়ে বসে গেল? এর সদুত্তর আজো পর্যন্ত কেউ দেয়নি। এরই বিপরীত কুফরী আইনের ফযীলত বয়ান করেছে অনেকেই। যারা শতভাগ মুসলমানের ঈমানী দাবির সঙ্গে গাদ্দারী করে কুফরী আইন প্রতিষ্ঠা করেছে তাদের বন্দনা গেয়েছে অনেকেই। কিন্তু কেউ খোঁজার চেষ্টা করেনি এবং উত্তর দেয়ার চেষ্টা করেনি যে, কুফরী আইন কোন কাফের ও মুলহিদদের মাধ্যমে প্রবেশ করেছে। সে কাফের মুলহিদদেরকেও কেউ চিহ্নিত করার চেষ্টা করেনি।

আজকের এই দিনে যখন গণতন্ত্রের সকল হাকীকত, ধর্মনিরপেক্ষ মতবাদের সকল হাকীকত সবার সামনে প্রকাশ পেয়ে গেছে তখনও আমাদের অনেকে সেসব হাকীকতকে আড়াল করার চেষ্টা করে চলেছে। বোঝার চেষ্টা করা উচিত যে, হাকীকতকে আড়াল করে সিদ্ধান্ত নিতে দেরি হলে মুসলমানরাই ক্ষতিগ্রস্ত হবে এবং এর দায় দায়িত্বের বড় একটি অংশ কর্ণধার ওলামায়ে কেরামের উপরই বর্তাবে।

বলবৎ থেকেছে কীভাবে?

যাঁদের হাতে পাকিস্তানের জন্ম। যে সকল আকাবির ওলামায়ে কেরামের কুরবানীর বিনিময়ে মুসলমানদের জন্য আলাদা একটি ভূখণ্ডের ব্যবস্থা হয়েছে। যে সকল মরদে মুজাহিদ শত ভাগ শরীয়তের অধীনে চলার জন্য ভারতের মত বিশাল একটি শক্তিকে ভেঙ্গে টুকরো টুকরো করে

ফেললেন। যে সকল আকাবির ওলামায়ে কেরাম নববী তরীকায় খেলাফত প্রতিষ্ঠার জন্য শায়খুল ইসলাম হোসাইন আহমদ মাদানী রহ. এর মত হাজার হাজার আকাবির ওলামায়ে কেরামের সঙ্গে দ্বিমত করে, লড়াই করে নিজেদের আলাদা পরিচয় তৈরি করলেন। যে সকল ওলামায়ে কেরাম ভারতের মুসলমানদেরকে ভারতের কুফরী আইন থেকে মুক্ত করে শরীয়তের আইনে লালন পালন করার জন্য ভিন্ন একটি দেশ তৈরি করলেন। তাঁরা-

তাঁরা যখন দেখেছেন, যাদেরকে বিশ্বাস করে উম্মতের বিশাল এ আমানতকে তাদের হাতে ন্যস্ত করেছেন তারা আল্লাহর আইনের বিপরীতে গায়রুল্লাহর আইনকেই বেশি পছন্দ করে। তাঁরা যখন দেখেছেন, ক্ষমতার আসনে যাদেরকে বসানো হয়েছে তারা ইসলাম ও মুসলমানদের প্রতিনিধি নয়, তারা গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদের প্রতিনিধি। তাঁরা যখন দেখেছেন, যাদেরকে মুসলমানদের জন্য আইন প্রণয়ন, প্রয়োগ ও সংরক্ষণের দায়িত্ব দেয়া হয়েছে তারা আল্লাহ ও তাঁর রাসূলের চাইতে রুশো-ভোল্টায়ারকে বেশি পছন্দ করে, কুরআন-হাদীসের তুলনায় আমেরিকান ও বৃটিশ আইন তাদের কাছে বেশি ভালো লাগে। তাঁরা যখন দেখেছেন, সকল আয়োজন ও উপায়-উপকরণ থাকা সত্ত্বেও দেশ পরিচালনার ক্ষেত্রে শরীয়তের অনুসরণ না করে তাগুতের অনুসরণ করে চলেছে এবং এভাবে দিন, মাস, বছর, যুগ এমনকি যুগের পর যুগ কেটে যাচ্ছে। তখন-

তখন পাকিস্তানের আকাবির ওলামায়ে কেরাম বেঁচে থাকতে এ ঘটনাগুলো কীভাবে ঘটে চলেছে? প্রতিদিন তাগুতের আইন তৈরি হয়েছে, প্রতিদিন প্রয়োগ হয়েছে, প্রতিদিন তার বিপরীত শক্তিকে দমন করা হয়েছে, শরীয়তের আইনের দাবিকে প্রতিদিন প্রত্যাখ্যান করা হয়েছে, প্রতিদিন শরীয়তের একেকটি বিধানকে জবাই করা হয়েছে, প্রতিদিন আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধে বিদ্রোহ করা হয়েছে এবং তা হতে থেকেছে।

আকাবিরে উম্মত কীভাবে সেগুলোকে দেখতে থেকেছেন এবং চলতে দিয়েছেন? বিষয়গুলো একেবারেই বোধগম্য নয়। সেসব প্রশ্নের কোন সদুত্তর না পেয়েই আমরা শুনতে পাচ্ছি, পাকিস্তান পৃথিবীর সেরা দারুল ইসলাম। পাকিস্তান পৃথিবীর সেরা দারুল খিলাফাহ।

বিচারকরা বিচার করেছেন কীভাবে?

পাকিস্তানের কুফরী ও তাগুতের আইনের এ যে দীর্ঘ এক 'বর্তমান', যাকে সংবিধানে বর্তমান আইন বলা হয়েছে এবং যাকে পরিবর্তন করে কুরআনের আইন চালু করা হবে বলে শোনানো হচ্ছে তাগুতের সে দীর্ঘ বর্তমান আইনের মেয়াদে বিচারকরা কী করে চলেছেন? তাদের বিচারগুলো কোন আইনে করেছেন। তারা যখন প্রতিদিন শরীয়তের গলায় ছুরি চালিয়ে চালিয়ে বৃটিশ ও আমেরিকান আইন প্রতিষ্ঠা করে চলেছেন তখন তাদের ঈমানের কী অবস্থা চলছে।

একই অবস্থা আইন প্রণয়নকারীদের। যারা প্রতিদিন আল্লাহর আইনকে ঠেলে ফেলে দিয়ে নিজেদের মত করে 'বর্তমান' আইন তৈরি করে চলেছে তখন সে আইন প্রণয়নকারীদের ঈমানের কী অবস্থা? তারা যখন বিচারকের আসন থেকে কুরআন ও হাদীসকে সরিয়ে দিয়ে বৃটিশ আমেরিকাকে বসিয়ে চলেছে তখন তাদের ঈমান কীভাবে টিকে ছিল?

আর এরই সাথে বিচারের বিষয় হচ্ছে, এসব 'বর্তমান' আইনের সেসব ধারক বাহকদের সঙ্গে আমাদের আকাবির ওলামায়ে কেরামের সম্পর্ক কী ছিল? তাদের সঙ্গে লেনদেন কেমন ছিল? হৃদ্যতা কেমন ছিল, বিদ্বেষ কেমন ছিল? তাদের সঙ্গে সৌহার্দ্য বিনিময়ের প্রক্রিয়াগুলো কেমন ছিল, আর শত্রুতা কেমন ছিল? উলুল আমরের ইতাআতের প্রক্রিয়া কেমন ছিল, প্রতিবাদ ও বিদ্রোহ কেমন ছিল? সেসব বিষয়ের যথাযথ বিশ্লেষণ না করেই আমরা ঢালাওভাবে অতীতকে বর্তমানের জন্য দলিল বানিয়ে চলেছি। সকল আকাবিরকে এক পাল্লায় মেপে, নিজের মত করে বিশ্লেষণ করে প্রত্যেকে নিজের দাবি প্রমাণ করে চলেছি।

আর সে 'বর্তমান' আইনের যে এখনো অবসান ঘটেনি সে বিষয়ে কোন পেরেশানী আমাদেরকে ঘিরে ধরেনি। এক্ষেত্রে বর্তমান কর্ণধারগণের বিভিন্ন বক্তব্য থেকে আমরা কী বার্তা পাচ্ছি?

জরুরী টীকা : ৮

আর এত স্পষ্টভাবে কোন
দেশে এ ধারাটি নেই।

জরুরী টীকা-৮

আর এত স্পষ্টভাবে কোন
দেশে এ ধারাটি নেই।

** ধারাটি আছে। অনেক দেশেই আছে। এ শব্দে আছে, অথবা অন্য শব্দে আছে, বা এর কাছাকাছি শব্দে আছে। বাস্তবিকভাবেই আছে। প্রায়োগিকভাবে আছে। বরং বলা যায়, পাকিস্তানের সংবিধানে এ বিষয়টি ঐভাবে নেই যেভাবে শায়খে মুহতারাম দাবি করেছেন। ঐ শব্দে নেই যে শব্দে শায়খে মুহতারাম বলেছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে, স্পষ্টতা ও অস্পষ্টতার পরিমাপে ইসলামের মূল বিধানে কতটুকু ব্যবধান হবে বলে মনে করা যেতে পারে। শুরুতে বলা হয়েছে কোথাও এ ধারাটি নেই। এখন বলা হচ্ছে, এত স্পষ্টভাবে কোথাও নেই। আসলে যেসব ধারার কার্যকারীতা শুধু এতটুকু যে, কেউ ইসলামের কথা বললেই এ ধারাটি দেখিয়ে তাকে থামিয়ে দেয়া হবে সে ধারা থাকলেই কি আর না থাকলেই কি? স্পষ্টতা ও অস্পষ্টতা ইসলাম ও মুসলমানদের কোন কাজে আসবে?*

আছে

কথাটি আছে। অন্যান্য দেশেও রাষ্ট্রের পক্ষ থেকে এ ঘোষণা দেয়া আছে। এমনকি যেসব দেশে মুসলিম সংখ্যাগরিষ্ঠতা নেই সেসব

দেশেও এ ঘোষণা দেয়া আছে। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদের অধীনে পরিচালিত প্রত্যেক দেশেই এ ঘোষণা আছে এবং এ ঘোষণা থাকার পেছনে যৌক্তিক কারণও আছে। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের নীতি হচ্ছে এ ধর্ম যে দেশেই প্রবিষ্ট হবে সেখানে বসবাসরত কোন ধর্মের বিরুদ্ধেই এমন কোন কথা ও কাজ করা যাবে না যা থেকে মূর্খ সাধারণ মানুষ বুঝে ফেলতে পারে যে, এর দ্বারা আমার ধর্মের বিরুদ্ধে কিছু বলা হচ্ছে।

এটা খুব সত্য কথা যে, পৃথিবীর অধিকাংশ মানুষ হচ্ছে মূর্খ। সাধারণ দৃষ্টিতে যাদেরকে শিক্ষিত মনে করা হয় তাদেরও অধিকাংশ মূর্খ। এ সুযোগে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম তাদের ব্যবসাটা করে যাচ্ছে। একটি দেশের মূল চালিকা শক্তি সংবিধান প্রণয়নের শতভাগ এখতিয়ার সকল ধর্মের সম্মিলিত শক্তির হাতে ন্যস্ত করে ধর্মনিরপেক্ষ ধর্মের পক্ষ থেকে ঘোষণা দেয়া হয় 'ধর্মের বিরুদ্ধে কোন আইন করা হবে না'।

ঠিক যে শ্রেণীটি বুঝতে পারে না যে, সংবিধান রচনার শত ভাগ এখতিয়ার যখন অধর্মের হাতে থাকে তখন সকল আইনই ধর্মের বিরুদ্ধে হয় -ঠিক সে শ্রেণীর জন্য 'ধর্মের বিরুদ্ধে কোন আইন করা হবে না' বড়িটি খুবই কার্যকর। কুফর, নাস্তিকতা, সুদ, যিনা ও মিথ্যার মহাজনদেরকে আইন প্রণয়নের পূর্ণাঙ্গ শক্তি দেয়ার পর তারা ধর্মের বিরুদ্ধে আইন করবে না -এ বিশ্বাস যাদেরকে গিলানো যায় তাদেরকে 'এ্যাবনরমাল' বা 'অপ্রকৃতিস্থ' বলা হয়। আর এ শ্রেণীর ভোটেই গণতন্ত্রের প্রভুরা প্রভুত্ব করে। এ শ্রেণীর উপর ভরসা করেই গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের আত্মপ্রকাশ।

যারা ব্যক্তির ব্যক্তিগত গোপনীয় অবস্থানের বাইরে প্রকাশ্য ব্যক্তি, পরিবার, সমাজ, দেশ ও পৃথিবীতে ধর্মকে অচল মনে করে তাদের হাতে আইন প্রণয়নের সকল ক্ষমতা অর্পণ করেও যারা বিশ্বাস করে 'ধর্মের বিরুদ্ধে কোন আইন করা হবে না' তাদের জন্যই এ বাক্যটি বানানো হয়েছে। যারা বিশ্বাস করে ধর্মের অনুসরণে দেশ পরিচালনা করলে দেশ পিছিয়ে যাবে তাদের হাতে দেশকে অর্পণ করে যারা আশা করে বসে আছে যে, 'ধর্মের বিরুদ্ধে কোন আইন করা হবে না' তাদের জন্যই মূলত এ বাক্যটি তৈরি করা হয়েছে।

আর সে কারণেই বাক্যটি পাকিস্তানের কোন বৈশিষ্ট্য রয়নি। কারণ এ শ্রেণীর মানুষ পাকিস্তানে সবচাইতে বেশি এমনটি আমরা মনে করি না। পৃথিবীর যত দেশে ধর্মের অনুসারীদের একটি উল্লেখযোগ্য সংখ্যা আছে সে দেশেই এ শ্রেণীর মানুষও পর্যাপ্ত পরিমাণে আছে। আর তাই সেখানে ধর্মের অনুসারীদের জন্য এ বড়িটির ব্যবস্থাও আছে।

তাই বলা যায়, এ বাক্য সব দেশেই আছে। ভাষা ভিন্ন হতে পারে। প্রতিপাদ্য বিষয়ে কোন ভিন্নতা নেই। এ সত্যটি উপলব্ধিতে আসলে আমাদের সবার জন্য ভালো হবে। কর্ণধারগণের জন্যও ভালো হবে, কর্ণবাহকদের জন্যও ভালো হবে, ইনশা-আল্লাহ।

আরো স্পষ্টভাবে আছে

যে দেশের নাগরিকদের বোঝানোর জন্য যত স্পষ্ট করে বলা দরকার সে দেশের সংবিধানে তা তত স্পষ্ট করেই আছে। যে দেশের নাগরিকদের পক্ষ থেকে ধর্মীয় আইন চালু করা এবং ধর্মের বিরোধী আইন বাতিল করার জন্য কিছু দিন পরপরই সমাবেশ ও মিছিল হয়, সেসব দেশে এ কথাটি আরো স্পষ্ট করে আছে। যেসব দেশে ইসলাম শিরোনামে গণতান্ত্রিক রাজনীতির আনাগোনা বেশি সেসব দেশে এসব কথা আরো বেশি পাওয়া যায়।

কারণ গণতন্ত্রের সংবিধানে এসব কথা থাকলে গণতন্ত্রের কোন সমস্যা নেই। গণতন্ত্রের মূল মন্ত্রই হচ্ছে সংখ্যাগরিষ্ঠতা। যে কোন সময় যে কোন বিধান তৈরি বা বিলুপ্তির জন্য সংখ্যাধিক্যের নীতি রেখে দেয়া হয়েছে। গণতন্ত্রের জানা আছে যে, ইসলাম যখনই তার আইনকে বাস্তবায়ন করতে চাইবে তখন সে গণতন্ত্রের মাধ্যমেই বাস্তবায়ন করবে। ইসলাম চাইলেই কোন আইন কুরআন সুন্নাহর আলোকে প্রতিষ্ঠা করতে পারবে না। এমনিভাবে কোন আইন বিলুপ্ত করতে চাইলে তা গণতন্ত্রের নীতিকে উপেক্ষা করে করতে পারবে না।

আপনি যখনই কুরআনের কোন আইনকে প্রতিষ্ঠা করতে চাইবেন বা কুরআন বিরোধী কোন আইনকে বিলুপ্ত করতে চাইবেন তখনই তা গণতন্ত্রের পাইপে ঢেলে দেয়া হবে। তখন আর সৃষ্টির অনুমোদন ছাড়া স্রষ্টার আইন বাস্তবায়নের মুখ দেখবে না। আর সৃষ্টির যে যে সদস্য মনে করবে যে, সে স্রষ্টার আইনকে অনুমোদন করা না করার অধিকার রাখে

সেই সেই সদস্য আগে থেকে মুসলমান থেকে থাকলেও এ বিশ্বাসের পর আর মুসলমান থাকবে না। মুরতাদ হয়ে যাবে।

কার্যকারীতাসহ আছে

আর যেসকল দেশে মুসলমানরা সংখ্যালঘু হিসাবে আছে সেসব দেশে এ ধরনের গদ ও বক্তব্য কার্যকারীতাসহ আছে। পাকিস্তানে যেমন সংখ্যালঘু অমুসলিমদের ধর্ম চর্চা এবং তাদের সভ্যতার বিকাশের জন্য সকল উপায় উপকরণের ব্যবস্থা করে দেয়ার ওয়াদা করা হয়েছে তেমনিভাবে বিশ্বের যেসব দেশে মুসলমানরা সংখ্যালঘু হিসাবে বাস করে সেসব দেশে মুসলমানদের সঙ্গে এ ধরনের ওয়াদা করা আছে। আবার পাকিস্তানে যেমন অমুসলিমদের ধর্মবিরোধী কোন আইন করা হয় না এবং এর প্রতি সতর্ক দৃষ্টি রাখা হয় তেমনিভাবে সেসব দেশেও মুসলমানদের ধর্মের বিরোধী কোন আইন যেন না করা হয় সে দিকে বিশেষভাবে লক্ষ রাখা হয়।

এ সংবিধানে যেসব আইন ও আইনের মূলনীতি সন্নিবেশিত হয় তা হুকুমতের লোকেরাই করতে হয়। অর্থাৎ সংসদ সদস্যরাই তা করেন। মানবরচিত আইন ও সংবিধান মানবের হাতে রচিত হয়। এ মানব ও

মহামানবরা হচ্ছেন হুকুমতের যারা মালিক, যারা সংসদ ভবনে বসে আইনগুলো তৈরি করেন। ধারাগুলো রচনা করেন। তারা একটি দেশের আইন প্রণেতা।

এ আইন প্রণেতারা কিছু আইন বৃটিশ থেকে এনে তার উপর হাঁ ভোট দিয়ে পাস করেন। কিছু আমেরিকা থেকে এনে তা পাস করেন। কিছু ফ্রান্স থেকে এনে তা পাস করেন। কিছু ভারত থেকে এনে পাস করেন। কিছু নিজেদের সুবিধা অসুবিধা বিবেচনা করে সিদ্ধান্ত নেন। আইনগুলো ধার করা হোক বা উদ্ভাবন করা হোক সর্বাবস্থায় তা জ্ঞাতসারে হয়ে থাকে। তাদের সমর্থন ও অনুমোদনের মাধ্যমে হয়ে থাকে। কোনটি সম্পর্কে বেখবর থাকার কোন সুযোগ নেই। অতএব হুকুমত ও আইন প্রণেতাদের কয়েকটি বিষয়ে কোন প্রকার কোন সংশয় থাকার কোন প্রয়োজন নেই। বিষয়গুলো হচ্ছে এই-

ক. আইনের খসড়া কাগজে কলমে অন্য কেউ করলেও এর প্রণেতা হুকুমত তথা সংসদ সদস্যরাই। এর দায়দায়িত্ব হুকুমত ও সংসদের উপরই আসবে।

খ. আইন আমেরিকা লন্ডন থেকে ধার করে আনলেও এর প্রণেতা হুকুমত ও সংসদ সদস্যরাই। তারা একেকটি আইনকে সরাসরি ভোটের মাধ্যমে পাস করেছে।

গ. একটি দেশের চলমান হুকুমত ও আইন প্রণয়ন পরিষদ সেসকল আইনেরও দায়দায়িত্ব নিতে হবে যে আইন আগের সরকার ও আগের আইন প্রণয়ন পরিষদ তৈরি করে গেছে এবং বর্তমানে তা বাতিল করা হয়নি; বরং তা চালু রয়েছে।

ঘ. চলমান সংসদের সদস্যরা অতীত ও বর্তমানের কোন আইনের বিষয়ে অজ্ঞতার ওজরে বাঁচতে পারবে না। সংবিধানের মূলনীতি হিসাবে গৃহীত প্রত্যেকটি ধারা সম্পর্কে আইন প্রণয়ন বিভাগের প্রত্যেক সদস্য ব্যক্তিগতভাবে জবাবদিহি করতে হবে। ঈমান কুফরের প্রশ্নে প্রত্যেকের বিচার হবে।

ঙ. রাষ্ট্রীয় সিদ্ধান্ত বলেও সংসদ সদস্যরা নিজেদেরকে আইন প্রণয়নের দায়িত্ব থেকে মুক্ত করতে পারবে না। কারণ রাষ্ট্রীয় সিদ্ধান্তগুলোর প্রণেতাও সংসদ সদস্যরাই।

চ. দলীয় সিদ্ধান্ত বলেও সংসদ সদস্যরা নিজেদেরকে আইন প্রণয়নের অপরাধ থেকে রক্ষা করতে পারবে না। কারণ সংসদ সদস্যরা দলের অনেক ঊর্ধ্বে।

ছ. দলের শরীয়ত বিরোধী আইনের বিরোধিতার জন্য সংসদে গিয়েছি বললেও শরীয়ত বিরোধী আইন প্রণয়নের অপরাধ থেকে বাঁচা যাবে না, যদি যথাযথ ক্ষেত্রে বিরোধিতার স্পষ্ট প্রমাণ না পাওয়া যায়।

জ. সংসদে বিরোধী দল হিসাবে অংশগ্রহণ করলেও শরীয়ত বিরোধী আইন প্রণয়নের অপরাধ থেকে বাঁচা যাবে না। কেননা সংসদে বিরোধী দলের সরব বা নীরব উপস্থিতি দু'টিই সংসদের আইন প্রণয়নের ক্ষেত্রে বাড়তি শক্তি যোগায়।

অতএব এসকল সমস্যার এমন কোন সমাধানই বের করে আনতে হবে যা কুরআনে হাদীসে বলা হয়েছে এবং যে সিদ্ধান্ত ফকীহ মুজতাহিদগণ দিয়ে গেছেন। হালাতের পরিবর্তনে হুকুমের কোন পরিবর্তন হবে না, সাময়িক এবং একান্ত সাময়িকভাবে কৌশলের পরিবর্তন হতে পারে। আর এ ক্ষেত্রে হুকুম ও কৌশলের মাঝে তালগোল পাকিয়ে ফেলা যাবে না। কোন হাওয়াই ভাষণ ও বক্তব্য দিয়ে করা যাবে না, জযবা ও ওয়াজদ দিয়ে করা যাবে না। কোন বাতেনী ইলম দিয়ে করা যাবে না। প্রচলিত বেলায়েতের ইলম দিয়ে করা যাবে না। নবুয়তের ইলম, ওহির ইলম ও যাহেরী ইলম দিয়েই এসব সিদ্ধান্ত নিতে হবে।

জরুরী টীকা : ১৪

“

ও সাধারণ মানুষ; বরং আমি বলব, আফসোস হচ্ছে দ্বীনী মহলগুলোর বেখবরী...

”

জরুরী টীকা-১৪

ও সাধারণ মানুষ; বরং আমি বলব, আফসোস
হচ্ছে দ্বীনী মহলগুলোর বেখবরী...

** শায়খে মুহতারাম যে সাধারণ মানুষ ও দ্বীনী মহলগুলোর উপর বেখবরীর অপবাদ দিয়েছেন এ সাধারণ মানুষ ও দ্বীনী মহলের তালিকার মাঝে রয়েছে, পাকিস্তান প্রতিষ্ঠাতা বীরপুরুষগণ থেকে শুরু করে পাকিস্তান রক্ষাকারী বীরপুরুষগণ পর্যন্ত সকল মহামনীষীগণ। যাদের শুরুতে রয়েছেন শাব্বির আহমদ ওসমানী রহ., আর আপাতত শেষ প্রান্তে রয়েছেন শায়খে মুহতারাম দামাত বারাকাতুহুম। কত কোটি মানুষ ও কত হাজার কর্ণধারকে বেখবর বলে অপবাদ দিলে পরে আমাদের ইনসাফ যথাযথ হবে।*

আর ইসলামী আইন বাস্তবায়নের অপবাদ থেকে বাঁচার জন্য সবচাইতে সহজ ওজর কি বেখবর হওয়া? শরয়ী বিধান প্রতিষ্ঠিত না হওয়ার সবচাইতে উপযুক্ত কারণ কি বেখবর হওয়া?

ওজর হিসাবে বেখবর

প্রায় ৮ লাখ ৮১ হাজার ৯১৩ বর্গ কিলোমিটারের একটি দেশ, যে দেশে প্রায় একুশ কোটি মুসলমানের বসবাস, যে দেশটি জন্ম হওয়ার বৈধতা পেয়েছে শুধুমাত্র ইসলাম ও মুসলমানদের জন্য, যে দেশটির

জন্মদাতাগণ হচ্ছেন যামানার শ্রেষ্ঠ আলেমে দ্বীন, সচেতন আলেমে দ্বীন, দরদমন্দ দিলের অধিকারী আলেমে দ্বীন, দ্বীনের পথে দাওয়াত দানকারী সচল আলেমে দ্বীন, আল্লাহর যমীনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার স্বপ্ন লালনকারী আলেমে দ্বীনের বিশাল জামাত, ৮ লাখ ৮১ হাজার ৯১৩ বর্গ কিলোমিটার ও প্রায় ২০ কোটি মুসলমান নিয়ে যে দেশটির বয়স ৭০/৭২ বছর, যে দেশটিতে একটি দারুল ইসলামের স্বপ্নদ্রষ্টা মহাপুরুষগণ স্বপ্ন দেখতে দেখতে তাঁদের শেষ নিশ্বাস ত্যাগ করেছেন, সে দেশটিতে আল্লাহর আইন বাস্তবায়ন করা যায়নি সাধারণ মানুষ ও দ্বীনী মহলের বেখবরীর কারণে। সে দেশ থেকে কুরআনের বিধানের বিরোধী বিধানগুলো বিলুপ্ত করা যায়নি সাধারণ মানুষ ও দ্বীনী মহলের বেখবরীর কারণে। সে দেশে সুদের ফাউন্ডেশন তৈরি হয়েছে বেখবরীর কারণে। সে দেশে হুদূদ কিসাসের বিধান প্রতিষ্ঠিত হয়নি বেখবরীর কারণে। সে দেশে কুরআন সুন্নাহর আলোকে আইন তৈরি না হয়ে মানবরচিত আইন তৈরি হয়েছে বেখবরীর কারণে। সে দেশে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম প্রতিষ্ঠিত হয়েছে বেখবরীর কারণে।

শায়খে মুহতারাম এমন কিছুই বলতে চেয়েছেন। সবাই সংবিধানের একটি গুরুত্বপূর্ণ ধারা সম্পর্কে বেখবর হয়ে যাওয়ার কারণেই এ অঘটনগুলো ঘটেছে, ঘটে চলেছে এবং ঘটতে থাকবে।

আমার অপারগতা

হৃদয়ের সংকীর্ণতা বশত শায়খে মুহতারামের এ কথাটি আমি বুকে জায়গা দিতে পারিনি। এতবড় একটি মহাপ্রলয় ঘটে গেছে শুধু বেখবরীর কারণে?! পৌনে এক শতাব্দীকাল পর্যন্ত আল্লাহর বিধান পদদলিত হয়েছে শুধু বেখবরীর কারণে?! একটি দারুল ইসলামে (?) গণতান্ত্রিক কুফরী আইন প্রতিষ্ঠিত হয়েছে শুধুমাত্র বেখবরীর কারণে?! মানবরচিত আইন প্রতিষ্ঠিত হয়েছে শুধুমাত্র বেখবরীর কারণে?!

অর্থাৎ সত্তর/পঁচাত্তর বছর পর্যন্ত আল্লাহর বিধান পদদলিত হয়ে কুরআন সুন্নাহ বিরোধী আইন প্রতিষ্ঠিত হওয়ার পেছনে যত মানুষের যত অপরাধ রয়েছে সব জাহালাত ও অজ্ঞতার এক ছোট্ট বায়বীয় ওযরে মাফ হয়ে গেছে। আল্লাহর পক্ষ থেকে বা ফেরেশেতার পক্ষ থেকে বা মানুষের পক্ষ থেকে যখনই প্রশ্ন আসবে, পাকিস্তানে আল্লাহর বিধান পদদলিত হয়ে

আল্লাহর আইন বিরোধী গণতন্ত্র ও মানব রচিত কুফরী আইন কেন প্রতিষ্ঠিত হয়েছে? উত্তর হবে আমরা জানতাম না مَا جَاءَنَا مِنْ بَشِيرٍ وَلَا نَذِيرٍ ।

এভাবেই একটি উম্মত তার কৃত বিশাল অপরাধ থেকে মুক্তি পেয়ে যাবে। বিষয়টি এখানেই থেমে থাকেনি। এ অজ্ঞতা ও জাহালাতের ওযরেই কুফরী আইনে ও মানব রচিত আইনে পরিচালিত একটি শতভাগ গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশ পূর্ণাঙ্গ দারুল ইসলাম হিসাবে নিজের পরিচয় দিয়ে চলেছে। চলতে পারছে। দেশের জনগণ ও কর্ণধারগণ অত্যন্ত তৃপ্তির সঙ্গে কালাতিপাত করে চলেছেন।

অপবাদ হিসাবে বেখবর

আমার মনে হচ্ছে এটি একটি অপবাদ। সংবিধানের যে ধারা সম্পর্কে দেশের প্রায় সর্বস্তরের মানুষকে বেখবর ও অজ্ঞ বলা হয়েছে সে ধারা সম্পর্কে আমার দু'টি নিবেদন-

এক. যত স্তরের মানুষদেরকে ধারাটি সম্পর্কে অজ্ঞ ও বেখবর হওয়ার দাবি করা হয়েছে এত দীর্ঘ কাল যাবত এত স্তরের এত মানুষ ধারাটি সম্পর্কে অজ্ঞ থাকা সম্ভব নয়। আমি যদি স্তর হিসাবে ব্যক্তিদের নামগুলো উল্লেখ করা শুরু করি তাহলে পাঠকের জন্য আমার কথাটি বিশ্বাস করা সহজ হবে। কিন্তু আমি নামগুলো উল্লেখ করতে চাই না।

দুই. সংবিধানের যে ধারা সম্পর্কে এত স্তরের এত মানুষ এত কাল যাবত অজ্ঞ থাকবে সে ধারার আসলে কোন অস্তিত্ব থাকা সম্ভব নয়। এটি হচ্ছে একটি অস্তিত্বহীন ধারা। অথবা এ ধারাটিকে মানুষের চোখের আড়ালে রাখার জন্য গণতন্ত্রের পক্ষ থেকে পর্যাপ্ত ব্যবস্থা রাখা হয়েছে। যারফলে এ ধারাটি কারো চোখে ধরা পড়ে না।

এখানে সমস্যাটি দ্বিমুখী। আপনি যদি বলেন, বাস্তবেই এরা বেখবর ছিল এবং বেখবর আছে। তাহলে আমি বলব, এতগুলো মানুষ বেখবর হওয়ার অর্থ হচ্ছে, এ মানুষগুলো গোশত ও রক্ত দিয়ে তৈরি মানুষ নয়; বরং এরা হচ্ছে কাঠের তৈরি বা লোহার তৈরি কিছু নিষ্প্রাণ জড় পদার্থ। যারফলে তাদের উপর দিয়ে জোয়ার বয়ে গেল নাকি ঝড় বয়ে গেল তার কোনটিই বোঝার মত অবস্থা তাদের নেই। আর যদি তা না হয়ে থাকে তাহলে তাদের উপর যে অপবাদ দেয়া হয়েছে তা পতিত হওয়ার মত ক্ষেত্র খুঁজে পাওয়া যাবে না এটাই সত্য।

বা-খবরের দায়িত্ব

যদি কথা এটা হয় যে, বিভিন্ন স্তরের বিশাল একটি জনগোষ্ঠীর বেখবরীর কারণে ইসলামের জন্য প্রতিষ্ঠিত একটি দেশে ইসলাম প্রতিষ্ঠিত হতে পারেনি, তাহলে আমরা দাবি করতেই পারি যে, কমপক্ষে যাঁরা এ বিষয়টি উপলব্ধি করতে পেরেছেন যে, ইসলাম প্রতিষ্ঠিত না হওয়ার পেছনে কারণ হচ্ছে বেখবরী, আইনগত কোন বাধা নেই তাঁরা নিশ্চয় বেখবরদের তালিকায় নেই। তাদের নাম বাখবরদের তালিকাতেই আছে। তাঁরা গোড়া থেকেই বিষয়টিকে উপলব্ধি করেছেন। এটি হচ্ছে একটি কথা।

আরেকটি কথা হচ্ছে, এ বাখবরের সংখ্যা এক দুই হওয়ার কথা নয়। বাখবরেরও একটি বড় জামাত থাকার কথা। আর জামাতটি পাকিস্তানের জন্ম থেকেই থাকার কথা। যদি বাখবর একটি জামাত থেকে থাকে তাহলে শরীয়তের মাসআলা হিসাবে সকল দায়দায়িত্ব সে বাখবর জামাতের উপরই আসবে। বেখবরের অপরাধ হবে জাহালাতের অপরাধ, আর বাখবরের অপরাধ হবে জেনেও না করার অপরাধ।

বা-খবর যে জামাতটি জানত যে, সংবিধানে এমন একটি ধারা আছে যে ধারার শক্তিতে পুরো দেশে ইসলামী আইন প্রতিষ্ঠিত হয়ে যাবে, সে জামাতটি তাদের এ অবগতির উপর কী আমল করেছে? আর শরীয়তের দৃষ্টিতে তাদের কী করার ছিল? এ বিষয়ক যথাযথ প্রতিবেদন অবগত মহলই দিতে পারবেন। তার উপর বিবেচনা করেই বেখবর অজ্ঞ জামাতের বিচার করা হবে।

আর যদি

দ্বিতীয় আরেকটি কথাও বলে যাই। কথাটি হচ্ছে, কেউ বলতে পারেন, ধারাটি সংবিধানে সংযোজিত হয়েছে কিছু কাল আগে। আর সে কারণে পাকিস্তান প্রতিষ্ঠায় অগ্রনী ভূমিকা পালনকারী আকাবির ওলামায়ে কেরাম এ ধারাটি কাজে লাগানোর মত সময় সুযোগ পাননি।

কারো মনের ভাব যদি এমন হয় তাহলে এ বিষয়ে আমার বক্তব্য হচ্ছে, এ একটি ধারার গুণে মানবরচিত আইনে পরিচালিত একটি শতভাগ গণতান্ত্রিক দেশ নিজেকে দারুল ইসলাম বলে দাবি করছে। এখন হাকীকত যদি এমন হয় যে, এ দেশের ইতিহাসে এবং সংবিধানের

ইতিহাসে এমন দীর্ঘ একটি পর্ব পার হয়েছে যখন এ ঐতিহাসিক ধারাটি সংবিধানে ছিল না, তাহলে তখন এ দেশটি দারুল ইসলাম ছিল? না কি একটি গণতান্ত্রিক দারুল হারব ছিল?

সত্য কোনটি

সমস্যা কিন্তু দ্বিমুখী। সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ কথাটা বোঝার চেষ্টা করতে হবে। এ সত্যটি স্বীকার করতে হবে। ধারাটি যদি দেশ ও সংবিধানের জন্ম থেকেই থেকে থাকে তাহলে আকাবির ওলামায়ে কেরামও কেন ধারাটিকে কাজে লাগাননি? কেন তাঁরা তাদের সারা জীবনের স্বপ্নকে এভাবে ভুলে গেলেন? আর যদি ধারাটি তখন থেকে না থেকে থাকে যে ধারার গুণে দেশটি দারুল ইসলাম তাহলে সে ধারাটি না থাকা অবস্থায় সে দেশের স্বপ্নদ্রষ্টা ও প্রতিষ্ঠাতাগণ নীরব ছিলেন কীভাবে? এমন একটি দেশের বিষয়ে তাদের অবস্থান কী ছিল?

পাঠক ভুলে যাবেন না যে, এ প্রশ্নগুলো এবং এসব জটিল জটিল পরিস্থিতিগুলো শায়খে মুহতারামের সে অভিযোগের ভিত্তিতেই জন্ম নিয়েছে যে অভিযোগ তিনি হুকুমত, সাধারণ মানুষ ও দ্বীনদার মহলের বিরুদ্ধে করেছেন। তিনি বেখবরীর যে অভিযোগ করেছেন সে কারণে। নচেৎ আমাদের ভাসা ভাসা অধ্যয়ন অনুযায়ী কুরআন, হাদীস, সীরাত ও ইসলামের ইতিহাসের আলোকে বিচার করলে এখানে মুশতাবিহ কোন বিষয় নেই। তাই স্পষ্ট বিষয়গুলোকে মুশতাবিহ ও অস্পষ্ট করে তোলারও কোন মানে হয় না।

জরুরী টীকা : ১৫

“

ও অনুভূতিহীনতার উপর...

জরুরী টীকা-১৫

ও অনুভূতিহীনতার উপর...

এরকমভাবে 'অনুভূতিশীল' বা 'অনুভূতিহীনতা' এগুলো শরয়ী কোন পরিভাষা নয়। একটি ফরয দায়িত্ব নিয়ে আলোচনা চলছে। ঈমান নিয়ে টানাটানি চলছে। এ ক্ষেত্রে আবেগী শব্দ ব্যবহার কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এর দ্বারা শরয়ী বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দেয়া যায় না। কার উপর কী দায়িত্ব তা সুনিশ্চিত করে বন্টন করে দেয়া যায় না। তবে মনে রাখতে হবে, দায়িত্বশীল ফেরেশতাগণের খাতায় সব কিছু সুনির্দিষ্ট করেই লিপিবদ্ধ আছে এবং থাকবে।

শব্দগুলোর কুরআনী ব্যবহার

'অনুভূতিশীল' বা 'অনুভূতিহীনতা' বা এ ধরনের শব্দগুলোর ব্যবহার কুরআনে কারীমে রয়েছে। কিন্তু কুরআনের যেসব আয়াতে এ জাতীয় শব্দ ব্যবহার হয়েছে সেসব আয়াতের ভাবার্থ নিয়ে চিন্তা করলে আপনি বুঝতে পারবেন যে, যাদের সম্পর্কে এ শব্দগুলো ব্যবহার করা হয়েছে তাদের জন্য তাদের এ অবস্থাকে গ্রহণযোগ্য ওযর হিসাবে ধর্তব্য করা হয়নি। কিন্তু আমরা যে ক্ষেত্রে শব্দগুলোকে ব্যবহার করি তা থেকে সিদ্ধান্ত নেয়া যায় না যে, যার অনুভূতি নেই সে তার এ অনুভূতিহীনতার কারণে দায়িত্ব থেকে মুক্তি পাবে কি পাবে না।

এ জন্য এসব ক্ষেত্রে ফকীহ মুজতাহিদগণ যেসব পরিভাষা ব্যবহার করেছেন সেগুলো ব্যবহার করা উচিৎ। আল্লাহর বিধান প্রতিষ্ঠার বিষয়ে অনুভূতিহীনতাকে যদি আমরা কুরআনের ভাষায় ব্যক্ত করি তাহলে মাসআলা অনেক জটিল হয়ে যাবে।

আমরা এ কথা স্বীকার করছি যে, কুরআনে যে অনুভূতিহীনতার কথা বলা হয়েছে তা যে চূড়ান্ত পর্যায়ের অনুভূতিহীনতা শায়খে মুহতারাম সে পর্যায়ের কোন অনুভূতিহীনতার কথা এখানে বলেননি। বরং স্বাভাবিক অবহেলা বা গুরুত্ব না দেয়ার অর্থে বলেছেন। কিন্তু শব্দটির উপর আমাদের আলোচনা বিশেষ দু'টি কারণে। **এক.** অনুভূতিহীনতার যে মাত্রা কুফর পর্যন্ত পৌঁছে যায় সে মাত্রার অনুভূতিহীনতা এখন জন্মগত মুসলমানদের মাঝে ব্যাপক। পাকিস্তানের মুসলমানরাও এর ব্যতিক্রম নয়। **দুই.** শায়খে মুহতারামের মত ব্যক্তিদের বক্তব্যের ভাষাগুলোও সাধারাণ ওলামায়ে কেরামের দৃষ্টিতে দলিল হিসাবে বিবেচিত হচ্ছে। বিভিন্ন ক্ষেত্রে আমরা এর মুখোমুখী হচ্ছি।

আরেকটি কথা হচ্ছে, এ অনুভতিহীনতাকে সাধারণ মানুষের ক্ষেত্রে সহজ অর্থে নেয়া গেলেও দায়িত্বশীল ওলামায়ে কেরাম এবং দেশের নির্বাহী শক্তির ক্ষেত্রে সহজ অর্থে নেয়া যায় না। সহজ অর্থে নেয়ার কোন সুযোগ নেই। কারণ বিষয়গুলো মুস্তাহাব, মুবাহ বা ঐচ্ছিক কোন বিষয় নয়। আর শায়খে মুহতারাম শব্দটি এ দু'টি শ্রেণীর বেলায়ও ব্যবহার করেছেন।

এ সকল বিবেচনায় এ বিষয়ে কুরআন থেকে দুয়েকটি উদাহরণ দেখে নিলেই ভালো হবে। আমাদের জরিপমতে কুরআনের নিম্নোক্ত আয়াতগুলোতে যে পর্যায়ের অনুভূতিহীনতার কথা উল্লেখ করা হয়েছে এবং এর যে ফলাফল বলা হয়েছে পাকিস্তানের নির্বাহী শক্তির ক্ষেত্রে সে পর্যায়ের অনুভূতিহীনতা এবং সে পর্যায়ের ফলাফলই প্রযোজ্য হবে।

এ সম্পর্কিত কয়েকটি আয়াত

﴿وَإِذَا قِيلَ لَهُمْ لَا تُفْسِدُوا فِي الْأَرْضِ قَالُوا إِنَّمَا نَحْنُ مُصْلِحُونَ. أَلَا إِنَّهُمْ هُمُ الْمُفْسِدُونَ وَلَكِنْ لَا يَشْعُرُونَ﴾ {سورة البقرة: ١١-١٢}

"আর যখন তাদেরকে বলা হয় যে, দুনিয়ার বুকে দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টি করো না, তখন তারা বলে, আমরা তো মীমাংসার পথ অবলম্বন করেছি। মনে রেখো, তারাই হাঙ্গামা সৃষ্টিকারী, কিন্তু তারা তা অনুভব করে না।" -সূরা বাকারা ১১-১২

এ আয়াতে যাদের ব্যাপারে বলা হয়েছে 'তারা অনুভব করতে পারে না' তারা আল্লাহর বিচারে মুনাফিক, ফাসাদ সৃষ্টিকারী এবং কাফের। তাদের এ অনুভব না করা কোন পর্যায়ের কোন ওযর হিসাবে উল্লেখ করা হয়নি।

﴿وَإِذَا قِيلَ لَهُمْ آمِنُوا كَمَا آمَنَ النَّاسُ قَالُوا أَنُؤْمِنُ كَمَا آمَنَ السُّفَهَاءُ أَلَا إِنَّهُمْ هُمُ السُّفَهَاءُ وَلَكِنْ لَا يَعْلَمُونَ﴾ {سورة البقرة: ١٣}

"আর যখন তাদেরকে বলা হয়, অন্যান্যরা যেভাবে ঈমান এনেছে তোমরাও সেভাবে ঈমান আন, তখন তারা বলে, আমরাও কি ঈমান আনব বোকাদেরই মত! মনে রেখো, প্রকৃতপক্ষে তারাই বোকা, কিন্তু তারা তা বোঝে না।" -সূরা বাকারা ১৩

এ আয়াতে যাদেরকে বোকা বলা হয়েছে তাদেরকে দায়িত্ব থেকে নিষ্কৃতি দেয়া হয়নি। যাদের বিষয়ে বলা হয়েছে, 'তারা জানে না' তাদের এ না জানাকে কোন পর্যায়ের কোন ওযর হিসাবে গ্রহণ করা হয়নি। এদেরকে বোকা বলে এবং বোঝে না বলে আল্লাহ তাআলা এ সিদ্ধান্তই দিয়েছেন যে, এরা মুনাফিক ও নিকৃষ্ট কাফের। যাদের ঠিকানা জাহান্নামে।

﴿وَلَقَدْ ذَرَأْنَا لِجَهَنَّمَ كَثِيرًا مِنَ الْجِنِّ وَالْإِنْسِ لَهُمْ قُلُوبٌ لَا يَفْقَهُونَ بِهَا وَلَهُمْ أَعْيُنٌ لَا يُبْصِرُونَ بِهَا وَلَهُمْ آذَانٌ لَا يَسْمَعُونَ بِهَا أُولَئِكَ كَالْأَنْعَامِ بَلْ هُمْ أَضَلُّ أُولَئِكَ هُمُ الْغَافِلُونَ﴾ {سورة الأعراف: ١٧٩}

"আর আমি সৃষ্টি করেছি জাহান্নামের জন্য বহু জ্বিন ও মানুষ। তাদের অন্তর রয়েছে তার দ্বারা তারা বিবেচনা করে না, তাদের চোখ রয়েছে, তার দ্বারা তারা দেখে না, আর তাদের কান রয়েছে, তার দ্বারা তারা

শোনে না। তারা চতুষ্পদ জন্তুর মত; বরং তার চেয়েও নিকৃষ্টতর। তারাই হল গাফেল।" -সূরা আরাফ ১৭৯

এ আয়াতে যাদের ব্যাপারে বলা হয়েছে, 'তারা বোঝে না' এবং যাদেরকে গাফেল ও বেখবর বলা হয়েছে তাদের ব্যাপারেই আল্লাহ রাব্বুল আলামীনের ফয়সালা হচ্ছে, তাদেরকে জাহান্নামের জন্য সৃষ্টি করা হয়েছে। তাদেরকেই আল্লাহ তাআলা চতুষ্পদ প্রাণী এমনকি তার চাইতে অধম বলে ঘোষণা করেছেন।

﴿يَاأَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِينَ عَلَى الْقِتَالِ إِنْ يَكُنْ مِنْكُمْ عِشْرُونَ صَابِرُونَ يَغْلِبُوا مِائَتَيْنِ وَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ يَغْلِبُوا أَلْفًا مِنَ الَّذِينَ كَفَرُوا بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَفْقَهُونَ. الْآنَ خَفَّفَ اللَّهُ عَنْكُمْ وَعَلِمَ أَنَّ فِيكُمْ ضَعْفًا فَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ صَابِرَةٌ يَغْلِبُوا مِائَتَيْنِ وَإِنْ يَكُنْ مِنْكُمْ أَلْفٌ يَغْلِبُوا أَلْفَيْنِ بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ﴾ {سورة الأنفال: ٦٥-٦٦}

"হে নবী, আপনি মুসলমানগণকে উৎসাহিত করুন জিহাদের জন্য। তোমাদের মধ্যে যদি বিশ জন দৃঢ়পদ ব্যক্তি থাকে, তবে জয়ী হবে দু'শর মোকাবেলায়। আর যদি তোমাদের মধ্যে থাকে একশ লোক, তবে জয়ী হবে হাজার কাফেরের উপর; কারণ তারা এমন জাতি যারা বোঝে না। এখন বোঝা হালকা করে দিয়েছেন আল্লাহ তা'আলা তোমাদের উপর এবং তিনি জানেন যে, তোমাদের মধ্যে দুর্বলতা রয়েছে। কাজেই তোমাদের মধ্যে যদি দৃঢ়চিত্ত একশ লোক বিদ্যমান থাকে, তবে জয়ী হবে দু'শর উপর। আর যদি তোমরা এক হাজার হও তবে আল্লাহর হুকুম অনুযায়ী জয়ী হবে দু'হাজারের উপর। আর আল্লাহ রয়েছেন দৃঢ়চিত্ত লোকদের সাথে।" -সূরা আনফাল ৬৫-৬৬

এ আয়াতে যাদেরকে অবুঝ সম্প্রদায় বলা হয়েছে তারা কারা? এ অবুঝ ব্যক্তিরা তারাই যাদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য আল্লাহ রাব্বুল আলামীন মুসলমানদেরকে আদেশ করেছেন। আল্লাহর খাতায় এরা কাফের। অবুঝ সম্প্রদায় বলে তাদের কোন ওযরকে গ্রহণ করার রাস্তা খোলা রাখা হয়নি।

﴿وَإِذَا أُنْزِلَتْ سُورَةٌ أَنْ آمِنُوا بِاللَّهِ وَجَاهِدُوا مَعَ رَسُولِهِ اسْتَأْذَنَكَ أُولُو الطَّوْلِ مِنْهُمْ وَقَالُوا ذَرْنَا نَكُنْ مَعَ الْقَاعِدِينَ. رَضُوا بِأَنْ يَكُونُوا مَعَ الْخَوَالِفِ وَطُبِعَ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ﴾ {سورة التوبة: ٨٦-٨٧}

"আর যখন এ মর্মে কোন সূরা নাযিল হয় যে, তোমরা ঈমান আন আল্লাহর উপর, আর তাঁর রাসূলের সাথে জিহাদ কর তখন বিদায় কামনা করে তাদের সামর্থ্যবান লোকেরা এবং বলে আমাদের অব্যাহতি দিন, যাতে আমরা (নিষ্ক্রিয়ভাবে) বসে থাকা লোকদের সাথে থেকে যেতে পারি। তারা পেছনে পড়ে থাকা লোকদের সাথে থেকে যেতে পেরে আনন্দিত হয়েছে এবং মোহর এঁটে দেয়া হয়েছে তাদের অন্তরসমূহের উপর। বস্তুতঃ তারা বোঝে না।" -সূরা তাওবা ৮৬-৮৭

'তারা বোঝে না' বলে আয়াতে যাদের কথা বলা হয়েছে তারা হচ্ছে মুনাফিক। আল্লাহ রাব্বুল আলামীনের ভাষ্যমতে তাদের অন্তরে মহর মেরে দেয়া হয়েছে। অর্থাৎ তারা আর কখনো হক ও সত্যকে গ্রহণ করবে না। যাদের জন্য জাহান্নামের ফায়সালা হয়ে গেছে।

﴿وَإِذَا مَا أُنْزِلَتْ سُورَةٌ نَظَرَ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ هَلْ يَرَاكُمْ مِنْ أَحَدٍ ثُمَّ انْصَرَفُوا صَرَفَ اللَّهُ قُلُوبَهُمْ بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَفْقَهُونَ﴾ {سورة التوبة: ١٢٧}

"আর যখনই কোন সূরা অবতীর্ণ হয়, তখন তারা একে অন্যের দিকে তাকায় যে, কোন মুসলমান তোমাদের দেখছে কিনা অতঃপর সরে পড়ে। আল্লাহ ওদের অন্তরকে সত্য বিমুখ করে দিয়েছেন! নিশ্চই তারা নির্বোধ সম্প্রদায়।" -সূরা তাওবা ১২৭

আল্লাহ রাব্বুল আলামীন যাদের অন্তরকে সত্য গ্রহণ থেকে বিমুখ করে দিয়েছেন তাদের বিষয়ে শব্দ ব্যবহার করেছেন, 'তারা এমন সম্প্রদায় যারা বোঝে না'। 'তারা বোঝে না' এ জন্য বলেননি যে, তাদের এ না বোঝাকে ওযর হিসাবে গ্রহণ করে আল্লাহ তাআলা তাদেরকে মাফ করে দেবেন। বরং তাদের এ না বোঝাটা তাদের অপরাধ।

﴿ذَلِكَ بِأَنَّهُمْ آمَنُوا ثُمَّ كَفَرُوا فَطُبِعَ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ﴾ {سورة المنافقون: ٣}

"এটা এজন্য যে, তারা বিশ্বাস করার পর পুনরায় কাফের হয়েছে। ফলে তাদের অন্তরে মোহর মেরে দেয়া হয়েছে। অতএব তারা বোঝে না।" -সূরা মুনাফিকূন ৩

এমন একটি সম্প্রদায় সম্পর্কেই বলা হয়েছে যে, তারা বোঝে না যারা ঈমানের পর আবার কুফরী করেছে। আর তাদের কুফরীর অবস্থা এমন যে এ কুফরী থেকে তারা আর কখনো ফিরে আসবে না। এ থেকে বোঝা যায়, তাদের এ না বোঝাটাই একটি ভয়ংকর অপরাধ।

﴿هُمُ الَّذِينَ يَقُولُونَ لَا تُنفِقُوا عَلَىٰ مَنْ عِندَ رَسُولِ اللَّهِ حَتَّىٰ يَنفَضُّوا وَلِلَّهِ خَزَائِنُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَٰكِنَّ الْمُنَافِقِينَ لَا يَفْقَهُونَ﴾ {سورة المنافقون: ٧}

"তারাই বলে, আল্লাহর রাসূলের সাহচর্যে যারা আছে তাদের জন্য ব্যয় করো না। পরিণামে তারা আপনা-আপনি সরে যাবে। ভূ ও নভোমণ্ডলের ধন-ভাণ্ডার আল্লাহরই, কিন্তু মুনাফিকরা তা বোঝে না।" -সূরা মুনাফিকূন ৭

এমন মুনাফিকদের ব্যাপারে আল্লাহ তাআলা বলেছেন 'তারা বোঝে না' যারা আল্লাহর রাসূল ও তাঁর সাহাবায়ে কেরামের মাঝে দূরত্ব সৃষ্টি করার জন্য বহুমুখী ষড়যন্ত্র করেছিল। এ থেকে প্রমাণিত হয়, না বোঝা কোন ওযর হতে পারে না।

জাহালাত ও গাফলতের ফযীলত

যে না বোঝাকে আমরা যে কোন অপরাধ থেকে নিজেদেরকে মুক্ত মনে করার জন্য ঢাল হিসাবে ব্যবহার করছি কুরআনের ভাষায় তা অপরাধ থেকে বাঁচার কোন ঢাল ছিল না; বরং এসব না বোঝা, না জানা ও অনুভব না করা কুরআনের ভাষ্য অনুসারে অপরাধের তালিকায় রয়েছে।

তাহলে আমরা যে এসব শব্দ ব্যবহার করছি এগুলোর উদ্দেশ্য কী? কুরআনে যে অর্থে ব্যবহার করা হয়েছে সে অর্থে হলে এ শব্দগুলো ওযরের কোন শব্দ নয়; বরং এগুলো সবই হচ্ছে অপরাধের শব্দ। কিন্তু আমরা শব্দগুলো যেভাবে ব্যবহার করছি তা থেকে সন্দেহ

হতেই পারে যে, আমাদের বা উম্মতের এসকল অবস্থা কোন ফযীলতের বিষয়, অথবা কমপক্ষে এগুলো অপরাধের তালিকায় পড়ে না, অথবা এগুলো এমন অপরাধ যা মুছে যাওয়া খুবই সহজ বিষয়।

তাই আমাদের নিবেদন হচ্ছে, এসব ক্ষেত্রে আমাদের ও উম্মতের আচরণগুলোর ফিকহী মূল্যায়ন হওয়া জরুরী। মুশতাবিহ ও আবেগের শব্দ ও বাক্য দিয়ে আমাদের দায়িত্বগুলো আমাদের সামনে স্পষ্ট হচ্ছে না। আমরা যে অবস্থায় যেভাবে সময় পার করছি অবশ্যই এর একটি ফিকহী মূল্যায়ন আছে। সে মুল্যায়নটা ফিকহের পরিভাষায় শরীয়তের দায়িত্ব হিসাবে স্পষ্টভাবে সামনে আসা দরকার।

উদ্দিষ্ট ব্যক্তিদের বিধান

আমি বলতে চাচ্ছি, অবস্থাগুলোর 'তাকয়ীফে ফিকহী' হওয়া দরকার। পাকিস্তান জন্মের আগ থেকে শুরু করে বর্তমান পাকিস্তান পর্যন্ত প্রতিটি পর্বের শরয়ী অবস্থান পরিষ্কার হয়ে উম্মতের সামনে আসলেই প্রতিদিনের মাসআলাগুলোতে উম্মত সহজে সিদ্ধান্ত নিতে পারত। এসব ক্ষেত্রে আবেগের শব্দ ও বাক্য ব্যবহার না করে ফিকহী পরিভাষা ব্যবহার করার অনেকগুলো সুবিধা রয়েছে।

সবচাইতে বড় কথা হচ্ছে, পাকিস্তানের একজন নাগরিক যেন আল্লাহর বান্দা হিসাবে তার করণীয় বুঝে নিতে পারে। আমি উদাহরণস্বরূপ দু'চারটি মাসআলা এখানে তুলে ধরছি, যেগুলোর ব্যাপারে আমাদের ধারণা হচ্ছে, এসব বিষয়ে পরিষ্কার সিদ্ধান্ত হয়নি। উদাহরণগুলো তুলে ধরার সঙ্গে সঙ্গে আমাদের সন্দেহের কারণও সামান্য ব্যাখ্যা করব, ইনশা-আল্লাহ।

অমীমাংসিত অতীত

ক. ভারত নামের একটি দারুল হারব থেকে মুক্ত হয়ে পাকিস্তান শিরোনামে একটি দারুল ইসলাম তৈরি হয়েছে? না কি একটি দারুল ইসলামকে দুই ভাগ করে একটি ভাগ পাকিস্তান নামে অত্মপ্রকাশ করেছে।

যদি একটি দারুল ইসলামকে দুই ভাগ করে এক ভাগ পাকিস্তান নামে আত্মপ্রকাশ করে থাকে তাহলে এর কী প্রয়োজন ছিল? কেন

মুসলমানদের এত বৃহৎ একটি শক্তিকে এবং ওলামায়ে কেরামের এত বিশাল একটি জামাতকে ভেঙ্গে দুই ভাগ করা হল? এর প্রাপ্তি ও অর্জন কী? এবং এর বিসর্জন কী?

খ. যদি একটি দারুল হারব থেকে মুক্ত হয়ে পাকিস্তান নামে একটি দারুল ইসলাম তৈরি হয়ে থাকে তাহলে প্রশ্ন হচ্ছে, সেই দারুল হারব ভারত এখনো দারুল হারবই আছে? না কি পাকিস্তান দেশটি জন্ম লাভ করার পর অলৌকিক কোন কারণে ভারত দারুল ইসলামে রূপান্তরিত হয়ে গেছে। ভারত যদি দারুল ইসলামে রূপান্তরিত হয়ে থাকে তাহলে তা কীভাবে? এবং তা কখন থেকে?

গ. আর যদি ভারত তখন থেকে এখনো পর্যন্ত দারুল হারবই হয়ে থাকে তাহলে প্রশ্ন হচ্ছে, এ দারুল হারবের সঙ্গে বিগত সত্তর/বাহাত্তর বছর যাবত পাকিস্তানের আচরণ কী ছিল? এখন কী আচরণ চলছে? একটি দারুল হারবের সঙ্গে একটি দারুল ইসলামের যেসব আচরণের কথা কিতাবে লেখা আছে তার কী কী পাকিস্তান করেছে?

ঘ. ভারতকে দারুল হারব হিসাবে রেখে পাকিস্তান শিরোনামে দারুল ইসলাম তৈরি হওয়ার পর ভারতের মুসলমানরা দারুল হারব ভারতে অবস্থান করার ব্যাপারে পাকিস্তানের ওলামায়ে কেরামের ফাতওয়া কী ছিল এবং কোন দলিলের ভিত্তিতে ছিল? এখন সেখানে মুসলমানদের অবস্থানের বিষয়ে পাকিস্তানের ওলামায়ে কেরামের সিদ্ধান্ত কী?

ঙ. সম্প্রতিকালে 'দারুল আমান' নামে যে পরিভাষাটির বহুল ব্যবহার শোনা যাচ্ছে, পাকিস্তানের যিম্মাদারদের দৃষ্টিতে ভারতের বেলায়ও সে পরিভাষাটি প্রযোজ্য কি না? প্রযোজ্য হয়ে থাকলে তা পাকিস্তান জন্মের আগে থেকে না কি পরবর্তী কোন সময় থেকে শুরু হয়েছে? প্রযোজ্য হয়ে থাকলে সে মেয়াদ কত কালের এবং কত যুগের? এবং ভারতের ক্ষেত্রে পরিভাষার এ পরিবর্তনের হেতুগুলো কী ছিল?

চ. বর্তমান ভারতের সংবিধান ও বর্তমান পাকিস্তানের সংবিধানের মাঝে মৌলিক ব্যবধানগুলো কী? যার কারণে পাকিস্তান দারুল ইসলাম, আর ভারত তা নয়। এমনিভাবে বিশ্বের অন্যান্য গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশগুলোর সংবিধানের সঙ্গে পাকিস্তানের সংবিধানের মৌলিক ব্যবধানগুলো কী কী? যার দরুন পাকিস্তান দারুল ইসলাম এবং অন্যান্য দেশগুলো তা নয়।

ছ. যেসব বৈশিষ্ট্যের কারণে পাকিস্তান দারুল ইসলাম সেসব বৈশিষ্ট্য অন্যান্য দেশে না থাকার কারণে সেসব দেশ পাকিস্তানের যিম্মাদারগণের দৃষ্টিতে দারুল হরব কি না? সেগুলো দারুল হারব না হয়ে থাকলে পাকিস্তানের বৈশিষ্ট্য কী? আর সেসব দেশ দারুল হারব হয়ে থাকলে সেগুলোর সঙ্গে পাকিস্তানের আচরণ কী?

জ. পাকিস্তান জন্মের পর সেখানে আল্লাহর আইন বাস্তবায়ন হয়েছিল কি না? যা একটি দেশ দারুল ইসলাম হওয়ার জন্য শর্ত। যদি আল্লাহর আইন বাস্তবায়ন হয়ে থাকে এবং পাকিস্তান যদি দারুল ইসলাম হয়ে থাকে তাহলে শাব্বীর আহমদ ওসমানী রহ. কায়েদে আজম মুহাম্মদ আলি জিন্নাহকে কোন বিধান বাস্তবায়ন করার জন্য আজীবন পীড়াপীড়ি করে গেছেন? জিন্নাহ মারা যাওয়ার পর আবারও কেন সে বিধান বাস্তবায়নের জন্য পরবর্তীদেরকে অনুরোধ করতে থাকলেন? সবশেষে শাব্বীর আহমদ ওসমানী রহ. এর ইন্তেকালের পর তাঁর অনুসারীরাও হুকুমতকে কোন আইন বাস্তবায়নের জন্য অনুরোধ করতে থেকেছেন?

ঝ. পাকিস্তান জন্মের পর যখন সেখানে আল্লাহর বিধান বাস্তবায়িত হয়নি, কিন্তু এর বিপরীতে মানবরচিত গণতান্ত্রিক কুফরী আইন বাস্তবায়িত হয়েছে তখন পাকিস্তানের মুসলমান ও মুসলমানদের যিম্মাদার ওলামায়ে কেরামের করণীয় কী ছিল?

ঞ. যে উদ্দেশ্যে পাকিস্তানের জন্ম সে উদ্দেশ্য বাস্তবায়িত হয়নি দেখার পর মানবরচিত কুফরী আইনের উপর চলার জন্য পাকিস্তানের মুসলমানদেরকে শরীয়ত কত দিন, কত মাস বা কত বছরের সময় দিয়েছে?

ট. একটি দেশের নির্বাহী শক্তি সকল ক্ষমতার অধিকারী হয়ে, দেশের শতকরা নিরানব্বই ভাগ নাগরিকের পক্ষ থেকে কৃত আল্লাহর বিধান বাস্তবায়নের দাবিকে প্রত্যাখান করে সম্পূর্ণ এখতিয়ারের সাথে আল্লাহর বিধানকে বিধান হিসাবে গ্রহণ না করে মানবরচিত কুফরী আইনকে আইন হিসাবে প্রণয়ন করে বাস্তবায়িত করে মানুষদেরকে তা মানতে বাধ্য করে দিয়েছে। কোটি কোটি মুসলমানকে আল্লাহর বিধানের উপর না চলতে বাধ্য করেছে এবং মানবরচিত কুফরী আইনের উপর চলতে বাধ্য করেছে। সে নির্বাহী শক্তি মুসলমান না কি কাফের?

যদি মুসলমান হয়ে থাকে তাহলে কেন? ইবলিস, আবু তালিব, কারূন, বাদশাহ আকবর, কাদিয়ানী, ইসমাঈলী শিয়া, ইসনা আশারিয়া শিয়া, নুসাইরি শিয়া ইত্যাদি এরা কেন কাফের এবং পাকিস্তানের নির্বাহী শক্তি কেন কাফের নয়?

ঠ. নির্বাহী শক্তি কাফের হয়ে থাকলে তাদের সঙ্গে মুসলমানদের করণীয় দায়িত্ব কী? তাদের সঙ্গে আচরণের বিধান কী? তাদের সঙ্গে লেনদেন বিবাহ শাদীর বিধান কী? তাদের অধীনস্ত দেশের নাম দারুল হারব না কি দারুল ইসলাম? সে দেশে মুসলমানদের বসবাস করার বিধান কী?

ড. পাকিস্তানের সে মুরতাদ সরকারের বিরুদ্ধে মুসলমানদের অস্ত্র নিয়ে লড়াইয়ের ফরয দায়িত্ব ছিল কি না? ফরয হয়ে থাকলে সে ফরয দায়িত্ব তাঁরা কীভাবে আদায় করেছেন? অথবা লড়াই করার মত সামর্থ্য না থাকলে তাঁরা হিজরত করেছিলেন কি না? অস্ত্র নিয়ে লড়াই করতে হবে এ মর্মে কোন ফাতওয়া দিয়েছিলেন কি না? অথবা সামর্থ্য নেই প্রমাণিত হওয়ার পর হিজরত করা ফরয এ মর্মে কোন ফাতওয়া দিয়েছিলেন কি না?

ঢ. পাকিস্তানের মুরতাদ সরকারের বিরুদ্ধে লড়াই করা বা সামর্থ্য না থাকলে হিজরত করা যদি ফরয না হয়ে থাকে তাহলে নিম্নোক্ত আয়াত, হাদীস ও মুহাদ্দিস ফকীহগণের ভাষ্যগুলোর জবাব কী?

পাকিস্তানের কর্ণধারগণ বলতে হবে

﴿وَأَنِ احْكُمْ بَيْنَهُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ وَاحْذَرْهُمْ أَنْ يَفْتِنُوكَ عَنْ بَعْضِ مَا أَنْزَلَ اللَّهُ إِلَيْكَ فَإِنْ تَوَلَّوْا فَاعْلَمْ أَنَّمَا يُرِيدُ اللَّهُ أَنْ يُصِيبَهُمْ بِبَعْضِ ذُنُوبِهِمْ وَإِنَّ كَثِيرًا مِنَ النَّاسِ لَفَاسِقُونَ. أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ﴾ {سورة المائدة: ٤٩-٥٠}

“আর তাদের মধ্যে তার মাধ্যমে ফয়সালা কর যা আল্লাহ নাযিল করেছেন এবং তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। আর তাদের থেকে সতর্ক থাক যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তার কিছু থেকে তারা তোমাকে বিচ্যুত করবে। অতঃপর যদি তারা মুখ ফিরিয়ে নেয় তাহলে জেনে রাখ যে, আল্লাহ তো কেবল তাদেরকে তাদের কিছু পাপের

কারণেই আযাব দিতে চান। আর মানুষের অনেকেই ফাসেক। তারা কি তবে জাহিলিয়্যাতের বিধান চায়? আর নিশ্চিত বিশ্বাসী কওমের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে কে অধিক উত্তম?" -সূরা মায়েদাহ ৪৯-৫০

﴿وقوله: {**أفحكم الجاهلية يبغون ومن أحسن من الله حكما لقوم يوقنون**} ينكر تعالى على من خرج عن حكم الله المحكم المشتمل على كل خير، الناهي عن كل شر وعدل إلى ما سواه من الآراء والأهواء والاصطلاحات، التي وضعها الرجال بلا مستند من شريعة الله، كما كان أهل الجاهلية يحكمون به من الضلالات والجهالات، مما يضعونها بآرائهم وأهوائهم. وكما يحكم به التتار من السياسات الملكية المأخوذة عن ملكهم جنكزخان، الذي وضع لهم اليساق وهو عبارة عن كتاب مجموع من أحكام قد اقتبسها عن شرائع شتى، من اليهودية والنصرانية والملة الإسلامية، وفيها كثير من الأحكام أخذها من مجرد نظره وهواه، فصارت في بنيه شرعا متبعا، يقدمونها على الحكم بكتاب الله وسنة رسوله صلى الله عليه وسلم.

ومن فعل ذلك منهم فهو كافر يجب قتاله، حتى يرجع إلى حكم الله ورسوله [صلى الله عليه وسلم]فلا يحكم سواه في قليل ولا كثير﴾ {تفسير ابن كثير : ١٣١/٣}

"আল্লাহর বাণী **أفحكم الجاهلية يبغون ومن أحسن من الله حكما لقوم يوقنون** আল্লাহ তাআলা সেসব লোকের অবস্থানকে অস্বীকার করছেন যারা আল্লাহ তাআলার সুপ্রতিষ্ঠিত বিধান থেকে বের হয়ে গেছে যে বিধানে সকল কল্যাণ রয়েছে এবং সকল অকল্যাণ থেকে বিরত রাখা হয়েছে সে বিধান থেকে বের হয়ে অন্যান্য বিভিন্ন মত, মনস্কামনা ও বিভিন্ন পরিভাষার অনুগামী হয়ে পড়েছে যা মানুষ রচনা করেছে,

যেগুলোতে আল্লাহর বিধানকে ভিত্তি বানানো হয়নি। যেমন জাহেলী যুগের লোকেরা এসব ভ্রষ্টতা ও অজ্ঞতা দিয়ে তাদের বিচারকার্য পরিচালনা করত যা তারা নিজেদের মতামত ও মনস্কামনার ভিত্তিতে তৈরি করত।

এরকমভাবে যেমন তাতারীরা তাদের রাজপরিবারের শাসননীতি দিয়ে শাসন করে যা তাদের আদি পুরুষ চেঙ্গিস খান থেকে নেয়া হয়েছে। যে চেঙ্গিস খান তাদের জন্য 'ইয়াসাক' (নামের একটি সংবিধান) তৈরি করেছিল। আর 'ইয়াসাক' হচ্ছে একটি রচনা যা বিভিন্ন বিধিবিধানের সমষ্টি যে বিধানগুলো সে বিভিন্ন শরীয়ত থেকে গ্রহণ করেছে। যেমন ইহুদী ধর্ম, খ্রিস্টান ধর্ম, ইসলাম ধর্ম ইত্যাদি থেকে। এর মাঝে বহু বিধান ছিল এমন যা শুধু নিজস্ব মতামত ও মনস্কামনা থেকে গৃহীত। এ বিধানসমগ্র পরবর্তীতে তার বংশধরদের মাঝে অনুসৃত শরীয়ত হিসাবে প্রতিষ্ঠিত হয়ে গেছে। তারা আল্লাহর কিতাব ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহের উপর তাদের এ বিধানসমগ্রকে প্রাধান্য দিত।

তাদের মধ্যে যারা এ কাজ করবে তারা কাফের, তার বিরুদ্ধে জিহাদ করা ওয়াজিব। যতক্ষণ পর্যন্ত তারা আল্লাহ ও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিধানের দিকে ফিরে আসবে না এবং ছোট বড় অল্প বেশি সর্ব ক্ষেত্রে কুরআন সুন্নাহর আলোকে বিচার করবে না ততক্ষণ পর্যন্ত তাদের বিরুদ্ধে জিহাদ করা ওয়াজিব।" -তাফসীরে ইবনে কাসীর

﴿عن جنادة بن أبي أمية ... بايعنا على .... وأن لا ننازع الأمر أهله إلا أن تروا كفرا بواحا عندكم من الله فيه برهان﴾ {البخاری : رقم الحديث: ٧٠٥٦ -٦/٢٥٨٨}

"জুনাদা ইবনে আবু উমাইয়া বলেন, ... তখন তিনি আমাদের কাছ থেকে যেসব বিষয়ে অঙ্গীকার নিয়েছেন তার মধ্যে ছিল, ... আর আমরা ক্ষমতার বিষয়ে ক্ষমতাবানদের সঙ্গে টানাটানি করব না, তবে যদি তোমরা তার থেকে এমন কোন স্পষ্ট কুফর প্রকাশ পেতে দেখ যার ব্যাপারে তোমাদের কাছে আল্লাহর পক্ষ থেকে দলিল রয়েছে।" -সহীহ বুখারী, কিতাবুল ফিতান, باب قول النبي صلى الله عليه وسلم سترون بعدي أمورا تنكرونها

﴿قَالَ الْقَاضِي: فَلَوْ طَرَأَ عَلَيْهِ كُفْرٌ وَتَغْيِيرٌ لِلشَّرْعِ أَوْ بِدْعَةٌ خَرَجَ عَنْ حُكْمِ الْوِلَايَةِ وَسَقَطَتْ طَاعَتُهُ وَوَجَبَ عَلَى الْمُسْلِمِينَ الْقِيَامُ عَلَيْهِ وَخَلْعُهُ وَنَصْبُ إِمَامٍ عَادِلٍ إِنْ أَمْكَنَهُمْ ذَلِكَ، فَإِنْ لَمْ يَقَعْ ذَلِكَ إِلَّا لِطَائِفَةٍ وَجَبَ عَلَيْهِمُ الْقِيَامُ بِخَلْعِ الْكَافِرِ وَلَا يَجِبُ فِي الْمُبْتَدِعِ إِلَّا إِذَا ظَنُّوا الْقُدْرَةَ عَلَيْهِ﴾

"কাযী বলেন, যদি সে নতুনভাবে কুফরে পতিত হয় এবং শরীয়তের বিধানকে বদলে দেয়, অথবা বিদআতের শিকার হয় তাহলে সে ক্ষমতার অধিকার থেকে বেরিয়ে যাবে এবং তার আনুগত্য বিলুপ্ত হয়ে যাবে এবং তার বিরুদ্ধে মুসলমানরা অবস্থান নেয়া এবং তাকে পদচ্যুত করা এবং সে স্থলে সম্ভব হলে একজন উপযুক্ত ইমাম (খলিফা) বসানো ওয়াজিব হয়ে যাবে। যদি বিষয়টি মুসলমানদের শুধু একটি কাফেলার ক্ষেত্রে হয় তাহেল তাদের উপর ওয়াজিব হয়ে যাবে ঐ কাফেরকে পদচ্যুত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা, বিদআতীর ক্ষেত্রে তা ওয়াজিব হবে না, তবে যদি তার বিরুদ্ধে অবস্থান নিতে সক্ষম হবে বলে ধারণা করে তাহলে ব্যবস্থা নেবে। -শরহে সহীহ মুসলিম, ইমাম নববী, কিতাবুল ইমারাত।

﴿إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءَتْ مَصِيرًا﴾ {سورة النساء: ٩٧}

"যারা নিজের অনিষ্ট করে, ফেরেশতারা তাদের প্রাণ হরণ করে বলে, তোমরা কী অবস্থায় ছিলে? তারা বলে, এ ভূখণ্ডে আমরা অসহায় ছিলাম। ফেরেশতারা বলে, আল্লাহর পৃথিবী কি প্রশস্ত ছিল না যে, তোমরা দেশত্যাগ করে সেখানে চলে যেতে? অতএব, এদের বাসস্থান হল জাহান্নাম এবং তা অত্যন্ত মন্দ স্থান।" -সূরা নিসা ৯৭

﴿عن أبي سعيد الخدري أنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: يوشك أن يكون خير مال المسلم غنم يتبع بها شعف الجبال ومواقع القطر يفر بدينه من الفتن﴾ {الموطأ : رقم الحديث: ٣٥٥٨- ٢/٩٧٠}

"এমন হতে পারে যে, মুসলমানের সবচাইতে উত্তম সম্পদ হবে ছাগল যা নিয়ে সে পাহাড়ের চূড়ায় চলে যাবে এবং বিভিন্ন উপত্যকায় নিজের ঈমান নিয়ে ভেগে যাবে ফেতনা থেকে বাঁচার জন্য।" -মুয়াত্তা মালেক, কিতাবুল ইসতিযান, বাবু মা জাআ ফী আমরিল গানামি

﴿قَالَ الْقَاضِي: فَإِنْ تَحَقَّقُوا الْعَجْزَ لَمْ يَجِبِ الْقِيَامُ وَلْيُهَاجِرِ الْمُسْلِمُ عَنْ أَرْضِهِ إِلَى غَيْرِهَا وَيَفِرَّ بِدِينِهِ﴾ {شرح مسلم للنووى : ٢٤٠/٤}

"আর যদি তারা নিশ্চিত হয় যে, তারা বিপক্ষে অবস্থান নিতে সক্ষম নয় তাহলে বিপক্ষে অবস্থান নেয়া ওয়াজিব হবে না। বরং তখন মুসলমান তার এলাকা থেকে হিজরত করে অন্যত্র চলে যাবে এবং নিজের দ্বীন ঈমান নিয়ে পালিয়ে যাবে।" -শরহে সহীহ মুসলিম, ইমাম নববী, কিতাবুল ইমারাত, باب وجوب طاعة الأمراء في غير معصية

আপাতত এতটুকুই। এ প্রশ্নগুলোর উত্তর প্রয়োজন। কুরআন, হাদীস, সীরাত, উসূলে ফিকহ ও উসূলে ইফতার আলোকে উত্তরগুলো দরকার। একটি তালাকের মাসআলায় যেভাবে তাহকীক করে সুস্পষ্ট সিদ্ধান্ত দেয়া হয়। একটি রোযার মাসআলায় যেমন বলা হয়। একটি নামাযের মাসআলায় যেভাবে বলা হয়। ঠিক সেভাবে উপরোল্লিখিত মাসআলাগুলোর বিষয়ে সিদ্ধান্ত আসা দরকার। স্পষ্টভাবে আসা দরকার। এগুলোর সঠিক ও সুস্পষ্ট উত্তরের উপর নির্ভর করছে বিশ্বের মুসলমানদের পথ ও পন্থা নির্ধারণের সিদ্ধান্ত।

জরুরী টীকা : ১৬

“

তাদের এ অনুভূতিহীনতার কারণে এ ধারাটি অকার্যকর হয়ে আছে.....

”

জরুরী টীকা-১৬

*তাদের এ অনুভূতিহীনতার কারণে এ
ধারাটি অকার্যকর হয়ে আছে.....*

এসব শিশুসুলভ আবদারের কথা। দায়িত্বশীলদের জন্য দায়িত্বশীলদের পক্ষ থেকে প্রদত্ত সিদ্ধান্তমূলক কোন কথা নয়। বিষয়গুলো দুনিয়া আখেরাতের উভয় বিবেচনায় সর্বোচ্চ গুরুত্বপূর্ণ বিষয়। সেক্ষেত্রে এ জাতীয় কথা একদম মানায় না।

অকার্যকর... ধারা....

আর কোন ধারা যখন অকার্যকর হয় তখন তা আর ধারা হয় না। তা ধারা হওয়ার মর্যাদা হারিয়ে ফেলে। এমন সব ধারার বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সিদ্ধান্তই এমন হয় যে, তা কখনো সূর্যের মুখ দেখবে না। এটা হচ্ছে হাতির দাঁত। এ দাঁত যত বড়ই হোক সমস্যা নেই। কারণ এর কোন কাজ নেই।

এর আগেও আমরা বলে এসেছি যে, এগুলো হচ্ছে কানামাছি ভোঁ ভোঁ খেলা। যে খেলায় ব্যক্তি নিজেই বলে দেয় যে, আমার চোখ বেঁধে দাও, যাতে আমি তোমাদেরকে না দেখি। দ্বীনের এতবড় একটি বিষয় নিয়ে এসব ছেলেখেলা আর চলে না।

কিছু মানুষের অবহেলার কারণে কোটি কোটি মুসলমানের একটি ভূখণ্ডে আল্লাহর বিধান বাস্তবায়িত হতে পারেনি -এসব কোন ধরনের কথা?! এ

অবহেলাকারীরা কে? তাদের এ অবহেলা কুফর? না কি হারাম? না কি মাকরূহ? না কি এসব অবহেলা মুস্তাহাব?! যে সকল মহান ব্যক্তিবর্গের উপর এসব অবহেলার অপবাদ দেয়া হয়েছে তাদের জীবন চরিত রচয়িতাগণ দাবি করেছেন, তাঁরা জীবনে কোন মাকরূহে তানযীহিরও শিকার হননি।

কর্ণধারগণ কেন বুঝতে চেষ্টা করেন না, যে ধারাটি যুগের পর যুগ অকার্যকর থাকে সে ধারার জন্মই এ উদ্দেশ্যে। কর্ণধারগণ বুঝে শুনেও এমন কথা বলছেন বলে সন্দেহ করতে একদম ইচ্ছা করে না। পুরো দেশের যিম্মাদারী যাদের হাতে ন্যস্ত করে কোটি কোটি মুসলমান শত শত শরয়ী যিম্মাদারী থেকে নিজেদেরকে মুক্ত করে ফেলেছে বলে নিশ্চয়তা বোধ করছে, দেশের সেসব যিম্মাদাররা তাদের চেয়ারে বসা থাকা অবস্থায় জনগণের অবহেলার কারণে কেন সংবিধানের এত জটিল একটি ধারা অকার্যকর হয়ে থাকবে?!

যে দেশের মালিক পক্ষকে দ্বীনের যিম্মাদারগণ আমীরুল মুমিনীন হিসাবে ভাবতে পছন্দ করেন, যে দেশের সেনাবাহিনীকে আল্লাহর পথের মুজাহিদ মনে করেন, যে দেশের সীমান্ত প্রহরীদেরকে রিবাতের মুজাহিদ মনে করতে পছন্দ করেন, সে দেশের সাধারণ মানুষদের অবহেলার কারণে কেন সংবিধানের এমন একটি ধারা অকার্যকর হয়ে থাকবে যার উপর নির্ভর করছে কোটি কোটি মুসলমানের দুনিয়া আখেরাতের ভাগ্য। অনন্তকালের সুখ বা দুঃখ।

আলহামদু লিল্লাহ! সুম্মা আলহামদু লিল্লাহ!!

শায়খে মুহতারাম এ বিষয়ে দ্বিমত করার কথা নয় যে, ধারাটি এক সময় ছিল না, এরপর যখন থেকে মনে করা হচ্ছে যে, ধারাটি আছে তখন থেকে ধারাটি অকার্যকরই ছিল, এখনো অকার্যকরই আছে। যার অনিবার্য ফলাফল হচ্ছে, সত্তর/বাহাত্তর বছর যাবত পাকিস্তানে আল্লাহর বিধান কার্যকর হয়নি। সাথে সাথে শায়খে মুহতারাম এ কথা স্বীকার করবেন যে, পাকিস্তান তার জন্ম থেকে মানবরচিত গণতান্ত্রিক আইনের উপর চলছে এবং আইনগুলো তৈরি ও পাস করার আগে পাকিস্তান সংসদের সদস্যগণ ও স্পীকার কুরআন, হাদীস ও হেদায়া অধ্যয়ন করে আসেনি।

এতসব অবস্থার উপলব্ধি রেখেই সিদ্ধান্ত নিতে হবে, আমরা কি 'আলহামদু লিল্লাহ' এর মকামে আছি, না কি 'সুম্মা আলহামদু লিল্লাহ' এর মকামে আছি। বিষয়টি কি একান্তই দুনিয়াবি কোন প্রাপ্তির বিষয় যার উপর আমরা 'কানাআত' এর ফযীলত অর্জন করার চেষ্টা করব। না কি এটি একটি দ্বীনী দুর্বলতার বিষয় যার উপর আমাদের ভয় পাওয়া উচিত।

জরুরী টীকা : ১৭

“

এবং তারা একে কাজে লাগাচ্ছে না।

”

জরুরী টীকা-১৭

এবং তারা একে কাজে লাগাচ্ছে না।

** তারা কারা? ধারার প্রবর্তকরা কেন এর আওতাভুক্ত নয়? ধারার প্রহরীরা কেন এ হুকুমের আওতাভুক্ত নয়? এ বাক্যগুলো বক্তৃতার মঞ্চে যতটা মানানসই, গবেষণার টেবিলে ততটা মানানসই নয়; বরং গবেষণা ও সিদ্ধান্তের টেবিলে এগুলো হাস্যরসের উপাদানমাত্র। রাষ্ট্রের মালিক পক্ষ আইন প্রণয়ন করবেন গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার আলোকে, আর বায়বীয় 'তারা' জাতীয় কিছু মানুষের দায়িত্ব হচ্ছে, কুরআন সুন্নাহর জন্য করুণার ভিক্ষা করতে 'মাননীয় আদালতে'র দরবারে করজোড়ে দাঁড়িয়ে থাকা। এটা হতেই পারে না।*

কুরআন সুন্নাহর পাওয়ার হচ্ছে **فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ وَأَعْرِضْ عَنِ الْمُشْرِكِينَ** *ও* **ألا إن كل شيء من أمر الجاهلية تحت قدمي موضوع** *-এর কোন বিকল্প নেই।*

এ সকল ধারা উপধারার মূল লক্ষ হচ্ছে, কুরআন সুন্নাহকে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার চুঙ্গায় আবদ্ধ করা। কারণ বক্তা, শ্রোতা ও পাঠক সবাই এ কথা জানেন যে, শায়খে মুহতারাম যা যা বলেছেন তা বাস্তবায়ন করার জন্য একজন নাগরিককে অবশ্যই গণতান্ত্রিক পদ্ধতিতে দেশের কুফরী আইনকে শ্রদ্ধা প্রদর্শন করেই সামনে বাড়তে হবে।

কাজে লাগাতে পারছে না

কাজে লাগাচ্ছে না, বিষয়টি এমন নয়। এ ধারা কাজে লাগানো সম্ভব নয়। আমরা আগে বলে এসেছি, যে ধারা তার জন্ম থেকে অকার্যকর সে ধারা আসলে কোন ধারা নয়। দ্বিতীয়ত বলেছি, এ ধারা কাজে লাগানোর দায়িত্ব ধারা প্রবর্তকদের। নিরক্ষর ও বেখবর জনগণের এ দায়িত্ব নয়। তৃতীয়ত এখন বলছি, এ ধারা কাজে লাগানো সম্ভব নয়। কারণ-

ক. পাকিস্তানে যে তাগুতী শক্তি কুফরী আইন তৈরি করে তাদের শক্তি এবং যারা তাগুতের আইনের বিরুদ্ধে মামলা করবে তাদের শক্তি বরাবর নয়। তাগুতী আইন প্রণেতারা হচ্ছে দেশের প্রভু, আর এর বিপরীতে অবস্থানকারীরা হচ্ছে তাদের দরবারে করুণার ভিখারী।

খ. দেশ হচ্ছে শত ভাগ গণতান্ত্রিক এবং সারা বিশ্বে প্রচলিত অর্থেই গণতান্ত্রিক। যারা তাগুতের আইনের বিরুদ্ধে মামলা করবে তারা হচ্ছে শরীয়াহ অনুসারী। আর গণতন্ত্রের আদালতে শরীয়াহ ভিত্তিক কোন মামলা গ্রহণযোগ্য নয়। বাক স্বাধীনতার শিরোনামে গণতন্ত্রের আদালতে শরীয়ার পক্ষে আওয়াজ করা যাবে, এরপরে আর কিছু করা যাবে না। গণতন্ত্রের আদালতে, গণতন্ত্রের এলাকায় এবং গণতন্ত্রের সীমানার ভিতরে অনেক কিছুই করা যায়, শুধু গণতন্ত্রকে অতিক্রম করা যায় না।

গ. তাগুতের বিরুদ্ধে এবং শরীয়ার পক্ষে দায়েরকৃত মামলার চূড়ান্ত সিদ্ধান্ত তাগুতের কাছেই। মানবরচিত গণতন্ত্রের হাতেই।

ঘ. তাগুতের আইনের বিরুদ্ধে এবং শরয়ী আইনের পক্ষে মামলা দায়ের করার পর ফলাফল যাই হোক, ফলাফলের আগে মামলা নিয়ে চলার পথে তাগুতের বহু আইনের সামনে, মানবরচিত বহু কুফুরী আইনকে সিজদা করে করেই সামনে বাড়তে হবে। ততক্ষণে ঈমান তার খাঁচা থেকে বের হয়ে যাওয়ার সমূহ আশঙ্কা রয়েছে।

পরীক্ষা করে দেখা হয়েছে

ঐতিহাসিক ধারাটি কাজে লাগানো সম্ভব নয় বলে আমরা যে দাবি করেছি তা কাল্পনিক কোন বিষয় নয়; এমনকি যুক্তি তর্ক ভিত্তিক কোন বিষয়ও নয়। এটি একটি বাস্তব কারগুজারী। এ ধারা কাজে লাগানোর চেষ্টা করা হয়েছে, কিন্তু কাজে লাগানো সম্ভব হয়নি। সর্বোচ্চ মহল থেকে, সর্বোচ্চ সময় নিয়ে, সর্বোচ্চ শক্তি ব্যবহার করে চেষ্টা করা

হয়েছে। এমন চেষ্টা করা হয়েছে যে, শুধু চেষ্টার বাহারেই সর্বদিক থেকে বাহবা, শুভেচ্ছা ও আশীর্বাদের জোয়ার বইয়ে দেয়া হয়েছে।

কেন সম্ভব হয়নি প্রশ্ন করা হলে হয়ত এমন কিছু ওযরই পেশ করা হবে যে ওযর থেকে সোনালী গাভীটিকে কখনোই বাঁচানো যাবে না। গাভী দুর্বা ঘাসের ঘ্রান নেয়া থেকে বাঁচতে পারলে প্রতিদিন তিনটি করে স্বর্ণমুদ্রা মলত্যাগ করবে। দুর্বা ঘাসের ঘ্রাণ না নিয়ে গাভী বাঁচতেও পারবে না, স্বর্ণমুদ্রা মলত্যাগ করাও সম্ভব হবে না।

কিন্তু আমরা যতটুকু জানি, ঐতিহাসিক ধারাটি কাজে লাগানোর প্রচেষ্টা গণতন্ত্রের জিলাপীর পেঁচে আটকে গেছে। তাগুতের আদালতে হেরে গেছে। মানবরচিত আইনের বিপরীতে লড়ার শক্তি পায়নি। আর এমন হওয়াই স্বাভাবিক, এমন না হওয়াটাই অস্বাভাবিক।

জরুরী টীকা : ১৮

কিন্তু এ ধারা আলহামদু লিল্লাহ রয়েছে। আজও যদি আমরা এ সিদ্ধান্ত নিয়ে নেই যে, এ ধারাটিকে কাজে লাগাব তাহলে এর জন্য আলহামদু লিল্লাহ রাস্তা খোলা রয়েছে।

জরুরী টীকা-১৮

> *কিন্তু এ ধারা আলহামদু লিল্লাহ রয়েছে। আজও যদি আমরা এ সিদ্ধান্ত নিয়ে নেই যে, এ ধারাটিকে কাজে লাগাব তাহলে এর জন্য আলহামদু লিল্লাহ রাস্তা খোলা রয়েছে।*

**এই আমরাটা কে? সবাই মিলে দায়িত্ব দিয়ে দিল সংবিধান প্রণয়নকারীদেরকে। ভোট দেয়াকে ওয়াজিব বলা হল। মুসলমানদেরকে ভোট দিতে বাধ্য করা হল। কর্ণধারগণের নির্দেশনা অনুযায়ী মুসলমানরা ভোট দিয়ে তাদের আইনদাতা ও বিধানদাতা নির্বাচন করে দিল। আর সংবিধান প্রণয়নকারীরা আল্লাহর বিধানকে পেছনে ফেলে দিয়ে মানবরচিত কুফরী আইনে গণতান্ত্রিকভাবে সংবিধান তৈরি করল এবং সেভাবে দেশ পরিচালনা করতে থাকল। এখন বলা হচ্ছে, আল্লাহর বিধান বাস্তবায়নের জন্য আমাদেরকে কাজ করতে হবে। প্রশ্ন হচ্ছে এ আমরাটা কে বা কারা?*

আর শায়খে মুহতারাম যে সিদ্ধান্তের কথা বলছেন নতুন করে সে সিদ্ধান্ত নেয়ার কোন সুযোগ রাখা হয়নি। যদি বাস্তবে সে সুযোগ থাকত তা হলে পাকিস্তান প্রতিষ্ঠার জন্য যারা জীবন শেষ করে গেছেন তারা কেন এ সুযোগটি গ্রহণ করলেন না?

তাঁদের উপর এ অপবাদ আনাকে আমি বৈধ মনে করি না যে, ইসলামের জন্য যারা রাষ্ট্র তৈরি করেছেন তারা এত সুবর্ণ সুযোগ থাকা

সত্ত্বেও ইসলামী আইন বাস্তবায়নের জন্য সত্তর/বাহাত্তর বছর পর্যন্ত চেষ্টা করেননি। আর যদি এ কথা হয় যে, তাঁরা চেষ্টা করেছেন, তা হলে এমন চেষ্টার পরও যে দেশে ইসলামী আইন বাস্তবায়ন হয়নি সে দেশ দারুল ইসলাম হতে পারে না এবং সে দেশের মালিক পক্ষ মুসলমান হতে পারে না।

এ রাস্তা খোলা নেই। এ রাস্তার মুখে এমন জাল বসানো আছে যার প্রবাহ চালু থাকবে কিন্তু মাছগুলো সব আটকে যাবে। সে জাল হয়ত আমরা দেখছি না, অথবা দেখেও দেখছি না।

রাস্তা খোলা

আমরা যে পৃথিবীতে বাস করি সে পৃথিবী নতুন কোন পৃথিবী নয়। মানবরচিত আইনগুলোরও শতাব্দীর পর শতাব্দী অনুশীলন হয়ে আসছে, যদিও ফলাফলে তা সব সময়ই বিফল হয়েছে। শরীয়তের আইনগুলোও সহস্রাব্দীর পর সহস্রাব্দী কাল ধরে অনুসৃত হয়ে আসছে এবং সফলতার সাথে হয়ে আসছে। সর্বাবস্থায় ধারাগুলোর প্রয়োগ পদ্ধতি অনেকে পুরাতন। কোন ধারাটি প্রয়োগ করার জন্য, আর কোন ধারাটি শুধু দেখানোর জন্য ও প্রদর্শনীর জন্য এ বিষয়গুলো বোঝার মত ব্যবস্থা সংবিধানেই থাকে। বিশেষত গণতান্ত্রিক সংবিধানগুলোতে এমন অসংখ্য গদ ও ধারা সন্নিবেশিত করা হয় যার সঙ্গে প্রায়োগিক কোন সম্পর্ক থাকে না। তবু প্রথাগতভাবে সব সময় কথাগুলো বলে যেতে হয়।

এ ধারাগুলো তৈরি করা এবং সংবিধানে লিখে রাখার সব চাইতে বড় ফায়দা হচ্ছে, গণতন্ত্রের মালিক পক্ষ যেন প্রয়োজনের সময় বলতে পারে, 'রাস্তা খোলা' রাখা আছে। ধর্মের অনুসারীরা এ কথা বোঝা দরকার যে, প্রত্যেক ধর্মের অনুসারীরা শুধুমাত্র একটি ধর্ম নিয়ে চলে, বাকি সব ধর্মকে তারা উপেক্ষা করে চলে। কিন্তু গণতন্ত্র তা পারে না। গণতন্ত্রকে সব ধর্ম নিয়ে চলতে হয়।

গণতন্ত্রের মূল থিওরীগুলোর একটি হচ্ছে 'তাওহীদুল আদয়ান' বা সকল ধর্মকে এক করা। এ কাজটি করা কোন চাট্টিখানি বিষয় নয়। প্রত্যেক ধর্মের লেজ কেটে কেটে এক মুঠোয় ধারন করার উপযুক্ত করা একটি সুকঠিন বিষয়। সে কারণে সব ধর্মের উপর রাজত্ব করতে গিয়ে গণতন্ত্রকে এভাবে রাস্তা খোলা রাখতে হয়। কিন্তু যারা জগতে বিচরণ

করার দীর্ঘ অভিজ্ঞতা অর্জন করেছে তারা এ কথাগুলো না বুঝলে চলে না যে, সংবিধানের বক্তব্য ও ধারাগুলো দুই ধরনের হয়ে থাকে। কিছু প্রয়োগের জন্য, আর কিছু প্রদর্শনীর জন্য।

তাই আমি বলতে চাই, দুনিয়ার বিচারে এবং মানবরচিত আইনের বিচারে হোক বা দ্বীনের তথা আল্লাহর আইনের বিচারে হোক সকল ধারা অনুযায়ী একটু বিবেচনা করুন, এ 'রাস্তা খোলা' থাকার কী অর্থ? আদৌ একে রাস্তা খোলা বলা হয় কি না? জেলেরা এভাবে মাছের জন্য অনেক রাস্তা খুলে রাখে। কিন্তু মাছ বুঝতে পারে না যে, আসলে তার জন্য রাস্তা খোলা হয়েছে না কি রাস্তা বন্ধ করা হয়েছে। কিন্তু মাছের এ চরিত্র মানুষের জন্য মোটেও মানায় না। তাও আবার উম্মতে মুহাম্মদীর জন্য যাদের জন্য ধোঁকা খাওয়াও হারাম। তাও আবার যামানার রাহবারদের ক্ষেত্রে।

রাস্তা বন্ধ

আসলে রাস্তা বন্ধ। এ ধারার মাধ্যমেই আল্লাহর আইন বাস্তবায়নের আসল রাস্তা বন্ধ করে দেয়া হয়েছে। যে কথা শায়খে মুহতারাম একটু পরে বলবেন। তখন আমরাও সে সম্পর্কে কিছু কথা বলব, ইনশা-আল্লাহ। আজ রক্তশূন্য এ ধারাটি যদি পাকিস্তান সংবিধানে না থাকত তাহলে পাকিস্তানের মালিক পক্ষের আসল চেহারা কিছু মানুষকে বোঝানো আরো সহজ হত।

আমাদের বাংলাদেশে গণতন্ত্রের মালিক পক্ষের পক্ষ থেকে যখন বলা হয়েছে, সংবিধান থেকে ধর্মের ছায়া পর্যন্ত মুছে ফেলা হবে, তখন আমরা কিছু লোককে বোঝাতে পেরেছি যে, এখন ধর্মের যা কিছু আছে তা আসলে ধর্ম নয়, ধর্মের ছায়া মাত্র। রাষ্ট্রপক্ষ সে ছায়াটুকুকে সহ্য করতে পারছে না। তাই তা মুছে দেয়ার চেষ্টা চলছে। কিন্তু যারা মনে করে ছায়াটা বাকি থাকলে ভোটের রাজনীতিতে কাজে লাগবে তাদের কারণে ছায়াটুকু মোছা যাচ্ছে না।

পাকিস্তান সংবিধানের এ ধারাটিও মূলত ধর্মের একটি ছায়া। যে ছায়ার কারণে পাকিস্তান জনগণকে বোঝানো কঠিন হয়ে গেছে যে, এখানে ধর্ম নেই। যারফলে একটি দেশে ধর্ম না থাকলে যা করতে হয় তা করা যাচ্ছে না। পাকিস্তানের জনগণ যদি বুঝতে পারত পাকিস্তানের প্রথম

গণতান্ত্রিক রাজাই ইসলামের গলায় ছুরি চালিয়ে দিয়ে গেছে তাহলে তারা ঐ দিবাস্বপ্নে বিভোর হয়ে থাকত না যে স্বপ্ন আজো পর্যন্ত তারা দেখেই চলেছে।

'আলহামদু লিল্লাহ' বলার কোন অবস্থা নেই

তাই পাকিস্তানের এ অবস্থার উপর আজ আলহামদু লিল্লাহ বলার কোন অবস্থা নেই। বর্তমানে দেশভিত্তিক জাতীয়তাবোধের যে জোয়ার চলছে এবং জাতীয়তার প্রতিযোগিতায় সবাই এক নম্বরে পাস করার চেষ্টা করছে সে প্রতিযোগিতায় জেতার জন্য বা জেতার মানসিকতা নিয়ে কেউ এসব ক্ষেত্রে আলহামদু লিল্লাহ বলে শুকরিয়া আদায় করতে পারে।

কিন্তু সমস্যা হচ্ছে, এ শুকরিয়া সব দেশের কর্ণধারগণ আদায় করে চলেছেন। ভারতের কুতুবে অলম (?) শুকরিয়া আদায় করে চলেছেন, তার দেশে মুসলমানরা এত ভালো অবস্থায় আছে যে, পৃথিবীর কোথাও কোন মুসলমান এত ভালো অবস্থায় নেই। বাংলাদেশের কুতুবে বাঙ্গাল (?) শুকরিয়া আদায় করে চলেছেন, বাংলাদেশের মুসলমানরা ধর্ম নিয়ে ব্যবসা করে না। তারাই খাঁটি মুসলমান। সকল ধর্মের মানুষদেরকে নিয়ে সৌহার্দ্য ও সম্প্রীতির সুন্দর একটি সমাজ তারা গড়েছে। যেখানে ধর্মে ধর্মে কোন দূরত্ব নেই, ধর্মে ধর্মে কোন লড়াই নেই। এ দেশই একমাত্র দেশ যে দেশ মুসলিম অমুসলিম সবাই মিলে যুদ্ধ করে কেউ গাজী হয়ে, আর কেউ শহীদ হয়ে জিহাদের সর্বোচ্চ ফযীলত অর্জন করেছে।

এভাবে পাকিস্তানের মুসলমানরা পাকিস্তানে যেতে পেরে খুশি। ভারতের মুসলমানরা ভারতে থেকে যেতে পেরে খুশি। পাকিস্তানের মুসলমানরা বাঙ্গালীদেরকে তাড়িয়ে দিতে পেরে খুশি। বাঙ্গালীরা পাকিস্তান থেকে পালিয়ে আসতে পেরে খুশি। উভয় পক্ষ উভয় পক্ষকে মারতে পেরে খুব খুশি। আবার উভয় পক্ষ উভয় পক্ষের হাতে মার খেতে পেরে আরো বেশি খুশি।

পাকিস্তানীরা বাঙ্গালী ও ভারতীয় না হতে পেরে খুব খুশী, আর বাঙ্গালীরা পাকিস্তানী ও ভারতীয় না হতে পেরে খুব খুশি। আবার ভারতীয়রা বাঙ্গালী ও পাকিস্তানী না হতে পেরে অরো অনেক বেশি খুশি।

এভাবেই জাতীয়তাবাদের প্রতিযোগিতায় সবাই সবাইকে হারিয়ে প্রত্যেকে জিতে চলেছে। কিন্তু বিপত্তি ঘটেছে অন্য জায়গায়। প্রত্যেক দেশের কর্ণধারগণই আন্তর্জাতিক মানের বড় হওয়ার কারণে সবার কথা সবাই জেনে যায়, আর বিপরীতমুখী যুক্তির কষাঘাতে দিশেহারা হয়ে পড়ে।

মাসআলা হচ্ছে মুসলমানদের, মাসআলা হচ্ছে ইসলামের। সে মাসআলা যখন ইসলামের কিতাবের আলোকে আলোচনার টেবিলে না এসে জাতীয়তাবাদের কিতাবের আলোকে আলোচনায় আসে তখন মুসলমান আর এসব বিষয়ের শরয়ী সমাধান পায় না।

প্রত্যেক দেশের কর্ণধার যেসব দলিলের আলোকে নিজের দেশকে প্রাধান্য দিতে থাকে অপর দেশের কর্ণধার সেসব দলিলের সম্পূর্ণ বিপরীত দলিল দিয়ে তার দেশকে প্রাধান্য দিতে থাকে। দলিলে দলিলে বৈপরীত্যের কারণে উভয় পক্ষের দলিল শরীয়তের কিতাবে পাওয়া যায় না এবং জাতীয়তাবাদ ভিত্তিক প্রাধান্য দেয়ার সূত্রগুলোও শরীয়তের কিতাবে পাওয়া যায় না।

যে মুসলমানরা এ কথা জানে যে, সারা বিশ্বের সব মুসলমান এক জাতি, তারা ভূখণ্ড ভিত্তিক এ ফযীলতগুলো দেখলে মনে ব্যথা অনুভব করে। এ ক্ষেত্রে এসে আলহমদু লিল্লাহ পড়ার কোন কারণ খুঁজে পায় না। শুকরিয়া আদায় করার মত কোন বিষয় খুঁজে পায় না।

'ইন্না লিল্লাহ' পড়ার সব ব্যবস্থা আছে

পরিস্থিতির ভয়াবহতার উপর তারা ইন্না লিল্লাহ পড়তে থাকে। কারণ ইন্না লিল্লাহ পড়ার সব ধরনের অবস্থা তৈরি হয়ে আছে। যে অবস্থাগুলো আমাদের দেখা ও শোনার আওতায়ই রয়েছে। পাকিস্তান, ভারত ও বাংলাদেশের কথাই আপাতত বলি। যে দেশগুলোর কর্ণধারগণ তাদের নিজ নিজ দেশের ফযীলত বয়ান করেই চলেছেন সে দেশগুলোর সংবিধানে ও বাস্তব চিত্রে এমন সব কারণ ও ঘটনা ঘটে আছে যেগুলোর উপর ইন্না লিল্লাহ বলা ছাড়া কোন উপায় নেই। কিন্তু আমাদের শরীর অবশ হয়ে যাওয়ার কারণে আমরা খুব লজ্জাজনক পরিমাণে তৃপ্তি বোধ করে চলেছি। এখানে তিন দেশের সম্মিলিত কিছু ভয়াবহ চিত্র তুলে ধরছি-

ক. তিন দেশেরই নীতি নির্ধারক ও আইনপ্রণয়কারী পরিষদ হচ্ছে তাগুত। গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ কুফরী শক্তি।

খ. তিন দেশেই মুসলিম অমুসলিম সবাই সমান অধিকার ও সমান শক্তি নিয়ে বসবাস করে।

গ. তিন দেশেই আইন প্রণয়নকারী, প্রয়োগকারী ও আইনের প্রহরী হিসাবে সকল ধর্মের মানুষ সমানভাবে দায়িত্ব পালন করতে পারে।

ঘ. তিন দেশেই প্রত্যেক ধর্মের অনুসারীদের জন্য তাদের ধর্মের দাবি অনুযায়ী কিছু আলাদা সুযোগ সুবিধা রাখা আছে।

ঙ. তিন দেশেই খেলাফত প্রতিষ্ঠার সশস্ত্র পদ্ধতি গ্রহণকারী মুজাহিদদেরকে সন্ত্রাসী আখ্যা দিয়ে তাদেরকে দমন করার সকল আয়োজন সম্পন্ন করে তার প্রয়োগ চলছে।

ঘ. তিন দেশেই ওলামায়ে কেরামের একটি বড় জামাত তাগুত ও গণতান্ত্রিক কুফরী শক্তির পক্ষ নিয়ে মুজাহিদদের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন এবং তাগুতকে সর্বোচ্চ সহযোগিতা ও সমর্থন দিয়ে চলেছেন।

ঙ. তিন দেশেরই সেনাবাহিনী আন্তর্জাতিক কুফরী শক্তির নেতৃত্বে মুজাহিদদের বিরুদ্ধে অস্ত্র ধারণ করে কৃতিত্ব অর্জন করে চলেছে।

চ. তিন দেশই বিশ্ব কুফরী সংঘের অত্যন্ত অনুগামী ও বাধ্য সদস্য।

ছ. তিন দেশই বিশ্বের আইম্মাতুল কুফরের বন্ধুত্বের গর্বে গর্বিত।

জ. তিন দেশেরই ধর্মীয় প্রতিনিধিরা বিশ্ব কুফরী শক্তির সঙ্গে বিশ্বব্যাপী শান্তি প্রতিষ্ঠার জন্য একাত্মতা ঘোষণা করে ইসলামের শান্তিনীতিকে জবাই করে এসেছে।

ঝ. তিন দেশেরই মুসলিম প্রতিনিধিরা বিশ্বের আইম্মাতুল কুফরের কাছ থেকে জিহাদের বিরুদ্ধে স্বাক্ষর সংগ্রহ করে জিহাদকে সন্ত্রাস হিসাবে আখ্যায়িত করার সকল কাজ সম্পন্ন করে ফেলেছে।

ঞ. তিন দেশের ওলামায়ে কেরামের একটি বিশাল অংশ এ সিদ্ধান্তে পৌঁছে গেছে যে, এখন আর কাফেরদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ করা সম্ভব নয়; বরং কাফেরদের বিরুদ্ধে জিহাদ করা বৈধও নয়।

ট. তিন দেশের ওলামায়ে কেরামের একটি বড় অংশ এ সিদ্ধান্তে পৌঁছে গেছে যে, জাতিসংঘ চুক্তির পর সকল কুফরী শক্তির সঙ্গে আজীবনের জন্য মুআহাদা হয়ে গেছে। এ মুআহাদা আর কখনো ভঙ্গ করা যাবে ন।

এভাবে অসংখ্য বিষয়ে পাকিস্তান অপরাপর গণতান্ত্রিক দেশগুলোর মত অনেকগুলো কুফরের অঙ্গীকার করে সে কুফরগুলো বাস্তবায়ন করে চলেছে। আর আমরা তার সগীরা গুনাহের ওযর খুঁজে বেড়াচ্ছি। মুস্তাহাব-মানদূবের তালিকা তৈরি করে চলেছি।

এ ঘরে আগুন লেগে সব পুড়ে ছাই হয়ে গেছে বহু আগে। আমরা এখনো খুঁজে বেড়াচ্ছি কার কনিষ্ঠা আঙ্গুলের মাথাটা এখনো অক্ষত আছে, কার চোখের কালিমা এখনো নষ্ট হয়নি। কার পাঁজরের তিনটা হাড় খুব বেশি পুড়ে যায়নি। আর এভাবেই আমাদের পরিতৃপ্তির পাহাড় উঁচু থেকে আরো উঁচু হয়ে চলেছে। আমরা আমাদের দুর্ভিক্ষকে অনুভব করতে পারিনি।

জরুরী টীকা : ১৯

“

অতএব যেসব লোক এ প্রোপাগাণ্ডা...

”

জরুরী টীকা-১৯

অতএব যেসব লোক এ প্রোপাগাণ্ডা...

'প্রোপাগাণ্ডা' শব্দের অর্থ

'প্রোপাগাণ্ডা' শব্দের অর্থ প্রচার-প্রচারণা। শব্দটি যদিও নিশ্চিত নেতিবাচক নয়; কিন্তু এরপরও দাওয়াতের শব্দ হিসাবে এটি খুব মানানসই শব্দ নয়। আলোচ্য ক্ষেত্রে যেখানে শব্দটি ব্যবহার করা হয়েছে সে ক্ষেত্রটি হচ্ছে দ্বীনের গুরত্বপূর্ণ একটি বিধান পালন বিষয়ে দাওয়াত, দাওয়াতের ক্ষেত্র নিরূপণ, দাওয়াতের প্রক্রিয়া নির্ধারণ এবং এসব বিষয়ে ইলম ও ফিকহের সিদ্ধান্ত সম্পর্কে অবগতি।

শুধু প্রোপাগাণ্ডা আর ঢোল বাজিয়ে শরীয়তের কোন বিধান প্রতিষ্ঠিত করা যায় না। শায়খে মুহতারাম যে বিষয়টির জন্য এ শব্দ ব্যবহার করেছেন আমাদের জানামতে সে বিষয়টি এমন নয় যার জন্য মিটিং মিছিল ও গণ সমাবেশ করা হয়। এমন বিষয়ও নয় যার জন্য মাইকিং করা হয় বা বিজ্ঞাপন দেয়া হয়।

আমাদের জানামতে আল্লাহর কিছু বান্দা ক্রমান্বয়ে অধঃপতনের দিকে ধাবিত মুসলিম জাতিকে লেজুড় ভিত্তিক যে কোন কার্যক্রম থেকে ফিরিয়ে এনে আপন পরিচয়ে, আপন শক্তিতে ও আপন মহিমায় উদ্ভাসিত হওয়ার মত একটি পথের দিশা দিতে চেষ্টা করছে।

﴿فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا﴾ {سورة النساء: ٦٥}

"অতএব, তোমার পালনকর্তার কসম, সে লোক ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক বলে মনে না করে। অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে নিজের মনে কোন রকম সংকীর্ণতা পাবে না এবং তা হৃষ্টচিত্তে কবুল করে নেবে।" - সূরা নিসা ৬৫

﴿أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ فَمَا جَزَاءُ مَن يَفْعَلُ ذَٰلِكَ مِنكُمْ إِلَّا خِزْيٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَىٰ أَشَدِّ الْعَذَابِ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ﴾ {سورة البقرة ٨٥}

"তবে কি তোমরা কিতাবের কিছু অংশ বিশ্বাস কর এবং কিছু অংশ অবিশ্বাস কর? যারা এরূপ করে পার্থিব জীবনে দুর্গতি ছাড়া তাদের আর কোনই পথ নেই। কেয়ামতের দিন তাদের কঠোরতম শাস্তির দিকে পৌঁছে দেয়া হবে। আল্লাহ তোমাদের কাজ-কর্ম সম্পর্কে বে-খবর নন।" -সূরা বাকারা ৮৫

﴿وَجَعَلُوا لِلَّهِ مِمَّا ذَرَأَ مِنَ الْحَرْثِ وَالْأَنْعَامِ نَصِيبًا فَقَالُوا هَٰذَا لِلَّهِ بِزَعْمِهِمْ وَهَٰذَا لِشُرَكَائِنَا فَمَا كَانَ لِشُرَكَائِهِمْ فَلَا يَصِلُ إِلَى اللَّهِ وَمَا كَانَ لِلَّهِ فَهُوَ يَصِلُ إِلَىٰ شُرَكَائِهِمْ سَاءَ مَا يَحْكُمُونَ﴾ {سورة الأنعام: ١٣٦}

"স্বয়ং আল্লাহ তাআলা যে শষ্য উৎপাদন করেছেন ও গবাদি পশু সৃষ্টি করেছেন, এ ব্যক্তিরা তারই এক অংশ আল্লাহর জন্য নির্দিষ্ট করে রাখে এবং নিজেদের খেয়াল খুশি মত বলে, এ অংশ হচ্ছে আল্লাহর জন্য, আর এ অংশ হচ্ছে আমাদের দেবতাদের জন্য। অতঃপর যা তাদের দেবতাদের জন্য রাখা তা কখনো আল্লাহর কাছ পর্যন্ত পৌঁছে না। যদিও আল্লাহর জন্য যা রাখা তা তাদের দেবতাদের কাছে গিয়েই পৌঁছে; কত নিকৃষ্ট তাদের এ বিচার।" -সূরা আনআম ১৩৬

باب قول الله تعالى {يعرفونه كما يعرفون أبناءهم وإن فريقا منهم ليكتمون الحق وهم يعلمون}

- ﴿حدثنا عبد الله بن يوسف أخبرنا مالك بن أنس عن نافع عن عبد الله بن عمر رضي الله عنهما أن اليهود جاءوا إلى رسول الله صلى الله عليه وسلم، فذكروا له أن رجلا منهم وامرأة زنيا، فقال لهم رسول الله صلى الله عليه وسلم: ما تجدون في التوراة في شأن الرجم؟ فقالوا: نفضحهم ويجلدون، فقال عبد الله بن سلام: كذبتم! إن فيها الرجم، فأتوا بالتوراة فنشروها فوضع أحدهم يده على آية الرجم فقرأ ما قبلها وما بعدها، فقال له عبد الله بن سلام: ارفع يدك! فرفع يده فإذا فيها

آية الرجم، فقالوا: صدق يا محمد! فيها آية الرجم، فأمر بهما رسول الله صلى الله عليه وسلم فرجما، قال عبد الله: فرأيت الرجل يجنأ على المرأة يقيها الحجارة﴾ {البخارى : ١٣٣٠/٣}

"আল্লাহ তাআলার বাণী **يعرفونه كما يعرفون أبناءهم وإن فريقا منهم ليكتمون الحق وهم يعلمون** অধ্যায়।

"... আব্দুল্লাহ ইবনে ওমর রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত তিনি বলেন, ইহুদীরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বলল, তাদের এক নারী ও এক পুরষ যিনা করেছে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে জিজ্ঞেস করলেন, রজমের বিষয়ে তোমরা তাওরাতের মাঝে কী বিধান পাও? তারা বলল, আমরা তাদেরকে আপমান করে দেই এবং তাদেরকে বেত্রাঘাত করা হয়। তখন আব্দুল্লাহ ইবনে সালাম রা. বললেন, তোমরা মিথ্যা বলেছ। তাতে রজমের বিধান রয়েছে। তখন তারা তাওরাত নিয়ে আসল এবং তাওরাত খুলল। খোলার পর তাদের একজন রজমের আয়াতের উপর হাত রেখে দিয়েছে এবং তার আগে ও পরে পড়েছে। তখন আব্দুল্লাহ ইবনে সালাম বললেন, তোমার হাত সরাও। সে তার হাত সরাল। তখন দেখা গেল সেখানে রজমের আয়াত রয়েছে। তখন তারা বলল, হে মুহাম্মদ! আব্দুল্লাহ ইবনে সালাম সঠিক বলেছে। তাওরাতে রজমের আয়াত রয়েছে। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আদেশ দিলেন এবং তাদেরকে রজম করা হল। আব্দুল্লাহ ইবনে সালাম রা. বলেন, আমি দেখেছি, পুরুষ লোকটি ঝুঁকে ঝুঁকে মহিলাটিকে পাথরের আঘাত থেকে বাঁচানোর চেষ্টা করছে।" -সহীহ বুখারী।

﴿يَا أَيُّهَا الرَّسُولُ لَا يَحْزُنْكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفْرِ مِنَ الَّذِينَ قَالُوا آمَنَّا بِأَفْوَاهِهِمْ وَلَمْ تُؤْمِنْ قُلُوبُهُمْ وَمِنَ الَّذِينَ هَادُوا سَمَّاعُونَ لِلْكَذِبِ سَمَّاعُونَ لِقَوْمٍ آخَرِينَ لَمْ يَأْتُوكَ يُحَرِّفُونَ الْكَلِمَ مِنْ بَعْدِ مَوَاضِعِهِ يَقُولُونَ إِنْ أُوتِيتُمْ هَذَا فَخُذُوهُ وَإِنْ لَمْ تُؤْتَوْهُ فَاحْذَرُوا وَمَنْ يُرِدِ اللَّهُ فِتْنَتَهُ فَلَنْ تَمْلِكَ

لَهُ مِنَ اللَّهِ شَيْئًا أُولَئِكَ الَّذِينَ لَمْ يُرِدِ اللَّهُ أَنْ يُطَهِّرَ قُلُوبَهُمْ لَهُمْ فِي الدُّنْيَا خِزْيٌ وَلَهُمْ فِي الْآخِرَةِ عَذَابٌ عَظِيمٌ﴾ {سورة المائدة: ٤١}

"হে রাসূল, তাদের জন্য দুঃখ করবেন না, যারা দৌড়ে গিয়ে কুফরে পতিত হয়; যারা মুখে বলে, আমরা ঈমান এনেছি, অথচ তাদের অন্তর ঈমান আনেনি এবং যারা ইহুদী; মিথ্যা বলার জন্য তারা গুপ্তচর বৃত্তি করে। তারা অন্যদলের গুপ্তচর, যারা আপনার কাছে আসেনি। তারা বাক্যকে স্বস্থান থেকে পরিবর্তন করে। তারা বলে, যদি তোমরা এ নির্দেশ পাও, তবে কবুল করে নিও এবং যদি এ নির্দেশ না পাও, তবে বিরত থেকো। আল্লাহ যাকে পথভ্রষ্ট করতে চান, তার জন্য আল্লাহর কাছে আপনি কিছু করতে পারবেন না। এরা এমনিই যে, আল্লাহ এদের অন্তরকে পবিত্র করতে চান না। তাদের জন্যে রয়েছে দুনিয়াতে লাঞ্ছনা এবং পরকালে বিরাট শাস্তি।" -সূরা মায়েদা ৪১

﴿حدثنا يحي بن يحي وأبو بكر بن أبي شيبة كلاهما عن أبي معاوية قال يحي أخبرنا أبو معاوية عن الأعمش عن عبدالله بن مرة عن البراء بن عازب قال: مر على النبي صلى الله عليه و سلم بيهودي محمما مجلودا فدعاهم صلى الله عليه وسلم فقال: (هكذا تجدون حد الزاني في كتابكم ؟) قالوا: نعم! فدعا رجلا من علمائهم فقال: (أنشدك بالله الذي أنزل التوراة على موسى، أهكذا تجدون حد الزاني في كتابكم ؟) قال: لا! ولولا أنك نشدتني بهذا لم أخبرك، نجده الرجم، ولكنه كثر في أشرافنا، فكنا إذا أخذنا الشريف تركناه وإذا أخذنا الضعيف أقمنا عليه الحد، قلنا: تعالوا فلنجتمع على شيء نقيمه على الشريف والوضيع، فجعلنا التحميم والجلد مكان الرجم، فقال رسول الله صلى الله عليه وسلم: (اللّهُمَّ إني أول من أحيا أمرك إذا أماتوه) فأمر به فرجم، فأنزل الله عز وجل {يا أيها الرسول لا يحزنك الذين يسارعون

في الكفر إلى قوله إن أوتيتم هذا فخذوه} [٥ / المائدة / ٤١] يقول ائتوا محمدا صلى الله عليه وسلم، فإن أمركم بالتحميم والجلد فخذوه وإن أفتاكم بالرجم فاحذروا، فأنزل الله تعالى {ومن لم يحكم بما أنزل الله فأولئك هم الكافرون} [٥ / المائدة / ٤٤] {ومن لم يحكم بما أنزل الله فأولئك هم الظالمون} [٥ / المائدة / ٤٥] {ومن لم يحكم بما أنزل الله فأولئك هم الفاسقون} [٥ / المائدة / ٤٧] في الكفار كلها﴾ {مسلم :رقم الحديث: ١٧٠٠- ١٢٢/٥}

"... বারা ইবনে আযিব রা. বলেন, এক ইহুদীর চেহারায় কালি মেখে বেত্রাঘাত করতে করতে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পাশ দিয়ে নিয়ে যাওয়া হয়েছে। তখন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে ডেকে জিজ্ঞেস করলেন, তোমরা কি তোমাদের কিতাবে যিনার শাস্তি এমনই পেয়েছ? তারা বলল, জি হাঁ। তখন তিনি তাদের দু'জন আলেমকে ডাকলেন এবং বললেন, আমি তোমাদেরকে ঐ আল্লাহর কসম দিয়ে বলছি যিনি মূসার উপর তাওরাত অবতীর্ণ করেছেন, তোমরা কি তোমাদের কিতাবে যিনার শাস্তি এটাই পাও? তারা বলল, না। যদি তুমি এ কসম না দিতে তাহলে আমরা তোমাকে বলতাম না। আমরা যিনার শাস্তি রজমই পাই। কিন্তু আমাদের মান্যগণ্য ব্যক্তিদের মাঝে যখন এ অপরাধ বেড়ে গেল তখন আমরা মান্যগণ্যদেরকে ধরতে পারলে ছেড়ে দিতাম এবং দুর্বলদেরকে ধরতে পারলে শাস্তি দিতাম। এরপর আমরা পরামর্শ করলাম যে, চল আমরা কোন একটা সিদ্ধান্তের উপর একমত হয়ে যাই, যা আমরা সবল দুর্বল সবার উপর প্রয়োগ করতে পারব। তখন আমরা চেহারায় চুনকালী মাখা এবং বেত্রাঘাতের উপর একমত হয়েছি। তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে আল্লাহ! তোমার যে বিধানকে এরা দাফন করে ফেলেছিল সে বিধানকে আমিই সর্ব প্রথম যিন্দা করেছি। এরপর তার ব্যাপারে আদেশ করলেন এবং তাকে রজম করা হল। তখন আল্লাহ তাআলা এ আয়াত নাযিল করেন يا أيها الرسول لا يحزنك الذين

يسارعون في الكفر إلى قوله إن أوتيتم هذا فخذوه। তারা বলে, তোমরা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে যাও। সে যদি কালি মাখানো ও বেত্রাঘাতের আদেশ দেয় তাহলে তা গ্রহণ কর, আর যদি রজমের আদেশ করে তাহলে তাকে বর্জন কর। তখন আল্লাহ তাআলা এ আয়াতগুলো { ومن لم يحكم بما أنزل الله فأولئك هم الكافرون} [٥ / المائدة / ٤٤] {ومن لم يحكم بما أنزل الله فأولئك هم الظالمون} [٥ / المائدة / ٤٥] {ومن لم يحكم بما أنزل الله فأولئك هم الفاسقون} [٥ / المائدة / ٤٧] নাযিল করেন যার সব কাফেরদের ব্যাপারে। -সহীহ মুসলিম, কিতাবুল হুদূদ।

পক্ষান্তরে ধর্মনিরপেক্ষতা?

আর ধর্মনিরপেক্ষতা হচ্ছে, যে ধর্মে শুধুমাত্র একটি ধর্মের নীতিমালার উপর চলতে হয় না। মানুষকে যে দিন এ কথার উপর আনা যাবে এবং এ বিশ্বাসের উপর স্থির করা যাবে যে, পরকালে সফলতার জন্য পৃথিবীতে প্রচলিত হাজার হাজার ধর্মের যে কোন একটির অনুসরণ করাই যথেষ্ট, যে দিন এ কথার উপর আনা যাবে যে, কোন ধর্ম কোন ধর্মকে ঘৃণা করবে না; বরং প্রত্যেক ধর্ম অপর সকল ধর্মকে শ্রদ্ধা করবে, অপর ধর্মের বিশ্বাসগুলোকে শ্রদ্ধা করবে বিশ্বাসের এ স্তরে আসার পরই ধর্মনিরপেক্ষ ধর্ম পূর্ণাঙ্গ সফলতা লাভ করবে।

কিন্তু ইসলাম বলে, এ বিশ্বাসটাই কুফর। এ বিশ্বাস থেকে বের হয়ে আসার আগে কোন ব্যক্তি মুসলমান হতে পারে না এবং পরকালে সফলতা লাভ করতে পারে না। কারণ ইসলাম ব্যতীত অন্যসব ধর্ম ধর্মই নয়। এগুলো মানুষের বানানো কিছু মিথ্যা কথা, কাজ ও বিশ্বাস।

অতএব যে দেশ

অতএব যে দেশের মালিক পক্ষ এ কথা মনে করে যে, বিচার ব্যবস্থা দুই রকম চলতে পারে। মানবরচিত আইনেও চলতে পারে এবং শরয়ী আইনেও চলতে পারে সে দেশের মালিক পক্ষ মুসলমান নয়। বিচার ব্যবস্থার এ দুই নীতির কারণেই সে মুরতাদ হয়ে যাবে। শরীয়া বেঞ্চ শিরোনামে কোটি কোটি ডলার ব্যয় করেও সে মুসলমান হতে পারবে না।

এ পর্যায়ে আমি আবারও স্মরণ করিয়ে দিচ্ছি, কেউ যদি মনে করে থাকে যে, পাকিস্তানের শরীয়া বেঞ্চ বিচার বিভাগের শুধুই একটি শাখা নয়; বরং এটি পাকিস্তানের পুরো বিচার বিভাগের নিয়ন্ত্রক। শরীয়া বেঞ্চ পাকিস্তানের উচ্চ আদালত থেকে নিম্ন আদালত পর্যন্ত বিচার বিভাগের প্রতিটি শাখা প্রশাখাকে শরীয়া আইনের আলোকে পরিচালিত করে থাকে। যদি কেউ এমন ভেবে থাকে তাহলে সে সুস্পষ্ট ভুলের মধ্যে রয়েছে। পাকিস্তান শরীয়া বেঞ্চের শিরোনাম যাই হোক, তার হাকীকতটা এরকম নয়। পাকিস্তান সংবিধানের বিভিন্ন অনুচ্ছেদ তুলে ধরে ধরে বিষয়টি আমরা বার বার স্পষ্ট করার চেষ্টা করেছি। কথাগুলো এখানে আবার উল্লেখ করতে চাই না।

জরুরী টীকা : ২৭

“

... দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকূক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।

”

জরুরী টীকা-২৭

... দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকূক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।

**দুইশত জুযঈ-শাখাগত মাসআলার তালিকা তৈরি না করে কুল্লী মাসআলা-মূলনীতি পরিবর্তনের সুপারিশ করে দিলে কোন মাসআলাই বাদ পড়ার সুযোগ ছিল না। মূলনীতিতে হাত দেয়ার মাঝে যে সমস্যাগুলো রয়েছে সে দিক থেকে মুসলমানদের দৃষ্টিকে ফিরিয়ে অন্য দিকে নেয়ার অসুবিধা অনেক। যার কিছু কিছু লোমহর্ষকও।*

মূলনীতিতে হাত না দিয়ে শাখাগত মাসআলার তালিকা তৈরি করার মৌলিক সমস্যা দু'টি। এক. মানবরচিত আইনের বিশাল সমুদ্র থেকে ইসলামী শরীয়া বিরোধী আইনগুলো খুঁজে খুঁজে বের করে উপড়ে ফেলে দেয়া একটি অসম্ভব বিষয়। বিশেষত যখন মানবরচিত আইনের স্রোতের মুখে বাঁধ দেয়া হয়নি। দুই. শরীয়া বিরোধী আইন প্রণয়ন হচ্ছে কুফর। সে কুফরীর উপর আঘাত না করার অর্থ হচ্ছে তাকে যেভাবে আছে সেভাবে চলতে দেয়া। আর মূল কুফরী নীতিকে আপন অবস্থায় চলতে দিয়ে বা আঘাত না করে তার শাখাগত সম্পাদনা করে কুফরের ইসলামাইজেশন একটি অসম্ভব বিষয়। আর এ সত্যটি আমরা পাকিস্তানের দীর্ঘ জীবনে দেখেছি।

দুইশত মাসআলার তালিকা

দুইশত মাসআলার তালিকা আমরা এখনো পাইনি। পেলে কথা বলতে আরেকটু সুবিধা হত। এ কাজটিকে শায়খে মুহতারামের একটি বিশাল অবদান হিসাবে স্বীকার করার পর আমরা যে নিবেদনগুলো করতে চাই তা হচ্ছে:

এক. কুরআন হাদীস বিরোধী দুইশত আইন যারা তৈরি করেছে তারা তা জেনে শুনে করেছে? নাকি তাদের অজান্তে তা হয়েছে?

দুই. কুরআন হাদীস বিরোধী দুইশত আইন প্রণয়নের পর থেকে সেগুলোর প্রায়োগিক বয়স কত যুগ? এ দীর্ঘকাল পর্যন্তই কি এসব আইন প্রণয়নকারীরা এ সম্পর্কে বেখবর ছিল যে, এগুলো কুরআন হাদীস বিরোধী?

তিন. যে আইন প্রণয়ন বিভাগের তিনশত সদস্যের কেউ জানে না যে, তাদের তৈরিকৃত আইনের দুইশত আইন কুরআন হাদীস বিরোধী সে আইন প্রণয়ন পরিষদ মুসলমানদের সমন্বয়ে তৈরি পরিষদ? না কি অমুসলিমদের সমন্বয়ে তৈরি পরিষদ?

চার. যদি আইন প্রণয়ন পরিষদের সদস্যরা জেনে শুনে কুরআন হাদীস বিরোধী দুইশত অইন প্রণয়ন করে থাকে এবং সে আইনগুলো প্রয়োগ করার জন্য অনুমোদন করে থাকে তাহলে এ সদস্যরা মুসলমান না কি কাফের?

পাঁচ. কুরআন হাদীস বিরোধী আইনগুলো যত যুগ যাবত অনুমোদিত হয়ে হয়ে প্রয়োগ হয়েছে তত যুগের সকল অনুমোদকারীদের ঈমান কুফরের হুকুম একই হবে? না কি ভিন্ন হবে? যদি ভিন্ন হয়ে থাকে তাহলে কেন?

ছয়. আর যদি কুরআন হাদীস বিরোধী আইনগুলোর সব অনুমোদনকারীদের হুকুম একই হয়ে থাকে তাহলে এত যুগ যাবত দেশটি কাদের অধীনে পরিচালিত হয়েছে? এবং সে কারণে তাদের অধীনে পরিচালিত দেশটি দারুল ইসলাম ছিল? না কি দারুল হারব ছিল?

এসব বিষয়ে কথা বলার দায়িত্ব কার? আমাদের এ নিবেদনগুলো বিবেচনায় নেয়া হবে বলে আশা করছি।

যে মাসআলাগুলো তালিকায় আসার সুযোগ পায়নি

একটি দেশের সংবিধান ও আইন তৈরির মূল ভিত্তি যখন গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম হয় তখন তার হাতে গোনা কিছু আইনকে শরীয়ত বিরোধী বলার অর্থ হচ্ছে বাকি অসংখ্য আইনকে শরীয়ত সমর্থিত মনে করা। অথবা আরো সহজ ভাষায় বলা যায়, হাতে গোনা কিছু আইন ব্যতীত বাকি আইনগুলো কমপক্ষে শরীয়তবিরোধী নয়। অথচ একটি সংবিধান ও আইনের মূল উৎস যখন শরীয়ত না হয়ে সংখ্যাগরিষ্ঠ মানুষের ভোটে হয় তখন তার সকল আইনই শরীয়ত বিরোধী হয়।

এমনকি সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত কোন সিদ্ধান্ত যদি শরীয়তের কোন সিদ্ধান্তের হুবহুও হয় তবু তাদের সে সিদ্ধান্তটি শরীয়ত বিরোধী বলেই বিবেচিত হবে এবং তা কোন প্রকার সমর্থন পাওয়ার অধিকার রাখে না। কারণ শরীয়তের মত সিদ্ধান্তটি শরীয়ত থেকে নেয়া হয়নি। দ্বিতীয়ত সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতেই যখন তখন এ সিদ্ধান্ত শরীয়ত বিরোধী সিদ্ধান্তে রূপান্তরিত হয়ে যেতে পারে।

সুতরাং এ সিদ্ধান্তকে সমর্থন করা বা তার প্রসংশা করার অর্থই হচ্ছে, শরীয়তকে আইনের উৎস হিসাবে স্বীকৃতি না দিয়ে সংখ্যাগরিষ্ঠ ভোটকে আইনের উৎস হিসাবে স্বীকৃতি দেয়া। আর যেহেতু গণতন্ত্রই এ আইনের মূল উৎস, শরীয়ত নয় সে কারণে শরীয়ত বিরোধী যে সিদ্ধান্তগুলো তালিকার একেবারে শুরুতে থাকার কথা ছিল সেগুলো তালিকাতে স্থানই পায়নি। সে সিদ্ধান্তগুলো শরীয়া বেঞ্চের অগোচরে আপন গতিতে চলছেই। উদাহরণস্বরূপ সে ধরনের কয়েকটি বিষয় এখানে তুলে ধরছি:

১. দারুল ইসলামের রাষ্ট্রপ্রধান নারী হতে পারে না। (শায়খে মুহতারাম যথাক্রমে: কেন্দ্রীয় শরীয়াহ আদালত ১৯৮০-১৯৮২, শরীয়াহ আপিল বেঞ্চ ১৯৮২-২০০২ বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন। আর রাষ্ট্রপ্রধান হিসাবে বেনজির ভুট্টোর সময়কাল যথাক্রমে: ১৯৮৬-১৯৯০ এবং ১৯৯৩-১৯৯৬।) শায়খে মুহতারাম শরীয়া বেঞ্চে বিচারপতি থাকা কালেই একজন মহিলা বেনজির ভুট্টো রাষ্ট্রপ্রধান হিসাবে দীর্ঘ সময়ব্যাপী দায়িত্ব পালন করে গেছে।

এ দীর্ঘ সময়ের মধ্যে শরীয়ত বিরোধী এ অবস্থানের বিরুদ্ধে শরীয়া বেঞ্চের পক্ষ থেকে কোন প্রকার আপত্তি, রায় ও প্রায়োগিক পদক্ষেপ

গ্রহণ করা হয়েছে এমন কোন আলামত আমাদের কাছে নেই। অথবা আপত্তিও করা হয়েছে এবং পদক্ষেপও নেয়া হয়েছে, কিন্তু আইন বদলানো হয়নি। আইন বদলানো হলে আমরা তা দেখতাম এবং তার ফল ভোগ করতাম। কারণ শায়খে মুহতারামের দাবি হচ্ছে: *... দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকূক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।*

২. দারুল ইসলামের বিচারপতি অমুসলিম হতে পারে না। পাকিস্তানের সংবিধান অনুযায়ী পাকিস্তানের প্রধান বিচারপতি থেকে শুরু করে যেকোন পর্যায়ের যেকোন বিচারপতি অমুসলিম হতে পারবে। পাকিস্তান আইনে এর বৈধতা দেয়া আছে এবং যুগের পর যুগ তা চলে আসছে। শায়খে মুহতারাম শরীয়া বেঞ্চের বিচারপতি থাকা অবস্থায়, তার আগে এবং তার পরেও এ আইন বহাল তবিয়তে চলে আসছে। শরীয়া বেঞ্চের পক্ষ থেকে এ আইনের বিরুদ্ধে আপত্তি, রায় ও প্রায়োগিক কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

অথবা আপত্তিও করা হয়েছে এবং পদক্ষেপও নেয়া হয়েছে, কিন্তু আইন বদলানো হয়নি। আইন বদলানো হলে আমরা তা দেখতাম এবং তার ফল ভোগ করতাম। কারণ শায়খে মুহতারামের দাবি হচ্ছে: *... দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকূক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।*

বরং বিপরীত কারগুজারী আমাদের কাছে আছে। বহু অমুসলিম পাকিস্তানের বিচারের চেয়ারে বসে মুসলমানদের বিচার করেছে। হিন্দু নারী পাকিস্তানের বিচারের চেয়ারে বসে মুসলামনদের বিচার করেছে এবং করছে।

৩. দারুল ইসলামের শরয়ী সিদ্ধান্ত গায়রে শরয়ী আদালতের কাছে জবাবদিহী করতে পারে না।

একটি দারুল ইসলামে বিচারপতি তার প্রদত্ত রায়ের বিষয়ে শুধুমাত্র কুরআন ও হাদীসের কাছে জবাবদিহি করতে বাধ্য থাকবে। ভুল করলে তা কুরআন হাদীসের কষ্টিপাথরেই মাপা হবে। অপর কোন সিদ্ধান্তের বিপরীত হলেও কুরআন হাদীসের আলোকেই তা নিরূপণ করা হবে।

কুরআনে হাদীসে হুকুম এভাবেই এসেছে। আল্লাহ রাব্বুল আলামীন বলেন-

﴿يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ فَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا﴾ {سورة النساء: ٥٩}

"হে ঈমানদারগণ! আল্লাহর নির্দেশ মান্য কর, নির্দেশ মান্য কর রসূলের এবং তোমাদের মধ্যে যারা 'উলূল আম্র' তাদের। তারপর যদি তোমরা কোন বিষয়ে বিবাদে প্রবৃত্ত হয়ে পড়, তাহলে তা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি প্রত্যার্পণ কর, যদি তোমরা আল্লাহ ও কেয়ামত দিবসের উপর বিশ্বাসী হয়ে থাক। আর এটাই কল্যাণকর এবং পরিণতির দিক দিয়ে উত্তম।" -সূরা নিসা ৫৯

কিন্তু পাকিস্তান সংবিধানে শরীয়া বেঞ্চকে মানবরচিত আইনের কাছে জবাবদিহি করতে বাধ্য করা হয়েছে। পাকিস্তান আইনকে এমনভাবে সাজানো হয়েছে যে, শরীয়া বিভাগের যিম্মাদারগণ তাদের রায় ও সিদ্ধান্তকে চূড়ান্ত পর্যায়ে নিতে হলে গায়রে শরয়ী আদালতের শরণাপন্ন হতে হবে। মানব রচিত আইনে পরিচালিত পাকিস্তানের কেন্দ্রীয় আদালতকে এড়িয়ে শরীয়া বেঞ্চ কোন কিছুই করার অধিকার রাখে না।

শরীয়া আদালত তার জন্ম থেকে এ ধারার উপরই চলে আসছে। শায়খে মুহতারাম বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করা অবস্থায় আদালত এ ধারার উপরই চলেছে, পরবর্তিতেও এভাবেই চলেছে। শরীয়া বেঞ্চের পক্ষ থেকে এর বিরুদ্ধে কোন প্রকার আপত্তি, রায় বা প্রায়োগিক পদক্ষেপ নেয়া হয়নি।

অথবা আপত্তিও করা হয়েছে এবং পদক্ষেপও নেয়া হয়েছে, কিন্তু আইন বদলানো হয়নি। আইন বদলানো হলে আমরা তা দেখতাম এবং তার ফল ভোগ করতাম। কারণ শায়খে মুহতারামের দাবি হচ্ছে: *... দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকূক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।*

৪. দারুল ইসলামে বিচারপতির কুরআন সুন্নাহভিত্তিক সিদ্ধান্ত বাস্তবায়ন না হওয়ার কোন সুযোগ নেই।

একটি ইসলামভিত্তিক দেশের বিচার বিভাগে বিচারপতি যখন কুরআন হাদীসের দলিল দিয়ে কোন একটি সিদ্ধান্ত দেবেন তখন তা প্রয়োগ না হওয়ার কোন সুযোগ নেই। বিচারপতির সিদ্ধান্ত সাধারণত দুই ধরনের হয়ে থাকে। ১. মানসূস আলাইহি। ২. মুজতাহাদ ফীহি। প্রথম প্রকারের সিদ্ধান্তের ক্ষেত্রে প্রদত্ত রায়ের বিপরীতে কোন রায় দেয়ারও সুযোগ নেই এবং তা প্রয়োগ না করারও কোন সুযোগ নেই। আর দ্বিতীয় প্রকারের সিদ্ধান্তের ক্ষেত্রে প্রদত্ত রায়ের বিপরীতে সমপর্যায়ের শক্তিশালী বা তার চাইতে বেশি শক্তিশালী ইজতিহাদের ভিত্তিতে রায় দেয়া যায় এবং দ্বিতীয় রায়ের ভিত্তিতে প্রথম রায় প্রয়োগ না করে দ্বিতীয় রায় প্রয়োগ করা যায়। সর্বাবস্থায় এসকল সিদ্ধান্ত শরয়ী উসূলের আলোকেই হতে হবে।

পাকিস্তান বিচার বিভাগের ইতিহাসে দেখা গেছে, কুরআন হাদীসের সরাসরি দলিলের আলোকে গৃহীত শরীয়া বেঞ্চের সিদ্ধান্তকে প্রয়োগ করতে দেয়া হয়নি। এসব কিছু ঘটেছে শায়খে মুহতারাম বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করা অবস্থায়। যেসব আইনের ভিত্তিতে শরীয়তের অকাট্য সিদ্ধান্তকে অকার্যকর করে দেয়া যায় সেসব আইনের বিরুদ্ধে শরীয়া বেঞ্চ কোন আপত্তি করেনি, কোন রায় দেয়নি এবং প্রায়োগিক কোন পদক্ষেপ গ্রহণ করেনি।

অথবা আপত্তিও করা হয়েছে এবং পদক্ষেপও নেয়া হয়েছে, কিন্তু আইন বদলানো হয়নি। আইন বদলানো হলে আমরা তা দেখতাম এবং তার ফল ভোগ করতাম। কারণ শায়খে মুহতারামের দাবি হচ্ছে: *... দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকুক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।*

৫. দারুল ইসলামে শরয়ী আদালতের বাইরে কোন আদালতের অস্তিত্বের বৈধতা নেই।

ইসলাম শাসিত একটি দারুল ইসলামের বিচার বিভাগ ও আদালত হবে শতভাগ শরীয়া ভিত্তিক। আল্লাহ ও আল্লাহর রাসূল কর্তৃক প্রদত্ত আইনের বাইরে কোন আইন ও বিচারের কোন অস্তিত্ব দারুল ইসলামে

থাকা সম্ভব নয়। এর কোন বৈধতা নেই। বরং পূর্বে বলা হয়েছে যে, শরীয়া আইনের সঙ্গে অন্য কোন আইনকে বিচারিক ক্ষমতা দেয়া কুফর।

পাকিস্তান সংবিধানে ও পাকিস্তান আইনে শরয়ী আইনের বাইরে মানবরচিত আইনকে বিচারিক ক্ষমতা দেয়া হয়েছে। শুধু বিচারিক ক্ষমতা দেয়া হয়নি; বরং দেশের শতকরা নিরানব্বই ভাগ বিচার সে আইনের অধীনেই সম্পন্ন হচ্ছে এবং বিচারের মূল দায়িত্ব ও ক্ষমতা শরীয়াকে না দিয়ে মানবরচিত আইনকে দেয়া হয়েছে।

শায়খে মুহতারাম বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করার সময়ে এ সকল প্রক্রিয়া চালু ছিল, তার আগেও চালু ছিল, এখনও সেভাবেই বহাল আছে। কিন্তু শরীয়া বেঞ্চের পক্ষ থেকে এ কুফরী আদালতে বিরুদ্ধে কোন আপত্তি করা হয়নি, কোন রায় দেয়া হয়নি এবং প্রায়োগিক কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

অথবা আপত্তিও করা হয়েছে এবং পদক্ষেপও নেয়া হয়েছে, কিন্তু আইন বদলানো হয়নি। আইন বদলানো হলে আমরা তা দেখতাম এবং তার ফল ভোগ করতাম। কারণ শায়খে মুহতারামের দাবি হচ্ছে: ... *দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকূক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।*

৬. দারুল ইসলামের মজলিসে শূরার সদস্য অমুসলিম হওয়ার কোন সুযোগ নেই।

মুসলমানদের মজলিসে শূরা কাফের দ্বারা গঠিত হয় না। মুসলমানরা কাফেরদেরকে নিয়ে পরামর্শ করতে পারে না। মুসলমানদের একটি দেশ অমুসলিমের পরামর্শে চলতে পারে না। মুসলমানদের আইন ও নীতি ধারা তৈরির ক্ষেত্রে অমুসলিমের মতামত গ্রহণযোগ্য হতে পারে না। মুসলমানদের একটি দেশে অমুসলিম নির্বাহী ক্ষমতার অংশীদার হতে পারে না।

পাকিস্তান-সংবিধান ও আইনে এসব কিছুরই উপস্থিতি আছে। অমুসলিম মজলিসে শূরার সদস্য হওয়ার আইন আছে। অমুসলিম নির্বাহী ক্ষমতার অংশীদার হওয়ার আইন আছে। অমুসলিম মুসলমানদের জন্য আইন ও নীতিধারা তৈরি করতে পারবে বলে আইন আছে। এ আইনগুলো পাকিস্তান সংবিধানে ও আইনে যুগ যুগ ধরেই আছে।

শায়খে মুহতারাম যখন বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন তখনও এসব আইন ছিল। এর আগেও ছিল। এখনো বহাল আছে। শরীয়া বেঞ্চের পক্ষ থেকে এ আইনের উপর কোন আপত্তি করা হয়নি। এর বিরুদ্ধে কোন রায় দেয়া হয়নি। এ আইনের বিরুদ্ধে কার্যকরী কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

অথবা আপত্তিও করা হয়েছে এবং পদক্ষেপও নেয়া হয়েছে, কিন্তু আইন বদলানো হয়নি। আইন বদলানো হলে আমরা তা দেখতাম এবং তার ফল ভোগ করতাম। কারণ শায়খে মুহতারামের দাবি হচ্ছে: *... দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকুক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।*

৭. দারুল ইসলামের বিচারপতির সিদ্ধান্তের বিপরীতে রাষ্ট্রপ্রধান নিজ ক্ষমতাবলে কোন অপরাধীকে ক্ষমা করতে পারে না।

দারুল ইসলামে রাষ্ট্রপ্রধান ইসলামী আদালতের বিচারপতির সামনে আসামী হওয়ার যোগ্যতা রাখে। বিচারপতি শরীয়তের আলোকে যে ফয়সালা দেবে তা সাধারণ জনগণ যেমন মানতে বাধ্য রাষ্ট্রপতিও মানতে বাধ্য। উম্মতের কোন অপরাধ খোদ নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও ক্ষমা করার অধিকার রাখতেন না।

বিপরীত বক্তব্য এভাবে এসেছে যে, নবীর কলিজার টুকরা ফাতেমাও যদি চুরি করে নবী তার হাত কেটে দিতে বাধ্য। নবীজীর প্রিয়তমা স্ত্রী আয়েশা সিদ্দীকা রাযিয়াল্লাহু আনহার উপর এতবড় চারিত্রিক অপবাদ দেয়া হয়েছে যারফলে নবীজীর উপর এক ভয়ংকর তুফান বয়ে গেছে। কিন্তু নবী হিসাবে ও রাষ্ট্রপ্রধান হিসাবে নিজে থেকে কিছু করার বা বলার অধিকার তাঁর হাতে ছিল না।

কিন্তু পাকিস্তান-সংবিধান ও আইনে রাষ্ট্রপ্রধানকে এ অধিকার দেয়া হয়েছে যে, সে চাইলে কোন প্রকার যুক্তি ও দলিল প্রমাণ ছাড়াই নিজ ক্ষমতাবলে বিচার বিভাগের যেকোন সিদ্ধান্তকে উল্টে দিতে পারবে। যে কোন অপরাধকে ক্ষমা করে দিতে পারবে। যে কোন শাস্তিকে মাওকূফ করে দিতে পারবে। বলা যায়, এ আইনের মাধ্যমে পাকিস্তান তার প্রেসিডেন্টকে বিধানদাতার আসনে আসীন করেছে। সে যা ইচ্ছা তাই করার ক্ষমতা রাখে।

প্যাকিস্তান সংবিধানে ও আইনে এ আইন যুগ যুগ ধরে চলে আসছে। এর প্রয়োগ চলছে। শায়খে মুহতারাম যখন বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন তখনও এ আইন বলবৎ ছিল, এর আগেও ছিল, এর পরেও আছে। শরীয়ত বিরোধী এ জঘন্য আইনের বিরুদ্ধে শরীয়া বেঞ্চের পক্ষ থেকে কোন প্রকার আপত্তি করা হয়নি, কোন রায় দেয়া হয়নি এবং কার্যকরী কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

অথবা আপত্তিও করা হয়েছে এবং পদক্ষেপও নেয়া হয়েছে, কিন্তু আইন বদলানো হয়নি। আইন বদলানো হলে আমরা তা দেখতাম এবং তার ফল ভোগ করতাম। কারণ শায়খে মুহতারামের দাবি হচ্ছে: *... দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকূক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।*

৮. বিচারপ্রার্থীর প্রাপ্য রাষ্ট্রপ্রধান আসামীর পক্ষ নিয়ে ক্ষমা করতে পারে না।
শরীয়া আদালতে, কুরআনে ও হাদীসে রাষ্ট্রপ্রধানকে এ অধিকার দেয়া হয়নি যে, সে চাইলে বিচারপ্রার্থীর প্রাপ্য আদায় করে দেয়ার জন্য বিবাদীকে বাধ্য না করে তাকে ক্ষমা করে দেবে। বান্দার হক বান্দাকে আদায় করে দিতেই হবে। খোদ সৃষ্টিকর্তা আল্লাহ রাব্বুল আলামীনও বান্দার হক ক্ষমা করবেন না বলে ঘোষণা দিয়ে রেখেছেন।

কোন মুসলমান অপর মুসলমানকে হত্যা করলে হত্যাকারীর উপর কেসাস অথবা দিয়াত আসবে। আর এ কেসাস ও দিয়াত হচ্ছে নিহত ব্যক্তির অভিভাবকদের অধিকার ও তাদের প্রাপ্য। হত্যার বিনিময়ে হত্যাকারীকে হত্যা করা হবে, না কি তার কাছ থেকে দিয়াত নেয়া হবে তা নিহত ব্যক্তির অভিভাবকের এখতিয়ার। অন্য কেউ চাইলে এ হত্যাকারীর কেসাসও মাফ করতে পারবে না, অথবা চাইলে তার দিয়াতও মাফ করতে পারবে না, অথবা চাইলে দিয়াতের পরিমাণ কমাতেও পারবে না। এটা একান্তই অভিভাবকের অধিকার। বিষয়গুলো শরীয়তের অকাট্য দলিল দ্বারা প্রমাণিত। এসব বিষয়ে কারো কোন দ্বিমত নেই।

কিন্তু পাকিস্তান-সংবিধান ও পাকিস্তান আইন সে দেশের প্রেসিডেন্টকে এ অধিকার দিয়ে রেখেছে যে, প্রেসিডেন্ট চাইলে আদালতের বিচার উল্টে দিয়ে কোন প্রকার দলিল প্রমাণ ছাড়া নিজ ক্ষমতাবলে খুনের আসামীকে

ক্ষমা করে দেবে। নিহত ব্যক্তির অভিভাবকের সকল ইচ্ছা ও এখতিয়ারকে উপেক্ষা করে খুনের দায় ক্ষমা করে দেবে। এক্ষেত্রে মূল বিচারপ্রার্থীকে জিজ্ঞেস করারও প্রয়োজন নেই। এসব ক্ষেত্রে প্রেসিডেন্ট খুনিকে প্রাণ ভিক্ষা দেয়ার শক্তি রাখে।

পাকিস্তান সংবিধানে ও আইনে এ আইন যুগ যুগ ধরে চলে আসছে। এর প্রয়োগ চলছে। শায়খে মুহতারাম যখন শরীয়া বেঞ্চে বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন তখনও এ আইন বলবৎ ছিল, এর আগেও ছিল, এর পরেও আছে। প্রেসিডেন্ট খুনের আসামীকে প্রাণ ভিক্ষা দেয়ার শক্তি নিয়ে রাজত্ব করে যাচ্ছে। শরীয়ত বিরোধী এ জঘন্য আইনের বিরুদ্ধে শরীয়া বেঞ্চের পক্ষ থেকে কোন প্রকার আপত্তি করা হয়নি, কোন রায় দেয়া হয়নি এবং কার্যকরী কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

অথবা আপত্তিও করা হয়েছে এবং পদক্ষেপও নেয়া হয়েছে, কিন্তু আইন বদলানো হয়নি। আইন বদলানো হলে আমরা তা দেখতাম এবং তার ফল ভোগ করতাম। কারণ শায়খে মুহতারামের দাবি হচ্ছে: *... দু'শরও বেশি আইন ইসলামের আলোকে নিয়ে আসার জন্য হুকুক-সুপারিশ জারি করেছি এবং সে আলোকে আইন বদলানো হয়েছে।*

এ ধরনের আরো অসংখ্য আইন রয়েছে যেগুলোর বিষয়ে শায়খে মুহতারাম বা শায়খে মুহাতারামের শরীয়া বেঞ্চ কখনো কিছু করতে পারেনি। এ ধরনের অসংখ্যা আইনের বিরুদ্ধে সংবিধানের কথিত সে ধারা কোন কাজে আসেনি। এসব আইনের বিরুদ্ধে সে কথিত ধারাটা কোন কাজে আসবে বলে কেউ কখনো চিন্তা করেছে বলেও মনে হয় না। শরীয়ত বিরোধী এ আইনগুলো শরীয়া ভিত্তিক সংশোধনের তালিকায় না আসার কারণ কী?

সুযোগ না পাওয়ার কারণ

পাকিস্তান-সংবিধান ও আইনের শরীয়ত বিরোধী এ ধারাগুলো শরীয়া ভিত্তিক সংশোধনের তালিকায় না আসার কারণ খুব স্পষ্ট। কারণ দেশটি দারুল ইসলাম নয়। দেশ হচ্ছে গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ। এ বিষয়গুলো গণতান্ত্রিক পদ্ধতিতে সংবিধানে স্থান পেয়েছে। যার উপর কুরআন সুন্নাহ দিয়ে আপত্তি করার কোন সুযোগ নেই।

একটি গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ দেশে এ মতবাদের মালিকপক্ষ ধর্মীয় আবেগ নির্ভর আবেদন নিবেদনগুলোর ততটুকুই গ্রাহ্য করবে যতটুকুতে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের গায়ে কোন প্রকার আঁচড় না লাগবে। ধর্মের অনুসারীদেরকে ততক্ষণ পর্যন্ত ধর্মীয় বিষয়াদি নিয়ে কথা বলতে দেবে যতক্ষণ পর্যন্ত ধর্মের অনুসারীরা গণতন্ত্রের ও ধর্মনিরপেক্ষ ধর্মের বাতলে দেয়া গণ্ডিকে অতিক্রম করবে না।

ধর্মের অনুসারীরা যখনই তাদের বাতলানো গণ্ডি অতিক্রম করার মত আস্পর্ধা দেখাবে, ঔদ্ধত্য দেখাবে তখনই এ বেয়াদবির দায়ে ধার্মিকদের ঘাড় মটকে দেয়া হবে। উপযুক্ত পদ্ধতিতে ঘাড় মটকে দেয়ার মত সকল ব্যবস্থা গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের মালিক পক্ষের কাছে আছে।

শরীয়া বেঞ্চের বিচারপতিগণ পাকিস্তানের গণতন্ত্র সম্পর্কে ভালো করেই অবগত আছেন। শায়খে মুহতারাম দামাত বারাকাতুহুম গণতন্ত্রের হাকীকত সম্পর্কেও জানেন এবং পাকিস্তানের গণতন্ত্র সম্পর্কেও জানেন। শাব্বীর আহমদ ওসমানী রহ. ও যাফর আহমদ ওসমানী রহ. সহ পাকিস্তান প্রতিষ্ঠাতা মহামনীষীগণ একমাত্র ইসলাম প্রতিষ্ঠার জন্যই একটি ভূখণ্ড তৈরি করেও যে গণতন্ত্রের জোয়ারের সামনে টিকতে পারেননি এবং এক মুহূর্তের জন্যও পাকিস্তানে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করতে পারেননি -সে কথা শায়খে মুহতারাম জানেন।

শায়খে মুহতারাম এ কথাও জানেন যে, পাকিস্তানে ইসলামী হুকুমতের স্বপ্নদ্রষ্টাগণ আজীবন এর জন্য কান্নাকাটি করে গেছেন। কিন্তু গণতন্ত্রের জোয়ারের সামনে ধর্মীয় আবেগ টিকেনি। টিকার কথা নয়।

আর এসব কথা জানার কারণেই শায়খে মুহতারাম অথবা পাকিস্তান শরীয়া বেঞ্চ কখনো পাকিস্তানের শরীয়ত বিরোধী এমন কোন আইন নিয়ে মাথা ঘামাননি যা পাকিস্তান গণতন্ত্রের সঙ্গে সাংঘর্ষিক। তাঁরা পাকিস্তানের এমন কোন আইন নিয়ে নাড়াচাড়া দেননি যা পাকিস্তান রাষ্ট্র পরিচালনার মূলনীতিকে আঘাত করতে পারে। পাকিস্তানের এমন কোন আইনে তাঁরা হাত দেয়ার চেষ্টা করেননি যেখানে হাত দিলে পাকিস্তান পরিচালনার মূলনীতি ধারাই উল্টে যেতে পারে।

এ বিষয়ে আপাতত কথা আর লম্বা করতে চাই না।

বদলানোর হাকীকত

বদলানো আইনগুলোর তালিকা আমরা পাইনি। কিন্তু পাকিস্তানের চলমান সংবিধান ও আইন থেকে আমরা যা পাই তার আলোকে আমরা বলতে পারি যে, শায়খে মুহতারাম যেসব আইন বদলানোর প্রতি ইঙ্গিত করেছেন তার কিছু বাস্তবায়িত হয়নি, আর কিছু গণতান্ত্রিক ধারার কোন সমস্যা করেনি বলে বদলানো হয়েছে। এমন কিছু ক্ষেত্রে বদলানো হয়েছে যে বদলানোর দ্বারা গণতান্ত্রিক সংবিধানের কোথাও কোন আঁচড় লাগেনি।

মোটকথা, শায়খে মুহতারাম শরীয়ত বিরোধী যে দুইশত আইন বদলানোর কথা বলেছেন সে দুইশত মাসআলা কয়েক ভাগে বিভক্ত হতে পারে। এক. দুইশত মাসআলার একটি বড় অংশই এমন যা বাস্তব ময়দানে প্রয়োগ পর্যন্ত এসে পৌঁছেনি। দুই. একটি বড় অংশ গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের বিভিন্ন মার প্যাঁচে খারিজ করে দেয়া হয়েছে। তিন. একটি বড় অংশ রয়েছে এমন যার সঙ্গে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের কোন সংঘর্ষ নেই। চার. একটি অংশ রয়েছে এমন যেগুলোর সামান্য আ-কার ই-কার ঠিক করে শরীয়ত সম্মত করা যায়, আবার সামান্য পরিবর্তন করলে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ সম্মত হয়ে যায়। অথবা বলা যায়, যেগুলো বদলানোর ক্ষেত্রে কুরআন হাদীস তথা শরীয়তের উদ্ধৃতি দিতে হয় না; বরং গণতন্ত্রের উদ্ধৃতি দিয়েই বদলানো যায়।

যাইহোক, মৌলিক দু'টি কুফরী তন্ত্র তথা গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদ এ দু'টি মতবাদের বিরুদ্ধে শরীয়া বেঞ্চ ও শায়খে মুহতারাম কোন আপত্তি করেননি, এর বিরুদ্ধে কোন রায় দেননি, এর বিরুদ্ধে কার্যকরী কোন পদক্ষেপ গ্রহণ করেননি। অতএব গুরুত্বপূর্ণ আর কোথাও এ বেঞ্চ হাত দেবে এমনটি আশা করা যায় না।

জরুরী টীকা : ২৮

“

...কিন্তু আফসোসের বিষয় হচ্ছে, আমাদের দ্বীনী মহলগুলোর পক্ষ থেকে এ ধারাটিকে কাজে লাগানোর জন্য কোন আবেদন পেশ করা হয়নি।

”

জরুরী টীকা-২৮

...কিন্তু আফসোসের বিষয় হচ্ছে, আমাদের দ্বীনী মহলগুলোর পক্ষ থেকে এ ধারাটিকে কাজে লাগানোর জন্য কোন আবেদন পেশ করা হয়নি।

** দ্বীনী মহল যদি দলিল প্রমাণের আলোকে তাদের মূল দায়িত্ব বুঝে নেয়ার কারণে এ ধারাটি কাজে না লাগিয়ে থাকে তা হলে তাদের কোন প্রকার দোষ দেয়ার কোন সুযোগ নেই। আর যদি দলিলের আলোকে না করে থাকে তা হলে আমাদের প্রথম দায়িত্ব হচ্ছে, তাদেরকে দলিলের আলোকে এ কথা বুঝিয়ে দেয়া যে, কুরআন সুন্নাহর আলোকে এ আবেদন করা মুসলমানদের শরয়ী দায়িত্ব। ব্যক্তিকে কেউ এড়িয়ে যেতে পারে, কিন্তু দলিলকে এড়িয়ে যাওয়ার অধিকার কাউকে দেয়া হয়নি।*

দলিলকে কেউ না মানলে, নির্ধারিত ফরয দায়িত্বকে কেউ এড়িয়ে গেলে, শরীয়তের নির্ধারিত বিধানকে কেউ বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করলে তার জন্য উপযুক্ত শাস্তির ব্যবস্থা আছে। দাওয়াত একবার দিতে হয়, তালীম একবার দিতে হয়, তাযকীর দু'চার বার করা যায়। এর পরই শরয়ী আইনে শাস্তির ব্যবস্থা রাখা হয়েছে। একই বিষয়ে একই ব্যক্তিকে শত বার হাজার বার দাওয়াত, তালীম, তাযকীর করা শরীয়া আইনের আওতায় আসে না।

কিন্তু আমরা শরীয়তের কোন বিষয়কেই শরয়ী মানদণ্ডে মাপতে পছন্দ করি না। যারফলে আবেগ ও অনুযোগের সুরে শরয়ী বিধানগুলো বলে থাকি। অথবা বলা যায়, শরয়ী মাপকাঠিতে বিষয়গুলোর শরয়ী সিদ্ধান্ত আমাদের কাছে সুস্পষ্ট নয়। অথবা বলা যায়, আমাদের কাছে বিষয়গুলো স্পষ্ট হওয়া সত্ত্বেও তা স্পষ্ট করে বলতে আমরা আগ্রহ বোধ করি না। কেন আগ্রহ বোধ করি না তা প্রত্যেকে নিজের অবস্থা ও কারণ ভালো বলতে পারবেন।

এটি আবেদনের বিষয় নয়

শায়খে মুহতারাম যে আফসোস করছেন এবং অনুযোগ করে বলেছেন, দ্বীনী মহলগুলোর পক্ষ থেকে কথিত সে ধারাটিকে কাজে লাগানোর জন্য আবেদন করা হয়নি -এ বিষয়ে আমাদের বক্তব্য হচ্ছে, এটি অবেদনের কোন বিষয় নয়। এ বিষয়টিকে এর আগেও আমরা বিশ্লেষণ করেছি। এখানেও আরো দু'য়েকটি কথা বলি।

এক. এ কথিত ধারাটি যদি বাস্তবিকই অর্থবহ কোন ধারা হয়ে থাকে তাহলে তা কারো কোন আবেদনের অপেক্ষায় থাকার কোন সুযোগ নেই। শরীয়ত বিরোধী আইনগুলো প্রয়োগ করে যারা অপরাধটি করে যাচ্ছে তাদের শাস্তি হবে আগে। শরীয়তের বিধান প্রথমে তাদেরকেই গ্রেফতার করে শাস্তি দেবে।

দুই. ক্ষমতাসীনের দাপটে ও জনগণের সহযোগিতায় প্রতিদিন দ্বীন ও শরীয়তের শত শত ও হাজার হাজার বিধানকে জবাই করা হচ্ছে, কুরআন ও হাদীসের আইনকে জবাই করে করে প্রতিদিন আল্লাহদ্রোহিতার উৎসব করা হচ্ছে। এমন একটি বিষয়ে শুধু 'আফসোস' শব্দের ব্যবহার খুবই বেমানান। আর 'আফসোস' শব্দ ব্যবহার পর্যন্ত ক্ষান্ত করে দায়িত্ব আদায়ের কোন সুযোগ নেই। দ্বীন ও শরীয়ত এতটা অসহায় নয়।

তিন. শায়খে মুহতারাম এ বিষয়ে দ্বীনী মহলকে দায়ী করেছেন। দ্বীনী মহল একটি অস্পষ্ট পরিভাষা। সংবিধানের কথিত সে ধারাটির কারণে যদি বাস্তবেই মুসলমানদের উপর কোন দায়িত্ব বর্তায় তাহলে তা ফিকহের পরিভাষা অনুযায়ী প্রত্যেক আকেল, বালেগ, মুসলমানের উপরই বর্তাবে। এ দায়িত্ব থেকে অব্যহতি পেতে হলে পাগল, শিশু বা

অমুসলিম হতে হবে। এছাড়া এসব দায়িত্ব থেকে অব্যহতি পাওয়ার কোন সুযোগ নেই।

কথাগুলো আসলে কাকে বলা হচ্ছে?

আর যদি দায়িত্বটি কোন বিভাগভিত্তিক দায়িত্বশীলের হয়ে থাকে তাহলে সে বিভাগের নাম দ্বীনী মহল নয়। সুনির্দিষ্ট সে বিভাগ ও দায়িত্বশীলের কথা বলতে হবে। যাতে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ তাদের দায়িত্ব বুঝে নিতে পারে। এমন কোন শব্দ বা পরিভাষা ব্যবহার করা উচিত নয় যার দ্বারা সবাই নিজের ব্যাপারে বুঝে নেবে যে, এ দায়িত্ব আমার নয়। অপর দিকে নিজেকে বাদ দিয়ে আর বাকি সবাইকে দায়ী করে যাবে। সকল দায়দায়িত্ব অপরের উপর চাপিয়ে নিজেকে মুক্ত করে নেবে।

এ জাতীয় শব্দ ও পরিভাষার কারণে অজুহাত অন্বেষীদেরকে প্রায়ই একটি কথা বলতে শোনা যায়। যখনই কোন ফরয দায়িত্বের প্রতি কারো দৃষ্টি আকর্ষণ করা হয় তখন তাদের সহজ সরল একটি জবাব থাকে 'বড়রা তো কিছু বলছেন না, আমরা কী করতে পারি?' এ সহজ সরল বিনয়ের (?) মাধ্যমে যে প্রতারণা ও দায়িত্ব এড়িয়ে যাওয়ার জোয়ার চলছে তা আমরা বুঝেও বোঝার চেষ্টা করছি না।

একটি বড় প্রতারক গোষ্ঠী মূলত নিজেদেরকেই সবচাইতে বড় মনে করে। নিজেদেরকে বাদ দিয়ে অপর কাউকে মানুষ বলেও মনে করে না। কিন্তু দায়িত্বের প্রশ্ন আসলে প্রতারণার খেলায় মেতে উঠে এবং এক বায়বীয় বড়'র ভয় দেখিয়ে কাজের লোকদেরকে ঘাবড়ে দেয়ার চেষ্টা করে।

এর জন্য সাত কোটি-ষোল কোটির প্রয়োজন নেই

বস্তুত কথিত সেই ধারাটিকে কাজে লাগানোর জন্য সাত কোটি ও ষোল কোটি কোন কোটিরই প্রয়োজন নেই। দ্বীনের প্রত্যেকটি শাখা তথা ঈমান থেকে শুরু করে মুআমালা মুআশারা পর্যন্ত আমলের প্রতিটি অঙ্গনের বিষয়ে দাওয়াত বা ই'লাম, তালীম, তাযকীর ও শাসন এ চারটির বাইরে আর কিছু নেই। কিন্তু এগুলোর কোনটিই অস্বীকারকারীর জন্য নয়।

যে অপশক্তি কুরআন ও হাদীসের বিরুদ্ধে আইন তৈরি করে চলেছে, যে কুফরী শক্তি আল্লাহ ও আল্লাহর রাসূলের বিরুদ্ধে জোরপূর্বক আইন

প্রয়োগ করে চলেছে, যে মুরতাদ শ্রেণি প্রায় শতাব্দীকাল যাবত শরীয়া আইন প্রতিষ্ঠার দাবিকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শ করে আসছে, যে যিন্দীক ও মুলহিদ শ্রেণি এত প্রকারের কুফরের প্রতিষ্ঠাতা হয়েও নিজেদেরকে মুসলমান পরিচয় দিয়ে চলেছে

-তাদের ক্ষেত্রে দাওয়াত ও ইসলামের কোন পর্ব বাকি নেই। তালীম ও তাযকীর তাদের জন্য নয়। তারা ইসলামের শাসক হওয়ারও উপযুক্ত নয়, ইসলামী আইনে শাসিত হওয়ারও উপযুক্ত নয়। তারা হচ্ছে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার পথে বাধাদানকারী, ইসলামী আইন প্রতিষ্ঠার বিরুদ্ধে চলমান লড়াইয়ে অবতীর্ণ হারবী।

তাদের কাছে কোন মুসলমান আবেদন নিবেদন করতে পারে না। তাদের কাছে কেন মুসলমানরা অভিযোগ অনুযোগ করবে? তাদের কাছে কেন মুসলমান নালিশ করবে? তারা তো আল্লাহর দুশমন। তারা মুসলমানের দুশমন।

জানি না শায়খে মুহতারাম কেন মুসলমানদেরকে বার বার সে কুফরের দরজায় ভিক্ষার জন্য পাঠাতে চান। মুসলমানদেরকে অপমানিত হওয়ার এ পথ দেখিয়ে দিয়ে মুসলমানের কী লাভ?! যে আবেদনের জন্য শায়খে মুহতারামের এত আফসোস সে আবেদনের আর কি অবশিষ্ট রয়ে গেছে যার অভাবে আল্লাহর হাকিমিয়্যাতের (?) উপর প্রতিষ্ঠিত একটি দেশ তার সংবিধান ও আইন বিভাগকে শরীয়ার আলোকে সাজাতে পারছে না। এ কথাগুলো শুনে শুনে আমরা আর হজম করতে পারছি না। এবার আল্লাহর ওয়াস্তে মাফ করুন।

জরুরী টীকা : ২৯

“

আমি হাত জোড় করে বলেছি, অনুরোধ করেছি যে, আপনারা আল্লাহর ওয়াস্তে এ ধারাটিকে কাজে লাগানোর জন্য আবেদন করুন।

”

জরুরী টীকা-২৯

আমি হাত জোড় করে বলেছি, অনুরোধ করেছি যে, আপনারা আল্লাহর ওয়াস্তে এ ধারাটিকে কাজে লাগানোর জন্য আবেদন করুন।

***এ বিষয়গুলো অর্থাৎ হাতজোড় করা, জনগণের কাছে হাতজোড় করা, আবেদন করতে বলা, হাতজোড়ের পর দায়িত্ব আদায় হয়ে গেছে মনে করা -এসবের কোন ক্ষেত্রেই শায়খে মুহতারাম তাঁর ইলমী যোগ্যতা ও ইলমী উসূলকে কাজে লাগাননি। যে উসূল ও মূলনীতির আলোকে তিনি তাঁর ইলমী জীবন কাটিয়েছেন, রচনা করেছেন, গবেষণা করেছেন, খুঁটিনাটি সকল মাসআলায় যেভাবে দলিলের ধারাবাহিকতাকে রক্ষা করেছেন সেসবের কোন কিছুই তিনি দ্বীনের একটি মৌলিক মাসআলা সম্পর্কে আলোচনা করতে গিয়ে ব্যবহার করেননি। ইলমী উসূলের আলোকে একটি কথাও বলার প্রয়োজন বোধ করেননি। আমরা ভক্তবৃন্দ এবং আজীবনের মুস্তাফীদের জামাত এজন্য মারাত্মকভাবে আহত হয়েছি।**

হাতজোড় অপাত্রে হয়েছে

হাতজোড় যে যথাস্থানে হয়নি তার প্রমাণ হচ্ছে, এ হাত জোড়ে কেউ সাড়া দেয়নি। মহাসমাবেশে যখন শ্রোতাদেরকে কোন কথা বলা হয় তখন প্রত্যেকে নিজে নিজে সিদ্ধান্ত নিয়ে নেয় যে, এখানে লক্ষ লক্ষ

মানুষ রয়েছে। এটা নিয়ে আমি মাথা ঘামানোর দরকার নেই। এছাড়া 'বড়রা আছেন বড়রা করবেন, আমাদের মত ছোটরা এসব নিয়ে ভাবার প্রয়োজন নেই' এই আত্মপ্রবঞ্চনা ও প্রতারণা তো আছেই। এ জন্য শরীয়ত কর্তৃক অর্পিত কোন দায়িত্ব এভাবে দেয়া যায় না।

দ্বিতীয় কথা হচ্ছে, তা হাতজোড় করে দেয়া যায় না। আমরা একটু আগে বলে এসেছি দাওয়াত বা ই'লাম, তালীম, তাযকীর ও শাসন ইত্যাদি হাতজোড় করে দেয়ার বিষয় নয়। মুসলমানকে দেয়ার ক্ষেত্রেও নয় এবং কাফেরকে দেয়ার ক্ষেত্রেও নয়।

দ্বীনের অত্যাবশ্যক পালনীয় বিষয়গুলোকে যখন হাতজোড় করে করে মানুষের দ্বারে দ্বারে পৌঁছে দেয়ার প্রথা চালু হবে, অথবা বলা যায়, যখন থেকে চালু হয়েছে তখন থেকে দ্বীনের পক্ষ থেকে হাতজোড়কারীদের বিরুদ্ধে মানহানির মামলা দায়ের হয়ে গেছে। আর দ্বীনকে দ্বীনের শত্রুদের সামনে অপমানিত করার দায়ে মুসলমানরা অপমানিত হয়েই চলেছে। সর্বত্র অবাঞ্ছিত ঘোষিত হয়ে চলেছে। এবং যে অপমানের ধারাবাহিকতার কোন শেষ দৃষ্টিসীমার মধ্যে দেখা যাচ্ছে না। আল্লাহ আমাদেরকে হেফাযত করুন।

কেবলার ভুল হয়ে গেছে

আমরা কেবলা হারিয়ে ফেলেছি। আর কেবলার বিপরীতে আমাদের লাখো কোটি সিজদা অর্থহীন প্রণামে পরিণত হচ্ছে। মাসআলা হচ্ছে আল্লাহ প্রদত্ত বিধান বাস্তবায়নের, আর সমাধান নেয়ার চেষ্টা করছি আবু জাহালের 'দারুন নাদওয়া' থেকে! 'হুকমুল জাহিলিয়্যাহ' এবং একটি গণতান্ত্রিক দেশের সংবিধান ও আইনের মাঝে কী ব্যবধান? কতটুকু মিল, আর কতটুকু অমিল?

আবু জাহাল কর্তৃক পরিচালিত দারুন নাদওয়ার 'হুকমুল জাহিলিয়্যাহ'র মাঝে এমন বহু আইন কানূন ছিল যার সঙ্গে ইসলামী আইনের কোন সংঘর্ষ নেই। শুধু সংঘর্ষ নেই এতটুকুই নয়; বরং একই বিধান দারুন নাদওয়ার আইনেও আছে আবার ইসলামের আইনেও আছে। এরপরও কেন আবু জাহালের দারুন নাদওয়ার আইন জাহেলী আইন? আল্লাহ প্রদত্ত কিছু বিধানের বিপরীত করার উপর এত বড় ধমক আল্লাহ কেন দিয়েছেন? একটি বিধানমালা জাহেলী বিধান হওয়ার জন্য শতকরা

কতভাগ তাতে কুরআন ও হাদীসের বিরোধিতা থাকতে হবে? এ বিষয়ে আল্লাহ তাআলা কি বলছেন-

﴿وَأَنِ احْكُمْ بَيْنَهُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ وَاحْذَرْهُمْ أَنْ يَفْتِنُوكَ عَنْ بَعْضِ مَا أَنْزَلَ اللَّهُ إِلَيْكَ فَإِنْ تَوَلَّوْا فَاعْلَمْ أَنَّمَا يُرِيدُ اللَّهُ أَنْ يُصِيبَهُمْ بِبَعْضِ ذُنُوبِهِمْ وَإِنَّ كَثِيرًا مِنَ النَّاسِ لَفَاسِقُونَ. أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ﴾ {سورة المائدة: ٤٩-٥٠}

"আর আমি আদেশ করছি যে, আপনি তাদের পারস্পরিক ব্যাপারাদিতে আল্লাহ যা নাযিল করেছেন তদানুযায়ী ফয়সালা করুন; তাদের প্রবৃত্তির অনুসরণ করবেন না এবং তাদের থেকে সতর্ক থাকুন, যেন তারা আপনাকে এমন কোন নির্দেশ থেকে বিচ্যুত না করে, যা আল্লাহ আপনার প্রতি নাযিল করেছেন। অনন্তর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে জেনে নিন, আল্লাহ তাদেরকে তাদের গোনাহের কিছু শাস্তি দিতেই চেয়েছেন। মানুষের মধ্যে অনেকেই নাফরমান। তারা কি জাহেলিয়াত আমলের ফয়সালা কামনা করে? আল্লাহ অপেক্ষা বিশ্বাসীদের জন্য উত্তম ফয়সালাকারী কে?" -সূরা মায়েদা ৪৯-৫০

আমাদের কেবলাই আগে ঠিক করতে হবে। আমরা বুঝতে চেষ্টাই করছি না যে, بَعْضِ مَا أَنْزَلَ الله থেকে বিমুখ হওয়াই একটি সংবিধান ও আইন জাহেলী আইন হওয়ার জন্য যথেষ্ট। একটি গণতান্ত্রিক সংবিধান শুধুমাত্র بَعْضِ مَا أَنْزَلَ الله থেকেই বিমুখ হয় না। বরং দু'চারটি আইন ছাড়া বাকি সবই আল্লাহ প্রদত্ত আইনের বিপরীত হয়ে থাকে। পাকিস্তানের অবস্থা এ থেকে এক বিন্দুও ব্যতিক্রম নয়।

গণতন্ত্রের কাছে ইসলামের কোন আবেদন নেই

অতএব গণতন্ত্রের কাছে ইসলামের কোন আবেদন নেই। মানবরচিত আইনের কাছে ইসলামের কোন নিবেদন নেই। জাহেলী তন্ত্রের কাছে ইসলামের কোন অভিযোগ নেই। ধর্মনিরপেক্ষ ধর্মের কাছে ইসলাম ধর্মের চাওয়ার কিছু নেই। কুফরী তন্ত্রের কাছে ঈমানের কোন সমাধান নেই। আবু জাহালের দারুন নাদওয়ার কাছে মুসলমানদের কোন দাবি নেই।

'জাবাবেরা' আর 'তাওয়াগীত' এর ব্যবধান আমরা ভুলে গেছি। জালেম বাদশা আর কাফের বাদশাহর ব্যবধান আমাদের মাথায় নেই। বার বারই আমরা জলেম বাদশাহর বিধানগুলোকে কাফের বাদশাহর ক্ষেত্রে প্রয়োগ করে তালগোল পাকিয়ে ফেলছি। সলফের বিভিন্ন উক্তিকে অপপ্রয়োগ করে প্রতারণা করছি অথবা প্রতারিত হচ্ছি। অথচ জালেম শাসক আর কাফের শাসকের মাঝে ব্যবধান খুবই স্পষ্ট।

দূর অতীত, অতীত ও বর্তমান

মুসলিম দেশসমূহের রাষ্ট্রীয় শাসনব্যবস্থা থেকে ধর্মকে পৃথকীকরণ এবং মানবরচিত সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনার মত জঘন্যতম অপরাধ সালাফের সময়ে (৬০০ হিজরির পূর্ব পর্যন্ত) বিদ্যমান ছিল না। তখন সর্বোচ্চ যা ঘটত তা হল, শাসক ও বিচারকগণ প্রবৃত্তির তাড়নায় শরয়ী বিধান প্রয়োগে শিথিলতা প্রদর্শন করত এবং অনেক সময় শরীয়া পরিপন্থী ফয়সালা করত। এ কারণে সালাফে সালেহীন তাদেরকে জঘন্য অপরাধী হিসেবে আখ্যায়িত করতেন। তাদের সংশ্রব থেকে বেঁচে থাকতে আদেশ প্রদান করতেন। তবে তাদেরকে কাফের বলা থেকে বিরত থাকতেন।

কিন্তু সুযোগসন্ধানী কিছু দরবারি ব্যক্তি সালাফের এই সঠিক কর্মপন্থাটির অপপ্রয়োগ করে এখান থেকে নিজেদের প্রবৃত্তির অনুকূলে দলিল সংগ্রহের অপচেষ্টা করে। তারা ঢালাওভাবে বলে দেয়, যারা আল্লাহর বিধান দ্বারা বিচার-ফয়সালা করে না, সালাফগণ তাদেরকে কাফের বলেননি। তাই বর্তমান শাসকদেরকে আল্লাহর বিধান দ্বারা বিচারকার্য ও রাষ্ট্রপরিচালনা না করার কারণে কাফের আখ্যায়িত করা ঠিক নয়।

অথচ তারা ভুলে যায়, উভয় শ্রেণীর মধ্যে বিস্তর ব্যবধান। তারা বুঝতে পারে না যে, নিষিদ্ধ করা ও প্রয়োগে শিথিলতা এক ব্যাপার নয়। রাষ্ট্রীয় সংবিধানে ইসলামী আইনকে সামগ্রিকভাবে রহিত ও মওকুফ করা, তার বিরুদ্ধে আইন করা; আর কোন শাসক বা বিচারকের জন্য ব্যক্তিস্বার্থে বিচারকার্যে ত্রুটি করার মধ্যকার বিশাল এই পার্থক্য– তাদের কে বোঝাবে?

মুসলমানদের রাষ্ট্রে শরীয়ত প্রত্যাখান করে স্বরচিত সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনার মত নিকৃষ্টতম কাজ ইসলামের ইতিহাসে ইতিপূর্বে শুধু একবারই ঘটেছিল; তাতারদের শাসনামলে ৬০০ হিজরির পর।

মুসলামনদের বিরুদ্ধে এক প্রলয়ঙ্করী তাণ্ডবের পর এক পর্যায়ে তাতাররা ইসলাম ধর্ম গ্রহণ করে মুসলমান হয়ে যায়। কিন্তু বিচারকার্য পরিচালনার ক্ষেত্রে কুরআন সুন্নাহকে সংবিধান হিসেবে গ্রহণ করে না। বরং কুরআনের কিছু বিধানের সঙ্গে তাওরাত ও ইঞ্জিলের কিছু বিধান এবং নিজেদের চিন্তাপ্রসূত কিছু বিধান মিলিয়ে তৈরিকৃত একটি সংবিধানের তারা অনুসরণ করে। তার নাম দেয় **'ইয়াসাক'**।

এই সংবিধান দ্বারাই তারা বিচার ও রাষ্ট্রপরিচালনা করতে থাকে। ফলে তৎকালীন যুগশ্রেষ্ঠ আলেম ও মুফাসসির হাফেয ইবনে কাসীর রহ.-সহ অন্যান্য আলেমগণ উপরোক্ত কাজের কারণে তাদেরকে মুরতাদ বলে ফাতওয়া প্রদান করেন। ইসলামের ইতিহাসে সেই প্রথম, আর খেলাফতে উসমানিয়া পতনের পর (১৯২৪ ইং) থেকে নিয়ে বর্তমান সময় পর্যন্ত এই আপদ মুসলমানদের মাথার উপর চেপে আছে। উভয় সময়কার যুগশ্রেষ্ঠ আলেমগণই এ ব্যাপারে তাদের মতামত ও শরয়ী বিধান সুস্পষ্ট ভাষায় বর্ণনা করে গেছেন।

তাই উপরোক্ত বিষয়ে সংশয় সৃষ্টির কোন সুযোগ নেই। যেমনিভাবে মাগরিবের নামায নিজে আদায় না করা আর নামাযকে রাষ্ট্রীয়ভাবে নিষিদ্ধ করা বা তিন রাকাত নামাযকে দুই রাকাত বা চার রাকাত করে আদায় করা বাধ্যতামূলক করে আইন জারি করা এবং তা মানতে বাধ্য করা এক ব্যাপার নয়; তেমনিভাবে হুদুদ, কেসাস, পর্দা, মিরাছ ও জিহাদসহ অন্যান্য বিধান নিজে পালন না করা বা এ সকল বিধান প্রয়োগে শিথিলতা করা আর রাষ্ট্রীয়ভাবে তা রহিত করে এর বিরুদ্ধে আইন প্রণয়ন করা, লক্ষ-কোটি জনতাকে সে আইন মানতে বাধ্য করা, না মানলে শাস্তি প্রদান করাও এক ব্যাপার নয়। সুতরাং আমাদেরকে সতর্ক থাকতে হবে! আমরা যেন উপরোক্ত আলাদা আলাদা বিষয়গুলো একসঙ্গে গুলিয়ে না ফেলি।

অতএব গণতন্ত্রের এ শক্তি কুফরী শক্তি। মানবরচিত আইনের এসব ধারা উপধারা সব কুফরী ধারা উপধারা। এর কাছে ইসলাম ও মুসলমানদের কোন আবেদন নিবেদন নেই।

জরুরী টীকা : ৩০

“

কিন্তু আফসোস! আমাদের পক্ষ থেকে কোন আবেদন পেশ করা হয়নি। বেদ্বীনদের পক্ষ থেকে এসেছে, মুলহিদদের পক্ষ থেকে এসেছে এবং সে অনুযায়ী ফয়সালা করা হয়েছে।

”

জরুরী টীকা-৩০

কিন্তু আফসোস! আমাদের পক্ষ থেকে কোন আবেদন পেশ করা হয়নি। বেদ্বীনদের পক্ষ থেকে এসেছে, মুলহিদদের পক্ষ থেকে এসেছে এবং সে অনুযায়ী ফয়সালা করা হয়েছে

*যে ধারাকে বেদ্বীন ও মুলহিদরা কাজে লাগাতে পারে সে ধারা কুরআন সুন্নাহর পক্ষের কোন ধারা হওয়ার কথা নয়। বেদ্বীন ও মুলহিদদের জন্য খোলা রাস্তা দিয়ে মুসলমান প্রবেশ করার কোন যৌক্তিকতা নেই। সে রাস্তা বেদ্বীন ও মুলহিদদের রাস্তা। হয়ত সে কারণেই সত্তর বাহাত্তর বছর যাবত কেউ সে দরজায় প্রবেশ করতে চায়নি। বিকল্প পথ খুঁজেছে।

শায়খে মুহতারাম এ নিয়ে আফসোস করছেন। কিন্তু অমাদের মনে হচ্ছে, বেদ্বীন ও মুলহিদদের সে পথে মুসলমানরা পা রাখলে আফসোসের মাত্রা আরো বেড়ে যেত।

যে দেশের শাসন ক্ষমতার অধিকারীরা মুসলমানের ভোট নিয়ে, মুসলমানের কর্ণধার ওলামায়ে কেরামের কষ্টের ফসলকে পুঁজি করে, একটি দারুল ইসলামের স্বপ্ন দেখিয়ে রাষ্ট্রযন্ত্রের গুরুত্বপূর্ণ চেয়ারগুলোতে বদদ্বীন, বেদ্বীন ও কাফের মুরতাদদেরকে বসিয়ে কুফর, শিরক, ইলহাদ, যান্দাকার পথ খুলে দিয়েছে। কাফের মুলহিদ যিন্দীকদের জন্য পথ খুলে দিয়েছে। তাদের খুলে দেয়া সে পথে মুসলমান যেতে পারে না। ইসলামের কোন দাবি সে পথে আদায় হতে পারে না। এ বিষয়ে আফসোসের কোন সুযোগ নেই। আফসোসের জায়গা হচ্ছে, আমরা যে

আমাদের কেবলা হারিয়ে ফেলেছি তা। আমাদের সকল চেষ্টা প্রচেষ্টা ব্যয় হওয়া উচিত আমাদের কেবলা তালাশের পেছনে।

হুকুম জারির ধরণ ও উদাহরণ

কথিত সে ধারার ভিত্তিতে যে হুকুমগুলো জারি হয়েছে সেসব হুকুমের ধরণ দেখলে এবং সেসব হুকুমের কিছু উদাহরণ সামনে আসলে আমাদের জন্য বুঝতে আরো সহজ হবে যে, এ পথে আদৌ কিছু হওয়ার ছিল কি না। উদাহরণগুলো এ মুহূর্তে আমাদের সামনে নেই। উদাহরণগুলো হাতের নাগালে আসলে আমরা ইনশা-আল্লাহ পাঠকদের সামনে তা তুলে ধরব।

উদাহরণগুলো সামনে আসলে ইনশা-আল্লাহ পাঠক দেখতে পাবেন, হুকুমগুলো এমনভাবেই জারি করা হয়েছে যেভাবে জারি করলে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের গায়ে কোন রকম দাগ লাগে না। কিন্তু ইসলাম ধর্ম এমন এক ধর্ম যে ধর্ম গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের গায়ে আঘাত না করে কোন আবেদনই করতে পারবে না। যারফলে এ আবেদনের প্রেক্ষিতে হুকুম জারি করতে গেলে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মকে রক্ষা করার কোন সুযোগ নেই। আর পাকিস্তানসহ বিশ্বের কোন গণতান্ত্রিক দেশই তার মূলনীতি গণতন্ত্রের গায়ে আঘাত করে কোন ধর্মের কোন দাবি পূরণ করবে না।

ইসলাম তার সকল আবেদন নিবেদন শুরু করবে দু'টি মূলনীতিকে সামনে রেখে। এক. إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ (আল্লাহর কাছে একমাত্র মনোনিত ধর্ম হচ্ছে ইসলাম) ও وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ (যে ইসলাম ব্যতীত অন্য কোন ধর্মকে ধর্ম হিসাবে গ্রহণ করবে তা গ্রহণযোগ্য হবে না এবং পরকালে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে)। দুই. إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ (বিধান দেয়া একমাত্র আল্লাহর অধিকারভুক্ত। তিনি এ মর্মে আদেশ করেছেন যে, তোমরা তাঁর ব্যতীত আর কারো ইবাদত করো না)। এ দুই মূলনীতিকে উপেক্ষা করে ইসলামের পক্ষে কোন দাবিও হতে পারে না এবং সে দাবি পূরণও হতে পারে না।

জরুরী টীকা : ৩১

সুতরাং সারা পৃথিবীর মাঝে শুধু পাকিস্তানই এ মর্যাদা লাভ করেছে যে, প্রত্যেক নাগরিককে এ অধিকার দেয়া হয়েছে যে, সে কুরআন ও সুন্নাহের ভিত্তিতে কোন আইনকে চ্যালেঞ্জ করে তা পরিবর্তন করাতে পারবে।

জরুরী টীকা-৩১

> সুতরাং সারা পৃথিবীর মাঝে শুধু পাকিস্তানই এ মর্যাদা লাভ করেছে যে, প্রত্যেক নাগরিককে এ অধিকার দেয়া হয়েছে যে, সে কুরআন ও সুন্নাহের ভিত্তিতে কোন আইনকে চ্যালেঞ্জ করে তা পরিবর্তন করাতে পারবে।

** তাহলে শায়খে মুহতারামের দৃষ্টিতে পাকিস্তান ছাড়া বিশ্বের অন্যসব দেশের হুকুম কী দাঁড়ায়। সেগুলোর বিধান কী? সেগুলো দারুল ইসলাম না কি দারুল হারব। এ বিষয়ে শায়খে মুহতারামের সিদ্ধান্ত কী এবং সেসব দেশের কর্ণধারদের সিদ্ধান্ত কী?*

শেষের কথা

আমরা এখন এ লেখার শেষ প্রান্তে রয়েছি। এ পর্যায়ে আমাদের জানার বিষয় হচ্ছে, পাকিস্তান সংবিধানের কিছু প্রতারণামূলক অনুচ্ছেদের উদ্ধৃতি দিয়ে এবং অন্তসারশূন্য শক্তিহীন কিছু ধারা উপধারার উপর ভর করে শায়খে মুহতারাম পাকিস্তানকে একটি দারুল ইসলাম হিসাবে বিশ্বের বুকে পরিচিত করাতে চেয়েছেন। আমরা সেসব ধারা উপধারার হাকীকত তুলে ধরার চেষ্টা করেছি। অনুচ্ছেদগুলোর প্রতারণা ধরার চেষ্টা করেছি।

এখন অমাদের একটি প্রশ্ন হচ্ছে, পাকিস্তান সংবিধানের যেসব অনুচ্ছেদ ও ধারা উপধারার কারণে শায়খে মুহতারাম তাঁর দেশটিকে দারুল ইসলাম

ভাবতে পছন্দ করেন সেসব অনুচ্ছেদ ও ধারা উপধারাগুলো বিশ্বের অন্যান্য অনেক মুসলিম সংখ্যাগরিষ্ঠ গণতান্ত্রিক দেশগুলোর সংবিধানে নেই। কমপক্ষে মুসলমানদেরকে ধোঁকা দেয়ার জন্যও তারা তাদের সংবিধানে এসব ধারা রাখেনি। তারা খুব স্পষ্ট ভাষায়ই তাদের সংবিধানের মূলনীতি হিসাবে একাধিক কুফরী মতবাদকে নির্ধারণ করেছে।

এমতাবস্থায় শায়খে মুহতারামের দৃষ্টিতে সে দেশগুলো দারুল হারব না দারুল ইসলাম? যদি সেগুলো দারুল ইসলাম হয়ে থাকে তাহলে কীভাবে এবং সে ক্ষেত্রে পাকিস্তানের বৈশিষ্ট্য কী? আর যদি সেগুলো দারুল হারব হয়ে থাকে তাহলে সেসব দেশের সঙ্গে শায়খে মুহতারামের আচরণ কী? সেসব দেশ ও দেশের মুসলমানদের বিষয়ে শায়খের সিদ্ধান্ত কী?

সিদ্ধান্তে বৈপরীত্য

আমরা দেখতে পাচ্ছি, যেসব কারণে শায়খে মুহতারাম তাঁর দেশটিকে দারুল ইসলাম ভাবতে পছন্দ করেন সেসব কারণ অপরাপর মুসলিম সংখ্যাগরিষ্ঠ গণতান্ত্রিক দেশসমূহের ক্ষেত্রে না পাওয়া যাওয়া সত্ত্বেও তিনি সেগুলোকে দারুল হারব বলতে রাজি নন। সেসব দেশের শাসকবর্গকে মুরতাদ ও অমুসলিম ভাবতে রাজি নন। যারা ধোঁকা দেয়ার জন্যও আল্লাহর হাকিমিয়্যাতকে স্বীকার করেনি তিনি তাদেরকেও মুরতাদ ও অমুসলিম মানতে রাজি নন।

